় পূৰ্বকথা

"মাতৃথাণ" প্রকাশিত হইল। ১৩১৮ ও ১৩১৯ সালের 'ভারতী' প্রিকায় "মাতৃখাণ" ধারাবাহিকভাবে প্রথম বাহির হয়। বর্জমান এছে উপত্যাস্থানির আগাগোড়া প্রিমার্জনা করিয়াছি; স্থলবিশেষ পুন্লিথিতও হইয়াছে।

"মাতৃথ্য" প্রসিদ্ধ ফরাসী ঔপত্যাসিক আলফল ^{*}ঞ্জের রচিত 'জ্যাক' নামক উৎকৃষ্ট উপভাদের মর্মামুবাদ। মূল গ্রন্থের লাইন ধরিয়া অফুবাদ করিয়াছি. এ কথা যেন কেহ মনে না করেন। দেরপ অমুবাদ প্রায়ই নিজ্ঞীব হয় এবং ভাহাতে মূল গ্রন্থের রস একেবারে মারা পড়ে। বর্ত্তমান গ্রন্থে দোদের প্রধান ভাবটিকে ও প্রয়োজনীয় চরিত্রগুলিকে মাত্র বজার রাখিয়া নিজের ভাবেই আগাগোডা লিখিয়া গিয়াছে। এ দেশের পাঁঠ া-শ্রিদায় কতথানি গ্রহণ করিবেন, এবং কোন অংশ ভাছাদের নিকট বিরক্তিকর ঠেকিবে, লিথিবার সময় সেনিকে বিশেষ লক্ষ্য রাথিয়াছি। সেজভ দোদের রচনার অংশ-বিশেষ কোথাও একেবারে পরিবর্জন করিয়াছি: কোথাও বা সম্পূর্ণ স্বতম্বভাবে লিখিয়াছি। এ গ্রন্থ পাঠ করিয়া যদি কেহ দোদের প্রতিভাসম্বন্ধে কোনরূপ ধারণা করিয়া বঁসৈন. তাহা হইলে মূল গ্রন্থের অপূর্ব-শক্তিশালী লেখকের প্রতি তাঁহারা অবিচার করিবেন ৷ তবে এ গ্রন্থে দোদের প্রতিপাম কি, ভাষা যাহাতে ঢাকা না পড়ে. সে বিষয়ে আমার সাধ্যমত বত্তের জটি করি নাই। সে প্রতিপান্ত কি, তাহার ইঙ্গিত দেওয়া নিপ্রয়োজন। স্ধী পাঠক সহজেই তাহা ধরিতে পারিবেন। সে বিষয়টি **জামা**নের व मिट्न छावित्रा अधिवात त्यांगा: अधि छक विवध महेन

মৌলিক উপস্থাস লেধার সময় এদেশে এখনও বোধ হয় আফে নাই। এ এন্থ-অনুবাদে ভাষার অগ্রসর হওয়ার ইহাই প্রধান বৈক্তিয়ং।


এই অন্থাদ গ্রন্থানির নাম-করণের জন্ম প্রসিদ্ধ ঔপন্যাদিক বন্ধুবর শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় বি, এ, বার্-এট্-ল মহাশয়েঃ নিকট আমি ক্লভ্র আছি।

পরিশেষে আর একটি কথা আছে: 'ভারতী'র ভূতপূক্ষ সম্পাদিক পূজনায়া শীসতী অপকুমারী দেবীর আগ্রহে ও অফুরোধেই বিদেশীয় উপভাস-অফুবাদে আমি প্রবৃত্ত হই। তিনি যদি 'ভারতী' পত্রিকায় এ গ্রন্থ প্রকাশ না করিতেন, তবে এ কার্য্যে প্রবৃত্ত হইবার স্থযোগ্র আমার ঘটিত না। এলভা তাহাকে আমি আন্তরিক ধভাবাদ জ্ঞাপন করিতেছি।

এখন কি গড়িতে কি গড়িয়াছি, তাহার বিচার বাঙ্শার হুধী পাঠকের হাতে। ইতি শ

শ্রীদোরীক্রমোহন মুখোপাধ্যায়

ভবানীপুর, ৩রা আবাঢ়, ১৩২২ বন্ধুবর স্থকবি ° শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত করকমলেযু



প্রথম পরিচ্ছেদ

.

মা ও ছেলে

শীতের কুমাশা ঠেলিয়া স্থ্য তথন **আকাশের অনেকথানি উর্কে** উঠ্যাছে। একথানি প্রকৃত্র ক্রহান্দ আসিরা প্রকাণ্ড ক্র্ব-বাড়ীর ঘারে দীড়াহল। একটি বালকের হাত ধরিয়া এর ক্রন্সনী গাড়া ছইতে নামল। বালকটি ঈথং ক্রশ হইকেও দোকতে তেন প্রত্রী, তারার পাবচ্চদেও একটা পাবিপাটা ছিল; বয়স সাত আট বংসবের বেশি হতবে না।

রমণী তথকী। দেতে ব্রুসশা কালো পেবোক। কঠে পণ্ড-লোমের বেইনী, মাথার চুপি—জমতানা, জী-বোড়া। এ-সকল দেখিরা ভাহাকে রীতিমত বিলাসি ্বলৈয়াই বন হয়। স্থলার কোম্নুক্র্রীয়ের চাবিধাবে সোনালী শেশুক্রী গুলান কলা পড়িতেছে—রমণী স্থাতীশ বাহ ধারা দেওলি স্নাইয়া দিতেছিল। সম্মিত ওঠ, উজ্জ্বল নীল চকু, গতিতে স্থান লীলা-ভঙ্গী, কুদ্র ললাটে চিস্তার রেখাটি অবধি পড়েনাই, রমণা অপূর্ব স্থানী। পুত্রের হাত ধরিয়া সে স্কুল-গৃহে প্রবেশ করিল।

রমণী আদিয়া স্কুলের অধ্যক্ষের সহিত দেখা করিল। বালকটিকে স্কুলের বোর্ডিংএ রাখিকার বিষয়ে প্রয়োজনীয় কণাবার্তা শেষ হইলে মোটা একথানি থাতা টানিয়া অধ্যক্ষ জিজ্ঞাসা করিলেন, "ছেলেটির নাম কি ?" ।

"জ্যাক।"

্ৰধ্যক কহিলেন, "জ্যাক—! পদবী ?"

রমণী কিল, "জ্যাকৈ, তথু জ্যাক ! এর ধর্ম-বাপ যিনি, তিনি
ছিলেন ইংরেজ ইউ ইণ্ডিয়া কোম্পানিতে তিনি কাজ করতেন !
ভারী বিখ্যাত লোক লাও পিনবক ! বোধ হয়, নাম ওনে থাকবেন !
গুর সম্রাস্ত বংশ ! ২০চতে গাইতেও ভারী মজবুত ! এই সে
বছর সিঙ্গার্থেরে তিনি মারা গেছেন ! রাজার সঙ্গে বাঘ শিকার
করতে গেছলেন ৷ সিঙ্গাপুরের রাজা, মস্ত রাজা, ভারী বীর !
নামটা—আহা, ভূলে যাছি—মনেও ছিল, ঐ যে,—রাণা—কি,—
রাণা—ভাল—"

্ অধাক কহিলেন, "ক্ষা করবেন, জ্যাকের পদবীটা—"

রমণী বালকের মুথের দিকে একবার চাহিল ! জ্যাকের চোর্ছ ছল-ছল করিতেছিল ! 'মা' ছাড়া সে কাহাকেও জানে না—মার সঙ্গ মুহুর্তের জন্মও কথনও সে ত্যাগ করে নইে ! সে জানে, বোর্ডিং রাখিবার জন্মই মা তাহাকে আজ লইয়া আসিয়াছে ! বাড়ীতে কাঁছিরা লাকৈ সে কত মিনতি করিয়াছে, কত বিষয়াছে, মাকে ছাড়িয়া বালে সারিবে না, মাকে না দেখিয়া একমুহুর্ত সে বাচিবে

না—কিন্তু মা সে কথার মোটেই কান দের নাই! শেবে স্থূলে আসিবার সময় মা আশা দিরাছে, ছুটি হইলেই জ্ঞাক বাড়ী বাইতে পাইবে—মাও মধ্যে মধ্যে, সুণে তাহাকে দেখিতে আসিবে—কাঁদিশে কিন্তু মা ভারী রাগ করিবে! তাই জ্ঞাক অনেক কটে চোথের জলটুকু কোনমতে সামলাইয়া রাথিয়াছিল, পড়িতে দেয় নাই।

বুড়া অধ্যক্ষের চোথে ধূলি দেওয়া কিন্তু সহজ নহে। সুলের কাজেই তাঁহার মাথার চুল শালা হইয়া গিয়াছে। তাহা ছাড়ো পারি সহরে সমাজ-বন্ধন অতান্ত শিথিল; উচ্চুজাল ছামোদ-বিলাসের। আতে নর-নারী এথানে গা ভালাইয়া চলিয়াছে—ইহার মধ্যে ভাল-বন্ধাকাক বাছিয়া লওয়া দায়, এই ধারণাটাই অধ্যক্ষেক অন্তরে বন্ধসূত্র হয়া গিয়াছিল।

রমণীর বেশভূষা ও বাচালতা দেখিয়া রুদ্ধের মনে কেম্ন একটা সন্দেহ জনিল। রমণীকে নিক্তর দেখিয়া তাহার মুধের দিকে কৌত্হল দৃষ্টিতে তিনি চাহিলেন, কহিলেন, তা হলে নামটা কি লিখব ?"

বৃদ্ধের দৃষ্টির সহিত দৃষ্টি মিলিলে রমণী একান্ত সঙ্চিত হইল।
তাহার গোলাপের মত গণ্ডদ্ব গাঢ় রক্ত বর্ণ ধারণ করিল। দৃষ্টি
নত করিয়া সে কহিল, "নাপ করবেন—পরিচয়টা দিতে ভুলে
গেছলুম।" বলিয়া পকেট হইতে 'হল্ডিদন্তনির্মিত কার্ড-কেন্দ্ বাহির
করিয়া তাহা হইতে একথানি ফুন্দর কার্ড লইয়া রমণী অধ্যক্ষের
হাতে দিল। ভাহাতে পরিকার কুদ্র অক্ষের লেখা ছিল,—

"देश रा यात्रांकि।"

পথ্যক মৃত্ হাসিয়া কহিলৈন, "নামটা তাহলে জ্যাক দ্য বায়াকি।" বক্তার হবে কেমন-একটা প্রাক্তর বিজ্ঞাপ নিশানো ছিল। সংক্রাচ কাটাইয়া রমণী কহিল, "ইন।" অধ্যক্ষ গম্ভীর স্বরে কহিলেন, "আমিও তাই বলছি !"

কপাটা বলিয়া অধ্যক্ষ কার্ডথানি হত্তে লইয়া উঠিলেন, পরে সমুথেক সালি পুলিলেন। বাহিরে গাছপালাগুলার উপুর স্থাের দ্বিদ্ধ রশ্মি তথন ছড়াইয়া পড়িরাছে! সাশির পশ্চাতে একজন তরুণ শিক্ষক আসিয়া দেখা দিল।

অধ্যক্ষ কহিলেন, "হাফিয়, এই ছেলেটকে একবার ওধারে নিয়ে বাও—চারিধার দেখিয়ে আননো।"

জ্যাকের কুক কাঁপিয়া উঠিল। সে ভাবিল, মাতার সঙ্গ ত্যাগ ক্ষাইবার জ্বন্ত এ বুঝি একটা ছল!় হতাশভাবে সে মার মুথের পানে চাহিল—ভাহার চোথ ফাটিয় জল বাহির হইবার উপক্রম করিল!

অধ্যক বুঝিলেন, মিষ্ট স্ববে কহিলেন, "বাও জ্যাক, ভয় কি? তোমার মাত এখনই বাচেছন না। বুবে এস। ইনি এখন এখানে কিছকণ আছেন।"

তবুজ্ঞাক নড়িতে চাহে না। মার পানে চাহিয়া মার গা যেঁদিরা আরও সে সরিয়া দাঁড়াইল। মা বলিল, "যাও—জ্ঞাক, ছিঃ। লক্ষী ছেলে যে তুমি!"

ত্রখন কোন কণা না বলিয়া জ্যাক শিক্ষকের সহিত চলিয়া গেল।

জ্ঞাক চলিয়া বাইবার পর কক্ষ-মধ্যে কাহারও মুথে কিছুক্ষণ কোন কথাই দুটিল না। বাহিরে ছাত্রের দল থেলা করিতেছিল। তাহাদের উল্লাস চীংকার কক্ষমধ্যে তাসিয়া আসিতেছিল। কচিং হই একটা পাখী ডাকিতেছিল। দূরে কে কাঠ কাটিতেছিল, সেই সব শব্ধ এবং অদ্বে পিয়ানোর ঝকার,—এ-সমন্ত মিলিয়া এক সুমধুর মিশ্র রাগিণীর সৃষ্টি করিয়াছিল। শাতের এই বন্ত্রণা-কাতর মুমুর্ মিলন ক্লে দিনগুলার মধ্যে বেন একটা ব্যগ্র জীবনের সুস্পষ্ট আভার্য পাওয়া বাইতেছিণ।

অধ্যক্ষই প্রথমে কথা কহিলেন। জ্যাকের কচি মুখ ও শাস্ত মধুর ভাব দেখিয়া তাঁহার প্রাণে কেমন মায়া জনিয়াছিল। তিনি কহিলেন, "ছেলেটি আপনাকে বড়টে জ্ঞালবাদে।"

মাদাম বারান্সির যেন চমক ভাঙ্গিল। সে কহিল, "তা আর বাসবে না। এত বড় পৃথিবীতে মা ছাড়া ওর আর কে আছে, বলুন। মা-ছাড়া কাকেই বা আর ও জানে । বেচাঝু জাক।"

"আপনি বিধবা ?"

ইন মশার ! আমার সামী আজ দশ বৎসর হলু, মারা গেছেন ! সে এক ভরন্ধর মৃত্য ! বারা উপজ্ঞাস লেখেন, তাঁরা করনার, চোধে কতই মিথ্যে ছঃখ-যন্ত্রণা দেখে বেড়ান---কিন্তু তাঁরা, জানেন না বে, আমাদের এই সাদা-সিধে জীবনে কি সব অসন্থ ছঃখ-যন্ত্রণা আমারা ভাগ করি ! তা থেকে তাঁদের দশখানা উপজ্ঞাসের ধোরাক জোগানো যেতে পারে । আমার নিজের জীবনই ত তার মন্ত প্রমাণ ! আমার সামী কাউটে দা বারান্সি ভূরেনের এক কত বড় বংশের—"

অধাক্ষ চনকিয়া উঠিলেন! কাউন্ট দা বারান্সি! আক্র্যা! না, না, অসন্তব! তাঁহার সংশয় বাড়িল—মনের ভাব চাপিয়া তিনি কহিলেন, "তবে এই অল্প বয়সেই ছেলেটিকে স্কুলে দিছেন কেনি ? এখনও ত ও ছেলেনামুব। তা ছাড়া আপনাকে ছেড়ে যথন থাকতে পাশ্ববে না—! এ বিছেন ওর সহা হবে কি ?"

রমণী কহিল, "আপনি ভূল কছেন। জ্যাক এ দিকে তেমন অবুঝ নর! তা ছাড়া শরীর ওর ভাল, অফ্থ-বিস্থুখ নেই বললেও চলে। একটু রোগা, এই যা—তা এ পারি সহরের বন্ধ বাড়াসে আর কি হবে, বলুন ?"

অধাক কহিলেন, "তা ছাড়া দেখুন, আমাদের বোর্ডিংএ এখন এত ছেলে রয়েছে যে, নুতুন ছেলে মেওয়া আগাঠতঃ মন্তব নর ! ন্দার বছর স্থবিধে হতে পারে—কিন্তু তার জন্তও এখন থেকে অবশ্র আমি কথা দিয়ে রাধতে পারি না।"

রমণী এ ইঙ্গিতের মর্ম্ম কিছু বুঝিল, কাইল, "তা হলে আমার ছেলেকে আপনারা রাখবেন না ৷ বেশ, কারণটা শুনতে পারি কি ?"

অধ্যক্ষ বাহিরের কিকে একবার চাহিলেন—পরে চশমাটা খুলিরা তাহার কাঁচ ছইথানা কমালে সাফ করিতে করিতে কহিলেন, "শুনবেন ? কিন্তু কারণটা না শুনলেই বোধ হয় ভাল হত—তবু যথন শুনতে চাচ্ছেন তথন বলতে পার্বি। শুনকা আপনি কট পাবেন বই—"

য়নণীর মুখ লজায় ই:থে রাঙা ইইয়া উঠিল। অধ্যক্ষের মুখের পানে সতেজে স্নে চাহিয়া দেখিল। অধ্যক্ষ বলিতে লাগিলেন,—কথাগুলা শুনিয়া রমণী একান্ত কাতর হইয়া পড়িল—বেদনায় সে কাঁদিয়া কেলিল। হতভাগিনী। ওগো, সতাই সে হতভাগিনী। কেই জানে না, এই ছুজাগা পুজের জন্ত কি ছুঃখই না তাহাকে সহু করিতে হইয়াছে।

সত্য ! এ কথা খুবই সত্য ! সতাই বালকের কোন পদবী নাই ।
পিতা নাই,—ছিলও না ! কিন্তু এ কি ছেলের দোষ ? পিতা-মাতার
কবেকার একটা পাপের ভার মাথায় বহিয়া সারা জীবন তাহাদের
পাপের প্রায়শ্চিত্ত করিয়া মরিবে, এমনই সে হুর্ভাগা ! রমণী কাঁদিয়া
ফোলল, চোথের জল মুছিতে মুছিতে কহিল, "দয়া করুন—বেচারাকে
একটু দয়া করুন আপনি ৷ নিষ্ঠুর হবেন না ।" সে বরে কি গভীর
নিরাশা, কি মুর্ভেদী অমুতাপ !

অধ্যক্ষ বাথিত চিত্তে কহিলেন, "শাস্ত হন, আপনি !"

কিন্ত কথাটা নিতান্ত চাপা দিবারও নহে! অধ্যক্ষ জানিতেন, তুরেনের এই প্রসিদ্ধ প্রাচীন বংশ, কি সে কলন্ধ-কালিমায় আছের।
সে এক গভীর পাপের স্থানীর্ঘ ইতিহাস। বারান্সি পরিবারের
প্রতিবেশী এই অধ্যক্ষের আজ আবার নূত্ন করিয়া সব কথা মনে

পড়িল। কি করিবেন হির করিতে না পারিয়া তিনি অহির হুইয়া উঠিলেন।

রমণীকে সাম্বনা দিবাবও কোন কথা নাই! তবু তিনি কহিলেন,
"এ পাপের শুধু এক প্রাধন্তিত্ত আছে! আপনি ছেলের মা—
নিজের ঘরটিকে ভালো করুন—জীবনের সমস্ত কালি, সমস্ত পাপ দূর্
করে নতুন মামুষ হবার চেটা করুন—এ ছাড়া আর কি উপায় আছে ?
কিছুনা। প্রাণপণে ছেলেটিকে মামুষ করে তুলুন।"

কুমালে চোখের জল মৃছিয়া রমণী কহিল, "আমারও জীবনের সাধ তাই। জ্ঞাক এখন বড় হয়েছে, দেয়ানা হয়েছে। সে এ-সব কিছু জানে না। তাই ওকে আমি আমার কাছ থেকে দ্রে রাথতে চাই। আপনাদের দক্ষে থেকে, আপনাদের কাছে শিক্ষা পেয়ে ও মানুষ হয়, এই আমার সাধ! আজ যদি ওকে আপনারা ঠাই না দেন, ওজর-আপত্তি করে ভাড়িয়ে দেন, ভাহলে ও কোথায় য়য় ? —মানুষ হবারই বা ওর সন্তাবনা কোথায় থাকে ?"

সে কথাটাও অধ্যক্ষ ভাবিয়া দেখিয়াছিলেন। হতভাগ্য বালক । সে কি অপরাধ করিয়াছে যে, বিকচোরুণ ফুলের মতই তাহার এই অমল গুল্ল নবীন জীবন, বিধাতার এই অমূল্য দান, এমন অনাদ্রে, এতথানি অবজ্ঞায় ধুলায় লুটাইবে।

তিনি কহিলেন, "ছেপেটিকে নিতে আনি রাজী **আছি, কিন্ত** ছটি সর্ব্তে।"

वमनी कहिन, "कि त्म, वनून।"

"প্রথম, ষতদিন আপনার জীবনের গতি না শোধরার, ততদিন জ্যাক আপনার বাড়াতে থেতে পাবে না—মোটে না। ছুটির সময়ও সে এখানে আমাদের কাছে থাকবে।"

किंद जामारक ना रहबरड रनेरन छ रव मरत वारव है जाहा,

ক্সাক—আমাকে ছেড়ে ও যে কোথাও কথনও থাকেনি—এই প্রথম—"

"কেন? আপনি মাঝে মাঝে এখানে এসে ওকে দেখে যেতে পাবেন— কিন্তু সে দেখা আমার ঘবে আমার সামনে হবে—মঞ্চ কোন ঘবে নয়, আর কারও সামনে নয়।"

বমণী শিহবিয়া উটিল ! ছুটির সময় অপর সকলে আসিয়া যথন ভাহাদের পুলগুলিকে আদির করিবে, তাহাদের সহিত কত কথা কহিবে—দে তুগন আফিতে পাইবে না—আপনার ঐশ্বর্যা দেখাইয়া অপরের ঈর্যা উদ্রেক করিতে পারিবে না ! আর ইহাতে জ্যাকই বা কি মনে করিবে ? সে কি লজ্জা—কি অপমান ! ইদা সকল কট সহা করিতে পারে, কিন্তু সারা পারির সন্তান্ত নর-নারীর চিত্তে আপনার ঐশব্যের জাঁকজমক দেখাইয়া যে ঈ্যা জাগাইতে পারিবে না. ইহা একেবারেই অসহা !

রমণী কহিল, "এ বড় নির্ভূব সর্ভ ! আমি কি করে সহু করকু ---বিশেষ আমি তার মা ! আর ছেলেই বাকি মনে করবে ?"

সেই সময় থোলা সাশির প*চাতে প্রকে দেখিয়া ইদা চুপ করিল। প্রকে কক্ষে আসিতে সে ইঙ্গিত করিল। জ্যাক আসিল। হাসিয়া মার গা বেঁসিয়া সে কহিল, "তুমি এখনও আছ, মাণু বাং! ওরা বলছিল, আছ, তবু আমি মনে করেছিলুম, তুমি চলে গেছ!"

জ্যাকের ছোট হাতথানি আপনার হাতের মধ্যে চাপিয়া ধরিয়া তাহার অধ্যে চুঘন কবিয়া ইদা কহিল, "না বাবা—চল, আমরা বাড়ী যাই। এদের স্থান তোমার পড়া হবে না। এঁরা রাখ্যেন না।"

কথাটা বলিয়া পুজের হাত ধরিথা ইদা বাহিরে চলিয়া গেল ! খাঁচার পাধীকে বাহির করিয়া দিলে মে যেমন আননেদ উচ্ছ সিভ: হইয়া উঠে, মার দক্ষ ত্যাগ করিয়া এই বেহ-হীন পরুষ কঠিন স্কুলগৃহে যে থাকিতে হইবে না, ইহা শুনিয়া জ্যাকের স্কুদ্র হৃদয়ধানি ঠিক তেমনই আনন্দে ভরিয়া উঠিশ!

অধ্যক ঈষং নিয় কঠে কহিলেন, "আহা, বেচারা ছেলেটি।" কথাটা জ্যাকের কাণে গেল। তাহার বুকটা ছাঁৎ করিয়া উঠিল।

বেচারা ? সে বেচারা ! কেন ?

কথাটা তাহার অন্তরে একটা দীর্ঘ কালীর রেখার মতই গভীরভাবে মুদ্রিত হইয়া গেল।

অধ্যক্ষ ঠিক বৃথিয়াছিলেন। এই কাউণ্টেশ্ দ্য বারান্ধি।

সভাই ছন্ম নান! এই বন্ধা মাদান বারান্দি নতে—ইণাও তাহার
প্রকৃত নাম নয়! কে তবে এই বন্ধা দু এক গঙীর বহুন্তের জাল।
তাহার চারিধারে বিছানো বহিয়াছে! প্রতিবেশীরা কেই তাহার
প্রিচয় জানে না। এই বিশাসিনী চরিত্র-হানা রন্ধার হুর্ভেম্ম অতীত
বহুন্তের কোনরূপ একটা মানাংসা এ প্যান্ত কেই করিতে পারে
নাই! এক-একটা লক্ষান্ত উল্লাপিও যেমন সহসা অরকারের মধ্যে
জ্বিয়া উঠিয়া কোথায় পৃথিবার গায় ঝরিয়া প্রে, এ যেন
তাহারই মত পারি সহরের বৃকের মধ্যে সহসা কোথা হইতে ঠিকরিয়া
আসিয়া পড়িয়াছে!

গড়াতে মাতা-পুত্রে কিছুক্ষণ কোন কথা হ**ইণ** না! সহসা জ্যাক ডাকিল, "না!"

ইদা কহিল, "কেন, জ্ঞাক ?"

"তুমি কথা কচ্ছ না কেন, মা ?"

ইণা কহিল, "তোর জন্ত আমার কি কট, তা তুই জানিস্না, জ্যাক! যেদিন তুই প্রথম এসেছিস্, সেইদিন থেকেই দে জামি কি বাজনা পাচ্ছি—।" ইদা দীর্ঘনিখাস ফেলিল। জ্ঞাকের মূথে বিবাদের

একটা কালো ছাগা পড়িল। মূথ তুলিয়া সে কহিল, "আমি ত কিছু
করিনি, মা!"

জগতে জ্যাক শুধু একজনকে জ্ঞানে, একজনকে ভালবাসে—
সে একজন আর কেই নহে, তাহার এই মা! সেই মার মনে সে
বাথা দিয়াছে! জ্ঞাকের বুক যেন ফাটয়া গেল! ফুঁপাইয়া সে
কাঁদিয়া উঠিল! মায়ের জ্ঞাণ এ ছঃখে ছির রহিল না। ইদা বলিল,
"ছিঃ, ছঠ ছেলের মত কাঁদে কি ? আমি তোমায় ক্ষেপাছিল্ম
যে! ছিঃ, চুপ কর —সোনা আমার, মাণিক আমার! না, না, তোমাকে
প্পেয়ে আমি স্থে আছি! বড় স্থে আছি! আর কে আমার
আছে, জ্ঞাক ? আমারই দোষ—না,—তুমি কিছু জ্ঞানো না—
কুলের মতই স্কর নিশ্পাপ তুমি!"

জ্যাককৈ বুকের মধ্যে টানিয়া ইদা বার বার তাহার মুথে চুম্বন করিতে লাগিল। সে আদরে জ্যাকের সকল কট, সকল অভিমান নিমেষে দ্ব হইয়া গেল! মার বুকে মুথ রাথিয়া আনন্দ-গদগদ স্বরে জ্যাক ডাকিল, "মা—"

গাড়ী আসিয়া বাটীর ঘারে লাগিল। দাসী কন্তাঁ ছুটিয়া আসিল।
জ্যাককে দেখিয়াই তীব্র স্বরে সে কহিল, "এ কি! তুমিঁ ফিক্লে
এসেছ? নাঃ, ভারী ছুই হয়েছ, তুমি! পাহারওলা দিয়ে তোমাকে
স্কুলে পাঠাতে হবে দেখাছ। আর মাও অসনি তেমনই,—কিছু
বলবে নাত! খালি আদর, খালি আদর!"

ইদা কহিল, "না, না, কন্তা, ওর কোন দোষ নেই! তারা ওকে স্থলৈ নিলে না যে—বুঝতে পাছিছ্দৃ গুমনভাবে অপমান করলে –"

ইদার একু জলে ভরিয়া আদিল ! সে ভাবিল, এমন কি অপরাধ সে করিয়াছে যে তাহার ভাগ্যে এত হঃখ, এমন লাজনা! জ্যাককে বুকের কাছে টানিয়া কন্তাঁ কহিল, "স্থুলে নিলে না, তাতে কি হয়েছে ? আর কি স্থল নেই ? ভাবনা কি ! কিন্তু আম্পদ্ধা দেখ একবার ! এই মেদিন ডিক বলছিল, ও আগে যেখানে কাজ করত, ওর সেখানকার সেই মনিবের ছেলে এক স্থলে পড়ে,—খাসা স্থল সে, মাইনেও কম । সেই স্থলের খোঁজ নিচ্ছি আমি । দাঁড়াও ত !"

ইদা বলিল, "সে তথন কাল ভেবে দেখা যাবে! এখন থাবার দে, জ্যাকের থিলে পেয়েছে। অনেক ক্ষণ ও থায়নি। আহা, মুখ্থানি ভকিষে গেছে। জ্যাক—"

"মা" বলিয়া জ্যাক মার কাছে আদিল। মা জ্যাকের মুথে চুম্বন করিয়া আবার ডাকিল, "জ্যাক।"

"কেন, মা ?"

"বাবা—"

ইদা ছই হাতে জ্যাককে বুকের মধ্যে চাপিয়া ধরিল। তাহার মুথে আর একটিও কথা ফুটিল না! দে ভাবিতেছিল, পাপের কি এমনই তেজ যে এ জগতে তাহার জ্ঞালা কথনও থানিবে না ? এই ফুলর জ্বোধ বালক, দে কেন জ্পরের জ্ঞা কণ্ঠ পায় ? দে ত নির্দোধ, জ্বকলম্ব, তবু মামুখের এমনই বিচার, এমনই তাহার স্থায়ের দণ্ড! জ্যাক মার দেহের উপর ভর দিয়াছিল—দে জ্বত্যস্ত প্রাস্ত হইয়া পড়িয়াছিল—জ্ব ভক্রাও আসিতেছিল। তক্রার ঘোরে স্থারে চেনেল, করুণ স্বরে যেন কে বলিতেছে, "জ্বাহা বেচারা—বেচারা ছেলেটি।"

দ্বিতীয় পরিক্রে

নৃতন স্কুল

পারি সহরের এক প্রান্তে কতকগুলা জীর্ণ প্রাচীন অট্টালিকার
পশ্চাতে একটা সক গলি বাঁকিয়া গিয়াছে। সেই গলিতে কয়েকথান!
কুটার; কুটারগুলিতে কুলি, সহিস, কর্মায়েরী ভূত্য-সম্প্রদায় এবং দরজী
ও প্রমন্তাবিদের বাস। সকালে সন্ধায় কুশ্রী কদাকার বালকগুলার
থেলার দাপটে ভুদলোকের পক্ষে সে পথে চলা দায় হইয়া উঠে।
বড় গাড়া সে গলির পথে চলিতে পারেনা, এবং এ পথে আসিবার
প্রয়োজনও তাহানের বয়া-একটা ঘটয়া উঠেনা।

এমনই গলির মধ্যে এক স্থল-গৃহ, নাম, 'মোরোন্ভা জিম্-নাজ্।' বাড়ীটি ঘেমন জার্ণ, অধিবাদীদের জাবনও তেমনই। প্রত্যাহ সকালে এবং সন্ধায় যথন নানা-বেশধারী শীর্ণকায় কুৎসিত বালকের দল তাড়াইয়া স্থলের অধ্যক গৃহে ফিরিত, তথন তাহাদের চাল-চলনে দর্শের যথেষ্ট আড়ম্বর থাকিলেও ভিতরকার দৈল্টকু কিছুতেই ঢাকা পড়িতনা। কিন্তু পল্লীর মধ্যে সে দৈল্ল ব্ঝিবার লোক ছিল না, ইহাই ছিল আখাসের কথা! মাদাম বারান্দি বয়ং আসিয়া যদি এ স্থল-গৃহ প্রত্যক্ষ করিত, তাহা হইলে বেচারা জ্যাক কথনই এই অন্ধনার গালেরে নিক্ষিপ্ত হইত না! কিন্তু জ্যাককে লইয়া ইদা আজে এথানে আসে নাই, জ্যাকের সঙ্গে আসিয়াছিল, দাসী কন্ত্যা!

বহিছ বি ভিতৰ হইতে ক্ষ ছিল । সহসা ∗ দিবী খিপ্তাহৰে সে ধাৰে কৰাঘাতেৰ শব্দ ভ নিয়া অধ্যক্ষ মোৰোন্ভা বিশ্বিত হইয়া গেৰা। সে যেন উন্ত্ৰান্ত হইল । এ কি খগা। কিন্তু না, ঐ যে ধাৰে কে আবাৰ ঘা দেয়। চাবিৰ গোছা লইয়া মোৰোন্ভা ক্ৰত খাৰেৰ দিকে চৰিল। দার মুক্ত হইলে কন্তাঁও জ্যাক ভিতরে প্রবেশ করিল।

নদীতে জোয়ার আসিলে ভিতরকার জল বেমন স্রোতের বেগে কাঁপিয়া ফুলিয়া উঠে, সাধা স্কুলগৃহে তেমনই একটা আনন্দের স্পন্দন বহিরা গেল। "ডিয়িং রূমে আগুন আনো" শব্দে স্তব্ধ স্কুলগৃহ সহসা কাঁপিয়া গুলিয়া উঠিল। জ্ঞাক ও কন্তাঁকে আনিয়া মোঝোন্তা ডুগিং রূমে বসাইল। এক রুষ্ণকার কাফ্রি বালক আসিয়া আগুন জালিয়া দিল।

দেখিতে দেখিতে ভিড় জমিয়া গেল। বহুদিন পরে জীর্ণ গৃহের সংস্কার হইলে চারিধার যেমন একটা নৃতন শ্রীতে উজ্জল হইয়া উঠে, সকলের মূপে তেমনই একটা আনন্দের দীপ্রি ফুটিয়া উঠিল।

কন্তাঁর সহিত মোণোন্ভার কথাবাতী আরম্ভ হইল। 'জিম্-নাজ্ মোরোন্ভা'র নাম শুনিরা ছেলেটি যাহাতে মার্থ হয়, এই ভরসায় জ্যাককে মোরোন্ভার তত্বাবধানে রাখিবার জন্তই তাহার আগমন হইয়াছে!

মাদাম মোরোন্ভা অত্যধিক আত্মীয়তা দেধাইবার লোভে বলিয়া উঠিল, "ছেলেটির চোধহুটি দেখেছ! একেবারে হুবহু মার মত ।"

একটা তিরস্কারপূর্ণ দৃষ্টি মাদামের মুথে স্থাপিত করিয়া জ্যাক বলিল, "ও আমার মানয়—ও ঝী!"

मानाम মোরোনভা অপতিভ হইয়া চুপ করিল।

তথন দর-দস্তর চলিল। মোরোন্ভা কহিল, "এথানে বেলা ছেলে নেওয়া হয় না। নশ্বের বেলা হলে ছেলেদের তদ্বির তেমন হয় না— লেথাপড়ারও ব্যাঘাত হয়। তা ছাড়া এথানে মন আর শরীর ছয়েরই শিক্ষা দেওয়া হয় কি না, সে জন্ত দরটা একটু বেলীই পড়ে। বছরে একশ' কুড়ি পাউও দিতে হবে—তা ছাড়া কাপড়-চোপড় যা লাগে।" তার পর কুলের অপূর্ব পরিচয়ও দেওয়া হইল। উচ্চারণ হরণ করিতে এবং সর্বপ্রকাল আদব-কায়দা শিখাইতে এমন কুল অ ছইটি নাই! আর লেছ-যত্ন! ছাত্রেরা কুল-গৃহটিকে ঠিক বাড়ীর মতই মনে করে! কুল ছাড়িয়া নড়িতে চাহে না! মোরোন্তা কহিল, "এক রাজপুত্তর আবার এখানে পড়ছে!"

চক্ষ বিকারিত করিশা কন্তা কহিল, "রাজপুত্র ?"

মোবোন্তা কহিল, "হাঁ, ব'জপুত্র! ব্যুলে জ্যাক, রাজার ছেলের সঙ্গে তুমি পড়বে, এথানে! দাহমির রাজপুত্র! মাত্ যথন ফো রাজ্যের রাজা হবে, তথন এথানকার শিক্ষার জন্ম চিরকাল সে কুতজ্ঞ থাকবে শ

কণাটা শুনিয়া জ্যাক একটু আনন্দিত হইল। রাজপুত্র। মার কাছে সে কত পরীর গল্প, রাজপুত্রের গল শুনিয়াছে। রাজপুত্রকে দেখিবার জন্ত কত দিন তাহার সাধ হইয়াছে, কিন্তু কথনও দেখা মিলে নাই। এথানে সেই রাজপুত্রের সহিত সে একত্র পড়িবে! না জানি, কোন্ পরীক্লার স্নিগ্ধ সরস প্রেমের স্থানর নির্মাণ ধাশায় এই রাজপুত্রের হৃদয়টুকু অভিসিঞ্চিত!

কন্তা বলিল, "তা হলেও মশায়, একটি ছোট ছেলের জঞ্চ বছরে এত টাকা।"

মোরোন্ভা বাধা দিয়া বলিল, "তার জন্ম তাড়া কি? এক কিন্তিতে না পারো, ছ কিন্তিতে টাকাটা দিলেও চলবে!"

কিন্তু তাড়া যথার্থই ছিল।

সমস্ত বাড়ীখানাই সে কি-এক করণ স্থারে সাহায্য চাহিতেছিল। তথা টেবিল-চেয়ার, জীর্ণ দেওরাল, ছিন্ন মলিন কার্পেট, মোরোন্দারিদ্যা-জীর্ণ বিশ্রী পোষাক, অর্দ্ধপূর্ণ অন্নের পাত্র দারণ হঃথেই আঞ্রনাগিতেছিল। এ দৈত্ত ঘুচাইবার উপায়ও ছিল না! বেমন করিরা

উক, বেখান হইতে হউক, চাই, চাই, সাহাব্য চাই, ভিকা ই!

এই জীর্ণ গৃহ, শিক্ষকগণের দীন-মধিন বেশ, চারিধারে এই বিষম নিরানন্দ ভাব দেখিয়া জ্যাকের প্রাণ কেমন আতত্তে শিহরিয়া উঠিল! তাহার বারবার মনে পড়িতেছিল, সেই স্থল-বাড়ীর কথা—বেথানে মার সহিত সেদিন সে গিয়াছিল। শিক্ষকদের সন্মিত প্রফুল মুথ, স্থলব সজ্জিত বাড়ী, সঙ্গী ছাত্রগণের মুক্ত স্বচ্চ জ্যানন্দ-কোলাহল, সে কি মধুর! কেন সে সেথানে থাকিতে পাইল বা পূ

মোরোনভা তথন একগানি বাধানো মোটা থাতা লইয়া কি লিথিতে বিদিশ। কন্তাঁ মাদাম মোবোন্ভার সহিত কথা কহিতে কহিতে জ্যাকের দিকে চাহিয়া দেশিতেছিল। কন্তাঁর কথা শুনিতে শুনিতে শিদাম মোরোন্ভা বলিতেছিল, "আহা, বেচারা, বেচারা ছেলেট।"

ে বেচারা ছেলে! ইহাবাও বলে, সেই কথা! কেন,—সে কি
ক্রেরিয়াছে যে, পৃথিবীর সকল প্রাণীর নিকট আজ সে এতথানি করণার্হ
ইইরা পড়িয়াছে! এ অ্যাচিত করণা, এ অনাহ্ত সহায়ভূতি জ্যাক
চাহেনাত! তবুকেন এ বিড্মনা!

কন্ত্রা পকেট হইতে নোটের তাড়া বাহির করিয়া মোরোন্ভার হাতে দিল। চারিধারে শিক্ষকগণের চক্ষু হইতে একটা লোল্প অধীর দৃষ্টি নোটগুলার উপর যেন ঝাঁপাইয়া পড়িল। কন্ত্রার সহিত শিক্ষকগণের আলাপ-পরিচয় হইল। ইনি আচার্গ্য লাবাভাক্র ন্রীত-শিক্ষক। ইনি ডাকার হার্জ্ বিজ্ঞানের অধ্যাপক,—মুখখানা ক্রীত-শিক্ষক। ইনি ডাকার হার্জ্ বিজ্ঞানের অধ্যাপক,—মুখখানা ক্রীত-মান্ত্রী, কুজ চক্ষু চন্দার আবরণে মণ্ডিভ, শার্ণ দেহ।

ক্রীন আক্রিউ—ফ্রান্সের শ্রেষ্ঠ কবি, নিভ্তে শিক্ষা-ব্রত গ্রহণ করিয়াছেন—সাহিত্যের অধ্যাপক।

দলের মধ্যে দেখিতে মাদ কেই মুশ্রী থাকে, তবে সে ক্রিছার বিজ্ঞান্ত বিজ্ঞান বিজ্ঞান্ত বিজ্ঞান ব

হায়, জীবনের কক্ষ ত্র্দিনে তাহাকে এই আজান্ত র চোথের বিষে কর্জারত হইতে হইবে—স্থূর ভবিষ্যৎ ক্ষিপ্র একটা বিহাৎ-চমকের মতই জ্যাকের ক্ষান্ত অন্তর চিরিয়া তংহার রেথাপাত করিয়া গেল।

মোরোন্ভা, জ্যাকের পৃষ্ঠে হাত রাথিয়া ডাকিলেন, "তাহলে এসো জ্যাক !"

কন্তাঁ ষাইনার জন্ত উঠিয়া দাড়াইল। তাহাকে উঠিতে দেখিয়া জ্যাকের চক্ষু জলে ভরিয়া আদিল! কন্তাঁর উপর তাহার এতটুকু টান ছিল না, কিন্ত তবু জ্যাকের মনে হইতেছিল, কন্তাঁ বাড়া যাইবে। সেই বাড়া,—বেখানে মা আছে, কত 'আদর-স্নেহের সন্তার লইয়া মাবসিয়া আছে, কন্তাঁ সেই মার কাছে ফিরিয়া যাইবে! কিন্ত সেই মার কাছে যাইবার তাহার আজ আর কোনপথ নাই! সে সেহ-ভরা ভবনের দার তাহার সমুথে আজ রুদ্ধ! সোনদ-উল্লাসের সহিত সকল সম্পর্কই তাহার দ্বরাইয়াছে! আহা, সে যদি জ্যাক না হইয়া কন্তাঁ হইত! এখানে মিন্ত ক্যা বলিতে কেহ নাই, আদর করিতেও কেহ নাই! চারিধারেই বিচারকের অপ্রসর অকরণ মুথ—না আছে ভালবাসা, না আছে সেহ!

কন্ত্রার হাত ধরিরা জ্যাক বলিল, "কন্ত্রা, মাকে আসতে বলো—" "তা বলব—মা আসবেন, কিন্তু তাই বলে তুমি কেঁলো না, জ্যাক।" জ্যাকের চোথে বাণ ডাকিরাছিল। কিন্তু এতগুলা লোক ব্যগ্রভাকে এখন জিম-নাজ্ মোরোন্ভার অধ্যক্ষপণের হাতে পড়িয়া ইহা এক অপূর্ব্ব শিক্ষা-নিকেতনে পরিবর্ত্তিত হইয়াছে। এীয়ের মধ্যাহে রোদ্রের তেজ এবং শীতের রাত্রে হিমের উৎপাত, ইহার কোনটা হইতেই নিয়তি ছিল না! ছাত্রের দণকে ছইটা অস্থবিধাই সমানে ভোগ করিতে হইত, উপায়ান্তর ছিল না!

এই ববে কুজিখানি খাটিয়া পাতা, তাহার মধ্যে দুঁশটিতে বিছানা পজিয়ছে। দাবের নিকট একখণ্ড জার্ণ কার্পেট বিছানো! মোরোন্তা বালিত, ইহার অধিক ব্যবস্থা ঠিক হইবে না, কারণ, ছাজ্রজাবনে ব্রহ্মচর্যা, পালন করাটাই সঙ্গত।

কিন্ত এতথানি কঠোর ব্রন্ধটো বালকদের স্বাস্থ্যের পক্ষে অন্তর্ক্ত দাঁড়াইল না। সাঁতেসেঁতে ঘরে পোকা-নাকড়েরও যথেষ্ট উপদ্রব ছিল। তাহার উপর হিন ও রৌদ্রের নিরবছিল বাত-প্রতিঘাতে তাহাদের স্বাস্থ্যভন্ন হইল। বাত, কানা, জর ত ছাত্রদের শরীরে লাগিয়াই ছিল—তাহার উপর বোড়ার ক্রের শর্কে স্থানিদ্রারও উপায় ছিল না গুমহার ছাত্রের দল এ-সকল কট্ট নীরবে সন্থ করিত।

প্রথম রাত্রে জ্যাকের চোখে ঘুম আদিল না। বাড়ীতে তাহার সেই শীতাতপিত স্থ-উফ আলোকোজ্জল সজ্জিত হোট ঘরখানি! ভাহার তুলনায় এ যেন এক অন্ধকারময় ভাষণ গহরর!

বালকের দল শয়ন করিলে এক কাফ্রী বালক আসিয়া ককের আলো লইয়া গেল। সকলে ক্রমে গুনাইয়া পড়িল, কিন্তু জ্যাকের চোবে গুমু আসিল না!

তুষারকণা-পরিব্যাপ্ত কাচের মধ্য দিয়া যেটুকু ক্ষীণ স্থাপো আমিতেছিল, তাহারই সাহায্যে জ্যাক দেখিল, পাশাপাশি থাটিয়াতে কতবংগুলা যেন কম্বলের পুঁটুলি পড়িয়া রহিয়াছে! তাহার মধ্য হইতে নিমাস ও নাসিকার ধ্বনি •এবং থাকিয়া থাকিয়া কাশির শন্ধও জাগিয়া উঠিতেইছ : সে খেন মানব-জীবনের এক করণ কাহিনীর শোচনীয় প্রঠা !

জ্যাকের শীত বোধ ৰইতেছিল। এই অনভাত জীবনের প্রবেশ ছারে এক বিচিত্র কৌতুহল ভাহাকে কেমন অভিভূত করিয়া ফেলিয়াছিল। সে দিনের ঘটনাগুলা জাহার যেন সপ্রের মতই মনে ইইতেছিল। মোরোন্ভার সাদা টাই, হার্জের প্রকাণ্ড চশমা এবং মলিন জামা, এবং মর্কোপরি 'শক্রব' সেই গর্কিত বিষদৃষ্টি—জ্যাকের প্রাণটাকে আসিত করিয়া তুলিয়াছিল। মার কাছে ছুটিয়া যাইবার জন্ত প্রাণটা তাহার অধীর আকুল হইয়া উঠিতেছিল। এমন সমগ্ন দূরের ঘড়িতে এগারোটা বাজিল। মা এখন কি করিতেছে ? নিশ্চয় এখন থিয়েটারে, না, বোধ হয়, নাচে। কিন্তু এখনই ফিরিয়া আসিবে—গলায় সেই ফারের বেষ্টনী, মাথার টুপিতে লেসের ঝালর।

বাত্রে গৃহে ফিরিয়া জ্যাকের বিছানার পাশে দাঁড়াইয়া মা ডাকিত, "জ্যাক, ঘূমিয়েছ ত!" কি মিট, মধুর, দে স্বর! নিলাতেও জ্যাক মার উপস্থিতি কেমন সহজে বুঝিতে পারিত! মার স্পর্শে তাহার যেন দিব্য দৃষ্টি ফুটিয়া উঠিত—এবং স্বপ্লে-জাগরণে মার কোমল স্থলর মুথথানি তাহার চোথের সন্মুথে জ্যাগিয়া রহিত। মা চলিতেছে-ফিরিতেছে, চতুর্দিকে যেন একটা দীপ্ত ঔজ্জ্বল্য, বালস্থ্যের একটা সিগ্ধ বিশিচ্ছটা ঘুরিয়া বেড়াইতেছে! স্বর্গ হইতে যেন কোন দেবী নামিয়া আসিয়াছে! কিন্তু আজ ?

দিনের বেলা অধ্যক্ষ ও শিক্ষকগণের অতিরিক্ত মনোযোগ ও অভ্যর্থনার ঘটায় বাড়ীর অভাবটা জ্যাককে ততথানি কাতর করিতে পারে নাই। তাজার উপর নৃতন সহচরগণের সহিত থেলা-ধূলায় সময়টুকু বেশই কাটিয়া গিয়াছে।

এখন একটা কথা জ্যাকের মনে পড়িল। রাজপুত্র,—দাহমিঃ

বাজপুত্র ! কোথায় সে ? ছুটিতে বাড়ী গিয়াছে কি ? রাজপুত্রের সহিত একবাক দেখা হইলে জ্যাক তাহার সহিত তথনই ঘনিষ্ঠতা করিয়া ফেলিবে—বন্ধুত্বের স্বর্ণশৃঙ্খলে আপনাকে ধরা দিবেই। বিছানায় শুইয়া জ্যাক কেবলই ভাবিতেছিল, কোথায় এই রাজপুত্র !

ক্ষম নাটর অপর কক হইতে মধ্যে মধ্যে বাছের একটা ঝক্ষার উঠিতেছিল ! লাবাস্তান্ত্র্ অর্ণিণ বাজাইতেছিল---পার্থে অধ্যের ক্ষ্রোথিত শব্দে ঘরের দেওয়াল অব্ধি কাঁপিয়া উঠিতেছিল। জ্যাক বিছানায় শুইয়া তাহাই শুনিতেছিল। ক্রমে চারিধার নিস্তব্ধ হইয়া আদিল।

এমন সময় সেই কাফ্রী বালক লঠন-হত্তে কক্ষ-মধ্যে প্রবেশ করিল। জ্যাক মাথা তুলিয়া দেখিতেই কাফ্রী বালুক কহিল, "এঁ কি, তুমি ঘুমোও নি ?"

মৃহ নিশাস ফেলিয়া জ্যাক বলিল, "না, গুম আসছে না!"

বিজ্ঞের মত স্থরে কাফ্রা বালক কহিল, "নিশ্বাস কেলছ! তা নিশ্বাস কেললে তুঃথ অনেকটা কমে বটে! গ্রীব লোকে যদি এই নিশ্বাসটুকু না কেলতে পারত, তা হলে তুঃথে বোধ হয় তাদের বুক্থানাই কেটে যেত!"

লঠন বাথিয়া কাফ্রী বালক জ্যাকের শ্যার পার্থে একটা কম্বল বিছাইল, পরে তাহাতে বসিয়া সে কহিল, "উ:, বাইবে কি ভয়কর বরফ পড়ছে!"

জ্ঞাক কহিল, "তুমি এথানে শোবে ? ঐ তধু কৰলের উপরই ? াদর কি ?"

কাফ্রী বালক উত্তর দিল, "না—আমি কালো মাসুষ, চাদবের দরকার নেই।"

কথাটা বলিলা কাফ্রী বালক মৃত্ হাসিল। পরে বুকের মধ্য হইতে হস্তিদস্ত-নির্মিত ছোট একটি কোটা বাহির করিয়া সমস্ত্রমে ুসটিতে চুম্বন করিয়া সে • শুইয়া পড়িল। জ্ঞাক কহিল, "বা:—মেডেলটা ত তারি মন্তার দেখতে।"
কাফ্রী বালক কহিল, "এ মেডেল নয়— এ আমার প্রিপ্রি।"
"প্রিপ্রি"র অর্থ জ্ঞাকের ঠিক বোধগম্য হইল না। সে ভাবিল,
ভাগ্য স্থপ্রসন্ন করিবার জন্ম এ বুঝি কোনরূপ একটা মন্ত্রঃপুত মাছলি।

বালক কহিল, দেশ ছাড়িয়া আদিবার সময় পিসী ক্যারিক।
ভাষার কঠে এই মাত্লিটি পরাইনা দিয়াছে ! পিসী ক্যারিকা— যাহাকে
ছাড়িয়া একদণ্ড সে থাকিতে পারিত না—বে ক্যারিকা মাতৃহীন
ক্লাফ্রী বালককে একান্ত ক্লেহে বুকের মধ্যে পুরিষা রাথিয়াছিল—
এবং আবার একদিন লেখাপড়া শেষ করিয়া যে ক্যারিকার কাছে
সি ফিরিগা যাইকে!

জ্যাক কহিল, "আমিও মাব কাছে ফিবে যাব।"

মুহুর্তের জন্ম উভরে নিস্তব্ধ হইল। উভরেই ক্যারিকার কথা ভাবিতেছিল। কি স্নেহণালা এই নারী—তিনি এখন কোথার, কি করিতেছেন ? প্রবাসী বালকের কুণল মাগিতেছেন, নিশ্চয়।

কাফ্রী বালক উত্তর দিল, "দাহমি!"

জ্যাক বিছানার উপর উঠিয়া বিসল, সাগ্রহে কহিল, "ও:, তাহলে —তাহলে তুমি তাকে নিশ্চয় জান! তার সঙ্গেই বৃঝি তুমি ফ্রান্সে
এসেছ ?"

"কার সঙ্গে ?"

"রাজা---দাহমির রাজপুত্রের সঙ্গে!"

"আমিই ত দে।" বলিয়া কাফ্রী বালক আবার হাসিল।
জ্ঞাক বিশ্বরে অভিভূত হইয়া পড়িল! রাজা! রাজপুর্ক।
বাহাকে সে সারাদিন নানা করমাস থাটিতৈ দেখিরাছে, ঝাঁটা লছারা

চারিধার যে পরিকার করিয়াছে, টেবিলে থাবার পরিবেষণ
ক্রেট, গ্লাস, দর্ব সাফ্ করিয়াছে, সেই ভৃত্য—এই কালো কাফ্রী
—দাহমির রাজপুত্র! আশ্চর্যা। কিন্তু না, কথাটার তামাসা না
ত। বালকের চোথে-মূথে কেমন একটা স্বচ্ছ সরল ভাব ফুটিরা
বহিয়াছে যে! সে বৃঝি কোন্ স্থদ্র দেশের স্থানর অতীতের স্থাপর
দিনগুলির কথা ভাবিতেছিল।

জ্যাক বিশ্বয়ের সহিত কহিল, "কি রকম ?"

কান্ত্রী বালক, "এই বকম!" বলিয়াই সে ধড়মড়িয়া উঠিয়া আলোটা নিবাইয়া দিল, কহিল, "সাবা বাত আলো জললে কাল মার থেতে হবে আবাব।" তারপর নিজের বিছানা জ্যাকের বিছানার কাছে টানিয়া আনিয়া বলিল, "তুমি ঘুমোবে না? দাহমির কথা মনে পড়লে আমার ত ঘুম আসে না—আজ আর ঘুম আসবেও না! দাহমির গল শুনবে, তুমি?"

"ভনব।":

তথন সেই নিস্তব্ধ রাত্রে স্থানিবিড় অন্ধকারে কাফ্রী বালক জ্যাককে তাহার জীবনের বিচিত্র কাহিনী বলিতে লাগিল। উৎসাহে তাহার চোথ হইতে যেন একটা আনন্দের দীপ্তি ঠিকরিয়া পড়িতেছিল। শ্রোতার প্রাণও আগ্রহে পূর্ণ হইয়া উঠিল!

বাশকের নাম মাত্। বিখ্যাত বোদ্ধা রাক-মাত খেলোর দে একমাত্র পুত্র।

াৰ্ড নাছ খেজোৰ বীৰ্ষেৰ কথা কে না জানে! তাহাৰ অসংখ্য ইবৃহৎ কামান, অগণ্য বীৰ সৈতা, তীৰ ধন্থ প্ৰভৃতি নানাৰকম অন্ত-শ্ৰী, হশিকিক বণহন্তী, বাত্তকৰ, পুৰোহিত, নৰ্তকী, তুই শত স্ত্ৰী—এ বকাই ৰাক্ষমান্তৰ বিপুল অধিয়েৰ চুড়ান্ত পৰিচাৰক। তাহাৰ উচ্চ জ্যাক ক্ৰিত বৰ্ষায় ত্বৈক্ষিত, বিচিত্ৰ শব্ধ-নত্নে থচিত, জনংখ্য কাঞ্জীলৈ দক্ষিত। এই প্ৰাসাদে মাত্ৰ জন্ম হয়। সুৰ্য্যের কিবণে "রিধার তথন ঝলমল কবিতেছিল—প্রাসাদ-চ্ডায় পতাকা-শ্রেণী জ্বধীব পিবনে মৃত্-মন্দ কাঁলিতেছিল। শৈশবেই মাত্ৰ মা তাহাকে ছাড়িয়া গেল। পিদী ক্যাবিকা ছোট মাত্ৰকে বুকেৰ মধ্যে তুলিয়া লইল। মাত্র যেন মাকে জাবাৰ কিবিয়া পাইল। ক্যাবিকার ক্লয়ে যেমন সেহ, বাহতে তেমনই শক্তি! হস্ত-পদে তবলকীৰ মালা আঁটিয়া মৃক্তকেশী ক্যাবিকা মন্তকে হবিণেৰ শৃত্ত-বিচত মুকুট লাগাইয়া যথন বণক্ষেত্ৰে নামিত, তথন ক্লোবান শক্তৰ ক্লয়েও ত্রাসেৰ সঞ্চাৰ হইত। সেই ক্যাবিকাশৰ আদৰে কালিত মাত্ যথন একট বড় হইল, তথন তাহাৰ বিজ্ঞা-শিক্ষাৰ ব্যবক্ষা কবিবাৰ প্রযোজন হইয়া পজিল। দেশে প্রে স্বিধা নাই—কাজেই তাহাকে বিদেশে আসিতে হইল।

দেশে সে কি স্থেগ্ট দিন কাটিত। ক্যাবিকাৰ সহিত ৰাছ বনে শিকাৰে বাহিব ছইত। কি নিবিড় সে জঙ্গল। গাছেব পাঠাৰ কোথাও কাঁক নাই! আকাশ দেখা যায় না,—কোন দিক দিয়া স্থাকিবণ প্ৰবেশ কৰে না, মাথাৰ উপৰ আগাগোড়া কৈ যেন পত্ৰ-রচিত স্থবিস্তৃত চাঁদোয়া খাটাইয়া বাখিয়াছে। কথা কহিলে প্ৰতিশ্বনি গন্ধীৰ স্থবে বণিয়া উঠে! ফল-ফ্লেৰ অন্ত নাই—বৰ্ণ-গন্ধের সে এক অপরপ লীলা। • কোথাও পারেব কাছ দিয়া নিবীত সাপ সবিরা বাইতেছে, কথনও কাহাকে আঘাত কৰে না! পাখীৰ দল নানা স্থবে গান গাহিতেছে, ব নবগুলা এ-গাছে ও-গাছে লাফাইরা বেড়াইতেছে, ফুলগাছের আশে-পাশে ভ্রমবের দল ব্রিয়া কিরিভেছে! কোথাও বা স্থনীর্ঘ প্রকিণী—আকাশেৰ এতটুকু ছায়া ভাছার বুকে প্রতিবিধিত হয় না, বেন বন্দেবীর স্থব্ছৎ দর্পণের মতই যে পঞ্জিয়া বৃহিয়াছে;—বেন সব্দ মঙের প্রকাণ্ড একটা দোলা কাচথক!

জ্ঞাক বলিল, "বাঃ, বেশ ত।" "হাঁা, স্থন্দর সে।"

তারপর মাছ শৈশবের কথা বলিতে লাগিল—অতিরঞ্জনের ফলে কাহিনীট পরীর দেশের কাহিনীর মতই স্থান্তর উপভোগ্য হইরা উঠিল। গল্প বলিতে বলিতে মাহ অতীতের দিনগুলিকে এক ন্তন চক্ষে দেখিতেছিল। অত্নী কাচের মধ্য দিয়া দেখিলে বাহিরটা যেমন বিচিত্র বর্ণে রঞ্জিত বলিয়া মনে হয়, অতীতের এই দৃশ্যটুকুও তেমনই বিচিত্র মধুর রঙে ভবিমা উঠিল।

দল বাঁধিয়া, সকলে শিকারে বাহির হইত। বনের মধ্যে চারিধারে প্রকাণ্ড আরিকুণ্ড জালিয়া তাহারই মধ্যে বসিয়া হর্দান্ত পশুর
আক্রমণ হইতে সকলে আয়ুরক্ষা করিত। কি স্থখ, সে কি আনন্দ!
তাই মাছকে এন্দর ছাড়িয়া বেদিন ফ্রান্সের স্থবিগাত বনফিলের
স্কুলে আনা হইল, সেদিন তাহার প্রাণটা হাহাকার করিয়া উঠিল!
এ বেন এক গহররের মধ্যে কে তাহাকে নিক্ষেপ করিল! কোণায়
গেল, স্বাধীনতার সে অপূর্ক আনন্দ, সরল সঙ্গীবর্গের সে প্রাণ-ঝোলা
উল্লাস-চীৎকার!

এথানে বাঁধা নিয়মে বিছানা ছাড়িয়া উঠিয়া পড়াগুনা করিতে হয়! সকলের সঙ্গে দলে নিশিয়া পরিমিত আহার, ভ্রমণ, খেলা— ফুই দিনেই এ সব তাহার অসহ হইয়া উঠিল! শেষে নাহ এক-দিন সকলের অজ্ঞাতে স্কুল ছাড়িয়া চম্পট দিল!

কিন্ত বেচারার ভাগ্য অপ্রসন্ধ ছিল। তাই যে চট্ করিয়াই ধরা পড়িয়া গেল। আবার স্থলে ফিরিতে হইল। এবার কড়া পাহারা বসিল। নিতা সেই বই খুলিয়া বি, এ—বে, বি আই—বাই করিতে করিতে সে ভাবিতে লাগিল, পড়ার চেন্নে ব্ঝিমৃত্যুও ভাল। নীল আকাশের দিকে মাহ চাহিয়া থাকিন্ত এই আকাশ ভাহার দেশেও ঠিক নিটি! পাৰী উড়িয়া ঘাইতেছে দেখিয়া মাছ ভাবিত, সে হয়ত মিতেই চলিয়াছে! সে যদি মাছ না হইয়া পাৰী হইত ত, কঠিন ওয়ালের অজ্নলে বৃদিয়া এমনভাবে ছঃথে পিষিয়া ত'হাকে মরিতে ত না—পিদী ক্যারিকার কাছে কবে দে উড়িয়া যাইত!

একদিন সকলে মিলিয়া সমুদ্রেব তাঁবে জাহাজ দেখিতে গিয়াছিল।
হাজে উঠিয়া মাতব মনে হইতেছিল, একদিন এই সুবৃহৎ জলের
নীটা পিঠে বদাইয়া যেমন তাহাকে এগানে বহিয়া অনিয়াছে—আজ
বাব তেমনই াফবাইয়া লইয়া ঘাইতে পাবে না কি ! সকলের চোথ
াইয়া জাহাজের থোলে সে লুকা য়য়া বাঁসয়া রহিল। তাবপর যথন
হাজ বহদুবে ভাসিয়া চলিয়াছে, কুধায় কাতর মাত্ তথন আর
াইয়া থাকিতে পারিল না! জাহাজেব কাপ্তেন পুরস্কারেব লোভে
নকে আনিয়া বন্ফিলেব হাতে তুলিয়া দিয়া গেল! বন্ফিল তথন
প্রার নিকট রাখা 'ফাব নিরাপদ নহে ভাবিয়া মাত্রক জিম-নাজ্প
বোনভায় ভর্ত্তি কবিয়া দিল।

প্রথম-প্রথম এগানে তথন সে কি আদব, কি অভার্থনা প্রক্রে আদব-অভার্থনাব চেয়ে চের বেনী ! রাজপুত্র আসিয়াছে—
রধারে একটা ধুম বাবিয়া গেল ! মোরোন্ভার সহিত্ত এক
বলৈ বসিয়া মাত্র আহাব কবিত, অপর বালকের দল ঈর্বায়্র
ার পানে চাহিয়া পাকিত ! মোরোন্ভা প্রায়ই বলিত, "মাত্র যথন
া হবে, সুলটা তথন দাহমিতে উঠিয়ে নিয়ে যাব, সরকারী বৃত্তিতে
নানে আর কোন তঃথ-কট থাকবে না—মনের মত করে লেথাপতা
পরে দাহমিকে স্বর্গ কবে তুলব।"

হার্জ্ও তথন চিকিৎসা-শাস্ত্রে আপনার প্রতিভা থেলাইতে পারিবে । ৩ন ঔষধ আবিষ্কার করিলে তাহার পরথের কোন স্থবিধাই এখানে — ঔষধ থাট্যা যদি কেহ মরিয়া যায় ত প্লিশের টানাটানিতে এমনিটি! পাথী উড়িয়া ঘাইতেছে দেখিয়া মাছ ভাবিত, সে হয়ত দাহমিতেই চলিয়াছে। সে যদি মাছ না হইয়া পাথী হইত ত, কঠিন দেওয়ালেব অভ্নলে বিসয়া এমনভাবে হুঁ:থে পিষিয়া ত'হাকে মবিতে হুইত না—পিসী ক্যাবিকাৰ কাছে কবে সে উডিয়া যাইত!

একদিন সকলে মিলিয়া সমুদ্রেব তীবে জাহাজ দেখিতে গিয়াছিল।
জাহাজে উঠিয়া মাতব মনে হুইতেছিল, একদিন এই সুবৃহৎ জলেষ
পানীটা পিঠে বসাইয়া যেমন তাহাকে এখানে বহিষা অনিয়াছে—আজ
আবাব তেমনই াফবাইয়া লইয়া যাইতে পাবে না কি। সকলেব চোথ
এড়াইয়া জাহাজেব খোলে সে লুকাইয়া বাসয়া বহিল। তাবপব যথন
জাহাজ বহুল্বে ভাদিয়া চলিঘাছে, কুধায় কাতব মাহ তথন আব
লুকাইয়া থাকিতে পাবিল না! জাহাজেব কাপ্রেন পুরস্কাবেব লোভে
মাহকে আনিয়া বনাফলেব হাতে তুলিয়া দিয়া গেল। বনফিল তথন
আপনাব নিকট বাথা আব নিবাপদ নহে ভাবিষা মাহকে জিমনাজ
মোবোনভাষ ভঠি কবিষা দিল।

প্রথম-প্রথম এগানে তথন সে কি আদব, কি অভার্থনা!

জ্যাকেব আদব-অভার্থনাব চেষে চেব বেনী! বাজপুত্র আদিয়াছে—
চাবিধাবে একটা, ধুম বাবিয়া গোল মোবোন্ভাব সহিত এক
টোবিলে বিদিয়া মাত আহাব কবিত, অপব বালকেব দল জর্মায়

জাহাব পানে চাহিয়া পাকিত। মোবোন্ভা প্রায়ই বলিত, "মাত্ যথন
বাজা হবে, স্কুলটা তথন দাহমিতে উঠিয়ে নিয়ে যাব, সবকাবী বৃদ্ধিজে
সেথানে আব কোন তুঃথ-কষ্ট থাকবে না—মনেব মত কবে লেখাপড়া
শিপিয়ে দাহমিকে স্বর্গ কবে তুলব।"

হাব্জ্ও তথন চিকিৎসা-শান্তে আপনাব প্রতিভা থেলাইতে পারিবে / ন্তন ঔষধ আবিকাৰ কবিলে তাহাব প্রথেব কোন স্ববিধাই এথানে নাই—ঔষধ থাইয়া যদি কেহ মবিগ্লা যায় ত পুলিশেব টানাটামিভেঁ প্রাক্তিবার উপক্রম! মাহর রাজ্যে সে নিতা ন্তন ঔষধের ধরীকা চালাইবে, পুলিশ তথন তাহার কিছু করিতে পারিবে না! লাবাসান্ত্র দাহমির কর্মর সঙ্গীত-শাস্ত্র সমূরত করিবে! সকলেই ভবিষাতের আশায় মাহকে আদর করিত, সম্মান করিত। সকলেই লাশা করিয়া বসিয়াছিল, মাহু একবার রাজা হইলে হয়—চক্ষের পলকে সব হঃথ ঘুচিয়া যাইবে! এখন যেমন তাহাদের প্রতিভার মালো অভায় দ্বেষের ভত্মে প্রছয় আছে, অয়ুক্ল পবনে তথন সে ভত্মের রাশি উড়িয়া গেলে কি তীত্র তেজে তাহা জ্বলিয়া উঠিবে! এমন সময় সহসা একদিন সংবাদ আসিল, আশান্তিরা লাহমি অধিকার করিয়াছে, মাহুর পিতা যুদ্ধে প্রাণ দিয়াছে, পিসী কারিকা নিরুদ্দিষ্টা!লোক-মুথে পিসী শুধু একটা সংবাদ পাঠাইয়াছিল, নাহু যেন মাহুলিটিকে স্বত্নে রক্ষা করে, তাহারই সাহায়ে। নই রাজ্য আবার সে ফিরিয়া পাইবে,—দৈবজ্ঞের দল এ-কথাটা বিশেষ করিয়া বিলা দিয়াছেন!

এ সংবাদের পর মাতৃর আদর একটু কমিলেও তেমন কিছু
মহবিধা তাহাকে ভোগ করিতে হইল না। কিন্তু হখন এক বংসর,

ছই বংসর কাটিয়া গেল, মাতৃর হইয়া কেহ অর্থ দিল না, তথন

সংলের ভ্তাটিকে ছাড়াইয়া দেওয়া হইল—ভৃত্যের বয়য়-নির্কাহ রীতিয়ত

কঠিন হইয়া পড়িয়াছিল—এবং সেই ভৃত্যের স্থান অধিকার করিল,
য়ালপুত্র মাতৃ! মাতৃকে একেবারে বিদায় দেওয়া হইল না—কারধ

ভাহা হইলে "রাজপুত্র এথানে পাড়িতেছে" বলিয়া বিজ্ঞাপন দেওয়া

বাইবে নাতৃ!

এ অপমানে মাছ কিন্তু সায় দিল না! তাহার সময় অন্তর বিজোহী ইইয়া উঠিল। নানা ভাবে সে বুমাইতে লাগিল, যে এতথানি হীনতা কৈ সঞ্চ করিবে না! কিন্তু বেতের বায় নিত্য জর্জনিত হইয়া অবশেষে উপায়ান্তর না দেখিয়া লে দাসত্ত্বে সে নামিয়া সংগ্ৰি কোথায় রহিল, তথন অত আদর, অত বছু! কপূরের মত কোথায় যেন সব উবিয়া গেল!

্র এখন ভোৱে উঠিয়া নাছ বাজার করিতে যায়, ঘর পরিষ্কার করে, অর্থাৎ ভূত্য ও পাচকের স্কল কাজ্ই তাহার দারা সারিয়া প্রসাহয়।

হার ক্যারিকা—পিসী ক্যারিকা—কোথার তুমি ? তোমার কত সাধের, কত আদরের মাতৃ—আজ্ব এখানে অধম ভূতা হইরা দিন ক্টোইতেছে! একবার যদি সে রক্ষ্ণা ফিরাইয়া পায় ত, মনের যত কিছু আক্রোশ—কিন্ত না, পুব মিয় কথায় আদর-অভার্থনা করিয়া জিম নাজের এই দলটিকে সে দাহ্মিতে লইয়া যায়! তার পর এই মোরোন্ভা-হার্জের দলকে জাবস্ত মাটিতে পুঁতিয়া এ দারুণ অপমানের চূড়াস্ত প্রতিশোধ লয়!

এই ভীষণ লাঞ্চনায় থাকিয়া থাকিয়া মাছৰ বুকথানা যেন জালিয়া উঠে ৷ এই আগুনে মোবোন্ভার দলকে যদি দে পুড়াইয়া মারিতে প্রারে, তবেই মনের ঝাল মিটে ৷ ভগবান কি সে দিন দিবেন না ?

মাত্র' চোথ তুইটা বাবের চোথের মতই জ্বলিতেছিল। জ্যাকের প্রাণ শিহরিয়া উঠিল। মাত্র কাহিনী শুনিয়া তাহার তঃথ হইতেছিল— আহা, রাজপুত্র মাত্—সামান্ত চাকরের মত আজ সে খাটিরা সার ছইতেছে। তুর্ভাগ্য, নিতান্তই সে উপায়-হীন, অসহায়।

মাতৃ কহিল, "তোমার মা বেশ বড় লোক, না ৷ অনেক টাক আছে, তাঁব ৷"

ं जाकि कहिन, "हा। i"

না থাকলে এরা ভারী অভ্যাচার করে ! দেখছ ভ, আমাকে !*

জ্যাক কিছু বলিল না। তথন ছই নৃতন বন্ধতে মিলিয়া আগর ও কভ জ্ম কবিল। গল্প করিতে কবিতে শেষে কখন যে উভয়ে ঘুমাইয়৷ পিড়িল, কহই তাহা জানিতে পারিল না। স্বপ্লেব ঘোবে জ্যাকের ম্থে রসর হাসি ফুটিয়৷ উঠিল। সে স্থা দেখিল, মাহুকে লইয়া যেন সে নাব কাছে ফিরিয়া গিয়াছে, মা মাহুকেও কভ আদর কবিতেছে।

চতুর্থ পরিচ্ছেদ

সাহিতিক মজলিস

মাত্রষ ঠেকিয়া শিথিতে চায়, দেখিয়া নহে। শিশু-প্রাস্থাততেও এ নিয়মেব ব্যতিক্রম দেখা যায় না।

মাছব কাহিনী শুনিয়া জ্যাকেব প্রথমটা ভাবী ভয় হইয়াছিল, কিন্তু মোবোন্ভার আদবে আব শিক্ষকদের স্থমধুব ব্যবহানে ভয় ছঃঅংগ্রব মুক্তই মিলাইয়া গেল।

প্রথম কয়েক মাস জ্যাক এতথানি আদব-গোহাগ ভোগ করিল যে সে ভূলিয়া গেল, অভাগা মাছব ভাগ্যেও একদিন এফনই আদব সোহাগ ঘটিয়াছিল, কিস্তু বেশী দিন বহে নাই!

লাবাস্যান্ত হার্জ, আর্জান্ত সকলেই জ্যাকেব স্থানের জন্ত শশব্যন্ত! ভোজের টেবিলে মোবোন্ভাব পার্মেই তাহার আসন! ছাত্রেবা থেলা-ধূলা করে, গান গাহে, সে সব শুধু জ্যাকের হৃত্যিব জন্তই!

জিমনাজ -বাস কাজেই জ্যাকের সহিন্না গেল।

জ্যাকের এই অবস্থা দেখিয়া মাছর কিন্ত ছঃথ হইত। জ্যাকেব পানে মাঝে মাঝে কেমন এক করুণ দৃষ্টিতে দে চাহিয়া থাকিত! সে

বৈ ত না।

কাছনির অর্থ, হাবে অবোধ, এ ত্বথ, এ সোহাগ, কর দিনেব ক্ষ্ম । অমন আদব-যত্ন আমিও একদিন পাইরাছিলাম, কিন্ত আজ অমনই ভাবে কয় মাস কাটিয়া গেল।

জ্যাকেব মা প্রায়ই জ্যাককে দেখিতে আসিত। সে সময় ইদা কি সে থাতিব। তাহাৰ ভূচ্ছ একটা কথাও জিম-নাজেব সকলে নিধিষ্ট মনে শুনিতে বসিত ।

ক্রিদেব ছেলেবা দেদিন দল বাধিবা থেলা কবিতেছিল। ছবেৰ মধ্যে কানালাৰ বাবে বসিয়া জ্যাক সেই থেলা দেখিতেছিল। এফ ক্ষম মোবোন্ভা আসিয়া জাকিল, "জ্যাক্, জ্যাক্, তোমাৰ মা এসেছেন।

শা ভাকে লাফাইয়া মোবোন্ভাব নিকট আদিল, সাগ্রয়ে উন্হল, "কোথায় মা ?"

ক্তবেশা ইণা কক্ষমধ্যে প্রবেশ কবিল। তাহাব হাতে একটি ক্রেটি ক্রি—মিষ্টারে পবিপূর্ণ। ইদা ছাত্রদিগকে ডাকিয়া পাঠাইল শাংকার জার্ণবেশ বালকেব দল সন্মুথে আসিলে, ইদা মুঠি ভবিফা ক বিস্কৃট-কেক প্রভাত প্রচ্ব পবিমাণে বিতবণ কবিল। ছাত্রেব । স্মামোনেব ঘটা পডিষা গেল। মাব কোলেব কাছে দাঁডাইয়া

জ্যাক্ অপূর্ব গর্বোল্লাসে এই বিবাট ব্যাপাব প্রত্যক্ষ কবিতেছিল।

এমনই ব্যাপাবে যথন-১থন ইদা অত্যস্ত অর্থ ব্যয় কবিত।
মোবোন্ভাব সাবা দেহ কোভে জালায় বি-বি কবিতে থাকিত।
অনর্থক এই সব বাজে থবচ। এই অর্থ টা যদি কোন সুযোগ্য সদাশ্য
ব্যক্তিব হস্তে—বেমন মোবোন্ভা একজন—তুলিয়া দেওবা হইত—
অবশ্য তাহাব ইচ্ছামত ব্যবেব জন্ত। বেচাবাব মাথাব সদ্ধায় ও
সদম্ভানেব কত কল্লনা ঘ্ৰিয়া বেড়াইতেছে। শুধু টাকাব অভাব

ज्यानक ममय स्मारवान्धाव हेक्हा बँबेड, मानव छावछ। हेबाटक सम

লিগ বৈলে, কিন্তু সাহসে কুলাইত না! তাহার চোখে-মুখে সে গ্রাফ দিবা ফুটিয়া বহিত। তাহাই যে ইদার ব্রিবার পক্ষে ক্লেন বুথে হইতেছে না, ইহা সে স্থির করিতে পারিত না। পারিত না ব্লিয়াই মোরোন্ভার কেমন রাগ হইত।

বহু দিন হইতেই মোরোন্ভার সাধ—একথানি মাসিক-পত্র বাহির করে! নিজেদের দলের একথানা কাগজ না থাকিলে কি স্বাধীন চিন্তা প্রকাশ করা যায়! না, পাঁচজনের কাছে পরিচিত হওয়া যায়!

বন্ধ্নান্ধবদের কাছে প্রায়ই মোরোন্ভা এই কাগজ নাহির করিবার কথাটা পাড়িত। শুনিয়া সকলেই তাহাকে উৎসাহ দিত,—বেশ কথা বলিয়াছ। একথানা কাগজ বাহির করিতে পারিলে চনৎকার হয়। কত নৃতন ভাব, নৃতন চিন্তা নিত্য সকলের মাথায় আসে—এ-পর্যান্ত যাহা কাহারও মাথায় ধরা দেয় নাই—প্রকাশ করা ত দ্রের কথা। আহা, শুধু নিজেদের একথানা কাগজের অভাবেই শুধু দে সব ভাব চাপা পড়িয়া নই হইতেছে।

মোরোন্ভার মনে একটা ধারণা কেমন বদ্ধমূল হইয়া কিন্দুছল

— যদি তাহারা কাগজ বাহির করে, ত তাহার ব্যয়-ভার জ্যাকের
মা নিশ্চয়ই গ্রহণ করিবে! কিন্তু তাই বলিয়া ইদার নিকট মোরোন্ভা
চট্ করিয়া কথাটা তুলিতে পারিল না। যদি ইদা তাহার মৎলবটা
কোনরূপ সন্দেহের চক্ষে দেখে! তাহা হইলেই সব মাটি! বীরে
পীরে সে আপনার কাজ গুছাইয়া লইবে, স্থিক করিল!

নোরোন্তার স্ত্রা নানা কথার পর ইদাকে ঈষৎ সন্ধৃচিততাবে কহিল, "মোরোন্তার একটা অমুরোধ আছে, কিন্তু কথাটা তুলতে তিনি একটু কুটিত হচ্ছেন—"

ইনা সাগ্ৰহে বলিল, "কি ? কি কথা ?".

ইদার কথায় এতথানি আগ্রহ উচ্চ্ বিত হইয়া বুউঠি দিনেই মোরোন্ভার ইচ্ছা হইল, কাগজের জন্ম একেবারেই সে কিছু আজ চাহিয়া বসে! কিন্তু সে বিলক্ষণ চতুর, ভবিষাতের বিষয় ভাষির তবে কাল করে! স্বতরাং আসল কথার কিছুই সে আপাততঃ ভাঙ্গিল না, ইদাকে শুধু কহিল, "আমাদের একটা সাহিত্য-সভা আছে, এই রবিবারে তার একটা অধিবেশন হবে, আপনি যদি অন্প্রহ করে আসেন—"

ইদা জিজ্ঞাসা করিল, "সভায় কি হবে ?"

• "প্রবন্ধ-পাঠ, আর্ত্তি, গান---"

"আর কে কে দব আদবেন ?"

মোরোন্তা একটু কাশিয়া উত্তর দিল, "আরও অনেক ভদ্রলোক আসবেন। বিস্তর মহিলারও নিমন্ত্রণ হয়েছে।"

ভদ্রসমাজে মিশিবাব একটা উৎকট বাসনায় এ নিমন্ত্রণ গ্রহণ করিতে ইদা এক মুহুর্ত্তও ইতক্তত করিল না।

মোবোন্ভা অত্যন্ত পুনী হইল। সভাগৃহ সাধামত ভাল করিয়া সাজানো হইল। ফটকের সমুথে ছইটি রঙিন আলোর ব্যবহা হইল। বাতিদান কয়টা মাছ ঘদিয়া-মাজিয়া পরিকার কবিয়া ফেলিল। কক্ষের সমস্ত আসবাব-পত্র অবধি মাছ ব্যাসাধ্য মার্জিত করিল। রাত্রি আটটায় মজলিস বসিবে।

মোরোন্ভার জীবনে আজ এক মহা উৎসব। তাহার পরিচিত যত বার্থ কবি, বার্থ শিলী সকলেই প্রায় নিমন্তিত হইয়াছে।

আটটার সময় ঝালকের দল বেঞ্চে আপনাদিগের আসনে আসিয়া বিসল।

নির্দিষ্ট সময়ে নিমন্ত্রিত লোকেরাও দলে দলে উপস্থিত হইতে । লাগিল। মে দলে কবি, শিন্নী, চিত্রুকর, দার্শনিক, কৈজ্ঞানিক কলেই আছে, তবে ভাগালন্ধী যে কাহারও প্রতি প্রসায় দৃষ্টি নিজাখের করেন নাই, তাহা তাহাদের মূর্ত্তি দেখিলেই বৃথিতে বিলম্ব হয় না ! না দাণীর যত অনাদৃত উপেক্ষিত পুত্রগণ ! নিতাস্তই বেচারা ! তাহাদের শার্প দেহ, জীর্প বেশ, কোটর-গত চক্ষু, বিষয় ভাব দেখিলে সতাই হঃব হয় ! প্রতিভাসত্ত্বেও লোকে যে তাহাদের কদর বৃথিল না, এই হঃথই যেন তাহাদের হাড়ে হাড়ে বিধিয়া বহিয়াছে !

সকলেই আসিয়াছে। কিন্তু জ্যাকের মা, ইণা কৈ ? যাহার জন্ত মোরোন্ভার আজ এত আয়োজন!

ইদার বিলম্ব দেখিয়া মোরোন্ভা বিশেষ উদ্বিগ্ন ইইয়া উ**টিল;** দলের সকলেই কুল হইল।

সকলের কাছে গিয়া মোরোন্ভা চুপি-চুপি বলিতে লাগিল, "কাউণ্টেসের জন্তই একটু অপেকা করছি, শুধু, না হলে সময় হয়েছে ঠিক।"

অবশেষে অনেক দেরী হইয়া গেলে ইদার আদিবার সম্ভাবনা নাই ব্রিয়া আর্জাস্ত কৈ গ্রাহার কবিতা পাঠ করিতে অনুরোধ কর। হইল।

আর্জাস্ত তথন এক বিচিত্র ভঙ্গীতে স্ব-রচিত কবিতা আর্জি করিতে লাগিল! রচনা যেদন জবন্ত, আর্তির ভঙ্গীও দিক তাহার অন্তর্গ। কিন্তু তাহাতে কি আসিয়া যায়! ঘন ঘন করতালি-বৃষ্টি হইতে লাগিল! কেন্তু বিলিল, "বাহবা!" কেহু বলিল, "চমৎকার!"

এইরূপে প্রশংসিত হইয়া আর্জান্ত আরও উৎদূল চিত্তে কবিতা আর্ত্তি করিতে লাগিল।

धमन ममत्र शीरत शीरत हेना माहे करक প্রবেশ করিল।

আজাপ্ত ব দৃষ্টি তথন উর্দ্ধে, কোন্ অনির্দিষ্ট কাব্য-লোকে — কাজেই ইদাকে দে লক্ষ্য ক্রিল না! কিছা ইদা তাহাকে দেখিল — ৈ কোৰে, নৃতন দৃষ্টিতে! সেই মুহুর্তেই ইনার ভবিষ্যৎ নির্দিষ্ট হইয়া গেল! তাহার মনে হইল, যেন তাহার দারা জীবনের সকল সাধ, সকল আকাজ্জা আজ ঐ মাত্র্যটির মৃত্তিপরিত্রীহ ক্রিয়া তাহার সমুথে কুটিয়া উঠিয়াছে! এক মুহুর্ত্তই ইনা আপনাকে তাহার পায়ে স্পিয়া দিল!

ইনাকে দেখিয়া জ্যাক ব্যস্ত হইয়া উঠিল। মোরোন্ভা শশবাস্তে উঠিয়া অভ্যৰ্থনা করিল। আজি জি ভিন্ন কক্ষয় সকলেরই চিত্ত ইদার সেমধুর লাবণ্য দেখিয়া মুৠ হইয়া গেল, কিন্তু ইদা কাহারও পানে চাছিল না; সে ৩ধু তন্ময় ইট্টা আজি জ কৈ,—তাহার জীবনের ব্রপ্প স্থের, সাধের, ব্রপ্প, কবি আয়ু জাত দেখিতেছিল।

্মারোন্ভা ইদাকে কহিল, "আপনার জন্মই আমরা এতক্ষণ অঅপেক্ষা করছিলুম-----সময়টা নেহাৎ আড়ষ্ট ঠেকবে বলেই কাউণ্ট আজিত্তেঁর কবিতা শোনা বাছিল।"

ইদা আনন্দে শিহরিয়া উঠিল – কাউণ্ট ৷ বাঃ ৷

সলজা বালিকার মতই তরল কঠে ইদা আজাস্তকৈ কহিল, "থাম্লেন যে আপনি! বেশ ইচ্ছিল ত!"

আজান্ত কিন্ত সমত হইল না। কবিতার শ্রেষ্ঠ অংশটী আরুত্তির সময় ইপার আগমনে বাধা পাইয়াসে মনে মনে অত্যন্ত চটিয়াছিল। আজান্ত কহিল "আব ত নেই। শেষ হয়ে গেছে।"

ইদার প্রিয় কবি ইদার পানে ক্রফেপমাত না করিয়া অক্সান্ত লোকের সহিত আবাপ করিতে লাগিল। ইদা মরমে মরিয়া গেল। প্রথম দর্শনেই সে তাহার প্রিয়তম কবির বিরক্তি উৎপাদন করিয়াছে। ইদার মুখখানা এতটুকু হইয়া গেল।

তারপর সভার (কত কাজ হইয়া গেল—ইদার কিন্তু সে দিকে লকাই ছিল না; সিসে শুধু তাহার, কবিকে দেখিতেছিল। কি অন্দর দাঁড়াইবার ভঙ্গাটুকু! কি উদাস, আহা, তাহার চোথের দৃষ্টি—কবির যোগ্য বটে! এ জগতে যেন তাহার মন নাই! কোন্শ্রেদ্র কল্পনা-স্বর্গে তাহার চিত্ত-চকোর কি অপার্থিব স্থধার আশায় তথন ঘ্রিয়া ফিরিতেছে! আর্জান্ত র প্রতি ইদা ক্রমেই আর্জ্প হইয়া পড়িল! তাহার পর কথন্যে সভায় প্রবন্ধনার না। তথন আবার আর্জান্ত র পালা আসিল।

ইদা ভৃষিত চিত্তে শুনিতে লাগিল। শুনিতে শুনিতে মুগ্ধভাবে দে মোরোন্ভার পানে চাহিল।

নোবোন্ভা বিজয়-গর্কে ঈবং হাসিল। ইদা নোবোন্ভাকে কহিল,
"এমন লোক আপনার সভাব সভা ? আপনি ভাগাবান।"

আবৃত্তি শেষ হইলে ইনা জিজানা করিল, "কোন্ কোন্ কাগজে এঁর কবিতা ছাপা হয় ?"

"কোথাও নয়। ছাপে না কেউ। কেন ছাপবে ? হিংদেয় সব সারা হয়ে যাছে। এঁদের কবিতা ছাপলে তাঁদের গুলি ত আর বাজারে বিকোবে না।"

ইদা ঠিক একেবারে মোরোন্ভার মর্মে আঘাত করিয়াছে। মোরোন্ভার ভারী স্থাগে মিলিয়াছে। বর্তমান করিব সে অজত্র নিলাকরিল; আরও কহিল, "সাহিত্যের আজকাল এমনই ছর্দশা হয়েছে যে ভাল লেখা এখন আর সম্পাদকদের পছন্দ হয় না! যত পচালেখারই আদর! প্রতিভার যুগ চলে গেছে। এখন শুধু স্থপারিশ আর তোষানোদ, এই বৈ ত না! সব দল পাকিয়ে বসে আছে, বাইরের কারকে মাথা তুলতে দেবে না।" কথাটা শেষ করিয়া মোরোন্ভা একটা নিশাস কেলিল। হায় রে, আজ যদি নিজেদের একখানা কাগজ্পাবিত!

ইদা কহিল, "আগনাদের নিজেদের একথানা কাগন্ধ থাকা খুব ক্লীবকার কিন্তু।"

"नि**"**Бग्रहे !"

"বার করেন না কেন ?"

কাষ্ঠ হাসি হাসিয়া মোরোন্ডা কহিল, "টাকা কোথায় ?"

"টাকার ভাবনা কি ? কে থেমন করে হোক জোগাড় হবে'খন। তথ্যসন স্থেকর জিনিরগুলো তা বলে চেপে রাখা ঠিক নয় ত।"

"কখনই নয় !"

শোরোন্তা ভাবিল, আর জাবনা নাই, এইবার সে কাজ বাগাইতে পারিবে !

মোরোন্তা তথন আর্জাস্কর সম্বন্ধে নানা কথা বলিয়া ইদার চিন্তটাকে লুক্ক কবিবার চেষ্টা করিল। মুগ্ধ চিত্তে ইদা আর্জাস্ত্র ক কথা শুনিতে লাগিল। এমন সময় জ্যাক ডাকিল, "মা—"

মা বিরক্ত হইল, বলিল, "আ: ছি, চুপ কর—জ্যাক, ছুষ্ট্ করোনা!"

আর্জান্ত প্রথমে ব্রিতে পারে নাই যে তাহারই বিষয় লইয়া মোরোন্ভার সহিত ইদার কথা এমন জমিয়া উঠিয়াছে। যথন সে ভাহা জানিল, তথন আপনাকে আরও জাহির করিবার জন্ত সে আকুল হইয়া উঠিল। অপরের সহিত যথন সে কথা কহিতেছিল, তথন তাহার দিকে ইদার হুই ত্রিত নেত্র যে মন্ত্রমুঞ্জের তাম আকৃষ্ট রহিয়াছে, এ-টুকুও সে বেশ লক্ষ্য করিল।

ইদাও এখন এটুকু বৃঝিয়াছিল যে তাহার উপর আজিস্তির যে মোটেই লক্ষ্য নাই, এমন নহে!

আর্জান্ত র কথাবার্তা ভাব-ভঙ্গী দেখিয়া সকলেই বলাবলি করিতে-ছিল, "স্থান্দর! এমনটি আর দেখা ময়ে না!" আর ফিল। লে দিন অনেক রাত্র সভাভক হইল।

পঞ্চম পরিচেছদ

মজলিদের জের

প্রদিন মোরোন্ভার নিকট মাদাম বারান্সির এক চিঠি আঁসিয়া হাজির! তাহার গৃহে সন্ত্রীক মোরোন্ভার নিমন্ত্রণ! চিঠির তলায় ছোট একটা 'পুনশ্চ'তে কবি আর্জাস্ত কৈ সঙ্গে লইয়া বাইবার জন্ত আবার বিশেষ করিয়া অন্ধুরোধ করা হইয়াছে।

নিমন্ত্রণের কথা শুনিরা আর্জান্ত কহিল, "আমি তা বলে যাছিছ না, বেধানে।"

মোরোন্ভা একটু বিরক্ত হইল, জিজ্ঞাসা করিল, "সে কি ! বাবে না কেন, ভানি।"

"ও রকম স্ত্রীলোকের সঙ্গে আলাপ করতেই আমি রাজী নই—
বাড়ী গিয়ে নিমন্ত্রণ খাওয়া ত পরের কথা।"

"নাঃ, তুনিই, দেখচি, আমার সব মতলব মাটা কর্বে! নিমন্ত্রণে বেতে দোষ কি ? মাদাম দা বারান্সিকে তুমি যা ভেবেচ, তা নর, আর যদি তাইই হয়, তবু আমার থাতিরে তোনার যেতে হবে! ব্যেছ ত—কাউণ্টেদকে না বাগাতে পারলে আমাদের কাগজপানা বেব করার কোনই সন্তাবনা নেই!"

অনেক বলা-কহার পর আজি দ্ধুঁ যাইতে রাজী হইণ। হার্জের উপর জিম্নাজের ভার দিয়া মোরোন্ভা সন্ত্রীক ইদার বাসার উদ্দেশে যাত্রা করিল। কবি আর্জাস্ত বলিল, "তোমরা এগোও, আমি ঠিক সময়ে সেধানে হাজির হব!"

মোবোন্ভা জিজাসা করিল, "ঠিক যাঁচছ ত ?"
"হাঁ।"

সাহটার সময় আজান্ত র পৌছিবার কথা। সে সাহটা বাজিয়া গেল, তথাপি তাহার দেখা নাই। ইদা অন্থির হইয়া উঠিল। মোঝোন্ভাকে বার বার সে জিজ্ঞাসা করিতে লাগিল, "কৈ, এখনও এলেন না বে। অন্থ-বিন্থথ হল না ত তাঁর? যে শরীর।"

মোরোন্ভারও বিশেষ ভাবনা হইয়াছিল, আজাস্ত^{*} না আসিলে তৈ কাগজের কথা তোলাই ধাইবে না!—নাঃ, আজাস্ত^{*}ই সব মাটি করিল!

প্রায় সাড়ে সাতটার সময় আর্জাস্ত আসিয়া উপস্থিত !

তাহাকে দেখিয়া ইদার প্রাণের মধ্যে কি এক অপূর্ব আনন্দ উপলিয়া উঠিল। মোরোন্ভা বলিল, "কি, এত দেরী হল যে ?"

"হঠাৎ একটা কাজে নেরী হয়ে গেল।"

ইদার বাড়ী দেপিয়া আর্জান্ত অবাক হইয়া গিয়াছিল— বেশ সাজানো ঘরগুলি ত। ঘরের আসবাব-পত্র দেথিয়া মোরোন্ভার মত মুথে অজস্র প্রশংসা না করিলেও আর্জান্ত মনে মনে ঈষং খুসী হইল এবং পূর্বের মত গন্তীরভাবে বদিয়া না থাকিয়া হই-একটা করিয়া কথাবার্তাও ক্রমে স্কুক্ করিয়া দিল।

কণাবার্ত্তার আর্জান্ত যে নিতান্ত অপটু, তাহা নহে, কিন্তু নিজের কথা ছাড়া আর-কিছু কহিতে তাহার বড় ভাল লাগে না। ইদার আবার এমনই স্বভাব যে কাহারও আত্মকথা বড় অধিক ক্ষণ সে ধৈর্য্য ধরিয়া শুনতে পারে না। শ্রোভার• এই বিষম অধৈর্য্যে আর্জান্ত দারও বিষম চটিয়া যায় ! আর্জাস্ত র কথার মাঝে ইদা অনেক .
বার আপনার অক্তাতে তাহাকে বাধা দিয়া ফেলিল ! আর্জাস্ত এক প্রকার বিরক্ত দৃষ্টিতে ইদার পানে চাহিল ৷ ইদা সমুচিতা হইয়া গেল, ভাবিল, আর্জাস্ত অমন করিয়া চাহিল কেন ? বিরক্ত হইয়াছে কি ?—কেন ? ইদার বুকের মাঝে এক ঝলক রক্ত উর্থালয়া উঠিল ৷ আর্জাস্ত র বিরক্তি যে আক্ল ইদার কাছে মৃত্যুরও অধিক ! ইদার ইচ্ছা হইতে লাগিল ডাক ছাডিয়া সে কাদিয়া উঠে ৷

ভোজনান্তে সুসজ্জিত বৈঠকখানায় গিয়া সকলে বসিণ।
নোরে।ন্তা ভাবিল, কাগজের কথাটা তুলিবার পক্ষে এইটাই ঠিক
সমর! সে বলিল, "দেখুন কাউণ্টেম্, আপনি যে সেই একখানা
কাগজ বার করার কথা বলেছিলেন, তা সে সম্বন্ধে আনি
ভেবে দেখেছি। খরচটা যত পড়কে, ভেবেছিলুম, ততথানি ঠিক
লাগবে না!"

অগ্রমনস্কভাবে ইদা উত্তর দিল, "হাা।"

"তা দেখুন, এ সম্বন্ধে আপনার সঙ্গে একটা প্রামর্শ করা খুব দরকার হরে পড়েছে !"

কথাটা ইদার কানে পৌছিল কি না সন্দেহ। সে আর্জাস্ত র কথা ভাবিতেছিল। কেন কবি অনন চিস্তিতভাবে পায়চারি করিতেছে।

ইদার এই ভাব লক্ষা করিয়া মোরোন্ভা তাহার পত্নীর পানে চাহিয়া একটু হাদিল। এ হাদির অর্থ, ইস, একেবারে বিভোর।

এদিকে ইনা ভাবিতেছিল, কি করিয়া সে আর্জাক্তর মন পাইবে। কেমন করিয়া ? সহসা একটা মতলব তাহার মাথায় আসিল! ইনা আর্জাক্তকৈ কহিল, "দয়া করে আপনার সেই কবিতাটা একবার শোনাবেন—আমার বড় ভাল লেগেছিল!"

আর্জান্ত র চিত্ত টলিয়া গেল। এমন কথায় কোন কবিরই

না টলিয়া থাকে ? সে বলিগ, "বলুন, কোন্ কবিতাট। আপনার শুনতে ইচ্ছা। অসংখ্য কবিতা লিখেছি কি.না—তাই আর কি.—"

"সেই বে, যে কবিতাটি জিম্নাজে পড়ে ছিলেন—প্রথম লাইনটা তার, কি. ঐ যে—

"প্রেম, বিভূসম প্রার যোগ্য ! সে নহে কুড, হীন !"

আজান্ত তাহার এই একনিষ্ঠ ভক্তটির প্রতি প্রদর না ইইরা থাকিতে পারিল না। সে ধলিল, "আমার কবিতার লাইন পর্যন্ত আপনি মনে রেথেছেন, দেখছি—ধন্মবাদ।"

আনন্দে ইদার মুথে ক্ষণেকের জন্ত কথা ফুটল না! মুহুর্ত্ত পরে আত্ম-ভাব সংযত করিয়া ইদা কহিল, "সে কবিতাটি আমার বড় ভাল লেগেছিল—ভাল কবিতার লক্ষণই হচ্ছে, যে তা পাঠক কি শ্রোতার মনে একেবারে যেন গেখে যায়।"

্ইদার এই অতিরিক্ত প্রশংসায় আজাস্তঁর সমস্ত মুথে একটা গৌরব-দীপ্তি ফুটীয়া উঠিল। সে একটা ছোট নিশাস ফেলিল, তাহার অর্থ—তবু সম্পাদকের দল তাহার লেখা ফিরাইয়া দেয়, কাগজে ছাপে না।

জিম্-নাজে ফিরিবার পথে মোরোন্ডা আর্জান্ত কৈ বলিল, "দেখ, যদি আমাদের একথানা কাগজ বেরোগ, তবে তোমাকে তার সম্পাদক হতে হবে।"

মোরোন্ভা ভাবিয়ছিল, আর্জান্ত কৈ সম্পাদক করিবার লোভ না দেথাইলে তাহার ততটা চাড় হইবে না, আর আর্জান্ত ছাড়া কাউণ্টেসের নিকট হইতে টাকা বাহির করিবার সাধাও কাহারও নাই!

মোরোন্ভার কথায় আজিষ্ট কোন উত্তর দিল না! কাগজের কথা সে একটুও ভাবে নাই। তাহার দ্বীবনে নিমেধের মধ্যে বে একটা প্রকাণ্ড পরিবর্তনের সন্থাবনা দেখা দিয়াছে, সে তাহারই বিষয় চিন্তা করিতেছিল। এ পর্যান্ত কোন নারী তাহার মনে এতটুকু রেখা টানিতে পাঁরে দাই। কিন্ত সহসা আজ এই নারী কি করিয়া তাহার মনের বাঁধন এমন সহজে শিথিল করিয়া দিল ?

সেই দিন ছইতে ইদার প্রতি বাহিরে কোনরূপ ভাবান্তর না দেখাইলেও তাহার হৃদয়ের নিভৃত পটে যে একখানি নারীমূর্ত্তি দিন দিন ধীরে ধীরে ফুটিয়া উঠিতেছিল, আর্জান্ত নিজেও তাহা বেশ বুঝিতে পারিল!

আজাস্ত জ্যাককে নানা কথার মধ্য দিয়া তাহার নায়ের কথা, বাড়ীর অনেক কথা নিতাই প্রায় জিল্পাসা করিত। আজাস্ত র আদরে জ্যাক গলিলা গিলা তাহাদের বাড়ীর ছোট-থাট সকল কথাই একে একে তাহাকে বলিয়া যাইত। এক দিন জ্যাক কথায় কথায় বলিল।
"আমার বন্ধু আমায় খুব ভাল বাদেন।"

আর্জান্ত জিঞাসা করিণ "বরু ?—তিনি কে ?"

জ্যাক আশ্চর্য হইল। "ব্যুকে আপনি চেনেন্ না?...ত। চিন্বেন কেমন করে ? তিনি ত এপানে কপনও আসেন নি!"

"তিনি কত বড়—কি নাম ?"

"কি নান, তা জানি না। আমি তাঁকে বন্ধু বলে ডাকি। তিনি ঢের বড় – আপনার চেয়েও বড়। আর তার অনেক টাকা!"

"তোমাৰ মা তাঁকে কি বলে ডাকেন ?"

"মা ?--- মাও কৈ তাঁর নাম ধরে ভাকে না--- মাসিয়ো--- মাসিয়ো করে!"

"তোমাকে ভাল বাসেন তিনি ?"

িখুব ভালবাদেন! যথন্ধ-তথন আমাদের দেখতে আদেন, মাঝে

মাঝে থাকেনও। আর যথন আগতে না পারেন, তথন কত ফল-টল পাঠিয়ে দেন! আমিও তাঁকে খুব ভালবাসি!"

"তোমার মাও তাঁকে ভালবাদেন?"

"वारम वहे कि !"

জাকি সরলভাবেই উত্তর দিল। কিন্তু এই কণায় ভরিয়া আর্জান্তর মনে কে যেন পানিকটা তীব্র বিষ ঢালিয়া দিল। সেই দিন হইতে বন্ধুর কথা আর্জান্তর মোটেই ভাল লাগিত না। তাহার বন্ধুর উপর আর্জান্তর কেন এনম ভাব হইল, জ্যাক তাহা কিছুতেই বুঝিয়া উঠিতে পারিল না। আর্জান্তকৈ জ্যাকও ক্রমে আর দেখিতে পারিত না। ইহার উপর জ্যাকের মা আ্বার আর্জান্তর সহিত এতথানি ঘনিষ্ঠতা করিতেছে দেখিয়া জ্যাক জ্বলিয়া যাইত। ক্রমে আর্জান্তর ক্রমণুল হইয়া দাড়াইল।

ছুটির সময় জ্যাক বাড়ী আসিলে ইণা জিজ্ঞাসা করিত, "তোর মাষ্টার-মশায় আজাস্ত তোকে ভালোটালো বাসেন রে ?"

জ্যাক মুখ ভার করিয়া বলিত, "ছাই !"

মাদে ছইটি বৃহস্পতিবার জ্যাক হাফ-ছুটি পাইত। সেই ছই দিন সে মায়ের কাছে থাকিত, ধাওয়া-দাওয়া করিত। একটা বৃহস্পতি বারে জ্যাক দেখিল, থাইবার ঘরটি বেশ সাজানো হইয়াছে—ছুলদানীগুলা বিচিত্র বর্ণের ফুলে ভরা! ঘরে তিন জনের থাইবার জ্যাসন। জ্যাক মহা আনন্দিত হইল। সে ভাবিল, রুঝি, বন্ধু আজ তাহাদের সঙ্গে ভোজন করিবেন।

এমন সময় মাকে বেংগয়া জ্যাক জিজাসা করিল, "মা, আর একটা কার জায়গা হয়েছে ?"

"বল দেখি—যদি বল্তে পার—তবে তোমায় একটা খুৰ্∵ভাল ধেল্না দেব। বল দেখি, কে আজ আয়াদের সঙ্গে খাবেড় ৽ু" জ্যাক ভাবিয়াছিল, সে ঠিকই বলিতে পারিবে ! তাই সে ঠোঁট ছুইট ঈষৎ ফুলাইয়া মায়ের মুখের পানে চাহিয়া বলিল, "বলি ? বরু আসবেন !"

জ্যাকের মা হাসিতে হাসিতে বলিল, "হল না—তোমাদের মাষ্টার মশার আজাস্ত^{*}্য

আৰ্জান্ত !

পলকে জ্যাকের মুথ এতটুকু হইয়া গেল। ইলা ভাবিল, পুরস্কার-লাভে হতাশ হইয়া জ্যাকের মুথ অনন হইয়া গেল। সে জ্যাককে বুকে টানিয়া লইয়া বলিল, "না—না—ধেল্না পাবে!"

তারপর তিন জনে থাইতে বিদিল। আজ জ্যাকের মনে এতটুকু স্বধ নাই। ইদা ও আজান্ত গল করিতে করিতে থাইতে লাগিল। তাহাদের কোন কথা জ্যাকের কানে গেল না। তাহার আর এক দণ্ডও সেথানে থাকিতে প্রবৃত্তি ছিল না। তাহার প্রাণ কেমন শিহরিয়া উঠিতেছিল। এ কোথা হইতে কে জাদিয়া তাহার সর্বাব বেন আজ লুটিয়া লুইবার উত্যোগ করিয়াছে।

আহার শেষ হইলে ইদা ও আজান্ত হই জনে বিদিয়া নানা গল্প আরম্ভ করিল। আজান্ত তাহার অতীত জীবনের যত স্থ-ছঃথের কাহিনী বলিয়া যাইতেছিল, আর ইদা তাময় হইয়া তাহা শুনিতেছিল। বেচারা জ্যাক দুরে একখানা ছবির বহি খুলিয়া ছবি দেখিতে দেখিতে ঈধং তক্রাত্র হইয়া পড়িল।

ইদা কহিল, "যাও জ্যাক,—এথানে ঘূমিও না—কন্তাঁকে ডাকো।" জ্যাক করুণ দৃষ্টিতে মায়ের মুখের পানে চাহিয়া রহিল, তাহার ইচ্ছা, আর একট সে মায়ের কাছে থাকে!

ইলা কহিল, "ছি; যাও। কথা শোন। না হলে মাষ্টার মশায় বক্বেন।" জ্যাক একটা দীর্ঘনিখাস কেলিয়া মাতৃ-আজ্ঞা পালন করিল।
ইদার সহিত আর্লান্তর ঘনিষ্ঠা যত গাঢ় হইতে লাগিল,
ততই জ্যাক আর্লান্তর চকুশূল চইনা দীড়াইল। ইদা আর্জান্তর
ক্তন্ত সব সহা করিতে পাবে, কিন্তু জ্যাক—তাহার আদরের জ্যাক—
আহা, তাহার লাহ্ণনা ইদার বুকে শেলের মতই আ্বান্ত করে।
জ্যাককে ছাড়িয়া বরং সে থাকিতে পাবে, কিন্তু জ্যাকের কট
চোগে দেখা—অসহা।

আর্গান্ত নিধ-দৃষ্টি হইতে জ্যাককে দূরে রাথিবার ইচ্ছায় ইদা একদিন স্পষ্টই আর্গান্তকৈ কহিল, "চল, আমরা অন্ত কোথাও **বাই**— আমার নগদ কিছু আছে, তা ছাড়া আমি পাট্তে পারব।"

আজী ন্ত ইটল না। শেবলিল, "এত শীল্ল! না, আরও
কিছু দিন অপেকা কর। আমার এক আগ্রীয়া আছেন, তাঁর যাবার
সময় হয়ে এগেছে—শাল্লই কিছু দীও মারাবাবে! বুঝলে কি না।"
ইহা বলিয়া আজাওঁ ভবিষাতের এক মিলন-'চত্র আঁকিতে বসিশা।
ইদাও মুগ্ধ হইল।

এইরূপে নাত কাটিয়া গেল।

একদিন জ্যাক মান মুখে জানালার পাশে বদিয়া বদস্তের নীল আকাশের পানে চাহিয়া ছিল। দেদিন বৃহস্পতিবার। জ্যাক আর বড়-একটা ক্লের বাহির হয় না! বদস্তের বাতাদে শীতের জড়তা কাটিয়া গিয়ছে। দলে দলে ধোক রাস্তায় বাহির হইয়াছে। জ্যাক ভাবিতেছিল, এই সময় অন্ত কোথাও যদি সে হাইতে পাইতঃ

এমন সময় হঠাং কে ডাকিল, "জাক !" জাক ফিরিয়া সেবে,
—তাহার মা ! তাহাকে সঙ্গে লইনা সমুদ্রের ধারে বেড়াইতে বাইবে
বলিয়া আসিয়াছে !

জাকের আহলাদ দেখে কে! সে তাড়াতাড়ি সব গোছগাছ

দ্রিবার জন্ম তাহার বরে যাইতেছে, এমন সময় হঠাৎ মালুর সঙ্গে দ্রথা হইল।

্ মাছকে দেখিয়া জ্যাক ইদাকৈ কহিল, "মা, মাছকে আমাদের ক্লেনিয়ে চল না!"

ইদা কহিল, "মাছকে কি এঁরা যেতে দেবেন ?" "হাা মা, তুমি বল্লেই দেবে!"

জ্যাকের নিতান্ত ইচ্ছা দেখিয়াইদা প্রস্তাব করিল। মাহও যাইবার অনুমতি পাইল। জ্যাক তথন অত্যন্ত আহলাদিত হইয়া উঠিল, বলিল, "মাহু, মাহু, শীগ্গির সব ঠিক করে নাও।"

গাড়ী করিয়া যাইতে যাইতে জ্যাক জিজ্ঞাসা করিল, "কেমন, মাহ, বেশ, না ?"

माइ ठाति निटक ठारिया ठारिया विनन, "त्वन !"

সমূত্র-ধারের একটা হোটেলে আহারাদি করিয়া ইদাবলিল, "চল, এখানকার চিড়িয়াথানা দেখে আসা যাক্!"

ভূমিয়া জ্যাক আনন্দে লাফাইয়া উঠিল, "বাঃ—বাঃ, বেশ! মাছ কথনও চিড়িয়াধানা দেখে নি—তারও দেখা হবে।"

এতক্ষণ মাতৃ জ্যাকের থাতিরে পড়িয়া বলিতেছিল, তাহার
আমোদ হইতেছে। কিন্তু চিড়িয়াথানা দেখিয়া বাস্তবিকই দে প্রীত
হইল। কত দেশের কত শত পশুপকী বন্দী হইয়া রহিয়াছে—কেন প
—ভর্মায়ুষের স্থেথর জন্ত। ডিড়িয়াথানার উচ্চ প্রাচীর দেখিয়া
জিম্নাজের উচ্চু দেওয়াল তাহার মনে পড়িল—তাহার বুক কাঁপিয়া
৬িটল মাতৃ ভাবিল,—তাহার অবস্থাও ত এই সকল জন্তুর মতই।
সেও মান্তুষের হাতে বন্দী—ইহারাও তাই। অসহায় পশুপক্ষীর
নীরব বেদনাটুকু মাতৃ অন্তরে-অন্তরে অমুভব করিল।

হঠাৎ মাত্ৰ দেখিল, এক প্ৰকাণ্ড হাতীর পিঠে চড়িয়া কয়টি

নরনারী মালুর দিকে আদিতেছে। সুংগ্রি অর্ণাভ কিরণ পড়িয়া তাহাদের ভারা স্থুন্র দেখাইতেছিল।

হাতী দেপিয়া দেশের কথা মাত্র মনে পড়িল। স্বদেশের স্থৃতির সঙ্গে অতীত সৌভাগ্যের কথা মাত্র মনে আফিল। অতীতের স্থৃতি মাত্র বর্তমান ত্রবস্তার কথা বেন আবিও জাগাইয়া তুলিল। মাতৃ কেমন হইয়া গেল। জ্যাক বলিল, "নাতৃ—মাতৃ, কি হয়েছে তোমার ?"

মাত্র কোন উত্তর দিতে পারিল না। তার পর যথন যে শুনিল, সেও ইচ্ছা করিলে হান্টীর পিঠে চড়িয়া চারিদিকে খুরিয়া আঁসিতে পারে, তথন তাহার মুখের বিষয় ভাব কতকটা কাটিয়া গেল।

জ্ঞাক বলিল, "ভূমি তথে হাতীতে চড়, আমি মার কাছে থাকি।" মাতা-পুলে এই জনেমাত্র হাতীর পিঠে চড়া দেখিতে লাগিল। কৈ আভাবিক শিক্তাগতিতে মাত্ হাতীর পিঠে উঠিয়া বদিল।

হাতীর পিঠে চড়িয়া মাত্র মেজাজ কিরিয়া গেল। তাছার মনে হইতে লাগিল, সে যেন আবার দেশে কিরিয়া গিয়াছে... তাহার নিজের রাজতে! পলকে চোথের সমূথে দাহমির রাজ-পোলাদ ছবির মত কৃটিয়া উঠিল—বণবাছও যেন কাণে আসিয়া পৌছিল। সে বৈ নোরোন্ভা-জিম্-নাজের একজন লাজিত ছ জ, একথা সে তথন ভূলিয়া গেল।

হাতীর পিঠে চড়িয়া মাহ অনেকক্ষণ বেড়াইল 🗈

ক্রমে বেলাপড়িয়া আসিল। হাতী হইতে নামিতে হটল । **আবার** বে মাছ—সেই মাছ !

বাড়ী ফিরিবার সময় হইল ! আনকের মনে আর দে । আনন্দ নাই ! ইদাও বিমর্থ-চিত্ত ! কি যেন সে বলিবে-বলিবে করিতেছে, কিন্তু মুখ মুটিয়া বলিতে পারিতেছে না ৮ এমনইভাবে কিছুম্পু কাটিল অবশেষে ইদা ডাকিল, "জ্যাক!"

জ্যাক মাকে জড়াইয়া ধরিয়া বলিল, "কি-মা ?"

ইদা জ্যাকের মুখের দিকে কিয়ংক্ষণ চাহিয়া রহিল। পরে বলিল, "তোমায় একটা কথা...বলব। শুনে তোমার ছঃধ হবে... কিন্তু..."

জ্যাক শশব্যত্তে বলিয়া উঠিল, "না মা,···তবে থাক্—বলো না!"

"না জ্যাক, আমায় বলতেই হবে। কথাটা হচ্ছে,—কিছু দিনের জন্ম আমায় একটু দূরে থেতে হবে—বিদেশে—"

"কোথা ?"

"ছি—কেঁদো না! আমি তোমাকে চিঠি লিথব—আব বেশী দিনও থাকব না ত।" বালয়া ইদা জ্যাককে সাম্বনা দিল।

জ্যাক শুধু পাষাণের মত আড়েষ্ট হইয়া বসিয়া রহিল; চোথের ছই কোণে ছই বিন্দু অঞ গড়াইয়া পড়িল। সমগ্র বিশ্ব যেন এক মুহুর্ত্তে অন্ধ্রকারে ঢাকিয়া গোল। চারিধার স্তব্ধ হইয়া আসিল।

ইদার কোলের কাছে বদিয়াও জ্যাকের মনে হইতে লাগিল, আজ দে এ জগতে মাতৃহীন, একা, নিতান্ত অসহায়!

वर्ष পরিচেছদ

বাজপুল

্ ইহার কিছুকাল পরে জিল-নাজে মোরোন্ভার নামে **আজান্ত**ি এক পত্র আসিল।

মোরোন্ভাকে 'বদ্ধ' সংখাধন করিয়া কবি লিখিয়াছে,—অকল্মাৎ
এক আয়ীয়ার মৃত্যু হওয়ায় তাহার অবজার পবিবর্তন ঘটিয়াছে,
কাঁজেই আর ক্লে অধ্যাপনার কার্য্য করা ভাহার পক্ষে স্থ্রিধা
হইবে না। একস্ত নিভাস্থই ছঃথের সহিত এ পবিত্র ব্রত পালন
করিতে সে অক্ষম হইতেছে ইন্ডাদি। পত্রের নীচে 'পুনশ্চের'
ক্লের ছিল। ভাহাতে করেক ছত্রে লেখা ছিল, মাদাম বারান্দিও
সহসা পারিতে চলিয়া আসিয়াছেন, পুত্র জ্যাককে পিতার মত
কেহপরায়ণ অধাক নোরোন্ভার ভবাববানে রাখিয়া তিনি নিশ্চিত্ত
থাকিবেন, এমন বিখাস নাদামের আছে। মোরোন্ভা যে জ্যাককে।
পিতার মতই শ্লেহ করিবেন, নাদাম এ আশাও রাথেন। জ্যাকের
অস্থ-বিস্থ হইলে সে সীক্রান্ত আজাত্ত কৈ দিলেই চ্লিবে, আজাত্ত
তথনই সে সংবাদ মাদাম বারান্দিকে প্রেরণ করিতে এতটুকু বিলম্ব
করিবে না।

পিতার মত মেহপরায়ণ! কি অসন্থ বিদ্নপ! আজি ক মোরোনভাকে জানে না? জ্যাকের মা এ দেশ ত্যাগ করিয়া চলিয়া গিয়াছে,—জ্যাকের তরফ হইতে একটা কপদ্ধকও পাইবার স্ক্রাবনা ধখন ফ্রাইয়াছে, তখন মোরোন্ভার নিকট জ্যাক কেমন ব্যবহার পাইবে, তাহা ত আজাত্ত বিলক্ষণ ব্যে! তব্ও সে এ কথা লিখিয়াছে! এ বিজ্প!

নিঃমিত সমরে প্রিমিত আহার, সে কি কটের! তাই সে স্থির করিল, যেমন করিয়া পারে, দাংমিতে ক্যারিকার কাছে সে ফিরিয়া যাইবে! চেটার অসাধা কি আছে । জ্যাক যদি রাজী হয় ত তাহাকে সঙ্গে লইয়া যাইতেও মাত্র প্রস্তত। পথে কোন ভয় নাই, গ্রি-গ্রির প্রসাদে সকল বিপদ কাটিয়া যাইবে।

জ্যাক কিন্তু রাজী হইল না! প্রথর স্থাকিরণে তপ্ত মাত্র সে বনের গৃহের চেয়ে ছ:থ-দারিদ্রা-বেরা জিম-নাজের এ বায়্ ও জালোক-হীন ঘরও চের ভাল।

মাত্ কহিল, "বেশ, তুনি তবে এখানেই থাক। আমানি একলাই যবে।"

জ্যাক" কহিল, "কথন যাবে, তুমি ?" নাহ কহিল, "কাল ভোৱে।"

পরদিন বেলা অধিক হটলে জিম-নাজে একটা রব উঠিল। তারে মাত বাজারে গিয়াছে, বেলা এগারোটা বাজে, এখনও তাত্তার দেখা নাই! এখনও কেহ খাটতে পায় নাই! মাদাম মোরোন্ভা কহিল, "নিশ্চয় পথে তার কোন বিপদ ঘটেছে।" মোরোন্ভা কিছু বলিল না। দার্ঘ যি হতে অধীর আগ্রহে মধ্যে মধ্যে জিম-নাজের দ্বারে আসিয়া মোরোন্ভা দেখিতেছিল, কখন সে কাঞ্টা কিরিয়া আসে!

কিছ কাফ্রী ফিরিল না। নাদাদ মোরোন্ভা অবশেষে নিকটের একটা লোকান হইতে আহার্গা আনিয়া ক্ষ্পাত্র জিম-নাজকে আসর মৃত্যুর হাত হইতে রক্ষা করিল। আহারাদির পর মোরোন্ভা করিল, শীতার কাছে টাকাকড়ি কত ছিল ?"

"পনেরো ক্রান্ত।"

"পনেরো ফ্রান্ধ। তা হলে নিশ্চর সে পালিয়েছে।"

ডাক্তার হার্জু কহিল, "পনেরো ফ্রাক্ষে ত আরে দাহমি বাওয়া যায় না !"

মোরোন্ভা সে কথায় কোন উত্তর ^{*}না দিয়া মাথায় টুপি উঠাইয়া থানায় চলিল !

বেমন করিয়া হউক, এই মাত্রকে ফিরাইয়া আনিতেই হইবে।
মার্শেল অবধি বেন সে নাযায়। বনফিলদের কাণে বেন এ কথা না
উঠে! ত্রিয়ার চারি দিকে কেবলই ঈর্ষা, কেবলই গভার ষড়যন্ত্র!
রাজপুল জিম-নাজের নিজা করিলে নিদ্দমা সংবাদ-পত্রের সম্পাদকগুলা এখনই কুকুরের মত চাংকার করিয়া উঠিবে। জিম-নাজের
প্রতিপত্তি, নিমেবে অমনি টুটিয়া ষাইবে! কাজেই সকলের মুখে
চাপা দেওয়া দরকার! ভিতরকার রহস্ত এতটুকুও না প্রকাশ
হইয়া পড়ে!

্ পুলিশের নিকট নোরোন্ভা যে বিবরণ লিখাইল, তাহার সংক্ষিপ্ত
মর্ম্ম এই,—মাত জনেক টাকা-কড়ি লইয়া জিম-নাজ হইতে পলাইয়াছে,
কিছ সেলল নোবোন্ভা কাত্য নহে। হতভাগা, বিদেশা রাজপুল,
—আহা, বল্পে বাল শোত,—পথে কত বিপদে পড়িতে পারে যে,
ভাই—

কথাটা বলিয়া মোবোন্ভা রুমালে চোথ মুছিল। ইনম্পেক্টর আশ্বাস দিল, "ভাবনা কি, মাসিয়ো, নিশ্চয় আমরা ভাকে পুঁজে বার করব।"

মোবোন্ভা দীর্ঘনিধাস কেলিয়া ইনস্পেক্টরের হাত চাপিয়া ধরিল, কহিল, "তাকে থুঁলে দাও, বেচারা রাজপুত্রকে, চিরদিন তোমার কাছে আমি ক্রত্ত থাকব।"

চারিধারে সন্ধান চলিতে লাগিল। পারি সহবের সমুদন্ত ফটকে প্রহ্নীর দল সত্তক রহিল। কটমের কন্মচারীর কাছে কার্দ্রী বালকের আফতির পুঞায়পুঞা বিব্রণ লিখিয়া পাঠানো হইল। জিম-নাজের বালকের দলকে লইয়া মোরোন্ভা-হার্জ সকালে স্কায়ি নানা পথে গুরিয়া বেড়াইল। কিন্তু কোনই ফল হইল না।

বাত্রে ঘরে ফিরিয়া জাঁাক •ভাবিতে লাগিল, মাহ এতক্ষণ কত—
কত দ্ব গিয়াছে! তাহার মাধার উপর এই যে অসীম অনস্ত আকাশ,
মাহর মাধার উপরও সেই একই আকাশ! আকাশ তাহাদের হইজনকেই দেখিতেছে, অথচ মাহ ও জ্ঞাকের মধ্যে কি অলজ্যা ব্যবধান!
কেহ কাহাকে দেখিতে পাইতেছে না। বাত্রে মাহর শৃত্ত বিছানা দেখিয়া
জ্যাক ভাবিল, মাহ পলাইয়াছে—এখনও চলিয়াছে—কে জানে, কোন্
পথে! সে পলাইতেছে! পলাও, পলাও, মাহ— প্রাণপণে ছুটয়া
পলাও!

তার পর জ্ঞাক নিজের কথাও ভাবিতে লাগিল। মা—কোথায় মা? জ্ঞার কি কথনও জীবনে নার দেখা মিলিবে না? দারুণ হঃবে তাহার বুক ভরিয়া উঠেল। চোথে অঞ্চর সাগর বহিল।

এমন সময় ককড় শব্দে বাহিবে মেঘ ডাকিয়া উঠিল। ঝন ঝম করিয়া মুবলধারে বৃষ্টি নানিল। শিলা ও ঘন তুবারপাতেরও বিরাম নাই! জ্যাক ভাবিল, আহা, এই জলে পথে মাহর কতই কট হঠতেছে। পরে মাহর কথা ভাবিতে ভাবিতে জ্যাক কথন বে ঘুনাইয়া পড়িল, তাহা দে জানিতেও পারিল না। ঘুনাইয়া স্বপ্নে সেনেখিল, কি সতর্ক সন্তর্পিত গতিতে নাতু পলাইতেছে — ঐ মাহ, ঐ যে যার! সহসা এক বিকট উল্লাস-চাৎকারে চমকিয়া জ্যাক জাগিয়া উঠিল। জ্ঞাগিয়া সে শুনিল, বাহিবে একটা নিপুল কলরব উঠিয়াছে! জ্যাক বিছানা ছাড়িয়া বাহিবে আদিল। একজন কহিল, "মাহকে পাওয়া গেছে, জ্যাক।" জ্যাকের বুকটা ধ্বক্ করিয়া উঠিল। ধ্বা

জিম-নাজের ছাতের দল সারি দিয়া দাড়াইয়াছিল, অধ্যাপকের

দল বসিরা, আর মোরোন্ভার সমুথে কঠিগড়ার আসামীর মউই দাঁড়াইরা, বেচারা মাত্ ! তাহার চোগড়ইটা কোটরে চুকিরা সিরাছে, মুথ শুষ্ক, পোষাক কাদা-মাধা, স্থানে স্থানে ছি'ড়িরাও সিরাছে! এই মাত্! করদিনে তাহার এ কি পরিবর্তন ১ইরাছে!

মাত্ত জ্ঞাকের পানে চাহিল। উভরের চোগে নীবৰ বেদনার কি ভাষা যে ফুটিয়া উঠিল, তাহা তাহারাই বৃঞ্জিল। সে ভাষা ব্যিবার অসপর লোক কিম নামে ছিল না।

পুলিদের লোক চণিয়া গেলে মাত্র শান্তি সারস্ত হইল ! তীত্র ভিরম্ভারের সহিত পৃষ্ঠের উপর মোরোন্ভার কশার তীত্রতর আঘাত পড়িল, —এক, ত্ই, তিন, চার ! মাত্র মুদ্ধিত হইয়া ভূমে লুটাইয়া পঙিল ! ভ্যাক কাপিতে কাপিতে দেওয়ালে ভর দিয়া কোন-মতে আপনাকে সামলালয়া রাখিল !

প্রদিন জ্ঞাক মাত্কে কার একটি বারও দেখিতে গাইল না। রাত্রে তাহারই পার্থে বিছানায় নাত্ শুইয়াছিল—নিকটে মোরোন্ছা, মাদাম মোরোন্ভা ও ডাক্রার হার্জ্।

মোরোন্ভা কহিল, "অর্থটা কি বড় বেশী, ডাক্তার গু" মাদাম কহিল, "ভয় আছে, কিছু গু"

হার্জ কহিল, "ভয় আবাব কি! এ কাফ্রী-ব্যাটাদের প্রাণ শোহার মত শক্ত!"

তাগারা চলিয়া গেলে, জ্ঞাক আসিয়া মাত্র পার্থে ব্রিল, ডাকিল, "মাত্--"

"(क ? ज्ञान-"

জ্ঞাক কহিল, "হাঁ, ভোষার গা বে পুড়ে বাছে, মাছ ৷ অবস্থ করেছে কি ?"

"মাছ জার বাঁচৰে না, জ্যাক--তার গ্রি-গ্রি কোণার হারিরে

গেছে।" জ্বাক ত্বির হইয়া তাহার পানে চাহিয়া ওধু বিদয়। বহিল।

মাহ ডাকিল, "জ্যাক"!"

"কেন, মাছ ?"

"দাহমিতে আর আমার যাওয়া হল না।"

এক ফোঁটা গ্রম জল মাত্র কপালের উপর পড়িল।

মাত্ কহিল, "জল পড়ল, কোপা থেকে ? তুমি কাঁদছ, জ্যাক ?"

"না ভাই, ঘুমোও, মাছ। আনি তোমার মাণায় হাত বুলিয়ে দি! কেমন ?" জ্যাকের অব গাঢ় হইয়া আসিল। চোথও সজ্ল হইল।

"না, না,—তুমি যাও জ্যাক ! মোরোন্ডা যদি দেখে ত, তোমাকেও আন্ত রাখবে না! এদের তুমি চেনো না—এরা মান্ত্য নয়, রাক্ষ্য!"

সকালে মাত্র অবস্থা আরও থারাপ ইইল। চেতনা কেমন থাকিয়া থাকিয়া লোপ পাইতেছে—ভুল বকুনিও স্কুক ইইয়ছে! ডাক্তার হার্জু নিজের মৌলিকতা জাহির করিবার জন্ত মাত্র চিকিৎসার নৃতন ব্যবস্থা নির্দেশ করিল। বাগানে গাছের তলায় মাত্র জন্ত থড়ের বিছানা পড়িল। তারপর হার্জের নানাবিধ উত্ত ঔবধ-প্রক্রিয়া চলিতে লাগিল। কিন্তু তাহাতেও কোন ফল পাওয়া গেল না। শেষ রাত্রে মাত্র সকল তঃথের অবসান হইল। মাত্র মরিয়া ইহাদের হাত হইতে পরিত্রাল পাইয়া বাঁচিল।

মোরোন্তা আদেশ দিল, খুব ঘটা করিয়া কবরের ব্যবস্থা করিতে হইবে।

এমন ঘটা সে দরিজ পল্লীতে কেছ কণনও চক্ষে দেখে নাই!
- আংকল সাদা ফুলে কফিনু চাকিয়া দেওরা হইল। অধ্যাপক ও

ছাত্রের দল শবের পশ্চাতে নত মস্তকে মিছিল করিয়া পথে বাহির হুইল। এ শব রাজপুত্রের! তাই শোক-যাত্রার আয়োজনও সাধ্যা-তিরিক্ত হুইল! নিছিলের চটকে বিজ্ঞাপনটাও জাহির করা যাইবে যো! সারা নগব প্রদক্ষিণ করিয়া এক নিভৃত বন-প্রান্তে মাত্র দেহ স্মাতিত করিয়া স্ক্ষার স্থায় সকলে জিম-নাজে ফিরিল।

ফিরিধার সময় পথে জ্যাক ইচ্ছা করিয়াই পিছাইয়া পড়িতেছিল। জ্রুমে সন্ধ্যার অন্ধনার যথন নিবিড় হইয়া আসিল, তথন একটা গলির মোড় বাকিবার সময় সকলের অল্লো সে সেই অন্ধকারে কোথায় মিশাইয়া গেল।

তীর ছাড়িয়া অনাদৃত অসহায় বালক জগতের বিপুল কর্মশ্রোতে ঝাঁপ দিল। সে স্রোতের বেগে ভাসিয়া যে সে কোথায় যাইবে,
কে কথা মুহর্তের জন্মও সে ভাবিয়া দেখিল না।

সপ্তম পরিচ্ছেদ

মাত সালিখো

দৌজিলে পাছে কেচ কিছু সন্দেহ করে, এট ভয়ে জ্ঞাক দৌজিল না, ধারে ধারে চলিল।

গতি ধীর হইলেও, কিছুমাত্র নিম্নের আশক্ষা দেখিলেই যাহাতে ছুটিয়া পলাইতে পাবে, সে বিষয়ে কিন্তু সে দতর্ক রহিল। থানিকটা পথ এইরপে চলিয়া তাহার মনে হইল, এইবার একবার সেছুট দেয়। ধীরে চলিবার পক্ষে যে বৈর্ঘ্যের প্রয়োজন, তাহা আরব শানিতেছিল না। উরেগে অধীরতা ক্রমেই অসহভাবে বাজিয়া

উঠিতেছিল। তবু সে ছুটল না, ধীরেই চলিল। গৃহের পানে সে চলিয়াছিল।

সেখানে গিয়া সে কি দেখিবে ? শৃত্য – শৃত্য সে ঘর ! মা নাই ! ভাহা হইলে সে কি করিবে ? মার সংবাদ তবে কোথায় পাওয়া যায়। কি করিলে পাওয়া যায়।

নাই পাওয়া যাক, তবু জিম-নাজে দে আর কিবিবে না! ফিরিবার উপায়ও দে রাখিয়া আদে নাই! দেখানে কিরিবার কথা, মুহুর্ত্তের জন্মও তাই জ্যাকের মনে উদয় হইল না। বদিও বা হইত, মাত্র পুঠে কশার দেই তীব্র আঘাত, মাত্র দেই স্কাতর ক্রন্দন, প্রচণ্ড শান্তি—দে কথা মনে পড়িতেই তাহার দেহ রোমাঞ্চিত হইয়া উঠিল!

ঐ বে বাড়ী—আলো জনিতেছে! মা তবে আছে। থোলা জানালার নব্য দিয়া বিছুরিত আলোক-রশ্মি বাহিরে পথে পড়িয়াতিল। তাহা দেখিয়া জ্যাকের চিত্ত আনন্দে উৎকৃল্ল হইয়া উঠিল। মা না থাকিলে গৃহের প্রতি কক্ষে এত আলো জনিবে কেন ? তবে মা আছে। নিশ্চয় আছে। কিন্তু যদি এগনই কেহ বলে, বাহির হইয়া যাও—? জ্যাক ক্রত বাটির মধ্যে প্রবেশ করিল।

এ কি ! , বাড়ীতে এত ভিড় কেন ? চেয়ার টেবিল, সোফা, কৌচ, ছবি, আন্লা প্রভৃতি হল্-থবে বিজিপ্ত স্তুপাকারে রাপা হইয়াছে। ব্যাপার কি ? নানা লোকে নাড়া-চাড়া করিয়া জিনিষপ্র লইয়া—ও কি করিতেছে! ভিড় ঠেলিয়া জ্ঞাক একেবারে ভিতরের ঘরে প্রবেশ করিল! মার শ্ব্যা, পাট, এ-সব এমন অবস্থায় কেন ? তাহার নিজের বিছানাটাও মাথায় বহিয়া কে ও বাহির হইয়া যায় ?

জ্যাক তাহার হাত ধরিল, সবেগে কহিল, "আমার বিছানা কোণায়

নিরে যাচছ় ? এ আমার বিছানা।" জ্যাক বিছানা ধরিক্স ডানেল।

লোকটা সবিশ্বয়ে জ্যাকের মূথের •পানে চাহিল। এমন সময় কন্তাঁ আসিয়া কহিল, "এ কি, জ্যাক যে। তুমি কোথা থেকে ? সুল পেকে বৃথি ? কার সঙ্গে এলে ?"

"মা কৈ, কন্তাঁ ?" নম থবে জ্যাক জিজাসা কবিল, "মা—?" জাহাব কণ্ঠথবে একটা আশদা অভিত ছিল। উত্তবে না জানি, সে কি শুনবে ?

"শাত এখানে নেই, জ্ঞাক ! তা বুঝি তুমি জান না?" "কোণায় মা? এবা সব এ কি কছে ? কারা এবা?"

"দিনের বেশায় এ-সব নিলেম ৠরে গেছে—তথন যারা জিনিব-পত্তর নিয়ে যেতে পারেনি, এখন আব ফি তারা এসে সব নিয়ে যাছে। এস, তুনি ভিতরে এস, রালাধরে এস। সেধানেই কথা হবে।"

রাধাণবের পথে প্রাতন ভ্ডোর দল জ্যাককে গিরিয়া ফেশিল।
পাছে ইহারা তাহাকে ধার্যা জিম-নাজে রাধিয়া আসে, এই ভয়ে
ক্যাক কাহাকেও খুনিয়া বলিল না যে, সেখান হইতে সে পলাইয়া
ক্যাসিয়াছে। সে বলিল, ছুটি পাইয়া একবার মাকে দেখিবার জ্ঞাই
তথু সে বাড়ী আসিয়াছে

কন্ত্ৰী কহিল, "মা ত এবানে নেই—কোণায় গেছে, তা—"
কথাটা বাবিয়া গেল। কন্তা আবাৰ বলিল, "আহা, এনন ছেলে
ফেলে চলে গেল। এর কাছে লুকোতে আনার প্রাণ ফেটে বাছে। না, না, জ্যাক, আনে জানি, মা কোণায় গেছে,—বলছি। পারি ছাড়িয়ে এতিয়োল্ বলে যে গা আছে—মা সেধানে।"

· "সে কি অনেক দূরে, কন্তা।?"

"হাা, এখান থেকে প্রায় বারো কোশ।"

. . .

এতিরোল্ – এতিরোল্! জ্ঞাক মনে মনে বারবার ঐ নামটা উচ্চারণ করিল। এতিয়োল্! নামটা সে মুখস্থ করিয়া ফেলিল।

কন্তাঁ কহিল, "ছোট-খাটো কতকগুলো বাগান আছে—তারই কাছে ছোট একখানি বাড়ী। স্থলর বাড়ীটি,—বাড়ীর নাম হচ্ছে, আরাম-কুঞ্জ। মা দেখানে আছে।"

একান্ত আগ্রহে জ্যাক কথাগুলি শুনিল! এথান হইতে যে পথ ব্যাসি গিয়াছে—সেই পথ ধরিয়া চলিয়া ব্যাসি, শারাস্ত', বিলেম্যুভ্-স্যা-জ্রজ্জ পার হইলে একটা বড় পার্ক দেখা যাইবে। তাহারই বায়ে লায়নের পথ—সেপথে না গিয়া ডাহিনে যে পথ করবেই গিয়াছে, সেই পথ ধরিয়া সিন্ নদীর ধার দিয়া বরাবর গেলে। সেনাটের জ্বলা, সেই জ্বল পার হইলেই এতিয়োল।

দূরত্বের কথা শুনিয়া জ্যাক ভয় পাইল না। সারা পথ সে ইটিয়াই যাইবে। আজ রাত্রেই সে চলিতে আরম্ভ করিবে! এখনই। আজ সারা রাত্রি, তার পর কাল সারা দিন চলিলেও কি এতিয়োল্ পৌছানো যাইবে না? পথে ৩ কত লোক চলিতেছে—অনাথ, আতুর, ভিধারী যাহারা—তাহাদের ত গাড়ী চড়িবার পয়সা নিলে না, ইটিয়াই তাহারা দেশ-দেশাস্তরে ঘ্রিয়া বেড়ায়, তবে জ্যাকই বা কেন ইটিয়া এতিয়ালে পৌছিতে পারিবে না? যেমন করিয়া হউক, এতিয়োলে সে যাইবেই, মাকে সে দেখিবেই! কিসের ভয়!

জ্যাক বলিল, "তবে আমি স্থলে চললুম, কন্তাঁ।" আর-একটা কথা জানিবার জন্ত প্রাণ তাহার আকুল হইয়া উঠিতেছিল। মনে হইতেছিল, একবার সে জিজ্ঞানা করে, সেই আজিস্তাঁটাও কি এতিয়োলে আছে? সেই শক্টাই কি মাতা-পুত্রের মধ্যে এই ব্যবধান ঘটাইল? কিন্তু কথাটা জ্যাকের মুখে বাধিয়া গেল—বাহির ইইল না। °ভবে, এস জ্ঞাক,—রাত হলে যাছে: সঙ্গে কেউ যাক, না হয়।"

"না, না, কোন দরকার নেই, কনন্তাঁ।"

বাগকের মনে একটা ভূজ্র অভিমান জাগিলা উঠিলছিল!
একটা দাকণ দাহ! মা—বে মার জন্ত জ্যাকের মনে এতটুকু
শাস্তি নাই, যে মাকে দেখিবার জন্ত জ্যাকের প্রাণ ফাটিয়া
গাইতেছে, যে মার সংবাদ একদণ্ড না পাইলে জ্যাকের বাঁচিয়া
থাকিতে ইচ্ছা হয় না—সেই মা, তাহাকে ভূলিয়া, তাহার কোন
সংবাদ না গইয়াত দিবা নিশ্চিক আবামে রহিয়ছে! জ্যাক ভাবিল,
মার কাছে গিয়া মার কোলে শাগা রাগিয়া যদি সে এখন মরিতে
পারে ত, তবেই মার এই অবহেলা অনাদরের চুড়াস্ত শোধ লওয়া যায়!
তাহারও অশাস্ত প্রাণশানা চিরদিনের জন্ত জুড়াইয়া বাঁচে! আঃ;
কি সে গভীর ভৃপ্তি!

কন্ত^ৰ। ও ভূতাবৰ্গের নিকট বিদায় লইয়া জ্যাক পণে বাহির হ**ইল**।

চারিধার তথন কুয়াশার ভরিয়া গিয়াছে। দেই ঘন কুয়াশার মধ্যে পথের আলোগুলা উষার আকাশে দীপ্তিহীন পাওু নক্তের মতই মিট্মিট্ করিয়া জলিতেছিল। এক অজানা ভয়ে জ্যাকের বুক মাঝে মাঝে কাপিয়া উঠিতেছিল। কত—কত দূর—ভাহাকে ঘাইতে হইবে। কত পথ চলিতে হইবে। উপায় নাই! চলিতেই হইবে! না হইলে নেই ছলিত্ত মেরেন্ভার হাতে পড়িলে আর বক্ষা পাকিবে না। প্রতি মুহুর্ত্তেই তাহার আশেলা হইতেছিল, এখনই বৃথি ধরা পড়ে। পথে কোন কনষ্টেবলের লঠন দেখিলেই জ্যাকের বুকটা ধরক করিয়া উঠে, বৃথি, সন্ধান পাইয়া ভাহাকেই সে ধরিতে আসিতেছে। দূরে কাহারও কঠম্বর শুনিলে

জ্যাক কাঁপিয়া উঠে—মনে হয়, কে যেন তাহারই সন্ধান বলিয়া দিতেছে। জ্যাক উর্দ্ধে আকাশের পানে চাহিল, মনে হইল, সারা আকাশ নিস্তব্ধভাবে যেন তাহাঁরই গতি লক্ষ্য করিতেছে। দেখি, কোথায় যায়! যেমনই সে বিশ্রাম করিতে বসিবে, অমনই সকলে মিলিয়া তাহাকে ধরিয়া জিম নাজে চালান করিয়া দিবে! নিস্তব্ধ বাড়ীগুলা, নিস্তব্ধ আকাশ, নিস্তব্ধ প্রকৃতি,—সকলে মিলিয়া যেন ক্রের্ছা বিক্লমে এক গভীর ষড়যন্ত্র করিতেছে। ঐ না কে বলে, ধর, ধর, জ্যাককে ধর—ঐ সে গলায়।

সারারাত্রি ধরিয়া জ্যাক পথ চলিল। যথন ভোর হইল, তথন দেহ তাহার অবদন হইনা পড়িয়াছে! তবুও বিরাম নাই, চলিয়াছে, দে চলিয়াছেই! এ দীর্ঘ পথে একটা যদ্ভের মতই শুধু দে চলিয়াছে! উদাদ দৃষ্টি, শুক মুথ—-যেন প্রাণহীন, মনহীন একটা পুতুলকে দম দিয়া কে পথে ছাড়িয়া দিয়াছে!

পথে আরও কত লোক চলিয়াছে। কর্ম-চক্রের ঘর্ষর-রণে চারিদিক মুখরিত। সে শব্দে সকলেই নিজের মনে দিশাহারা ছুটিয়া চলিয়াছে—ইহাদের সকলের দৃষ্টি যে জ্ঞাক এড়াইয়া চলিবে, তাহা আর বিচিত্র কি! জ্ঞাকের শুক্ষ মুথের দিকে ফিরিয়া চাহিবার অবসরও কাহারও ছিল না!

ক্রনে রৌদ্র পড়িয়া আদিল। এথন নদীর ধার দিয়া পথ—
জ্যাক সেই পথে চলিল। অপরাষ্ট্রের বায়ু তথন ফ্র্যের শেষ
রশ্মিকণাগুলিকে উড়াইয়া ছড়াইয়া ছুটয়া ফিরিতেছিল। দিনের
গান শ্রাস্ত হইয়া থামিয়া আদিতেছিল। কর্ম্ম-ক্রাস্ত ধরণীর তপ্ত নিম্মাস
নদীর জলে মিশিয়া ঘাইতেছিল। প্রকৃতি যেন মৃচ্ছাতুর হইয়া পড়িতেছিল।
আলোকের রেথার উপর ধারে বীরে কে একথানি ফ্রন্ম কালে
পর্জা টানিয়া দিতেছিল। ক্রমে চারিদিকে আধার নামিল।

দীর্ঘ সারা রাজি, সারা দিন ধরিয়া জ্ঞাক পথ চলিয়াছে। এথন বেন পা তইখানা আর চলিতে চাহে না! অবশ হইয়া আসিয়াছে! জ্ঞাকের মনে হইল, আর না.—এইবার ভূমিতে দেহভার লুটাইয়া দি, জ্ঞানের মত এ পথ-চলার বিরাম হইয়া বাক! কিন্তু না, মা—মা —কোণার মা! মাকে যে দেখিতে হইবে!

বিশ্রাম করিতে বসিলে এখন চলিবে না—বিলম্ব ইইবে । বেমন করিয়া ইউক, মার কাছে পৌছিতেই ইইবে । বদি মৃত্যু আসিয়া দেখা দেয়
থ না, না, এখন নয় — ওগো জীবন, মার কোলে ত্রভাগা বালককে একটিবার ভধু টানিয়া কট্যা চল গো । তার পর ছাড়িয়া দিয়ো । হে বন্ধু, আর কিছুক্ষণ সঙ্গে থাক ।

তথন গভীর রাতি। গ্রামের পথে কচিং আলো দেখা যায়।
অক্ষকারে চারিধার ভরিয়া গিলাছে। গ্রামা পথে জন-মানবের
চিক্ত নাই, ভরু সে-ই চলিরাছে। একবার সে বসিল।
বসিয়া আকাশের পানে চাহিল—ভাহার জিভ্ ভকাইয়া আসিয়াছিল—পা গুইটা বিষম ভাব বোধ হইতেছিল। এ ভার টানিয়ালইয়া যাইবার শক্তিও বৃঝি ফ্রাইয়াছে। এনন সময় সহসা সেদেখিল, গুইটি আলোক-রশি ভাহারই দিকে অগ্রসর হইয়া

আলোক-বশ্মি জমে সমুধে আসিল। একথানা গাড়ী। জ্যাক চীৎকার করিয়া ডাকিল, "মশায়—"

তাহার জিভ জড়াইয়া গিয়াছিল। স্বর প্রথমটা বাহির হইল না। তথন প্রাণপণে শক্তি সঞ্চয় করিয়া জ্যাক আবার ডাকিল, "মুশায় গো, একবার গাড়ী থামান।"

গাড়ী ঈষং অগ্রদর হইয়াছিল; থামিল। ভিতর হইতে প্রশ্ন হইল,
"কে তুমি ?"

"আমায় গাড়ীতে নিন, আমি আর চলতে পাচিছ না। সারা রাত হেঁটেছি, আর পাচিছ না—"

"কোথায় যাবে, তুমি ?" *

"দেনার্টে।"

"বেশ, এদ, আমার সঙ্গে—আমি এতিয়োলে যাচ্ছি! পণেই দেনাট।"

গাড়ীতে উঠিয় আবোহীর প্রশ্নে জ্যাক শুধু এইটুকু বলিল, সে একটা স্কুলের বোর্ডিংএ থাকে। সেন্টে মার অত্ব হইয়াছে, শুনিয়া প্রভাষের প্রতীক্ষায় থাকিতে না পারিয়া হাঁটয়াই সে তথায় চলি-য়াছে! মা ছাড়া জগতে তাহার আর কেহ নাই!

লোকটি কহিল, "আমার যাবার পথেই সেনার্ট, তার পর একটা জন্মল। দেই জন্মল পার হয়েই এতিয়োল। আমি এতিয়োলে যাব। তোমায় সেনার্টে নামিয়ে দিয়ে যাব'থন, এস।"

জ্যাকের মনে অনুভাপ ইইল। কেন সে মিথ্যা বলিল ? সত্য করিয়া কেন সে বলিল না, যে সেও এতিরোলে যাইবে! সেনাটে তাহাকে নামাইরা দিলে আবার বাকী প্রতৃকু ইাটিয়া যাওয়া কি তাহার পক্ষে সম্ভব ইইবে? সে শক্তি যে তাহার নাই! হায়, হায়, কেন এ হুলাছি ইইল ? সে ভাবিল, এপন গুধরাইয়া লইয়া সত্য কথাটা বলিবে কি ? কিছু না! তাহা ইইলে ইহার মনে সন্দেহ ইইবে— কি জানি, তথন রাগ করিয়া আবার যদি নামাইয়া দিয়া যান! সত্য বলিবার সাহস—না. জ্যাকের আজে তাহা মোটেই নাই! কি হভাগা সে!

গাড়ী চালতেছিল, জনাট অককার ভেদ করিয়া ছুটিয়া চলিয়া-ছিল। সহসা জ্যাক শুনিল, "এঃ তোমার সেনাট—নামো।" জ্যাকের মনে হইল, কে যেন তাহ।কে নিরাপদ আশ্রয়-নীড় হইতে টানিয়া সহসা এক অতল গহবরে নিকেপ করিল। কি ভঃশ্বর। এবার নানিতে হইবে ! হাঁ, নানিতেই হইবে ! অন্ধকাবে জ্যাক্কে নানাইয়া দিয়া গাড়ী চলিয়া গেল !

অবসর চিত্তে পথের প্রান্তে জ্যাক বিসিয়া পড়িল। গাড়ীর আলো কমে কীণ হতে কীণতর হচল শেষে মিলাইয়া গেল। শীতল বায়ু বহিতেছিল। স্থগতার ক্লান্তিতে জ্যাকের অন্তব করিবার শক্তিও লোপ পাইয়াছিল। তাহার মনে হইল, তাহার চারি পার্শে স্থবিতার্ণ ক্ষেত্রগুলা নিবিড় জঙ্গলে ভরিয়া রহিয়াছে। গাছের পাতা কাঁপাইয়া বায়ু বহিতেছিল—নৈশ প্রকৃতির বিরাট গানে প্রান্তর স্থরিত—ইহার মধ্যে বসিয়া জ্যাক কথন যে গুমাইয়া পড়িল, তাহা সেক্ষানিতে পারিল না।

সহসা ভীষণ শব্দে চনকিয়া সে জাগিয়া উঠিল। অর্জান্মীলিত
নৈত্রে চাহিয়া সে দেশে, একটা অদীর্ঘ আলোকপুজ্নারী রাক্ষদ
সশব্দে অনুবস্থ বনপথ দিয়া ছুটিয়া চলিয়াছে। তাহার দীপ্ত লোহিত
চোধ গুইটা আগুনের মতই জলিতেছে। প্রক্ষণেই বাদীর
শব্দ শুনিয়া সে বৃথিল, না, ওটা রাক্ষ্য নহে, অদুরে লৌহ-পথ
দিয়া একবানাটোণ যে ও স্বেগ্ড চলিয়া গেল।

এখন কয়টা বাজিয়াছে ? কোথান সে ? কতক্ষণ ঘুনাইয়াছে ?
কিছুই সে জানে না ! ভাবণ স্থপ্ন দেখিয়া সে জানিয়া উঠিয়াছে ।
স্থপ্ন দেখিয়াছে, মাত্ৰ কৰবের উপর নাথা বাখিনা যেন সৈ
ঘুমাইয়া পড়িয়াছিল । মাত্র ভাষার শ্রান্ত শিবে হাত বুলাইতেছিল ।
সেই হিম-শাতল স্পর্শে তাহাব নেহের সমস্ত রক্ত জনিয়া ঘাইবার
উপক্রম করিয়াছিল । মাত্র নিকে ফিরিয়া চাহিতেট চট্ করিয়া
ভাহার মনে পড়িল, এ কি,—মাত্র নিক্তর জ্বকার রাত্রে মাত্রর
কথা মনে পড়িয়া উঠিয়াছে । এই নিক্তর জ্বকার রাত্রে মাত্রর
কথা মনে পড়িয়া যাওয়ায় জ্বাকের ভর বাড়িয়া উঠিল । এখন নিজা

গেলে স্বপ্নে মাত্র আসিয়া বদি আবার দেখা দেয়! মাত্র সে মূর্ত্তি মনে করিতেও অঙ্গ তাহার শিহরিয়া উঠিল!

আবার সে চলিতে আরম্ভ করিল। আরও কত পথ চলিলে বনের শেষ মিলিবে। কি স্থদীর্ঘাতা এ,—অফুরাণ পথ।

এমন সময় অদ্বে একটা মোরগ ডাকিয়া উঠিল। আকাশের পিছনে উষা আসিয়া দাড়াইয়াছিল—তাহারই ভূষণের হেমছটো আকাশের কালো পদ্দা ভেদ করিয়া ঝিক্-ঝিক্ করিতেছিল। সমস্ত প্রকৃতি স্তরভাবে উষার আগমন প্রতাক্ষা করিতেছিল।

কোথার উবা ? এস তুমি, তোমার কিরণে জগতের এ নিবিড় অন্ধকার দূর করিয়া দাও! প্রান্ত অসহায় বালককে আশা ও উষ্ণতা দিয়া এ হিম হইতে পরিত্রাণ কর! তোমার কোলে ঝাঁপাইয়া পড়িবার জন্ম সে ছই বাহু বাড়াইয়া আকুল হইয়া রহিয়াছে!

সহসা সন্মুখে এতিরোলের পথে ছই হাতে আঁধারের পদ্দা ঠেলিয়া উষা আসিয়া জগতে দেখা দিল! প্রথমে স্থানীর্ঘ ক্ষা একটা পীত রশ্মি তুলির মত দেখা গেল। তাহার পর কে যেন সেই রঙ্গিন তুলিটা আকাশের গায়ে চতুর্দ্ধিকে বুলাইয়া দিল! কুয়াশার আবরণের মধ্য দিয়া তথন এক বিচিত্র বর্ণ ঝলনল করিয়া ধরণীর বুকে গড়াইয়া পড়িল।

প্রকৃতি তথন জাগিয়া উঠিতেছিল। তাহার বিগ্ন-কোমল নিশাস ধারে ধারে বহিয়া গেল। ক্রমে পাথীর গানে তার প্রকৃতি সাড়া দিয়া উঠিল!

সম্মুখেই জ্যাক চাহিয়া দেখে, পরিচ্ছন্ন একথানি কুদ্র গৃহ।
গৃহের একটি বাতায়ন মুক্ত হইতেছে—বাতায়নের মধ্য দিয়া আন-মনে-গাওয়া কাহার মৃহ সঙ্গীতের স্বর ভাসিয়া আসিল। পরিচিত কণ্ঠে পরিচিত গান, ও কে গায় ? জ্যাক চাহিয়া দেখিল।

বাতায়নের ধারে দাঁড়াইয়া, কে, ও? এ কি স্বপ্ন! না, না!

জ্যাক হুই হাতে চোপ মুছিল, আবার চাহিয়া দেখিল—না, এ ত স্থানার! স্থানায়। এ যে না। মা-ই ত।

জ্যাক ডাকিল, "মা।" তাহার কীণ স্বর বাতাদে মিলাইয়া গেল। বাতায়ন-পাঝে রমণী বিশ্বয়ে সহসা থমকিয়া দাঁড়াইল। তাহার কঠের মৃত্ দঙ্গাত গামিয়া গেল—পথের ধারে দে চাহিগ্ন দেখিল।

তথন সংব্যার সুর্য্যোদয় ইইতেছে। রম্বী দেখিল, সুর্যোর লোহিত
আলোক-রাগে-রাতে এক বালক বাভায়নের নিয়ে বোপানের পার্থে
দীড়াইয়া! বালকের মুথ শুকাইয়া গিয়াছে, চক্ষ্ কোটরে চ্কিয়াছে! রম্বার দেহ মুহুতের জ্ঞা কাঁপিয়া উঠিল—সমস্ত শিরার মধ্য
দিয়া একটা তড়িৎ-প্রবাহ ছুটিয়া গোল! সে ঠাৎকার করিয়া ডাকিল,
"আকাক!"

সোপানের নিমে জ্যাকের শ্রাস্ক শ্রীর চুলিয়া পড়িতেছিল, ইনা আসিয়া তাহাকে আপনার বুকে চাপিয়া ধরিল—মাতৃ-জনমের সমজ-সঞ্চিত স্নেহের তাপে হিম-মাত্র মুমুর্ পুত্রকে সে সঞ্জীবিত করিয়া তুলিল। একটা প্রগতীর আরামের নিখাস কেলিয়া মার বুকে মাথা রাধিয়া জ্যাক ধীরে ধাঁবে চকু মুদিল।

অন্টম পরিচেছদ

আরাম-কুঞ্জ

শনা, জ্যাক্ তোমার এখন কোন ভয় নেই। আর তোমাকে জিম-নাজে পাঠাব না—কখনও না। তারা তোমার গারে হাত তোলে—এত আম্পর্কা। বেশ করেছ, তুমি পালিরে এসেছ।

হি, এখনও কি কাঁদতে আছে ? ভয় কি ? আর কখনও

তোমার আমি কাছ-ছাড়া করছি না। এ বেশ দেশ—এথানে কোন গোলমাল নেই—না গাড়ীর বড়বড়ানি, না লোকজনের ভিড়। কিছু না। বাড়ীতে আমি কত কি প্ষেছি দেখো'খন—পায়রা, খবগোশ, মুবগী, ছাগল, গাধা। ভাল কথা, এখনও তারা খাবার পায় নি যে আজ। আমি সব ভূলে গেছি। তোমাকে দেখে আর কিছুই মনে নেই। তুমি স্কল্যা খেয়ে একটু বুমোবে, চল। সারা রাস্তা হেঁটে তোমার বড় কট হয়েছে। আহা, কাল যখন আমি নিশ্চিন্ত হয়ে বিছানায় ভয়ে আরামে ঘুমোছিল্ম, তখন বাছা আমার সেই অদ্ধকার রাত্রে কোথায় পথে পথে ঘুরে বেড়িয়েছ। কি ভয়ক্বর কথা, জ্যাক। ঐ শোন, গায়রাগুলো ডাকছে—আমি তাদের খাওয়াইগে—তুমি স্বক্র্যাটুকু খেয়ে এখন একটু ঘুমোও। কেমন ?"

हेमा हिना शाला।

জ্যাকের চোথে ঘুম আদিল না। একটু বিশ্রাম,—তার পর রান শেষ করিয়া পাচিকা আর্শার হাতের তৈয়ারী স্থকয়া পান করিতেই তাহার ক্লান্তি যেন অনেকথানি ঘুচিয়া গেল। মাকে পাইয়া, নৃতন দেশ দেখিয়া কিশোর ফলয় সহজেই প্রকৃল্ল হইল। গত রাত্রের সমস্ত ক্লেশ নিমেরে সে ভূলিয়া গেল। মুয় নেত্রে সে দেখিল, কি অপুর্ব্ধ শান্তি, অভাবনীয় বিরাম এখানে চারিধারে ভরিয়া রহিয়াছে!

তাহার ছোট ঘরটি সুর্যোর কিরণে ঝলমল করিতেছিল।
বাহিরে পল্লীর কি সরল, অনাড়ম্বর শোভা। বৃক্ষের শ্রেণী চলিয়াছে।
তাহার পত্র-ম্বন শাধার বিদিয়া পাধীর ঝাঁক কাকলী তুলিয়াছে,
ছাদে অসংখ্য পারাবতের কলরব—সকলের উপর মাতার মিষ্ট কণ্ঠস্বর,
—সমস্ত হইতেই কি বিপুল মাধুরী নির্বরের মত সহস্র ধারে ঝিরয়
পড়িতেছে। চারিধারে বেন কি এক মহা উৎসবের রাগিণী বাজিয়া

উঠিয়াছে ৷ জ্ঞাকের চিত্ত এক পরম নিশ্চিত্ত আরামে বিজ্ঞো হইয়া উঠিল।

কিম এ আনুকেও বিভু বটিল। সহসা সে দেখিল, মাতার শব্দ-কক্ষে দেওয়ালের গায় আর্জাস্কার এক স্থবহৎ তৈল-চিত্র ঝু**লিতেছে**। भूरथ (महे निक्रे पछ, (b)रिथ हिश्मात ज्ञास विश-भंज (bहारिज्ध 6িক্রকর এগুলা ঢাকিতে পারে নাই।

জ্যাক ভাবিতে লাগিল, কোপায় সে ও এই শ্য়তান,—সে কি এখানেই থাকে ? তবে দেখা মাই, কেন ? অবশেষে ছবিখানার সমূপে দাঁড়ানোও অসহা বোৰ হওয়ায় জ্যাক মাৰ কাছে গেল।

हेन। ज्ञान मूत्रीधिवादक आहात निर्विचन। अन्न-नात्रिनी <u>সেবা-পরায়ণা নারীর মুগ কি এক মহিমার আলোকে উজ্জল</u> হইয়া উঠিয়াছিল। জ্যাক সগলে নাব নুথের পানে চাহিয়া রহিল।

আশা আসিয়া কহিল, "এইটি ছেলে ? বেশ ছেলেটি ত। বাঃ।" "নয় কি. আৰ্ণাণ আমিত বলেই ছিলুম।"

"ছেলেটি ঠিক মার মত হয়েছে—বাপের মত কোনখানটাই নয়। (यमन मूथ-८०१४, श्रुक्ट्रिक कि (उमनहे नश्व, निर्हात।"

বাপের মত ! কথাটা শেলের মত জ্ঞাকের প্রাণে বিধিল। বাপ। কে বাপ।

"पुम हत्ना ना, तुबि, ब्लाक ? उदर এम, मर प्रथदर, अम।" विनिन्ना देना ज्याकरक नरेग्रा पत (मथारेट हिन्ता।

গ্রামের প্রান্তে ছোট বাড়ীথানি,—ছবির মতই স্থলর। চারিধারে ছোট था वन। अन्त এक हा भीर्गननी वश्ति हिनाह । जानाना দিয়া তাহারই ক্ষীণ স্রোত রূপালি স্তার মত দেখা যায়। নদীর প্রপাবে ঝোপের মধা দিয়া স্কুপণ জাগিয়া রহিয়াছে—সে বেন কোন অজানা শ্বপ্নরাজ্যের সীমানায় গিয়া মিশিয়াছে।

একটি সজ্জিত কক্ষে প্রবেশ করিয়া ইদা কহিল, "এই ঘরে উনি কাজ-কর্ম্ম করেন।"

উনি ! উনি কে—? যিনিই হোন, পরিচয় লইবার জন্ম জ্যাক কিন্তু এতটুকু ওংস্ক্রা জানাইল না। শুধু তাহার মন্দ্র্যল হইতে একটা ভপু নীর্য-খাদ ইদার অজাতে বায়-তর্মে নীর্বে নিলাইয়া গেল।

মৃত বাবে ইনা কহিল, "উনি বেড়াতে গেছেন। নানান দেশে বৈড়িয়ে বেড়াছেন। শীঘুই ফিরবেন। আমি তাঁকে তোমার আসার কথা আজই লিখব। শুনে তিনি ভারী খুদী হবেন। তাঁর মেজাজটা একটু রুক্ষ হলেও, এ-ধারে লোক তিনি বড় ভাল। তোমার তিনি খুবই ভাল বাসেন। তুমিও তাঁকে ভালবেসো, জ্যাক। বাসবে ত থ তোমারের ছ্জনের মধ্যে ভালবাসান। হলে, আমার মনে একতিলও ব্যস্তি থাকবে না।"

কথাটা বলিয়া দেওয়ালে লখিত আজাত বৈ তৈল-চিত্ৰথানার দিকে ইদা একবার চাহিয়া দেখিল; তার পর কহিল, "বল, জ্যাক, তুমি এঁকে ভালবাসবে—বল, তা শুনলে তবে আমি ঠাণ্ডা হব।" বিশ্রোই ইনা সহসা জ্যাককে আপনার বুকের মধ্যে চাপিয়া ধরিল।

ইদার কণ্ঠহরে মিনতির এক করণ হার বাজিয়া উঠিয়াছিল। জ্যাক সরিয়ামার মুখের দিকে চাহিল, ধীর স্বরে কহিল, "বাসব।"

তার পর উভয়েই সে ঘর হইতে নিজ্ঞান্ত হইল।

সেদিনকার প্রফুল উজ্জল আকাশ হইতে মেঘের এই কৃষ্ণবিল্টুকুকে কোনমতেই মুছিয়া কেলা গেল না।

সন্ধার সময় বুদ্ধ রিভাল বেড়াইতে আসিল। এতিয়োল গ্রামের প্রবীণ ডাক্তার, রিভাল। গ্রামের ইতর-ভদ্র সকল শ্রেণীর লোকই রিভালের সদাশয়তার তাহার গুণমুগ্ধ। রিভাল আসিয়া জ্যাকের সহিত আলাপ করিল; তাহার পিঠ চাপড়াইয়া সম্বেহে কত কথা জিজ্ঞানা করি**ণ। স্নেহের** ভিথারী বালক বুদ্ধের ব্যবহারে **চমৎকৃ**ত হইলা গেল।

ভাকার চলিয়া গেলে গৃহের দার রুদ্ধ ইইল। তার পর রাত্রে
যথন বিলার গানে চারিধার বঙ্গুত মুথরিত ইইয়া উঠিয়াছে, তথন
জ্যাককে বিছানার পুনাইতে পাঠাইয়াইনা আর্দ্ধার্থকৈ এক সুদীর্ঘ পত্র
লিখিতে বসিল। জ্যাক আদিয়াছে—দেস সংবাদ দিয়া, জ্যাকের প্রতি
আর্দ্ধার্থ একটু লেগু ও সংগ্রুতি সে কাত্রভাবে ভিক্ষা চাহিল।
বেঁচারা জ্যাক—তাহার জন্ত আৰু কিছু না—পুরু একটু কর্ণণা!
এইটুকু নেহ! সে নিতান্ত অভাগা! তাহাকে দেখিবার কেছু নাই!

ছই দিন পরে পত্রের উত্তর আদিল।

সে উত্তবে মাতার চুকালত।র প্রতি বক্র ইঙ্গিত ও তজ্জ্ঞা তিরয়ার এবং বালকের শিক্ষার ক্ষাভাবের কগাটা মোটেই বাদ পড়ে নাই। তব্ ইদার মনে হইল, ইহাতে রুঢ়তা নাই! আর্জান্ত লিখিরাছে, মোরোন্ভার ক্লে অনগক কতকগুলা অপবায় হইতেছিল। কারণ ক্লের দশাও আর তেমনটি নাই—তথাগি সেখান হইতে জ্যাকের পলাইয়া আসা কোনমতে সমর্থন করা যায় না—কান্তটি খুবই গহিত হইয়াছে। যাক্, যাহা হইয়া গিয়াছে, তাহার ত আর চারা নাই! তবে বালকের ভবিষাতের ভার আজার্থ লইতে প্রেত্ত আছে। এতিয়ালে ফিরিয়া—আর এক সপ্তাহ পরেই সে ফিরিবে—এ সম্বন্ধে আর্জান্ত কর্ত্তবাও নির্ণয় করিয়া কেলিবে।

এই সাতটি দিন জ্যাকের বেরপ হথে কাটিয় ছিল, ভবিষ্যতে তাহার সমস্ত জীবনে—এমন হথ অদৃষ্টে আর কথনও নিলে নাই। গৃহে মাতার সঙ্গ, বাহিরে বন, বাগান, নদী—ঘবে-বাহিরে বত ইছো, ধুরিয়া বেড়াও! সর্বাতই সমান অধিকার! বাহিরে মৃক্ত আনন্দে ছুটিয়া বেড়াও!, গৃহে মার প্রচুর শেহ! সহস্র আদর-আবদারে ডুবিয়া থাকা,

প্রাণ খুলিয়া হাসির তুফান টোলা! জ্যাকের জন্মই যেন পৃথিবীর যত কিছু আনন্দ-উল্লাস বিধাতা উদার হতে চারিধারে আজ ছড়াইয়া দিয়াছেন! শুধু তুলিয়া লইকেট্ইন্সঃ!

আর্জাস্ত^{*}র নিকট হইতে আর একথানি পত্র আসিল—কাল সে এতিয়োলে আসিয়া পৌছিবে।

জ্যাককে মেহ ও সহামুভূতির চক্ষে দেখিবে বলিয়া আর্জার্স্ত পত্রে স্বীকার করিলেও ইদার মন কিন্তু একদণ্ডও স্কৃষ্টির ছিল না। ষ্টেশনে যাইবার সময় ইদা জ্যাককে সঙ্গে লইয়া গেল না; পণে কাতর অহ্নয়ে একবার সে আর্জান্ত র মন ভিজাইবার চেষ্টা করিবে! সহসা জ্যাককে দেখিলে যদি আর্জান্ত জলিয়া উঠে—এই ভয়েই শুদু জ্যাককে গৃহে রাখিয়া আর্জান্ত জলিয়া উঠে—এই ভয়েই শুদু জ্যাককে গৃহে রাখিয়া আর্জান্ত অভ্যর্থনার জন্ম ইদা গাড়ী লইয়া একাই ষ্টেশনে গেল। জ্যাককে সে বলিয়া গেল, "তুমি বাগানে থেকো—ফদ্ করে যেন ওঁর সামনে এসো না। আমি ডাকলে তবে এস—কি জ্ঞানি—" কথাটা শেষ না করিয়াই ইদা চলিয়া গেল।

মার কথা শুনিয়া জ্যাক দমিয়া গেল। তাহার পর কথন বে গৃহ-দারে গাড়ী আদিয়া থামিয়াছে, তাহা সে জানিতেও পারে নাই। সহসা সে মার স্বর শুনিল,—না ডাকিতেছে, "জ্যাক, এদিকে এম!"

জ্যাকের বুক কাঁপিয়া উঠিল। এইবার ! কক্ষে প্রবেশ করিয়া কোনমতে আর্জান্ত কৈ অভিবাদন করিয়া জ্যাক স্থির হইয়া দাঁড়াইল ! আর্জান্ত তাহার বক্তৃতাটুকু সংক্ষেপেই সারিয়া লইল। বক্তৃতায় উপদেশের সহিত যে একট শ্লেষও মিশানো না ছিল, এমন নহে।

আর্জান্ত কহিল, "জ্যাক—তোমাকে মানুষের মত হতে হবে, কাজ করতে হবে। ব্যবেশ ? কাজ! কাজ ছাড়া মানুষের থাকা চলে না। জীবনটা ধুলোধেলা নয় ত! তবে বেশী কিছু করতে হবে না, তোমায়! ভধু আনি যা বলব, তাই করে যাবে, দেই হলে আমিও ভালবাসব, বুৰলে! আর সকলেই তাহলে বেশ নিঃঝঞ্চাটে থাকতে পাব। আমি এখন এইটুকু চাই—আমার নিজের যথেষ্ট কাজ আছে—অবসর খুবই কম—তনু তোমাকে মায়ুষ করে ভোলবার জন্ত তোমার দিকে একটু মন আমাকে দিতেই হবে। ত'ঘটা আমি ভোমার জন্ত থরচ করতে পারি, আর করতে হবেও, দেখছি—ভোমার শিক্ষার বাবস্থার জন্ত। যদি আমার মতে চলতে পার—ত্বেই একদিন আমার মত কাজের লোক হতে পারবে—সংসারের সঙ্গে যুদ্ধ করবার শক্তি হবে! নাহলে যেমন অপদার্থ আছে, চিরকাল তেমনই থেকে যাবে! কোন উন্নতি হবে না।"

"শুনছ, জ্যাক ? শোন !" প্ত্ৰ-মেহাতুরা মন্ত্রণাথিনী মাতা শোগ্রহে সানন্দে কহিল, "তোনার ছত্ত উনি নিজের কত ক্ষতি করছেন, রুঝছ ত, জ্যাক ?"

"হা, মা।"

"থাম, শালং" আজাস্ত কহিল, "আগে আনি জানতে চাই— আমার কথা পাকবে কি না! আনি বেণা-বনে কথা ছড়াই না। আবশ্র আমি বাধ্যও করছি না যে এ-রকমভাবেু চলতেই হবে।"

"বল, জ্যাক, পারবে ত ?

মাকে আজাস্ত শার্লং বণিয়া ডাকিল দেখিয়া জ্যাক কেমন উদভ্রান্ত হইয়া পড়িল। সে তাই চট্ করিয়া কথাটার কোন উত্তর দিতে পারিল না। সহসা চমক ভাঙ্গিলে সে বলিল, "পারব।" বলিয়াই কক্ষ ত্যাগ করিয়া দ্রুত সেনীচে নামিয়া গেল। তাহার বুকের মধ্যে কি একটা বেদনা ঠেলিয়া উঠিতেছিল, মাথার ভিতর যেন আভান জ্বলিতেছিল। নীচে আসিয়া একটা শৃত্য কক্ষে প্রবেশ করিয়া ছই হাতে মুখ ঢাকিয়া সে বিসরা পড়িল।

প্রদিন প্রভাতে নিজা ভাঙ্গিলে জ্যাক দেখিল, তাহার স্বরের দেওরালে ফ্রেমে বাঁধা একটা কাগজ ঝুলিতেছে! কাগজে কবির আঁকাবাঁকা অক্ষর ছড়ানো রহিশাছে! নিকটে আসিরা জ্যাক দেখিল, গুর মোটা অক্ষরে লেখা আছে,—

রুটিন

নীচে তাহার জীবনের একটা গণ্ডী নির্দেশ করিয়া দেওয়া হইয়াছে, পড়া-শুনা কাজ-কর্মের ধারা লিপিবদ্ধ বহিয়াছে। দিনের মুহুর্তগুলাকে টুকরা টুকরা করিয়া ভাগ করা হইয়াছে—ছয়টায় শ্যা-ত্যাগ।

ছয়টা হইতে সাতটা—প্ৰাতৰ্জোজনাদি। সাতটা হইতে আটটা---পড়া— আটটা হইতে নয়টা—ইত্যাদি।

প্রাচীর-গাতে অসংখ্য ছিদ্র করিলে সেই সকল ছিদ্রের মধ্য

দিয়া বায় যেমন প্রচুরভাবে প্রবেশ করিতে পারে না, আলোকপ্রবেশেরপু, যথেষ্ঠ বিল্ল ঘটে, তেমনইভাবে দিনটাকে যেন অসংখ্য

টুকরার ভাগ করা হইয়ছে! লাটিন, গ্রীক, বীজগণিত, জামিতি,

দেহতন্ব, ব্যাকরণ প্রভৃতির নামে সে টুকরাগুলা পরিপূর্ণ! সকল
বিষয়েই শিক্ষা লাভ ফ্রিতে হইবে। তারপর এই বিক্লিপ্ত টুকরাগুলাকে হাদয় কোন্ স্থান গুভ মুহুর্তে এক অখণ্ড জ্ঞানের
স্কুপে পরিণত করিয়া তুলিবে! জ্যাক একেবারে সর্বাশান্তে বিশারদ
হইয়া উঠিবে!

কিন্তু এ ধরা-বাধা নিয়মে চলা বালকের পক্ষে হ:সাধ্য হইয়া উঠিল! তাহার কুদ্র মন্তিকে এত জিনিষ ধরিবার মত স্থানও ছিল না! কালেই তাহার চিত্ত ক্তির অভাবে সন্ধৃতিত হইয়া পড়িল! অপরায়ে বৌদের তাপ কমিয়া আসিলে বধন সে বইয়ের রাশির
মধ্যে আপনাকে ময় রাখিত, ছাপার অক্ষরের দিকে কেবলই ঝুঁ কিয়া
চাহিয়া থাকিতে থাকিতে সেগুলা ক্রমে তাহার চোথের সমুখে
অপপত হইয়া উঠিত, তথন বাহিরের মৃক্ত বার্ ও আনন্দ লাভের
জন্ম চিত্ত তাহার নিতাস্তর্গ কাত্র অস্থির হইয়া উঠিত! তাহার মনে
হইত, একবার যেনন জিমানাজ হইতে প্লাইয়াছিল, আবার তেমনই
করিয়া সেকোগাও প্লাইয়া বারেঃ

ধোলা জানালার মধ্য দিয়া বসস্ত তাহার অজ্ঞ পুলের সিঞ্চ ক্ষরভি বহিয়া আনিত, প্রকৃতি আপনার সর্জ মহণ আসনখানি বিছাইয়া কোল পাতিয়া শ্রান্ত পাল্ককে সংলহে বেন আহ্বান করিজ, জ্যাক তথন বহি বন্ধ করিয়া চোপ নেলিয়া শুরু বাহিরের পানে চাহিয়া থাকিত। কথনও সে দেখিও, কোমল পুচ্ছ তুলিয়া কাঠবিজালীর দল এ-গাছে ও-গাছে কি আনন্দে ছুটাছুটি করিয়া বেড়াইতেছে। বাহিরে নারা বন যথন অজ্ঞ দুউন্ত গোলাপে ভরিয়া লালে-লাল হইয়া গিয়াছে, তথন ঘবের মধ্যে বন্ধ পাকিয়া, "Rosa—The Rose—গোলাপ" এ নীব্দ পাঠ মুখন্ত করা কি দারুগ কঠকর। আর কোন কথা তথন জ্যাকের মনে আগিত না—শুরু সে ভাবিত, কেমন করিয়া এই মুক্ত রোলাকে, অজ্ঞ বায়্তে আপনাকে অবাধে দে ছাড়িয়া দিবে।

কিছুদিন পরে "অপদার্থ—বোকা" বাঁলয়া আজান্ত জ্যাকের হাল ছাজিয়া দিল! ইদা করুণ দৃষ্টিতে জ্যাকের পানে শুধু একবার চাহিল, মুথে কোন কথা ফুটিল না! জ্যাক হাঁপ ছাজ্য়া বাঁচিল। অভদিন বেন কয়েদীর মত গারদে মে বন্দী ছিল—আজ ছাড়া পাইয়াছে! মুক্তি! মুক্তি! মে আজ মুক্ত, স্বাধীন!

ছাড়া পাইয়া জ্ঞাক বনের দিকে ছুটিল। পাথীর গানে আকাশ তথন ভবিমা গিয়ছে,—ফুলের গদ্ধে চারিদিক মাতিয়া উঠিয়াছে— নদীতে নৌকা ছুটিয়া চলিয়াছে,—প্রজ্ঞাপতির দল বিচিত্র পাখা মেলিয়া ছুলে ফুলে উড়িয়া বেড়াইতেছে, জ্ঞাক নৌকা দেখিয়া প্রজ্ঞাপাত ধরিয়া পরম স্বচ্ছন্দ নিজ্বেগে সময় কাটাইয়া দিল।

সন্ধ্যার সময় গৃহে ফিরিলে, গৃহের নিস্তর্কতায় প্রথমটা গেন তাহার নিশ্বাস রোধ হইয়া আসিল। ইদা তাড়াতাড়ি আসিয়া মৃত্ ব্যরে বলিল, "চুপ, চুপ, গোল করোনা বেন। উনি কাজ করছেন —বই লিথছেন।"

অতিরিক্ত সতর্কতার সহিত দ্বার বন্ধ করিতে গিয়া জ্যাক শব্দ করিয়া ফেলিল, ছোট টেবিলটাও সঙ্গে সঙ্গে উণ্টাইয়া গেল! ইনা আসিয়া বিরক্তভাবে বলিল, "আঃ, শাস্ত হয়ে থাক, জ্ঞাক— শব্দ করো না!" হাঁ, খুব সাবধান! আর্জান্ত্র বহি লিখিতেছে— কান্ধ করিতেছে। গোল হইলে এখনই সব নাটা হইয়া ঘাইবে! প্রতিভা চূর্গ-বিচূর্ণ হইবে!

প্রকাশু থাতা লইয়া প্রথম পৃষ্ঠায় গ্রন্থের নাম কৈটের কন্তা"

মর্হং অক্ষরে আঁকা-বাকা ছাঁদে লিথিয়া তাব-সংগ্রহের জন্ত আজিওঁ
কক্ষমধ্যে উদ্বিগ্ন চিত্তে ঘুরিয়া বেড়াইতেছিল। এত করিয়াও এক ছন্ত্র
লেখা বাহির হয় না! কি বিড়খনা! জানালার ধারে আসিয়া
আকাশ, মাঠ, বাগান, নদী প্রভৃতির পানে বিহুবল নেত্রে চাহিয়া
থাকিতে থাকিতে তাহার হৃদয় ভাবের বন্তায় কাণায় কাণায় ভরিয়া
উঠে, কিন্তু কলমটি যেমনই সে হাতে লয়, অমনই সে বিপুল ভাব-ইন
আত কোথায় যে অনুভা হইয়া যায়, কোনই তাহার সন্ধান মিলে
না! খাভার পৃষ্ঠা যেমন শৃত্য, তেমনই শৃত্য থাকে! জীবনের চারি
ধারে কি প্রচুর কাব্য মুক্সরিত রহিয়াছে—কিন্তু তাহাদের কঠিন পণ,
আর্জান্ত্র সহিত্ত যেন তাহারা শক্রতা সাহিয়াই বিসয়া আছে, কোনমতে
তাহার কাছে আপনাদের ধরা দিবে না।

প্রানের প্রান্তে লতা-পাতা-ঘের। এমন কুরীরে থাকিয়াও যদি প্রস্থ বেল্যা না যায় ত দে তঃখ রাখিবার যে ঠাই নাই!

हेना चानिया निनन, "कि निभरन ?" कडशानि इन ?"

আজিঙি বলিল, "এনেছ তুমি! বেশ হরেছে! আছে।, বনো চুপ করে।"

ইণা কৰিল, "হাঁ, আনি জানতে এলুন, নভেলটা কতথানি বেথা হলু। পড়বার অভ্যানটা এমনি উতকা হয়ে রয়েছে !"

"কটের কন্তা ? ও: ! তুমি জ্বান, কটথানি লিগতে গোটের কন্ত বছর লেগছিল ! দশটি বছর ! এইকবারে পাকা দশ বছর ! তবু ত তিনি বে যুগে বাস করতেন, সেটাইক কাব্যের সত্যযুগ বল্লেও বলা যায় ! লোকের মনে তপন এডটুকু নীচতা ছিল না, হিংসা-দেষ কাকে বলে, তা কেউ জানত না—সহায়ভূঙিতে সকলের মন তবা ছিল ! আর এখন— ? চারিধারে সকলে বড়বত্ত করের বসে আছে, প্রতিভাশালী নতুন লেথককে মাথা ভূলতেই দেবে না, বেন লাঠি উচিয়ে আছে । যেমন করে হোক, নিষ্ঠুর সমালোচনা করে, ঠাটা করে, উৎসাহ না নিয়ে ক্রেটা একদম্দ্যিয়ে দেবে !"

ধাতা প্লিয়া আর্জান্ত ভাবের সন্ধান না পাইয়া শেষে পপরের কাগন্ধ
পড়িতে বসিল! এমনই সে নিতা করিয়া থাকে! নিতাই এই
এক আরোজন, একই অন্থোগ! কর্ননা যেন তাহার সহিত নিষ্ঠুর
ছলনা করিয়া ফি:র! কল্মের কালি কল্মেই জুকাইয়া হায়—
ভাবের একটা কণাও সে ঝরাইয়া তুলিতে চাহে না! সংবাদপক্র পাঠ
করিতে বসিয়া কবি তাহার প্রথম ছত্র হইতে আরম্ভ করিয়া মুল্লাক্রের
নামটি অবধি—কোন কথাই বাদ দেয় না। যেরূপ আগ্রহের সহিত
সে তাহাতে মনোনিবেশ করে যে, সহসা দেখিলে মনে হয়, বেন
কবি তাহার অপ্রকাশিত উপস্থাসের সমালোচনার সন্ধান করিভেছে,

কিমা করিত নাটকের চরিতাফুশীলন পাঠ করিবার জন্ম উদ্গ্রীব., হইয়া উঠিয়াছে! কিন্তু সংবাদপত পাঠ করিয়া তাহার অসন্তোষ বাড়ে বই কমে না! দেশের এই শীন্ধীছাড়া কাগজ্বপত্রগুলা এত লোকের সংবাদ দিতে বিন্মাত কাতর হয় না, আর শুধু তাহার সমান লইতে হইলেই সকলের সর্বনাশ ঘটে! সমান রাধিবার জন্ম আগ্রহণ্ড ত কাহার এতটুকু নাই!

এ জগতে সকলে স্থা. সকলে ভাগাবান। তাহাদের রাশি রাশি নাটক রক্ষমঞ্চে অভিনীত হইতেছে—অথচ কি কদ্বা দ্ব নাটক। তাহানের গ্রন্থ প্রকাশিত হইতেছে.—তাহারও হাজার হাজার পাঠক জুটিতেছে। অথচ-কি-ই-বা গ্রন্থ। তথু তাহারই গ্রন্থলা চিরদিন অপ্রকাশিত থাকিয়া যায় ৷ আবার শুধুই কি তাই ১ কোন একটি ভাব তাহার মাথার মধ্যে দেখা দিয়া যথনই প্রকাশের অবসর খুঁজিয়া ফিরে., তথন অপরে কিনা সেই ভাবেরই সহিত কোনমতে পরিচয় ঘটাইয়া অবাধে গ্রন্থ ছাপিয়া ফেলে। প্রকাশ করিয়া কাহারও নিকট দে আপনার ভাবের কথানা বলিলেও লোকগুলা তাহার মন হইতে ভাবগুলাকে কেমন করিয়া যে ছিনাইয়া লইয়া যায়, ইহা ভাবিয়াই সে ব্যথিত হইয়া উঠিত। কোন বই পড়িতে ব্যালে, তাহার মনে হইত, হায়, হায়, এই কথাগুলা তাহারও মনে যে উকি দিয়া ঘুরিয়া ফিরিতে-हिन! ७४ ठाहात निथिवात व्यवमत यह नाहे! व्यात हेहाता-এই সব নির্লজ্জ গ্রন্থকার--সেই কথাগুলাই মন হইতে কখন আত্মসাৎ ক্রিয়া বই ছাপাইয়া ব্সিয়াছে! প্রতি স্থাহেই সে দেখিত, তাহারই মনের কথা, মনের যত নৃতন ভাব কেমন করিয়া জানিয়া ফেলিয়া এই সকল হতভাগা গ্রন্থকার দিব্য আসর জমাইয়া তুলিয়াছে—নাম জাহিরের বাবস্থা করিয়াছে।

म अकित हेमारक कहिन, "सिथ, कान क्वांक थिएंग्रोडिं अकि

পানা বইরের অভিনঃ দেখে এলুম,—হবহু একেবারে দেটা আমার "আতলাতার আপেল" নাটকখানার নকল।"

"কি ভন্তর ় তোমার বই চুরি করেছে। তা তোমার বইথানা থোল কোণায় ? নালিশ করে দাও।"

"এখনও অবশ্য সেটা লেখা হয় নি—ভাবটা সবেমাত্র মাথায়
আসছিল,—লিখব লিখব, ভাবছিলুৰ—তা,—না:, লিখতে আর এরা
'দিলে না দেখছি, আমায়।"

নিক্ষল আক্রোশে যথন ক্লিক্স গ্রন্থকারদের ত্:সহ চৌর্যানুরন্তির প্রাবল্য ও ঈর্বাপরায়ণ ক্লালোচকগুলার কট্নিজর উল্লেখ করিয়া আর্জান্ত আপনার প্রতিভাগিদ্রণের সহস্র বিশ্লের কথার ভোজন অবসরটুকু সরগরম করিয়া দেয়, ইলা তথন একান্ত অসহায় করণভাবে তাহার প্রিয় কবির মুখের পানে চাহিয়া থাকে, এবং জ্যাক নত মুখে নিঃশব্দে আপনার ভোজন ব্যাপার শেষ করিয়া যায়। কিন্ত দে সময় দৈবাং যদি কথনও আর্জান্ত ন দৃষ্টির সহিত জ্যাকের দৃষ্টি মিলিত হইত, তাহা হইলে নিশ্চয়ই দে শিহরিয়া উঠিত! নিক্ষলতার দারণ আক্রোশে কবির রোধের মাত্রা যথন উত্তরোজর বাড়িয়া উঠিতে লাগিল, তথন জ্যাক একদিন স্পাইই ব্রিল, যে তাহাকে দগ্ম করিবার জন্তও এ অগ্লি জ্লিবার আর বড় বিশ্লম নাই। সামান্ত একটু ছল পাইলেই যে তাহা ভীষণভাবে জ্লিয়া উঠিয়া, পুড়াইয়া তাহাকৈ ছাই করিয়া ফেলিবে, তাহাতে তাহার বিশ্লমাত্র সংশর রহিল না।.

নবম পরিচেছদ

বন্ধু-লাভ

সেদিন অপরাক্তে অলন অবসর-যাপনের অন্ত উপায় না দেখিয়া আর্জান্ত ও ইনা করবেই বেড়াইতে বাহির হইয়া গেল। আকাশে তথন একটু একটু করিয়া মেঘ জমিতেছিল। ক্রমে সেই মেঘ বাড়িয়া উঠিয়া সমস্ত আকাশটাকে ছাইয়া ফেলিল। আকাশ যেন তামার বর্ণ ধারণ করিল। ঝড় আসন্ত ব্রিয়া জ্যাক বনের দিকে যাইবার সঙ্কল ত্যাগ করিয়া আশার কাছে আসিয়া বিসল, বলিল, "একটা গল্প বল না, আর্শা।"

আর্শা গল্প বলিতে আরম্ভ করিল। গল্প বলিতে বলিতে জ্যাকের কোতৃহল-প্রশ্নে আর্শার ধৈথ্যচ্যুতি ঘটিলে নিষ্কৃতি-লাভের উদ্দেশ্যে আর্শার বলিল, "ওহা, তাই ত জ্যাক, বৃষ্টি নামতে এখনও দেরী আছে—তুমি দৌড়ে দোকান থেকে ধরগোসগুলোর জন্ম যদি কিছু খাবার কিনে আন ত ভাল হয়। আমার মনেই ছিল না—আহা, কাল সকালে বেচারারা যে কি খাবে, তার ঠিক নেই। আমি বুড়ো মার্থ্য, অত তাড়াতাড়ি আনতেও পারব না—পথেই বৃষ্টি এদে পেড়বে হয়ত —তুমি যাও যদি লক্ষ্মীট—আমি ততক্ষণ বাড়ীর জিনিস-পত্রগুলো তুলে ফেলি—জানলা-টানলাগুলা বন্ধ করে দি।"

স্থানন্দে উৎফুল হইয়া ছোট একটা ঝুড়ি লইয়া জ্যাক দোকানের দিকে ছুটল।

খন পাতার ছারায় ঢাকা খ্যামল পথে নিবিড়তর হইয়া তথন আঁধার নামিতেছে। পূথে লোক-চলাচল একেবারেই বন্ধ। আসর ঝড়ের হাত হইতে পরিত্রাণ-লাভের জন্ম গ্রাম্য ক্বকের দল পূর্বাকেই সব বাসার ফিরিরাছে। জ্বন-কোলাহল-হান পথ নির্জন। স্থাক দোকান হুইতে গৃহের দিকে ফিরিতেছিল। তাহার প্রাণের মধ্যে একটা অপুর্ব আননদ ফুটিয়া উঠিতেছিল। এনন সমর ভদ্রে সে ভানিল, ফিরিওয়ালা হাঁকিতেছে, "টুপি—চাই ভাল টুপি।"

পশ্চাতে ফিরিয়া জ্যাক দেখিল, অসংখ্য টুপিব বোঝা পিঠে কেলিয়া এক ফিরিওয়ালা—বোঝার ভারে কুঁকিয়া পড়িয়াছে— সেইদিকে আসিতেছে। আন্তিতে বেচারার অব ভালিয়া গিয়াছে—ললাট হুইতে ঘর্মবিন্দু ঝরিয়া পঞ্চিতেছে—মুথ গুকাইরা গিয়াছে—দারিজ্যের স্থন মলিন বেখা তাহার মুখে-চোথে স্কুপাই কুটিয়া উঠিয়াছে! জ্যাক থমকিয়া দাঁড়াইল। ফিরিওরালা তাহার নিকটে আসিয়া হাঁকিল, "টুপি—চাই ভাল টুপি!"

জ্যাক দাঁড়াংল। এ কোগায় চলিয়াছে ? এই চুর্গ্যোগের রাতে কোথায় তাহার আশ্রম নিলিবে— ? কোগায়ই বা একটু খুমাইরা বেচারা দিনের ক্লান্তি ঘুচাইবে ! এই বোঝা বহিয়া কত পথই না দে ঘুরিয়াছে—কাহার জয়ই বা দে এ নিজন পথে এ সময় এখন চীংকার করিয়া ফিরিভেছে ! কে তাহার টুপি কিনিবে ? শুধু গতিহীন প্রাণহীন দ্রন্থ-নিদেশক পাষাণ-স্তুপগুলা দাড়াইয়া রহিয়াছে— আর বুক্ক-শাথায় পাথীগুলা নিতাশুই নির্জীবের মত কড়ের ভয়ে স্তম্ভিত্ হইয়া গিয়াছে ! এথানে কে তাহার টুপি কিনিবে ৯

টুপিওয়ালা একটা বৃক্ষতলে আসিয়া বোঝা নানাইয়া বসিল।
ভাকি তাহার নিকটে আসিয়া গাড়াইল। টুপিওয়ালা মৃত হাসিয়া
ভিজ্ঞাসা ক≥িল, "আর কতদ্র গেলে গাঁ মিলবে, বলতে পার ?"
আকাশের বৃক চি'রয়া সশব্দে একটা লোহিত বিহাৎশিখা ছুটিয়।
গোল। পথের ধ্লি উড়াইয়া কেমন যেন একটা কম্পন ফুটিল—
গাছগুলা সে শব্দে শিহরিয়া উঠিল।

জ্যাক কহিল, "আর পনেরো মিনিট হেঁটে গেলেই গাবে।"

"পনেরো মিনিট! তবেই ত মুস্কিল দেখছি! বৃষ্টির আগে দেখছি তাহলে স্কার গাঁয়ে পৌছুতে পারা যাবে না—টুপিগুলো সব ভিজে মাটি হয়ে যাবে—তাই ত! এতগুলো টুপি!"

করুণ সহান্ত্রতিতে জ্যাকের চিত্ত ভাররা উঠিল। সে কহিল, "আমানের বাড়ী এই কাছেই! সেখানে তুমি আসেণে?"

হতভাগ্য টুপিওয়ালা বেন অক্লে কুল পাইল। ক্লতজভায় সে উহ্হ সিত হইয়া উঠিল।

উভরে জ্রত চলিল। টুপিওয়ালা কটে পথ চলিতেছিল। জ্যাক কহিল, "তোমার খুব কট হচ্ছে, নাণু"

"হাঁ—এই পারে কি কম লাগছে! হরেছে কি, জানো, আনার পা হছে বড়—জুতো, তা দে যে জুতোই কিনি, পারে কেমন কমা হয়— পর্মাত আবে নেই যে, বায়না দিয়ে ঠিক পারের মাপেই এক জোড়া জুতো তোরের করাব—"

বকিতে বকিতেই টুপিওয়ালা জ্যাকের সঙ্গে চলিল। গৃহে পৌছিয়া জ্যাক টুপিওয়ালাকে ভোজন-কক্ষে বসাইল; কহিল, "বস ভূমি। মাগে একটু কিছু বাও। আবাম পাবে।"

টুপিওয়ালা রাজী হইল না, কহিল, "না, না—আমার কোন কট হচ্ছে না."

কিন্তু জ্যাক ছাড়িবার পাত্র নহে। আর্শা এই অসভ্য লোকটাকে দেখিয়া বিষম চটিয়া গিয়াছিল—তবুও মুখের কথার সে বিরক্তি সে একাশ করিল না। জ্যাকের আদেশে মদ ও কিছু খাবারও দে লইয়া আসিল।

জाक विनन, "थानिकहा नाःम मा९ उ व्यानी।"

আশা কহিল, "মাংস ত বেশা নেই! তা ছাড়া জ্যাক, বুঝলে, কর্ত। এ স্ব প্রদ্দ ক্রেন না—জান্তে পার্লে বক্রেন।"

"শাক্তা, সে যথন বকৰেন, ভথম দেখা বাবে। এখন ত তুনি দাও।"

নিতাস্ত বিরক্তির সহিত আশাএক টুকরা মাংসলইয়া আসিল। জ্যাক কহিল, ^{ক্র}কেমন খাচ্ছ•্শ

টুপিওরালা কহিল, "চমংকার। থাসা।"

চারিধরে কাঁপাইলা আনার বক্স গজিলা উঠিল। ভীষণ শব্দে ঝড় নানিল। সঙ্গে সঙ্গে বৃষ্টি! মুধ্নধ্যরে বৃষ্টি!

জ্যাক কহিল, "োমাকে অৰেক দূর ঘুরতে হয়, না ?"

"হাঁ! আমি নাস্তেঁয় থাকি— আমার বোনের বাড়ী দেখানে—
সেপানেই আমি থাকি। মন্তাঞ্, সলিন, ভুরে, আঁজু, সব জারগায়
যুরতে হয়। বাড়ীতে পেতে পরতে অনেকগুলি লোক—বুড়ো বাপ,
বিধবা বোন, চার-পাঁচটি ভাই— সকলের ভাহার জোগানো সোজা
ব্যাপার নয় ত।"

"তোমাৰ বড় কষ্ট হয় ভাহৰে ?"

"হয় বৈ কি – তা কই ঐ যাকেবল ঐ জুতোর জন্তো। জুতো-জোড়া গুলে কেললে তবে একটু আরাম পাই। কিন্তু তবু ঐ যে বললুন, আরামই বা কোথা ? রাত্রে বিছানায় গুয়ে যথন ভাবি যে আনার সকালে সেই জুতো পায়ে দিয়ে বেকতে হবে, তথনই আবার প্রাণটা কেঁপে ওঠে।"

ভ্যাক কহিল, "তা তোনার ভাষেরাও বেরোয় না, কেন ?"

"তারা বেরুবে কি ! সব যে ছেলেমামুষ ! এত ঘুরতে পারবে কেন ? আর এমন কিছু ত আমার কষ্ট নয়—তবে যদি ঠিক এই পায়ের মাপে একজোড়া জুতো পেতুম !"

কোণাকার এক নোঙ্বা পথের কুকুর! তোমার বাবহার দেখে আমি
বিষম অবাক হয়ে পড়ছি! ছোটলোক, পাজী---"

ইদার করণ দৃষ্টি, কাতর ° অমুনয়ে আর্জান্ত জ্যাককে সেদিনকার মত ক্ষমা করিল।

পরদিন আর্জান্ত বৈ প্রবল জর দেখা দিল। পীড়া কঠিন বুরিয়া ইনা অন্থির হইয়া উঠিল। তথন আরাম-কুঞ্জে ডাক্তার রিভালের ডাক পড়িল। প্রভাহ হুইবেলা ডাক্তার রিভাল আর্দিয়া রোগা দেখিতে লাগিলেন। ইনা কহিল, "ডাক্তার, কবিকে তুমি শাদ্র জারাম করে দাও—কবির লেখাপড়া একেবারে বন্ধ হয়ে গ্রেছে— সমস্ত জগতের যে কি ক্ষতি হছে।"

"কোন ভর নেই— মাদাম আর্জান্ত, তবে হ'দিন সময় লাগবে! বোগীর মন ভাল রাথ। জ্যাক কোথা গেল ? তাকে ডেকে দাও দেখি।"-

"না, না—এখনই সে গোল করবে!"

"আহা, করুক একটু গোল! ।ছেলেমাসুষ—তাদের গোলমালে ত আর বিরক্তি ধরে না, বরং সে ভালই লাগে। বেচারার মুখবানি শুকিরে গেছে। বাপের অসুধ হলে ছেলে-পিলের নন ভাল থাকে কখনও। তুমি তাকে ডেকে দাও দেখি—বেশ ছেলেটি—আমার সঙ্গে ইতিমধ্যে সে সম্পর্কই পাতিয়ে ফেলেছে। আমাকে দাদামশার বলে ডাকে—কে তাকে শিধিয়ে দিলে, বল ? সে জানে, যখন আমার পাকা চুল আর পাকা দাড়ী আছে, তখন আমি দাদামশায় না হয়ে যাই কোথায়!"

রিভাল তথন বিদিয়া আপন দৌহিত্রী সেদিলের কথা বলিল— জ্যাকের চেরে সে ছই বংসরের ছোট। তাহার দৌরাত্ম্যে বুদ্ধের এক মুহুর্ত্ত বিশ্রাম লইবার অবসর ঘটে না জ্যাবার এ দৌরায়্য বৃদ্ধের এমনই অভ্যাস হট্যা গিয়াছে যে কোন দিন তাহা বাদ পড়িলেও একটা দারুণ অস্ত্রতি ঘটে! তাহার মন ভিজাইয়া মান ভাঙ্গাইয়া নৃত্ন করিয়া দৌরায়োর সৃষ্টি করাইতে হয়!

ইদা কহিল, "তাকে একদিন এনো না, ডাক্তাৰ, জ্যাকের সঙ্গে থেকা করবে বেশ।"

"না—বেইটি হবার জো নেই! তার দিনিমা তাকে চোপের আড় করতে চায় না। একদণ্ড কাছ-ছাড়া হলে বুড়ী অমনি অস্থির হয়ে ওঠে। সে হুর্ঘটনাটার পর থেকে বুড়ী ওকে নিয়েই কোন-মতে আপনাকে খাড়া বেণেছে কি মা!"

কভার মৃত্যু-ঘটনার ইপিত করিক্সই বৃদ্ধ হুইটনার কথা তুলিলেন।
একমাত্র কভা মান্লান বেনিন শিশু সেনিলকে রাখিয়া পৃথিবী ত্যাগ
করিল, সেনিন বৃদ্ধের জীবন কি ভাষণ অন্ধকারে ভরিয়া গিয়াছিল।
আলোর কণাটুকু পাইবারও আর কোন আশা ছিল না। কিন্তু
সেনিল আবার নৃত্ন করিয়া সে অন্ধকারে ছোট একটি দীপ
আলিয়া দিয়ছে। সেনিলকে পাইয়া বৃদ্ধ ও বৃদ্ধা সে হৃথে আবার
ভূলিতে বিসয়ছে। সে হৃথের কণা হুধু আর্শা জানে, আর কেছ না।
আর্জাস্ত্রকৈ আনন্দ দিবার জন্তা, তাহার স্থাতি লইয়া ইদা এক
মিলনীর আয়েয়ন করিল। প্রাতন বন্ধু ছিল, লারাস্ত্রান্ত্র,
মোরোন্ভা ও ডাকার হার্জ্। তাহাদিগকে নিমন্ত্রণপত্র পাঠানো
হুইল।

একদিন প্রভাতে শ্যা ত্যাগ করিয়া জ্যাক দেখিল, বাড়ী সাজাইবার ধুম পড়িয়া গিয়াছে! চীনা লঠন, বিচিত্র বর্ণের। ফুল-কাগজের নিশান বাশি বাশি আসিয়া পড়িয়াছে। ব্যাপার কি ?

ইণার গা ঘেঁদিয়া আদিয়া জ্যাক কহিল, "মা, কি হবে, মা ?"
ইণা তথন গৃহসজ্ঞার আয়েজনে বাত। সে কহিল, "চুপ,

লক্ষী হয়ে থাকো। ছরস্তপনা করো না—বাড়ীতে আজ অনেক বড় বড়লোক আসবেন। ভোজ আছে।"

সন্ধার কিছু পূর্ব হইতে ছই-একজন করিয়া অতিথি দেখা দিতে লাগিল। আপনার শয়ন-কক্ষের দার ভেজাইয়া তাহারই কাঁক দিয়া জ্যাক দেখিল, মোরোন্ভা ও ডাক্তার হার্জের দল আসিয়া উপস্থিত হইয়াছে! ভয়ে তাহার শরীরের রক্ত হিম হইয়া উঠিল। এই শক্রগুলা যদি আবার তাহাকে টানিয়া জিম-নাজে লইয়া যার! কি হইবে ? তাহা হইদে, সে কি করিবে ?

ক্রমে সন্ধার সময় যত সথের থিয়েটারের ম্যানেজার, নাট্যকার, অভিনেতা ও গ্রন্থকাশক, সন দল বাঁধিয়া আসিয়া উপস্থিত হট্ল। ছোট বাড়া সরগরম হইরা উঠিল। রন্ধনশালা হটতে বিবিধ ভোজার বিচিত্র হ্রেভি উভিত্র ক্রিয়া তুলিল। জ্যাক মাতার পার্থে থাকিয়া, কফি, চা প্রভৃতি প্রস্তুত করিয়া তুলিল। জ্যাক মাতার পার্থে থাকিয়া, কফি, চা প্রভৃতি প্রস্তুত করিতেছিল। মাঝে মাঝে লাবাস্ট্রাক্র বীভৎস চীৎকার এবং হাজের শক্ষে তাহার শির অবধি ঝন্-ঝন করিতেছিল।

অবশেষে ডাক্তার রিভাল আসিলেন। রোগার প্রসন্ন মূর্ত্তি দেখিয়া রিভাল ইদাকে কহিলেন, "দেখছ, আমোদ-আহলাদে আর্জান্তর চেহারা অবধি ফিরে গেছে।"

ডাক্তার হার্জ্ কহিল, "আপনি ডাক্তার ?" আজার্স্ত্রখন উভরের প্রিচ্য করাইয়া দিল।

নানা গলে, হাস্ত-কৌতুকে সে রাত্রিটা বেশ আনন্দেই কাটিল। ইদারও প্রকুলতার সীনা ছিল না। আজান্তির আনন্দের নধ্যে একট্ তীব্র বিষও নিশানো ছিল। আপনার ঐশ্বর্যের চাকচিক্যে প্রতিভার এই দরিজ হতভাগ্য বরপুত্রগণের ননে সে যে একটা তাব্র বিভ্রম জাগাইয়া তুলিয়াছে, ইহা সে বৃঝির। মোবোন্ভা-হার্ফের দল সমস্ত ব্যাপার দেখিয়া একটু ঈর্ষান্তি হইল। আহার্য্যের বৈচিত্রা ও ঘটা দেখিয়া তাহারা ভাবিতেছিল, "আর্কান্ত"ত তোফা আছে। দিবি বাগিয়েছে; অবস্থা থাসা ফিরিয়ে ফেন্ডেন্ড

গভার রাত্রে মজলিস ভাঙ্গিলে অভ্যাগতের দল গৃহে ফিরিতে আরম্ভ করিল। মোরোন্ভা-হারজের দল একটু অন্ধিরতা অনুভব করিল। এনন পরিপাট আরাম ছাড়িয়া কোণায় এ রাত্রে হিম্জুজর পথে বাহির হইবে! ভাঙ্গার পর জিন-নাজের সেই ছিন্তা শ্যায় অপ্রচ্ব গরম কাপড়ে কাঁপিতে কাঁপিতে রাত্রি পোহাইতে হইবে,—ইহা ভাবিয়া যথন ভাহাদেশ রক্ত জমিয়া উঠিবার উপক্রম হইল, তখন আর্জান্তি কহিল, "গ্রুত রাত্রে আর কোণায় সব ফিরবে, আজে? ছদিন এখানে গেকে আমোদ-আহলাদ কর,—ভারপর ক্ষেয়া। কেউ তখন ধরে রাখবে না।" কি অভয়-প্রদ, নিশ্বিস্ত এ আর্খাণ! হার্জের দল তথনই স্মতি জ্বাপন করিহা নিশাস কেলিয়া বীচিল।

দশম পরিচেছদ

সেসিল

পরনিন গির্জা হইতে ইদা যথন জ্যাককে লইয়া গৃহে ফিরিভেছিল, তথন ফটকের নিকট ডাক্তার রিভালের সহিত তাহার সাক্ষাৎ হইল। একটি ছোট মেরের হাত ধরিয়া রিভাল দাড়াইরা ছিলেন। মেনেটের রঙ গোলাপের মত রাঙা—চোথেও বেশ একটি শাস্ত দীক্তি কুটিয়া বহিরাছে! ললাটের উপর প্রভাতের স্থা-কিরণ আদিয়া পজিয়াছে, বার্-পর্শে কৃঞ্চিত অলকের কয়েকটি ওচ্ছ সেই স্থা-কিবণে কথনও লুটাইয়া পজিতেছে, কথনও বা আবার সরিয়া যাইতেছে! নেয়েটকৈ দেখিলেই কেমন ভালধাসিতে ইচ্ছা হয়।

ইদা কহিল, "ডাক্তার, এটি বুঝি তোমার নাত্নী ?" মেয়েটিকে কোলের কাছে টানিয়া ডাক্তার রিভাল বলিল, "হাঁ—এই হচ্ছে, দেসিল, আমার দিদি। এ দিকে এস জ্ঞাক, সেপিলের সঙ্গে ভাব কর।" তারপর কয়জনে মিলিয়া পথটুকু হাটিয়াই চলিল। গৃহও বেশী দূরে নহে। রিভাল কহিল, "সেসিল আর কোথাও বড়-একটা যায় না—বাড়ীতেই থাকে। শুধু এই গির্জায় তার দিদিমার সঙ্গে রবিবার সকালে একবার করে যা আসে। আজ ওর দিদিমা আসতে পারে নি. কাছেই আমাকে নিয়ে আসতে হয়েছে।"

এখানে আদিয়া অবধি সমবয়দী সাথী না পাইয়া জ্যাক কেমন একটা নিঃসঙ্গ বিজনতা বোধ করিত। আশার সঙ্গে গল্প করিলা, বনে কাঠুরিয়া বা ক্রমকদের সহিত আলাপ করিয়া তাহার অন্তরের ক্ষা নিটিত না, নিতান্ত ত্যিত চিত্তে এমন একজন সঙ্গার অভাব সে অন্তর করিতেছিল, যাহার সহিত ছই দণ্ড গ্রাণ খুলিয়া স্থণ্ডাপের কথা কহিয়া বাঁচে! কিন্তু এমন সঙ্গা মিলিবার কোন সন্তাবনাই ছিল না। কাজেই তাহার মনের ছঃখ মনেই থাকিয়া যাইত!

গৃহে বৃদ্ধ মাতামহ, মাতামহী ও দাদী ভিন্ন দেদিলও কাহারও সহিত মিশিতে পাইত না। রবিবার প্রভাতে একবার করিয়া গির্জার আদিয়া বাহিরে বালক-বালিকাগণের এই অজ্ঞ হাস্ত-কৌতুক দেখিয়া সে এক অজ্ঞানা স্বপ্রবাজ্যের পরিচয় পাইত। উহারা কি কথা কহে, কেন হাদে, জানিবার জ্ঞা অনভিজ্ঞা বালিকার মনে বৈকৌতুহ্দ জাগিত, তাহার তৃথির কোন আশা না দেখিয়া সে কেমন

কুর হইয়া উঠিত। তাই আজ জ্যাক ও সেসিল যথন প্রথম ছই জনে মিশিতে পাইল, তথন জ্যাকের মনে হইল, বনে সে পক্ষিশাবক ধরিয়া সানন্দে যে মুঠি ভরিত—এ হস্তের স্পর্শন্ত ঠিক তেমনই মধুর, তেমনই (কামল)

ইহার পর হইতে জ্যাককে ব্ধনই বাড়ীতে খুঁজিয়া পাওয়া যাইত না, তথন বনের দিকে আৰু কেহ তাহার স্কান লইতে ছুটিত না। সকলেই বুনিত, ডাব্রুলার রিভালের গৃহে সে হয় সেসিলের সহিত বসিয়া ডাব্রুলার নিকট গল্প গুনিতেছে, নয় সেসিলের জন্ম কাগজের কুল, নৌকঃ প্রভৃতি তৈয়ার করিতে লাগিয়া গিয়াছে।

গ্রামের প্রান্তে একটা বাগানের ধারে ডাক্তারের গৃহ। গৃহধানি একতালা, নিতান্তই সাদা-দিশা ধরণের। বাহিরে একটা পিতলের পাতে ডাক্তারের নাম লেখা। লেখাওলা কতক অলপ্ট হট্যা আসিয়াছে। দেই পিতলের পাতের পাথেই 'রাজি-ঘন্টা' ঝুলানো! গৃহটি পুরাতন। নৃতন কেতায় তাহাকে গড়িয়া তুলিবার যে এককালে চেষ্টা হইয়াছিল, স্থানে স্থানে তাহারও চিহ্ন বর্তমান! ঘারের সম্মুখেই একটা গাড়ী-বারাণ্ডা, তাহার গানগুলা শুরু থাড়া বহিয়াছে, উপরে ছাদ বসিলেই কাজটুকু সারা হইয়া যাইত, কিন্তু ছাদ আর হইয়া উঠে নাই! ফটক হইতে গৃহের প্রবেশ-দার অবধি পথটায় এক সমর কাঁকর কোলা হইয়াছিল, কিন্তু গৃহস্বামীর অমনোযোগে দেই কাঁকর-ফোলা পথে মধ্যে এখন প্রচুব ঘাস জ্মিয়া উঠিয়াছে। সে ঘাস্ত্রার তুলিয়া কেলা হয় নাই, স্থানে স্থানে আগাছায় পথের কাঁকর ঢাকিয়া গিয়ছে। ছই-একটা দেওয়ালে প্রকাশ্ত গহরর, নৃতন সাশি খড়খড়ি বসাইবার আয়োজন হইতেছিল, পরে আর তাহা বস্থানো হয় নাই! যদি কেহ বলিত, কাজটুকু শেষ হইয়া যাক, ত তাহার

উত্তরে বৃদ্ধ মৃত হাসিয়া বাড় নাড়িয়া কহিত, "আর দরকার কি, এসবে?"

গ্রামের লোক গৃহস্বামীর এ ওদাসীত্মের কারণ জানিত। বৃদ্ধ
ডাব্দার বড় সাথেই জীর্ণ বাটির সংস্কারে মনোনিবেশ করিয়ছিলেন—
বাড়ীথানিও বেশ ছবির মত সজিত স্থানর হইয়া উঠিত, যদি না
সেই ছর্ঘটনা বৃদ্ধের জীবনটাকে একেবারে দলিত চূর্ণ করিয়া দিত!
একমাত্র কন্তার মৃত্যুতে বৃদ্ধের সংসারের সকল সাধ মিটিয়া গেল!
ডাক্তার-গৃহিণী এ শোক জীবনে ভুলিতে পারিলেন না। সেই
ছর্ঘটনার পর হইতে গৃহিণী বাহিরের পৃথিনীর সহিত সকল সম্পর্ক
চুকাইয়া বসিলেন। সকলে ভালিল, বৃদ্ধা এ শোকের বেগ বৃদ্ধি সামলাইতে
পারিবেন না! তাহাই ঘটত, যদি সেসিল সহসা এ সংসারটিকে
নব আখাসের বাণীতে মুখরিত করিয়া না তুলিত!

বাহিরে কর্ম-কোলাহলের সংশ্রবে আসিয়া ডাক্তার মাথা তুলিয়া দাড়াইলেন বটে—কিন্তু পূর্বের সে সহজ প্রান্ধলাটুকু তাঁহার হারম হাইতে তির-বিদায় গ্রহণ করিল। সারাদিন রোগী দেখিয়া পাঁড়িতের উষধ-পথ্যের ব্যবস্থাদি করিয়া গৃহে ফিরিয়া বৃদ্ধ আপনাকে সেসিলের হস্তে সম্পূর্ণভাবে সঁপিয়া দিতেন! সে বাহা করিয়া বেমন করিয়া স্থা পায়, বৃদ্ধ তাহাই করেন! সেসিলের সহিত এইরপ থেলা-ধূলা করিয়াই বৃদ্ধ কন্থার শোক ভূলিতে সক্ষয় করিলেন।

এই বিষয় গৃহে শোকের মধ্যে থাকিয়া সেদিল যেন কি এক দারুণ বিজনতা অন্তত্তব করিত। তাহাদের ছোট গৃহধানি কবরের মতই স্তর্ক, রুদ্ধ! বাহিরের কোন কোলাহল এথানে পৌছিতে পারে না—বাহিরের সহিত তাহার কোন সম্পর্কই নাই! ঐ আ্কাশ, এই বাতাস, ঐ পাথী, এই ফুল—ইহারাই তাহার সর্বস্থ, ইহাদের লইয়াই তাহার সরব্ভ সৃথিনী গড়িয়া উঠিয়াছে! বাহিরের লোকজন—

দৈ সেন কোন্ অংশের দেশে ভাহারা থাকে— ভাহাদের সহিত সেসিলের সম্পর্ক কি ! এই নিঃসঙ্গতার মধ্যে অহনিশি বাস করায় সেসিলের মুখে এমন একটা করুণ বিষয় রেখাপাত হইয়া গিয়াছিল যে; সেটুকু সহজেই লোকের চোণে পড়িত।

জ্যাক ও সেবিলকে লইয়া রিভাল ব্যন গৃহে পৌছিলেন, তথ্ন জ্যাককে দেখিয়া গৃহিণী কহিলেন, "এছেলেটি কে ?"

রিভাশ কহিলেন, "আর্জান্ত দের ছেলে। বেশ ছেলেটি। সেসিল বেচারী একলাটি থাকে—ও-ও একলা থাকে, ছগনে একসঙ্গে ধেলা করবে, তাই আমি নিয়ে এলুম।"

গৃহিণী গন্ধীর স্ববে কহিলেন, "কিন্তু ওরা—এ আর্জান্তরা কেমন বিশক, তা কে জানে। কোথায় বাড়ী-ঘর, তাও কেউ জানে না।"

"ওবা বেশ লোক। আনি নিজে জানি বে! কর্তাট কেবল খামথেয়ালি—একটু বনমেজাজী—তা নে লোকটা হল কবি—কবিটবি হলে মেজাজ অমন হয়েই পাকে! এর মা কিন্তু সড় ভাল মানুষ, আহা, নেহাথ বেচারী। তবে ওরা যে বেশ ভদ্রলোক, তার আর পরিচন্ত নেবার দরকার করে না—সে ওদের ব্যবহারেই বোঝা যায়।"

গৃহিণী মাথ। নাড়িলেন। স্বামার নিশ্চিন্ততায় তাঁহার কেমন বিশ্বাস ছিল না। গৃহিণী কহিলেন, "কিন্তু তুমি জান ত—দেবার—"

নি থান্ত অপরাধীর মত রিভাল সম্কৃচিত হইয়া পড়িলেন; পরে গলাটা একটু পরিষ্কার করিয়া লইয়া বলিলেন, "কোন ভাবনা নেই, তোমার। জ্ঞাক ছেলে মাহুষ, তোনার দেদিলও তাই, কোন ভারের কারণ নেই।"

অবশেষে গৃহিণী নিরাপত্তিতে জ্যাককে দৌহিত্রীর ক্রীড়া-সঞ্চিত্তে গ্রহণ করিবেন। জ্যাক সেসিলের সঙ্গে থেলা করিবার অধিকার পাইল। তথন জ্যাক জীবনে এক মধুর পরিবর্ত্তন অমুভব করিল। প্রথমটা এই পরিবাবে থাপ থাইতে জ্ঞাকের কেমন সঙ্কোচ বোধ হইতে ছিল — সে সঙ্কোচ শীঘ্রই কাটিয়া গেল; এবং জ্ঞাক নিতা এপানে জ্ঞতিথি হইতে লাগিল। ক্রমে ° এমন হইল, যে রাত্রে শয়ন ও জ্ঞাহারের সময় ভিন্ন সর্কাকণই দে বিভাল-গৃহে থাকিয়া সেদিলের সঙ্গে পেলা করিত, গল্প করিত! বাড়ীর কথা তাহার আরু মনেও পড়িত না।

একদিন রিভাল-গৃহিণী কহিলেন, "জ্যাক, তুমি স্কুলে যাও না १" "না।"

"পড়া-:শানা কর না কিছু ?"

বালক আপনাকে সামলাইয়া লইয়া কহিল, "আমি—আমি রাত্রে বাড়ীতে মার কাছে পড়ি।"

বেচারী শার্লং। লেখাপড়া শিধানো কি তাহার কাজ। এ ক্ষিকি তাহার পোষায়।

রিভাল-গৃহিণী স্বামীকে কহিলেন, "ওরা ছেলেটাকে আদপে দেখেন—সারাদিন ও এখানে থেলা করে বেড়ায় ত দেখি।"

ডাক্তার কহিলেন, "উপায় নেই! ছেলেকে তারা এঁটে রাথতে পারে না, তা ছাড়া জ্যাকের মাথাও তেমন নেই।"

"বুঝেছি—ছেলেটির বুদ্ধিভদ্ধি তেমন ধারালো নয়—আর ও-ও নিজের বাপ নয় ত! আহা, মার প্রথম পক্ষের ছেলে—এমন জায়গায়, ছেলেদের প্রায়ই কোন যত্ন হয় না!"

রিভাল কহিলেন, "দেথ, আমার নাথায় একটা মতলব আসছে।" "কি ?"

"মামার ইচ্ছে হচ্ছে, তোমার কাছে হৃজনেই ওরা একটু-আধটু পড়ক !"

"বেশ ত !" ডাক্তার-গৃহিণী সম্মত হইলেন। প্রদিন জ্যাক ও সেদিলের পাঠের ব্যবস্থা হইল। রিভাল-গৃহিণীর কাছে উভয়েই পড়িতে আরম্ভ করিল। এমন আদর, এতথানি মহ করিয়া জ্যাককে পূর্বে কেছ কথনও পড়ায় নাই! পড়িতে বসিবে সে কেমন অভ্যমনস্ক হইয়া যাইত। পঠিত বিষয় মনে থাকিত না—পূর্বে এ দোবের জভ্য তিরস্কার ও প্রহারের অস্ত ছিল না। প্রহার থাইয়া সে আরও কেমন অভ্যমনস্ক হইয়া পড়িত; ভয়ে তাহার স্বর কৃটিত না! তিরস্কারের তাত্রতায় সব কেমন গোল হইয়া যাইত—সহজ কথাও মনে থাকিত না! এথানে রিভাল-গৃহিনীব সমেস্ত অধ্যাপনার গুণে জ্যাকের পড়ান্তনা শুরু যে একটু একটু করিয়া অপ্রসর ছইতে লাগিল, তাহা নহে, পড়াশুনার দিকে মনটাও তাহার ক্রমে আক্রম্ভ ইইয়া পড়িল।

বিভালের সহাত্ত্তি-পূর্ণ মিঠ ব্যবহাবে সমস্ত গ্রামের লোক তাঁহার বনাঁভূত ছিল। জ্ঞান হওয়া অবধি জ্যাক জীবনে কথনও বাহিরের লোকের মুখে এমন মিঠ কথা ভনে নাই, স্কুতরাং সে যে বিভালের একান্ত বনাভূত হইবে, ইহাতে আর বৈচিত্য কি ?

বৃদ্ধ ডাক্তার যথন আপনার ছোট টমটমথানি জ্তিয়া রোগী-দর্শনে বাহির হইতেন, তথন জ্যাক ও দেসিল তাহার সঙ্গে যাইত। পথে পাথী দেখিয়া সেসিল বলিত, "ওটা কি পাথী, বল ত জ্যাক,—" জ্যাক সঠিক উত্তর দিতে পারিত না। দেসিল হাসিয়া তাহার ভূল শুধরাইয়া দিত। পথের পার্গে বিতীর্ণ ক্ষেত্রে কে বেন সবৃজ্ব দশের শ্যা পাতিয়া রাপিয়াছে,—বায়ুস্পর্শে শত্তশীর্ষ ঈবং আন্দোলিত হইত। দেখিলে মনে হয়, মাঠেব গা বেড়িয়া যেন একটা সবৃজ্ব চেউ ছুটিয়াছে। তাহা দেখিয়া সেসিল জিজ্ঞাসা করিত, "কি গাছ বল দেখি, জ্যাক,—ধান, না বব, না গম ?" জ্যাক আবার ভূল ক্ষরিয়া বিস্ত,—দেসিল হাসিয়া সে ভূলও ঠিক ক্রিয়া দিত। এমনই নিত্য সাহচর্ঘ্যে, শৈশবের সরল হাসি-ধেলার মধ্য দিয়া বালক-বালিক।

প্রস্পরে প্রস্পরকে প্রাণ ঢালিয়া ভাল বাদিতেছিল। শৈশবের সে ভালবাদা যেমন অনাবিল, তেমনই মিগ্ধ, স্থানর।

বৃদ্ধ বোগীর বাড়া বোগী দৈখিতে যান্—বালক-বালিকা গাড়ীতে বিসিয়া থাকে। বৃদ্ধেরই অনুগত পল্লীর ছই-চারি জন ব্যক্তি আসিয়া তাহাদিগকে কত ফুল-ফল দিয়া বাইত—বৃদ্ধ তাহা দেখিয়া আনন্দে উংফুল্ল হইয়া উঠিতেন। বৃদ্ধের গাড়ী কোন পল্লীতে আসিলে সহজে-সে স্থান হইতে মুক্তি পাইত না। রাজ্যের লোক আসিয়া সেখানে জনায়েং হইত—বৃদ্ধি, কোন সন্নাট আসিলেও তাহাকে দেখিবার জন্ত এত লোক ছুটিয়া বরের বাহির হয় না। ইহাদের সকলেই প্রায় নানা অনুযোগ-আফার লইয়া আসিত। কেহ বলিত, "আমার মেয়েটে আর কতদিনে সেরে উঠবে, ডাক্তার ?" কেহ বলিত, "ছেলেটি আমার আজ একটু ভাল আছে, কাশী কম—সেই ওস্থটাই কি আবার দেব? তা হলে বিকেলে গিয়ে নিয়ে আসতে হয়।" আবার কেহ-বা বলিত, "বে ওঁড়োটা দিয়েছেন, সেটা খাওয়াতে হবে—না, গারে ম্বনার জন্তে ?"

ভাক্তার সকলের কথাই আগ্রহের সহিত শুনিতেন, সকলের উষধ-পথ্যাদিরই বথোচিত ব্যবস্থা করিতেন, সকলকেই হাসিমুখে আখাস দিতেন,—কেহ কখনও নিরাশ হইয়া ফিরিত না। পরে ডাক্তার গাড়ী হাঁকাইয়া দিলে গ্রামের লোক ছই হাত তুলিয়া কহিত, "বেঁচে থাক তুনি বাবা, দীন ছঃখীর মা-বাপ, তুনি—ভগবান তোমার ভাল করুন, বাবা।"

এই সব দেখিয়া শুনিয়া জ্ঞাকের কদ্ধ মনের দার খুলিয়া গিরাছিল, কাজেই লেখাপড়ায় তাহার অফুরাগ ক্রমশ প্রবল হইয়া উঠিতেছিল। গৃহে মাতার নিকট সে বহির পাতাও খুলিত না— রিভালের গৃহে পড়াশুনার কথা মাকে সে কোন দিনই জানিতে দেয় নাই! আপন ইচ্ছামত সে গৃহে আসিত, আশার কাছ হইতে পাবার চাতিয়া আহার করিত,—আবার কথন্ বে বাড়ী ছাড়িয়া চলিয়া শাইত, কেহ তাহার সন্ধানও রাণিত না।

ইতিমধ্যে আবার একদিন আরাম-কুঞ্জে ভোজের ধুম বাধিল। বাড়ী সাজানো দেখিয়া আশ-পাশের লোকের মনে কৌতৃহল জাগিয়া উঠিল। আবার তারা সব আসছে রে।

শার্লং আসিয়া আর্শাকে কহিল, "নীর নাও আর্শা, আনেক ভদ্রলোক আসছেন আজ রাজে। আর একটা ধ্রগোস মার— একটা ? না, না, ছটো—কতকগুলো অনলেটও তৈরি করা চাই।"

বৈকালে আবার লাবাজাঁক হায়তের দল আসিয়া দেখা দিল। আজার্ম বিজয়-গকো মাতিয়া উঠিল ই রীতিমত বড়মান্থবি কেতায় সকলকে সে অভ্যৰ্থনা কবিল। হায়তের দল জমক দেখিয়া মুগ্ধ ইইয়া গেল।

তার পর প্রতি স্থাহেই এমন ভোজ, এমনই স্মারোহ চলিতে লাগিল। প্রতি স্থাফে নব স্থা, নব আনন্দ, নৃত্ন লোক, তবে,—লাবাস্তীক্ত হার্জ্ প্রতি ভোজেই উপস্থিত থাকিত। ভাহাদের নিমন্নণ কখনও বাদ পড়িত না।

ডাক্তার বিভাল প্রথমটা এই ব্যয়-বাহন্য দেখিয়া ভাবিতেন, "এত কেন ?" পরে তাঁহার বাঁতিমত বিরক্তি ধরিল। একদিন তিনি কহিলেন, "ছেলেটাকে দেখবার এদিকে এতটুকু অব্দর হয় না, দিবারাতি শুধু আমোদ আর মজলিস্ চলেছে।"

অভ্যাগতের দল একদিন জ্ঞাককে দেপিয়া কহিল, "ছেলেটির পড়া শোনা হচ্ছে, কেমন ?" শার্লতের মন পাইবার আশায় একজন জ্ঞাককে তুই-চারিটা বাণান ও গণিতের সহজ প্রশ্নও জিজ্ঞাসা করিল। জ্ঞাক যথন তাহার নিভূলি উত্তর প্রদান করিল, তথন আর্জান্ত বিশ্বিত হইয়া গেল। ডাক্রার রিভাল কহিলেন, "দেখ, ছেলেটিকে আমি কেমন শিথিয়েছি, এই ক'দিনে।" কণাটা বলিয়া ইদার মুথের পানে ডাক্রার একবার চাহিলেন। ইদার মুথে ক্লব্জতা ও প্রাফুল্লতার একটা বেখা পড়িল, ডাক্রার তাহা স্পষ্ট লক্ষ্য করিলেন।

ছই-চারিজন তারিফ্ করিয়া কহিল, "বাঃ, বেশ ছেলেটি ত:। চমংকার বৃদ্ধি-শুদ্ধি।"

লাবার্গ্রাক্ত কহিল, "বাগানে ঐ বাদাম গাছটার ডালে একটা কি কল খাটানো দেখলুম, ওটা কি ?"

জ্যাক তাড়াতাড়ি বলিল, "ও, ওটা কাঠ-বিড়ালী ধরবার জন্ত।" লাবার্ত্তাক্র কহিল, "বটে! কে তৈরি করলে ওটা ?" "আমি।" বিজয়-উল্লাসে জ্যাকের চোপ জ্লিয়া উঠিল।

সকলে বলিরা উঠিল, "এঁগা, তুমি ? চমংকার হলেছে ত ! সাসা মাগা।"

দ্ধাবাস্ত্র কহিল, "ভাইত। ওকে তা হলে কল কারখানার কাজ শেখাও হে, কল-কারখানার কাজ শেখাও। কারিকুরীতে ওর বেশ মাগা খেলবে।"

ভাকার রিভাল উচ্চহাত্ত করিয়া উঠিলেন। তারপর মহলিস্ ভালিলে বারে বারে তিনি প্রস্থান করিলেন।

আজি স্থ কহিল, "ঠিক । আমিও আজ এক বছর ওর ভাবগতিক লক্ষ্য কছিলুম—পড়া-শোনায় নোটে ওকে বাধ্য করিনি। ভাবছিলুম, কোন্দিকে ওর ঝোঁক আছে, দেখি। তা, ঠিক বলেছ তুমি, লাবভোঁক্তি, কল-কজা তৈরি করায় মাথা ওর বেশ থেলবে বটে।"

তথন কারখানার মিন্ত্রীর উচ্ছল ভবিষ্যতের আলোচনার লাবা-ফ্রাক্রের দল অনেকথানি সময় ও কথা ব্যয় করিয়া ফেলিল। সমস্ত পৃথিবী যে আর পাঁচ-নাত বছরের মধ্যেই এই সকল মিন্ত্রীর অন্তর্গ্রের উপরই আপনার অস্তিত্ব ও উরতির জন্ম নির্ভর করিবে, ভাহারও স্কুলা দেখা দিয়াছে! খনি সমগ্র পৃথিবীর আর্থিক উরতি হয় ত যে উরতি সাহিত্য, বিজ্ঞান, কাব্য বা ধর্মের ছারা সম্পাদিত হইবে না, সে উরতির মূলে জানিয়ো, কাব্যানার মিন্ত্রী-সমূহের অস্তুত কৌণল ও অপুকা মতিক বল!

আজাত্ত কহিল, "আমি ওকে কারখানায় কাজ শিখতে পাঠাব বলেই ঠিক করেছি ত। তবে ভৌনন ভাল কারখানার সন্ধান পাচ্ছিনা, এইজন্তইনা পাঠানো হচ্ছেনা।"

লাবাস্ত্ৰিক্ কহিল, "তাহলে তেলেটির উন্তি আর দেখতে হয় না—এদিকে ওর বেশ প্রতিভা আছিছ।"

আর্নার্ড কহিল, "এই! প্রতিষ্ঠা আছে! প্রতিভা । কি সকলের এক রক্ষ হয় ? না, এক বিষয়ে থেলে ? কারও সাহিত্যে, কারও বিজ্ঞানে, কারও বা এই সবে প্রতিভাতুটে ওঠে।"

লাবাস্যান্ত কহিল, "তবে ওকে কারথানাতেই দাও। আমার জানা বেশ ভাল কারথানা আছে। বল যদিত আনি সন্ধান নিতেও পারি।"

"নেশ--" আজান্তি কহিল, "তুনি আজই সেধানে চিঠি লিখে দাও, সন্ধান নাও। আৰ দেৱা কৰা ঠিক নয়--- যত শীঘ্ৰ কাজে টোকা যায়, তত্তই লাভ!"

া শার্লং কহিল, "কিন্তু ওর শরীর তেমন মলবৃত নয়। একে ত ভারী রোগা ছেলে—তার উপর এই বয়দ। দেখানকার কট্ট ও সঞ্ করতে পারবে কেন ?"

হার্জ কহিল, "পুব সহ হবে! কেন ৷ ওর শরীর ত মনদ নয়!" আর্জান্ত কহিল, "ঐ ত মেয়েদের দোষ! ভারী অব্ঝ সব!
কিসে কার ভাল হবে, তা ব্রবে না—ছেলেদের কোলে বসিয়ে
বেবে দেবে শুধু—কাজের জন্ত ছেড়ে দেবে না! তোমার চেয়ে
ডাক্তার হার্জ্ শরীব-সম্বন্ধে চের বেশী বোঝেন, নিশ্চয়। তোমরা
শুধু মামুষের উরতির পথে বাবা দাও বই ত নয়!"

অপ্রতিভ হইয়া শার্লং শুধু জ্ঞাকের পানে চাহিয়া দেখিল!
এই বালক,—এত শুক প্রম, তাহার শরীরে সহিবে কেন ? তাহার
চোথে জল আসিল। কিন্তু কি করিবে, সে ? এতগুলা লোকের
তর্ক-জ্ঞালের সন্মুথে তাহার কাতর অঞ্জ টি কিবে কেন ? সে
অসহায়, নিতাস্তই অসহায়!

জ্যাক মার সকাতর নয়নের দৃষ্টি সহিতে না পারিয়া ধীরে ধীরে সেন্থান ত্যাগ করিল।

কি এক অজ্ঞাত বিপদের আশঙ্কার প্রাণ তাহার কাঁপিয়া উঠিয়াছিল। মনটাকে স্থৃত্বি কবিবার আশায় জ্ঞাক বিভালের বাড়ার দিকে ছটিল।

্রকাদশ পরিচেছদ 'এ জীবন নহেক স্বপন'

ইহার কর দিন পরে সহসা এক সন্ধায় কবি আদান্তির নিকট জ্যাকের ডাক পড়িল। সে আসিল। শার্লং তথন পাশে বিসিয়া একটা কাগজে কি লিখিতেছিল। আর্জাস্ত বলিল, "জ্যাক, ডোমায় অনেকবার আনি বলেছি, এ জীবন ধূলোধেলা নর। কবিও কি বলেছেন, জান, 'এ জীবন নহেক অপন্।' জীবনটা তথু সংগ্রাম, তথু যুদ্ধ! দেখছ ত আমাকে,— কি রকম যুদ্ধী কচিছ। কথনও একটু কাবু হয়েছি ? কখনও না। জয়ের সন্তাবনাও এবার দেখা দিয়েছে। এখন তোমার পালা। তুমি এখন আর ছেলেমাসুষ্টি নও—বড় হয়েছ।"

জাকের বয়স এখন বাবো বৎসর মাত্র। হতভাগ্য বালক !

আজান্ত বলিতে লাগিল, "এখন তুমি মান্ত্র হয়েছ। শুধুমাথার আর চেহারাতেই যে বেড়েছ, তা নর, তোমার ভিতরটাও বেড়েছে— এটা কাজে-কল্মেও তোমায় এখন দেখাতে হবে। এতদিন তোমার মনটাকে বাধানভাবে গড়ে ওঠবার কল্ম আমি ববেই আমি পড়াগুনার জল্ম একটুও ধরা-বাধা করিনি। কটিন মেনে চললে মান্ত্রের মন স্বাভাবিক ক্রি পায় না, কাজেই তার তেমন গড়ে ওঠবার অবকাশও ঘটে না, এ আমি জানি। ব্রতে পাছে, এইজন্মই শুধু তোমায় ছেড়ে দিয়েছিল্ম আমি—কোন কথা কইনি, তোমায় কোন বাধা দিইনি! এখন তুমি বেশ গড়ে উঠেই—ঠিক আমার মনের মত দাঁড়িয়েছ। ক্রাক্ষেত্রে টোকবার প্যেক্ষ এইটিই হছে, তোমার এখন উপ্যক্ত সময়।"

ডাক্তার হারজ্ও লাবার্গাল্ আসিয়া কক্ষে প্রবেশ করিল।
একথানা চিঠি বাহির করিয়া লাবান্তাল্ কহিল, "এই দেগ, আমার
সেই বন্ধু কদিক চিঠি লিখেছে—সে লিখেছে যে, জ্যাককে তার
কারখানায় কাজ শেখাবার জন্ম সে নিতে পারে, শুধু আমার
খাতিরে! ওরা কি বাইরের লোককে কাজ শেখাতে চায়, সহজে!
শুধু আমার খাতিরেই সে জ্যাককে নেবে, লিখেছে। কিন্তু এক স্থাহের
মধ্যেই জ্যাককে তাহলে জ্যাদ্রের যেতে হয়। সেখানেই তার প্রকাশ্ত
কারখানা কি না।"

জ্যাকের বুকটা ছাঁৎ করিয়া উঠিল। এ সকলের অর্থ কি ১ ভাহার

মনে পজিল, শৈশবে সে একবার দেখিয়াছিল, তাহারই পালিত কুত একটি মেষ-শিশুকে কশাইরা যথন কিনিয়া লইয়া যাইবার জন্ত আসিয়াছিল, তথন সেই অসহায় নেষ-শিশু আপনার মাতার পানে কি করণ দৃষ্টিতে চাহিয়াছিল—নিচ্ন কশাই কিন্তু সে দৃষ্টি গ্রাহ্ম না করিয়াই অকাতর চিত্তে মেষ ও শাবকের মধ্যে দারণ ব্যবধান ঘটাইয়া দিল। জ্যাকের মনে হইল, আজ তাহারও অবস্থা, সেই মেষ-শাবকেরই মত ৷ তেমনই অসহায়, সে তেমনই নিরুপায় !

মার বৃক হইতে ছিনাইয়া কোথায় ভাচাকে ইহারা লইয়া ঘাইবে ? জ্যাক মার দিকে চাহিল। শার্লং লেখা বন্ধ রাখিয়া কথন যে গিয়া জানালার ধারে দাড়াইয়াছিল, সে ভাহা লক্ষ্যও করে নাই! মার দৃষ্টিটুকু বাহিরের দিকে নিবদ্ধ,—যেন একান্ত আগ্রহে কি মহা-দর্শনীয় পদার্থই সে লক্ষ্য করিতেছে! জ্যাক বৃঝিল, এ চাহিয়া থাকার আর কোন অর্থ নাই, শুরু অন্তরের বিপুল বেদনাটাকে কোনমতে চাপিয়া রাখিবার জ্বাই এ একটা ছল! আহা, জগতে কেহ যদি আপনার জন থাকে ত সে মা, কোথাও যদি নিরাপদ স্থান থাকে ত সে মার কোল! সেই মার কাছ হইতে ইহারা তাহাকে কাড়িয়া লইবে ? সে কি আর ভাহা হইলে একদণ্ডও বাচিবে ? না, না, সে ঘাইবে না! কথনও না! ঘাইতে পারিবে না, সে!

আর্জান্ত কহিল, "গুন্ছ জ্যাক, তোমার বরাত ভাল, তাই কদিকদের কারখানার তুমি চুকতে পাছে! চার বছর পরে তুমি দেখবে, কি মন্ত পাকা কারিকরই তুমি হয়ে উঠেছ! কি মহান, উচ্চ পদ। এই দাসত্ব আর পরনির্ভরতার যুগে তুমি হবে স্থাধীন, আয়-বলেবলীয়ান এক মহিমাময় পুরুষ।" শেষ দিকটা বলিবার সময় আর্জান্ত বিবারত্বী আবেশে মুদিয়া আসিল।

কারিকর! কারথানা! এ দব কি কথা ? বাজের ছম্বারেও বুঝি বালক এতটা কাপিত না! পারিতে থাকিতে সে কত কারিকর দেখিয়াছে,—কালি-ঝুলি-মাপা সব কুংসিত লোক, তৈলসিক্ত ছিল্ল জামা গালে দিলা দল বাধিয়া পথে চলিগাছে, স্থা-জড়িত কর্কশ তাহাদের চীৎকারে চারিধার মুখনিত! কি মে কদর্য্য বীভংগ লোক সব! জ্যাক ভাহাদেরই মত সেই লক্ষীছাড়া কারিকর হইবে! কি ভয়ন্তর কথা।

লাবাক্তা ক্র কহিল, "সাত দিনের মধোট তাহলে সেথানে থেতে হবে। এর ভিতর সব গোছ গাছ কব, আমিই না হয় গিয়ে রেথে আসব। বলে-কয়ে আগতে হবে ত অমনি, যেন একটু বিশেষ যতু, করে শেখায়।"

বালক সভয়ে প্রশ্ন করিল, "আন্দায় যেতে তবে গ"

আর্জার্ড ক'ফল, "ইা! থেতে হবে বৈ কি! আর সাত দিনের
মধ্যেই!" জ্যাকের চোণের সন্মুখে সমস্ত আলো মুহুর্ত্তে নিবিয়া গোল।
আর এক দণ্ডও সে সেখানে দাড়াইল না—একেবারে ছুটিয়া ডাক্তার
রিভালের বাড়ী গিয়া উপস্থিত হইল।

রিভাল কহিলেন, "কি ? ব্যাপারথানা কি, জ্ঞাক ? এমন করে ছুটে আসছ বে ! খ্য়েছে কি ? হাঁপাচ্ছ যে তুমি। ইঃ, বসো, বসো। ছি, পড়ে যেতে যদি, তাহলে কি হত বল দেখি! এমন করেও ছোটে।"

কিয়ৎক্ষণ বিশ্রাম করিয়া দম লইয়া জ্ঞাক রিভালের নিকট সমস্ত কথা পুলিয়া বলিল। আজিস্তিব উপদেশ, লাবাস্তান্ত্রের অনুগ্রহ, কোন কথাই যে গোপন রাখিলনা।

শুনিরা রিভাল কহিলেন, "কারিকর হবে তুমি! ওরা ভোমার কারখানার পাঠাবে? এই বুঝি শেষ মতলব করেছে! সেদিন একটা কথা শুনেছিলুম বটে,—আমি ভেবেছিলুম, তামাসা! ভোমার সমস্ত ভবিষাৎটাকে এমনভাবে ওরা মাটি করে দেবে,—ক'জনে মিলে ? এঁয়া ? না, কখনও না! জামি তা হতে দেব না। এখনই গিয়ে এ বিষয়ে আমি কথা কচ্ছি, জ্যাক! কারিকর হবে তুমি ? কারুঝানার ছোটলোক কারিকর! এই চেহারা, এই বৃদ্ধি নিয়ে ? না, না, কখনও ভাহবে না।"

ডাকার আর মুহূর্ত বিলম্ব না করিয়া আরাম-কুঞ্জে ছুটিলেন।
পথে ডাক্তারের পতির ক্ষিপ্রতা দেখিয়া পথিকের দল ভাবিল,
কাহারও বৃদ্ধি কোন কঠিন পীড়ার কথা শুনিয়া ডাক্তার ছুটয়া
দেখিতে চলিয়াছেন, তাই এখন আর কোন দিকে চাহিয়া দেখিবারও
ভাহার অবসর নাই!

রিভাল আসিয়া যথন আজাস্তার ককে উপস্থিত হইলেন, তথনও কবি-সভার মজলিস ভাসে নাই।

রিভাল] কহিলেন, "ম্যাসিলো আর্জান্ত", একটা কথা আমি জানতে চাই---"

আর্জাস্ত কহিল, "বসো, বসো, ডাক্তার, ইাপাচ্ছ যে একেবারে ! একট চা থাবে ? আর্শা, চা—"

"না, না, চা নয়। কিছু থাব না। পেতে আধিনি আমি। শোন, তোমরা না কি ঐ ছধের ছেলেটাকে কারথানায় ছোটলোকগুলোর সঙ্গে ইতর কাজ শেথাবার জভ পাঠাছে ? ভদ্রলোকের ছেলের যোগ্য কি সে সব কাজ, না, সে সব স্থান ? যত কুংসিত সঙ্গ, লক্ষীছাড়া কাজ। ছি, ছি, এমন চমংকার বৃদ্ধি-শুদ্ধি ওর, সে সব এমন করেই কি নষ্ট করে দিতে হয় ?"

আর্জান্ত কহিল, "কেন, এমন কিছু অভদ্র কাজ ত নয়। এঁরা সব জানেন—"

"জানেন ? কিছু জানেন না—নয় জেনেও গোপন করছেন।"

ডাক্তাবের স্ববে যেন আগুন জলিতেছিল। চট্ করিয়া কেই উত্তর দিতে পারিল না। শার্লং তথন কথা কহিল; দে কহিল, "কিম্ব আর্জান্ত, আদল কথা হচ্ছে কি—ক্যাক—"

"শার্লং!" আজাস্তার স্বরের তারতায় ইদা চুপ করিয়া গেল। আজাস্তা কভিল, "বল ডাক্তার, কি বলবে তুমি, বল।"

রিভাল কহিলেন, "জ্যাক আমায় বল্ছিল, ভোমরা ওকে না কি কারখানায় পাঠাতে চাও,—কারিকর হতে ৷ যত কামাবের কাজ, ছোট লোকের কাজ, এই সব শেখাবার জ্ঞা ! এ কথা কি সতা !"

"ۇ | "

"সতা! কি বলছ, আজিহিঁ! এব বংশ, ওর শিক্ষা, এ সব কি ভকে কামারের কাজের যোগা কাবে গড়েছে ৷ এনন বৃদ্ধি— আবিও বিশেষ ওর সাহা! ওব শরীবে এ-সব সহা হবে কেন ৮"

ডাক্তার হার্জ কহিল, "কেন, শরীব ত ওর বেশ শক্ত।"

বিভাল তাজার কথার কোন উত্তর দিলেন না, শুধু একটা আবজ্ঞার দৃষ্টি নিক্ষেপ কনিলেন মাত্র। পরে ইদার দিকে চাহিয়া তিনি কহিলেন, "তুমি শোন, তুমি মা হচ্চ, তোমাকে বলি। তোমার ছেলের শরীর তেমন মঞ্জুত নয়। দেখানে বড় কটা। দে কট ওর সহা হবে না। ও মারা যাবে — এ আমি বলে রাগছি! শরীরের কট যদি ছেড়েও দি, তার পর মন। মনের কট— ভদ্দরলোকের ছেলে, সেই সব ছোট লোকের সঙ্গে বেড়াতে হবে, তাদের দলে মিশে কাজ করতে হবে— এতে ওর মন একেবারে ভেঙ্গে যাবে। তা ছাড়া সেই সংসর্গ থেকে, তুমি মা, তোমার এ জ্যাককে আর ফিনে পাবে না। এ নিশ্চয় জেনো। কিছু দিন তাদের সঙ্গে বাস করলেই জ্যাক যা হবে, তা দেখে, তুমি ত মা হচ্ছ, লজ্জায়, য়ুণায়, তুমিও জামার ছেলের দিকে চাইতে পারবে না। শক্ত হাত, কালো কর্ত্দশ

্চহারা, মুখের কথা নিতান্ত অভন্ত, মনের গতি কদর্য্য, নীচ, এ সব নিয়ে তার মার কাছে এসেও সে মুখ তুলে দ্ভোতে পার্বে না।"

আজান্ত কোৰে জুলিতেছিল। সে কহিল, "ডাজার, এ সব জনধিকার-চটা করবার ডোমার কোন দরকার দেখিনা, আমি। আমার যা খুনী, আমি তাই করব। আমার বাড়াতে আমিই করা। আর কারও কর্তামি এখানে আমি মহা করব না, তার প্রশ্নের এনা। তোমার প্রামশ ত আমি চাইতে বাইনি, তবে তোমার এ মাথা-বাথা কেন ?"

বিভাল তীব্র ধরে কহিলেন, "ভোমার আমি কোন কথা বলতে আসিনি, আজান্ত ! জ্যাক তোমার কে ? কেউ নয়! তার ভাল মন্দে তোমার কি এসে-বায়? কিছু না! আমি তার মাকে বোঝাতে এসেছি, জ্যাকের মাকে। তাকে শুনু সাবধান করে দিছিত যে, রাক্ষসনের মতে সায় দিয়ে ছেলেটাকে যেন জবাই না করে! সে মা, মাকে আমি তার ছেলে হারাতে দেব না—ভাই তার কাছে এ কথা আমি বলতে এসেছি, তোমাকে নয়। তুমি চুপ করে থাকো।"

আজান্ত কহিল, "নটে! এতদ্ব স্পদ্ধি! আনার বাড়ীতে এসে আমারটাদকে চেয়ে তুমি চোধ রাঙাও! ডাক্তার, এ সব আমি সহ করব না। এখনই এই দণ্ডে তুমি আমার বাড়ী থেকে চলে যাও। যাও।"

"চলে বাব ? তাই যাব, আজাস্ত-নাহেব, এখানে আমি থাকতে আসিনি।" ডাক্তার ধির দৃষ্টিতে একবার আজাস্ত্র পানে চাহিলেন, পরে আত্মসম্বরণ করিয়া বলিলেন, "চলেই বাচ্ছি—তবে যাবার আগে জ্যাকের মাকে আর একবার আমি বলে বাই,—সাববান, মা, এমনভাবে ছেলেটার সর্বানাশ করোনা, করোনা। ওর এমন বৃদ্ধি, এই বয়স, এমন করে তার সমস্ত জীবনটাকে নাই করে দিয়ো না।" রিভাল গন্ধীরভাবে চলিয়া গোলেন।

কিন্তু কোনই ফল হইল না। জিনিব-পত্র গুছানো চলিতে লাগিল। জ্যাককে যাইতেই হইবে। যে দিন তাহার যাইবার দিন স্থির হইল, তাহার পূর্বে সন্ধায় জ্যাক আসিয়া মাকে জড়াইয়া ধরিল, করুণ স্থরে কহিল, "মা, আমি কারখানায় যাব না, যাব না, মা। কারিকর হতে পারব না, জামি। আমায় এমন করে তাড়িয়ে দিয়ো না, মা। আমি তোমাদের থেতেও চাই না, পরতেও চাই না—গুরু একটি কোণে পড়ে থাকব। তাতেও কি জ্যোনরা—" জ্যাকের স্বর রুদ্ধ হইয়া আসিল; সে আর কিছু ধলিতে পারিল না।

"জ্যাক—" ইদার ধর কাঁপিয়া ভাঙ্গিয়া গেল—আর কোন কথা বাহির হইল না।

"মা—" বলিয়া জ্যাক কাঁদিয়া ফেবিল।

ইদা কহিল, "শোন, জ্যাক। ছি,—কথার অবাধা হয়ে না, বাবা। আমি কি সাধ করে তোমায় সেগানে পাঠাছিছে ? তুমি মাহুব না হলে আমার যে এক স্পু সোয়ান্তি নেই, জ্যাক। কেন, কারিকরের কাজ মন্দ কি ?"

"তবে তুমিও আমাকে এখান থেকে তাড়িয়ে দিতে চাও, মা 🚧

'ও কি কথা, জাক ? বালাই। আনি তোমার তাড়িয়ে দেব।
কেন ? তা কি সন্তব। আনি না তোমার মা ? তুনি কাজ শিথে
মান্তব হও, তোমারই ভাল হবে। তুনি জান না, জাক,—এখনও সব
কথা জানবার তোমার সময় হয়নি—তুনি ছেলেমান্তব। এর পর এক
দিন সব ব্রুতে পারবে তুনি। কি ছঃপে তোমার পাঠাচিছ, তথন
ব্রুতে। তোমার জন্ম-কথা সে এক গুড় রহস্তে ঢাকা। বজ্
হলে সব জান্তে পারবে। আমার বে কি ছঃথ, সে দিন তা ছুনি
ব্রুতে। কেন তোমার প্রাণধ্বে যে আমার কাছ থেকে দ্রে পাঠিছে,
দিছিছ,—আমার প্রাণধিব বক্ম কাদছে—সেই দিন তুনি জান্তে পারবে,

জ্যাক! আৰু আর কিছু বলব না, ব্যবেও না তুমি। তবে শুধু
এইটুকু জেনে রেখাে যে, ষত দিন না তুমি মাহুষ হতে পারছ,
বতদিন না তুমি আপনার পাছে ভর দিয়ে দাড়াতে পারছ—ততদিন
আমার এ কট কিছুতে যাবে না! আমার স্থের জন্ত কি এ
কটটুকু তুমি সন্থ করবে না, জ্যাক ? তুমি মাহুষ হলেই আমার
সব হঃথ ঘুচে যাবে। কারখানায় গেলে চার বছরেই তুমি মাহুষ
হতে পারবে, কিন্তু লেখা-পড়া শিথে মাহুষ হতে সে অনেক দেরা।
এই চার বছর আমার মুখ চেয়ে—তোমার মার হঃথ ঘোচাবে, শুধু
এই ভেবে তুমি কাটিয়ে দিতে পারবে না ?" ইদার চোথে জল আসিল।

জ্যাক মার বৃকে মুখ রাখিয়া বলিল, "না মা, কেনো না, ভূমি। কেনো না, মা। তোমার কট যাবে ? কিন্তু বল মা, এর পর আমায় দেখে ভূমি ঘুণা করবে না—এমনই আদর করেই আমায় বৃকে টেনে নেবে ? বল—এমনই ভাশবাসবে ?"

"জ্যাক—জ্যাক—-তোকৈ আমি ভালবাদন না! এ তুই কি নলছিস ৄ তুই ছাড়া পৃথিবীতে আমান আন কে আছে, জ্যাক ৮়" ইদা জ্যাককে তুই হাতে বুকের মধ্যে চাপিল ধরিল!

অবশেষে যাইবার দিন আসিল। মাইবার পূর্বে জাকে রিভালের সহিত একবার দেখা করিতে গেল। এ কয় দিন সে দিকে সে মোটেই পাদেয় নাই। মা বারণ করিয়া দিয়াছিল। জ্যাকও নার নিষেধ অনান্ত করে নাই!

कारिक विनन, "नानामभाग, व्यामि गाफि !"

রিভাল কহিলেন, "বাচ্ছ, দাদা—ওরা গুনলে না ? কিছুতে গুনলে না ! তোমাকে ধেতেই হল ! কি করবে, বল, দাদা ? তবে এস, ভাই । কিন্তু একটা জিনিস তোমায় আমি দিচ্ছি—দেটী বত্নে বেশে ! ভোমার পড়বার জক্ত এক বান্ধ বই আমি বেছে রেখেছি, জাক ! জেনে। ্রমন বন্ধ জগতে আব কেউ নেই! এমন স্থুথ কেউ দিতে পারে মা।

তিঃথে-পোকে এই বইয়ের মধ্য থেকে ভূমি আশ্চর্য সাস্থনা পাবে।

কে সাস্থনা নাল্ধকে নাল্য দিতে পাবে না, জ্যাক! এই বইগুলিকে যদ্ধে

বেপো, পড়ো। সেথানকার নাচ লোকগুলোর সঙ্গে মিশো না—তাদের

সব কুংসিত আমোদ-আহলাদেও কগনও বোগ দিয়ো না। যেটুকু অবসর
পাবে, ভাতে বহওলি পড়ো। যদি সব ব্রুতে না পারো, ক্ষতি নেই

— তবু পড়ো। পড়তে পড়তে এক দিন সব ব্রুতে পারবে, জ্যাক!

কেমন, বল, পড়বে ১°

"পড়ব, দাদামশায়।"

"ঐ যে বারা—একেবারে ভরা আছে। এই নাও চাবি। এগুলি ভূমি সঙ্গে নিয়ে যাও। আনি লোক দিয়ে বারুটা ভোনাদের বাড়ী পাঠিয়ে দিছিছে। ইা, সেসিলের সঙ্গে যাবার আগে ভোনার একবার দেখা হল না। ভাই ভা সে ভাব দিদিনার সঙ্গে পাহাড় দেখতে গেছে, ভা আনি ভাকে সব বলব'খন।

"তবে আসি, দাদানশায়। সেদিলকে বলো, দেখা হল না বলে সে যেন বাগ না করে।"

সাগ্রহে বিভাল বালককে আলিম্বন করিলেন। বৃদ্ধের অস্তরের মধ্যে বেদনা-সিন্ধু উথলিয়া উঠিয়াছিল। এ নিচুর দারুল বিচ্ছেদ-ছঃপে বৃক তাহার তোলপাড় করিতেছিল। জ্যাকের ললাটে চুম্বন করিয়া বিভাল কহিলেন, "তা হলে এসো, দাদা।"

জ্যাক চলিয়া গেল। আবাম-কুঞ্জের সমূপে তথন গাড়ী আসিয়া দীড়াইয়াছে। জিনিস-পত্র বোঝাই হইতেছে। জ্যাক মার কাছে গেল। ইদা জ্যাককে বুকের মধ্যে চাপিগাধরিল। এমন সময় বাহির হইতে ভাক পড়িল, "এসো, জ্যাক। দেবী কিসের ?"

বাহিরে গাড়ীর নিকট লাবাভাঁ জে দাঁড়াইয়াছিল। জ্ঞাক বাহিরে

আসিল। ইনা লাবাস্থাক্ত কহিল, "তাদের বলে দেবেন, জ্যাককে যেন তারা পুর যত্ন করে। নেহাৎ ছেলেমানুষ ও, কিছুই বোঝে না।"

"নিশ্চয়, নিশ্চয়! সে কথা আবার বলে দিতে হবে, আনাকে?"
"জ্যাক—"

"-ig"

শার্ল থে কোনমতে আর উছলিত অফ চাপিয়া রাখিতে পারিল না। জ্যাকের চোথে এক ক্লিও অফ ছিল না—আপনাকে সে কঠিন নৃত্ করিয়া ফেলিয়াছিল। মার তঃপ বুচাইতে চলিয়াছে সে, ইহাতে কি গৌরব, কি স্থা কাঁদিবে কেন ? এ বিচ্ছেদ-কষ্ট ত ক্ষণিকেব। তারপর ? সে মানুষ হইয়া ফিরিলে মার যে আর কোন কন্ট থাকিবে না! ইহাতে কি তাহার ক্রন্দন শোভা পায়। জ্যাকের মনে একটা গর্ক হইতেছিল—মার জন্ত সে আজ আপনাকে বলি দিতে চলিয়াছে। শন্ত সে। সার্থক তাহার জীবন।

গাড়া ছাড়িয়া দিল। ইনা কহিল, "প্রাক, চিঠি নিখো, আমাকে।"
মোড় বাঁকিয়া গাড়ী যথন অন্ত পথে পড়িল, তথন জ্যাক পিছনে ফিরিয়া নেখিল, দূরে ঐ লতা-গুথোর অস্তরালে তাহাদের বাটার জানালার পার্থে দাঁড়াইয়া, এক নারী। জ্যাক নিনেষে তাহাকে চিনিল—বে তাহার মা, ইনা।

দ্বিতীয় অধ্যায়

প্রথম পরিচেছদ

थाए

অদ্বে কল-কারথানার গগনম্পশী চূড়া দেখিয়া উচ্ছাসভবে এই ৰাছ বিস্তার করিয়া দিয়া লাবাস্টাইন জ্যাককে ডাকিয়া কহিল, "দেখ জ্যাক—চারিধার কি চমংকার দেখাচেছ।"

উভয়ে তথন নৌকারোহণে লক্ষার নদী পার হইতেছিল। লাবাস্যাক্রের স্বরে কৃত্রিমতা থাকিলেও সন্মুপেই আ্যাক্রের কল-কারথানা একটা অফুট কলরবের সঞ্চিত জ্যাকের চক্ষে এক অপরূপ নুতন জগৎ ফুটাইয়া তুলিল।

বেলা পড়িয়া আসিয়াছে। স্থা পশ্চিম আকাশে হেলিয়া পড়িতেছিল—তাহারই ক্ষাণ রশি তরল রক্ত-ধারার মত নদী-বক্ষে ঝুরিয়া পড়িয়াছে। বাছুতে একটা কম্পন লাগিয়াছিল। সেই কম্পিত বায়ুত্রক্ষের অন্তরালে সন্মুখস্থ নগরীটিকে কুইেলিকাচ্ছন্ন মায়াপুরীর মতই মনে হইতেছিল।

নদী-বক্ষে অসংখ্য ষ্টামার, নৌকা। কোন ষ্টামার ময়দার বস্তা বহিয়া ছুটিয়া চলিয়াছে—তীরের নিকট জেটিতে বাধা কোন ষ্টামারে লবণ বোঝাই হইতেছে, পুরুষ ও রমণী কুলিদিগের বিচিত্র পোষাকে লবণের টুকরা লাগিয়াছে, তাহাতে বৌদ্র-কিরণ পড়ায় সেগুলা চুমকির মত ঝিকঝিক করিতেছে। বাশা বাজাইয়া জ্যাকের নৌকার পাশ দিয়া কত ষ্টামার চলিয়া গেল। চারিধারেই একটা ব্যস্তভার সাড়া। জ্যাক কহিল, "আর কতনূর—আঁচন্ডে ?" "এট ত আঁচনে।"

নৌকা তীরের দিকে স্মগ্রসর হইতেছিল। অসপপ্ত তীর স্পষ্টতর গ্রহার উঠিতেছিল। জ্যাক দেখিল, সমুথে বড় বড় বাড়ী, তাহাতে চিমনির সারি। চিমনিগুলা হইতে কয়লার ধুম নির্গত হইয়া সারা আকাশটাকে কালো করিয়া তুলিয়াছে। লোহা-পেটার শব্দ, কলের ঘড়-ঘড়ানি, লোকের চীৎকার, ষ্টামারের বাশি, সমস্ত মিলিয়া একটা বিরাট কোলাহল বাধাইয়া দিয়াছে।

ক্রমে নৌকা আসিয়া তীরে লাগিল। ঘাটে একজন লোক দাড়াইয়া ছিল। তাহাকে লক্ষ্য করিয়া লাবাস্যাক্র চীৎকার করিয়া উঠিল, "আরে, রুদিক যে!"

"এই যে, লাবাস্গাক্ এসেছ।"

লাবাস্যাক্ত রুদিক, ছই ভাই। ছইজনের মুখে অনেকটা সাদৃখ্য থাকিলেও, রুদিকের দেহ পরুষ ও বলিষ্ঠ, লাবাস্যাক্ত স্থ্রী না হইলেও তাহার অবয়ব কতকটা কোমল ধরণের।

লাবাস্টাক্ত কহিল, "ৰাড়ীর থপর কি ? ক্লারিল, জেনেদ্, স্ব ভাল আছে ত !"

"সবাই ভাল আছে। এটি বৃঝি সেই ছোকরা—কাজ শিখতে এসেছে পু এর শরীর তেমন শক্তনয় ত !"

"কে বললে, নয়! দেখতে এমন বোগা হলে কি হয়— পারির ডাক্তাররা অবধি বলেছে, শরীর ওর ভারী মদ্ধবৃত্য

"তা হলেই ভাল! নইলে আমানের যে-রকম কাজ-কর্ম—তাতে শরীর বেশ মজবুত না হলেচলেই নামোটে! এস এখন। তোমার নাম কি, বাবা ?"

জ্যাক কহিল, "আমার নাম জ্যাক।"

শিক্ষ্যক ! বাং, বেশ নাম ! এস জ্যাক, এস লাবাস গান্ত , এথনই কারশানায় গিয়ে ন্যানেজারের সঙ্গে দেখা করে নি, ভারপর বাড়ী যাওয়া যাবে। পথেই ন্যানেজারের আপিস।"

সকলে কারখানার দিকে চলিল। ছই ধারে ছোট-বড়-মাঝারি,
নানা আকারের গাছ—তাহারই মধ্য দিয়া সক পথ। ছই ধারে
কারখানা-বাড়ার বিভিন্ন ঘর, মাঝে মাঝে দ্রে-অদ্রে কোথাও
ভানালার জামা শুক।ইতেছে, কোখাও বা শিশুর ক্রন্দন, মাতার
ঘুন্পাড়ানি গান শুনা ঘাইতেছে। এইওলা না থাকিলে জ্যাকের
মনে হইত, এ যেন এক পরিত্যক্ত জন-মানব-হীন গ্রামপ্রাস্তে সে আসিয়া
পড়িয়াছে। পথে তথন একটাও শ্লেক চলিতেছিল না।

লাবাসঁটান্ড টীংকার কবিয়া উষ্ট্রিল, "ঐ বে নিশেন নামানে: রয়েছে। ওঃ, আগে এই নামানো নিশেন দেখলে কি ভয়ই না হত।"

জ্যাককে তথন নিশান নামাইয়া রাখার অর্থ ব্রাইয়া দেওরা হইল। কারথানা খুলিবার পর পাচ নিনিট অধি নিশান তোলা থাকে, তারপর নামাইয়া দেওয়াহর! নিশান নামানো হইলে তার কোন কারিকরকে কারথানার মধ্যে প্রথেশ করিতে দেওয়া হয় না। কারিকরদের বিলম্ব হইলেই বিপদ—-প্রথম অপরাধে সেদিনকার হাজিরা লওয়া হয় না, পরে আর এই-একবার কার্থানায় আসিতে বিলম্ব ঘটিলে তাহাকে একেবারেই ছাড়াইয়া দেওয়াহয়।

সকলে ইতিমধ্যে কারথানার দ্বাবে জাসিয়া পৌছিয়াছিল। ফটকের
মধ্যে প্রবেশ করিয়া জ্যাক দেখিল, এ বেন লোহ-নির্মিত এক বিরাট
নগর! কত লোক কাজ করিতেছে। বড় বড় লোহার গমুজ পড়িয়া
রহিয়াছে—কোথাও একটা এঞ্জিনের চারি ধারে বসিয়া অসংখ্যা
কারিকর এঞ্জিনের অতিকায় দেহে ছোট বড় পেরেক আঁটিভেছে।

মৃত্যুর দুত অসংখ্য পুরাতন মরিচা-ধ্রা কামানের সারি মেরামতের জন্ম পড়িয়া রহিয়াছে।

এই সকল দেখিয়া জ্যাক কেমন স্তস্তিত হইয়া গেল। কি এ
বিরাট বাপোর! অমান্থবিক কাও! এ যেন গল্ল-শ্রুত সেই কোন্ দৈতা
মহা-সমাবোচে নরমেধ-যজ্ঞ-সাধনের জন্তা লৌহ কটাহ ও অন্তান্ত যন্ত্রাদি
নির্মাণে অসংখ্য কারিকর নিযুক্ত করিয়া দিয়াছে! জ্যাক দেখিল,
একপাশে একটা প্রকাণ্ড অন্ধকার ঘর—ভিতরে মধ্যে মধ্যে আভান
জলিয়া উঠিতেছে,—যেন দৈতাের ক্ষ্যাত্র লোল রসনা আহার
মাগিতেছে! আর সেই ঘরের মধ্যে কতকভলা ছোট ছোট দৈতাে
কি এক মহা ষড়যন্ত্রে বুঁকিয়া পড়িয়াছে। রুদিক কহিল, "এই
ঘরে লোহা পেটা হচ্ছে।"

অবশেষে একটা ঘরের সন্মৃথে আসিয়া রুদিক কঙিল, "এইটে হল, ম্যানেজারের ঘর। এস, যাওয়া যাক—"পরে লাবাসঁটাক্রের দিকে চাহিয়া কছিল, "তুমিও আসছ ত ?"

"আমি! আছো, চল—একবার বুড়োর সঙ্গে দেখা করা যাক। সে ত আমায় বলেছিল, আমার দারা কারখানার কাজ-কন্ম চলবেই না! এখন শুধু গান গেগেই আমার অবস্থা কেমন হয়েছে, ভাকে একবার দেখিয়ে ভারিকটা আদায় করতে দোষ কি!" গর্মের লাবাস্যান্তের চোব ছইটা ছলিয়া উঠিল।

তিন জনে ম্যানেজাবের সমুপে আসিয়া দাঁড়াইল। ম্যানেজার কহিল, "কে – কদিক। খবর কি ?"

কৃদ্কি কহিল, "আজে, সেই ছেলেটিকে এনেছি – এখানে সে কাজ শিখতে চায়।"

"বটে!" বলিয়া ম্যানেঞার জ্যাকের দিকে একবার চাহিয়া দেখিল, পরে কহিল, "এর শরীর ত তেমন মজবুত নয়, দেখছি। এদ। কি, তুমি কারখানায় কাজ শিথবে? বেশ।"

কদিক কহিল, "না—ও বেশ শক্ত আছে;" লাবাস্যাক্ত্ কহিল, "বেশ শক্ত !"

শানেজার তাহার দিকে ফিরিয়া কহিল, "এই যে, তোমায় চিনি চিনি বোধ হচে৯ যেন!"

লাবাদ্যাক্ মাথা তুলিয়া দাঁড়াইল, ভাবিল, এবার দে পরিচয় দিবে। ছয় বংদর পূর্বে অযোগা বলিয়া এথান হইতে যাহাকে বিদায় করিয়া দিয়াছিলে, এই ছয় বংদরে শুধু গান গাহিয়া দেকেমন প্রভূত যশের অধিকারী হইয়া দাড়াইয়াছে,—প্রতিভা তাহার কেমন বিকাশ লাভ করিয়াছে, একবাছ চাহিয়া দেব। কিন্তু মানেজার তাহার প্রতি মার লক্ষাই করিল না। লাবাফাঁকেরে রাগ হইল। এ কি

ম্যানেজার কণিককে কহিল, "তোমার ছাত্রকে তাহলে আজ তুমি নিম্নে যাও, কণিক! তোমার ছাতেই ওর ভবিষাৎ নির্ভর করছে, জেনো। ওকে মামুষ করে তোল। বেশ ছেলেটি!"

তারপর তিনজনে গমনোওত হইলে ম্যানেজার ক্দিককে আহ্বান করিল। তথন নিভূতে হুইজনে কি কথা বার্তা হইল। পরে ক্দিক বাহিরে আদিলে লাবাস্যান্ত কহিল, "কি বললে, ম্যানেজার ? স্থামার স্থানে কোন কথা হল না কি ? যাই বল, লোকটার কিন্তু ভারী অহঙ্কার হয়েছে!"

কদিক কহিল, "না, না, তোমার কথা কিছুই হয়নি। ও আমাদের চার্লির কথা হচ্ছিল। স্বাইকে সে ভারী কট্ট দিছে কি না!" চার্লি ক্ষিকের প্ডতুতা ভাই, বয়সে ক্ষদিকের চেয়ে অনেক ছোট।

सार्वागां अल् कहिन, "ठानि कहे बिटाइ ! किन, बालाब कि !"

"ব্যাপার গুরুতর। খুড়িমা মারা যাবার পর থেকে দে একেবারে উচ্ছন্ন গেছে। জুরাথেলে, মদ থেয়ে বিস্তব দেনা করেছে। ডিজা-ইনের কাজ ও বেশ জানে। তু পয়সা তাতে বেশ পায়ও। ডিজাইনের কাজে এ সহরে ওর তুলালোক আর একটিও পাবে না, তুমি! তা ত্ব পরসা আনলে কি হবে — যা পায়, সবই নেশায় জুয়ায় ফুঁকে দেয়। তাকে শোধরাবার জন্ত ম্যানেজার, তবে গে, স্মামি, আমার স্ত্রী, আমরা কি কম চেষ্টা করছি। ও শুধু কাদে, আর বলে. আর কোন রকম বদুখেয়ালি কর্বে না—তার পর যেমন আবার মাইনেটি পাওয়া, অমনি যে-কে সেই! ওর বিত্তর দেনা আমি শোধ করে দিয়েছি! কিন্তু কাঁহাতক আর পেরে উঠি. বল ? আমার আবার মেয়ে জেনেদ্টা রয়েছে, বড় হয়েছে সে—তার বিয়ের জোগাড় দেখতে হবে,— তাতেও বেশ মোটা বকম খরচ আছে ত! এক সময় আমি ভেবেছিলুম, চার্লির সঙ্গেট ওর বিয়ে দেব, কিন্তু এখন বৃঝ্ছি, চার্লিকে দেওয়া যা, মেয়েটার হাত-পা বেধে তাকে জলে কেলে দেওয়াও তাই। তা ত দিতে পারিনে। তাই আমরা স্থির করেছি---(कानवकरम এ (में। (थरक এই वह मन्नी छरनात काह (थरक छरक यहि একবার দূরে পাঠাতে পারি ত, ওর শোধরাবার কিছু আশা হয়। তাই ম্যানেজার আমায় তেকে বলছিলেন যে, নেভারে ওর জন্ম একটা ভাল কাজের তিনি জোগাড় করেছেন -উপার্জনও এথানকার চেয়ে চের বেশী হবে। জামরা ত নাচার, এখন ভূমিও একবার ওকে বুঝিলো দেখি—তোমার কথা ভনলেও হয় ত শুনতে পারে !"

লাবাস্টাক্র সগরের উত্তর দিল, "নিশ্চয়, বোঝাব বৈ কি! ভার জন্ম ভাবনা নেই!"

সকলে নিলিয়া রুদিকের গৃছের দিকে চলিল। পথে বিস্তর লোকের সহিত সাক্ষাং হইল। লাবাস্যাক্সের প্রাতন সঙ্গীর দল পৰিচয় পাইয়া অক্লান্ত কৌতৃহল ও আগ্রহ লইয়া তাহাৰ পানে চাহিয়া দেখিতেছিল —সে ইহাদেবই একজন ছিল! এখান হইতে ছিটকাইয়া গিয়া ভধু প্রতিভাব জোবে কেমন দে আজ অবস্থা ফিবাইয়া ফেলিয়াছে। আৰু ভাহাবা—স

হায়, বেচারা কারিকরের দল! তাহারা জানে না, লাবাস্টাক্তের বরূপ মূল্য কি! তাহার অবস্থা যে এই কারিকরগুলার অবস্থার চেয়ে একটও ভাল নহে, বরং বাক্ গে কণা! কারিকরদের অন্তঃভাল নাই —কিন্তু লাবাস্টাক্তের ভাষা বিলক্ষণই আছে! তাহার এই পরিচ্ছর কায়েমী পরিচ্ছদের মধ্যেও কি ভীষণ দৈন্ত বি-বি ক্রিভেছে, লাবাস্টাক্তের সৌভাগ্য, তাহা লক্ষ্য ক্রিতে কারিকরগুলার তেমন দিবা দৃষ্টি ছিল না!

লাবাসঁ যাক্ত ও জ্যাককে আনিয়া কৰিক আপনাৰ গৃহ-সংলগ্ন ছোট বাগানটিতে বসাইল। বাগানটি ছোট ছইলেও পৰিচছন। তথায় এক ধাৰে একটি টেবিল ও ভাহাৰ চাৰি পাৰ্যে কয়েকথানা চেয়ার। একথানা চেয়ার ধৰিয়া এক স্থানী তকণী দাড়াইয়া ছিল। কদিক কহিল, "ঐ আমাৰ স্ত্ৰী কাৰিদ্।"

পথেই কণিক লাবাসঁগান্ত্কে বলিগছিল, ভাহার প্রথমা পত্নী জেনেদের মাভার মৃত্যু হইলে ক্লানিস্কে সে আধার বিবাহ করিয়াছে।

ক্লারিদ্ স্থালরী। তাহার মূথে এমন একটি কমনীয়তা মাথা রহিয়াছে, ধাহা এই কম্ম ও দৈত-পীজিত পল্লী-সমাজে একান্ত বিরল। জ্যাকের মনে হইল, এই নিরানন্দময় বীভৎস দৈত্য-পুরীটার মধ্যে হারিদ্ বেন কাহিনী-বর্ণিতা, দৈত্য-গৃহে বন্দিনী সেই রূপসী পরী-কঞ্চা! নাকাশে সন্ধ্যা-সমাগমে এই যে দিব্য আলো কুটিয়া উঠিয়াছে—সে যেন গ্ই পরী-কন্তারই রূপচ্ছুটা! বৃক্ষ-পত্র হুলাইয়া এই যে মিগ্ধ ধীর সমীর বহিয়া চলিয়াছে, সে যেন এই রূপনী প্রী-ক্লারই শাস্ত মৃহ্ নিখাস ! ক্দিক কহিল, "ক্লারিসকে দেখতে পাসা, নয় ?"

"চমংকার—তোমার স্থী-ভাগাটা এবার ভাল হয়েছে, দেখছি।" স্থার সহিত জদিক সকলের পরিচয় করাইয়া দিলে যথারীতি অভার্থনাদি হইল। পরে লাবাস্যাক্ গান ধরিল, "ওগো, পৃত-শান্তিভরা চাক নিবাস—"

সঙ্গীত থানিধার পূর্বেট কে কহিল, "এট যে দাদা—ভূমি কথন এলে।" সে চার্লি।

পরে চার্লি ও লাবাস্যান্ত্রের নানা বিষয়ে কথাবাক্তা স্থক হইল। কারিস্ আসিয়া জ্ঞাককে কোলের কাছে টানিয়া কহিল, "তোমার নাম কি ?" "জ্ঞাক।"

কদিক কহিল, "জেনেদ্—জেনেদ্ কোপায় ? জান, লাবাসঁগাজ ্' জেনেদ্ এক দলীর দোকানে কাজ কংছে! জামা, ফ্রক, এ সব সে এমন থাশা তৈরি করতে শিথেছে, আর পারেও বেশ—মাহিনাও মন্দ পাছেহ না!"

মৃত্ হাসিয়া লাবাজাঁক্ত কঙিল, "বটে, কোণায় সে ?" কাৰিস্ কহিল, "ঐ যে, সে আসতে !"

ক্লারিসের কথা শেষ হইবার সঙ্গে-সঙ্গেই উত্থান-মধ্যে এক নারী-মুর্ত্তি দেখা দিল। এই নারী, জেনেদ্।

জেনেদের শরীরণানি কিছু স্থা—মুথে একটুও কমনীয়তা নাই, গড়নও স্থানী নহে! চোপে কেমন একটা প্রুব ভাব! বাছ ও পেশীগুলা পুরুষোচিত কঠিন। তবে জেনেদ্কে দেখিলে মনে হয়, তাহার নিজের বেশ একটা স্বতম্ব অস্তিম আছে! কর্ম-জাবনে সকল প্রকার বক্ত-কঞ্চার বিরুদ্ধে স্বলভাবে দাড়াইবার সামর্থাও তাহার বিলক্ষণ! তাহার পাশে তাহার বিমাতা ক্লাবিদ্কে বেথিলে মনে

হয়, ক্লারিদ্ যেন একাস্তই প্রমুখাপেকিনী! লতার মতই সে কেবল আশ্র খুলিয়া বেড়ায়। আশ্র নহিলে সে দাড়াইতেই পারে না।

জেনেদ্ আসিয়া তাগার ছুঁচ-স্তা ও লেস-কাঁচিভরা ব্যাপটা টেবিলের উপর রাখিল; পরে চার্লিকে দেখিয়া কহিল, "এই যে চার্লি! তোমার ম্যানেজার বলভিল, ভোমায় নিয়ে সে ভারী জালাতন হয়ে পড়েছে। তোমার বদথেয়ানি ব তুমি ছাড়বে না, কিছুতে।"

চার্লি বছিল, "ম্যানেজারই ত আন্ধায় ত'চকে দেখতে পারে না—"
বাধা দিয়া কদিক বলিল, "না, না, চার্লি, ম্যানেজারের কোন দোষ
দিয়োনা! তিনি তোমায় যথেই ভালধামেন! তোমার জক্ত নেভারে
একটা ভাল চাকবিরও তিনি জোগাই করেছেন, তা জান ?"

"নেভারে ?"

"হাঁ—নেভারে। সেপানে তোমার সব দিকেই উন্নতি হ্বার স্থাবনা আছে।"

"বেশ - যাব! আমাকে এথান থেকে তাড়াবার জন্তই যথন তোমাদের সকলের এত সাধ, তখন আমি যাব।"

কদিক কহিল, "ভাড়ানোর কথা নয়। তোমার ভালর জ্ঞাই বলা। যা হোক, এখন রাভ হয়ে আগতে, চল ভিতরে যাই। ক্লারিস্, খাবার তৈরি হয়েছে ৩ ?"

"31 1"

রাত্রে আহারে বসিয়া লাবাসাঁ। স্কারিকরদিগের উজ্জ্ব ভবিষাৎ সম্বন্ধে স্থান এক বকুতা ফাঁদিয়া দিল।

লাবাস্যাক্ত কহিল, "জ্যাক, এখন তুমি একজন নগণা লোক, কেউ তোমায় জ্ঞানে না, চেনে না—কিন্তু অদ্ব ভবিষ্যতে তুমি দেখবে, জগতে তুমি একজন দৰ্কো-দৰ্কা হয়ে দাঁড়িয়েছ।" কদিক হাসিয়া কহিল, "হাঁঃ, সর্ব্বে-সর্বা! ছ'বেলা পেট ভবে থেয়ে বুড়ো বয়সে মরবার সময় কিছু জায়গা-জমি কেউ যদি কবে যেতে পাবে ত, সে আপনাকে গ্র ভাগাবান বলে মনে করুক্! সব্বে-সর্বা! কি বে বুলু ভূমি, লাবাস্যাক্র্? ..কারিস্, খাওয়া হলে জেনেদের খবের পাশেব বর্বায়ু জ্যাকের জন্ম বিছানা কবে দিয়ো —কাল ভূোবে পাচটাব সময় ওকে আবার ডেকে দিতে হবে। ওর জন্ম জেটে-খাট গোধাক একটা জোগাড় করে দিতে হবে। আছে, বোধ হয়,—একটা দেখে-ছনে ভূমি ঠিক করে বর্পো। কাল ভোবেহ ওকে কাবখানায় নিয়ে বাব।"

আহারের পর আপনাব নিদিট ছোট ঘবটিতে আদিয়া বিছানার পড়িয়া জ্যাকেব মনে হইতে লাগিল, ঐ যে পথে আদিবার সময় অসংখ্য কুন্রী কুংসিত কাবিকবগুলাকে সে চক্ষে কেথিয়াছে, সে-ও ভাহাদেরই একজন হইবে। এই নিকাসনে থাকিয়া কি গুংসহ জীবনই না তাহাকে বহন কবিতে ইইবে। ইহার চেয়ে মোবোন্ভাব কুল—সে-ও যে লক্ষ গুলে ভাল ছিল। সেখানে কত সঙ্গা ছিল। মাছ,—আহা, সে যদি এখানে পাকিত। জ্যাক আবার ভাবিল, উন্নতি! তাহারই বা আশা কোথায়। এ কোপায় সে আদিয়া পড়িল। গৃহ হইতে কত দ্বেণ কত নদ-ননা পাব ইইয়া কোন্ অপরিচিত রাজ্যে সে আজু আসিয়া দাঁড়াইয়াছে। হায় না—কোথায় না!

মার কথা জ্যাকের মনে পৃড়িল। সে কাবিকব ছটলে নার ছঃগ ঘূচিবে, মার আনেল ছটনে। নাব স্থাবের জ্ঞা এ কটটুকু সে আর সহু করিতে পারিবে না ? নিশ্চর পারিবে। এ ছঃখ, এ কষ্ট, সে প্রাহৃত্ত করিবে না! নিজেব স্থাবের কথা, সে আর ভাবিবেও মা।

তবু বিছানায় পড়িয়া বার বার মার কথাই ভাহার মনে

পড়িতে লাগিল। মার মুখ, মার হাসি, মার ফ্রেছ। এ জ্ঞাননে আমার কি সে-সব সে কিরিয়া পাইবে ? ভাবিতে ভাবিতে ভাহার বুকের মধ্যে নিশ্বাস যেন চাপিয়া আসিতেছিল।

বাহিবে লাবাস্গাকু তথন উচ্চ কর্তে গান ধরিয়াকে 'চল বীর বাহে নীরে ভরী বেছে, চল গো কালে, গান গেছে গেছে---"

দিতীয় পরিচেইদ

ক্দিক-গ্ৰে

কারথানায় আসিলা জ্যাক অস্থিয় হুটলা পড়িল। চারিধারে অবিরাম ভীবণ কোলাইল, —পাশের লোকের মুবের কথাটিও গুনা বায় না। তিন শ'বড় মুগুরে বা পড়িতেছে, তাহার সহিত তিন-শ'লোকের উৎসাভোলাপক উত্ত চাংকার,—ইহার উপর কোন খানে অবিশ্রাম গতিতে ঘড়-বড় করিলা অসংখা চাকা বুরিতেছে—কোন খানে বাল্প-নির্গমনের ভাষণ শক্ষ—মুহুর্ত্ত কাহারও বিরাম নাই!

কারধানার মধ্যে যত কক্ষকেশ মণিন-বেশ কুংগিত কারিকরের দল—কেহ চাকার তৈল নিতেছে, কেহ চাকা বুরাইতেছে—কেহ বা হাতৃতি পিটিতেছে। ইহাদের গহিত একত্র বিগিন্না দাড়াইনা বুরিরা ফিরিয়া জ্যাক তাহার জাবনে এক নৃত্ন অব্যারের স্ক্রপাত করিল। ভাহার মাথা বহিন্না ললাট বহিন্না হাম ঝবিনা পড়িতেছে—হাতে-মুখে কালি, বেশ-ভ্ষাও নিতাস্ত বিশ্রী। এই দ্বছের ব্যবধান ভেষ করিয়া শার্লতের দৃষ্টি যদি আজ জ্যাকের উপর এখন নিকিশ্ব

১য় ত সে আপনার ছেলেকে চিনিতেই পারিবেনা! এই কি সেই জ্ঞাক ?

এক নার্গ মলিন বালক, হাতের উপর ছিল জানার আন্তর্গ ওটানো, ঘলাক্ত কলেবর, চোথ-ছুইটা আকিনের ফুলের মতই লাল ১ইয়াছে, গলার ভাঁজে ভাঁজে ফুল্ম করলার গুঁড়া। মনে হয়, কে থেন দেখানে কালির দাগ টানিয়া নিয়াছে। জ্ঞাকের এ মূর্ত্তি দেখিলে শার্লং নিশ্চয়ই শিহ্রিয়া উঠে।

জ্যাকের শিক্ষার ভার পড়িয়াছিল, লেবেস্কো নামে এক সন্ধার কারিকরের উপর। লেবেন্বোর প্রকৃতি ছিল উগ্র, ককণ। জাকের এই শাস্ত্র নিরীহ ভাব, কারগানার কঠোর কাজের পক্ষে তাহার এই অপটুতা, লেবেস্বোর প্রাণে সহায়ভূতি ও করণার পরিবর্ত্তে ভুধু মুণা ও বিবক্তিই জাগাইয়া ভালত ৷ তাহার কঠিন প্রথম দৃষ্টির : সন্মুধে বালক যেন কেমন ভড়কাইয়া ঘাইত। তবুও সে ষাধামত আপনার কর্ত্তব্য করিবার চেষ্টা পাইত। হাতে কোয়ো পড়িয়া ছিঁড়েয়া গেলেও আদেশ-মত কার্যা করিতে কথনও দেকুন্তিত হটত না। অপিনাকে সে এট করিখানার প্রকাণ্ড প্রাণহান যন্ত্র-গুলারই একটা অংশ ভাবিয়া দেইরপে কাজ করিয়া যাইত। এই যন্ত্রভারে বেমন কোন, হুখ, ছঃখ, অন্তর্গাগ বা বিগ্রাগ নাই, মান্তবের আদেশ-মত যোৱা-ফেরা করিয়া মাতুযের কাজটুকু স্থপপন্ন করিয়া ভোলাই তাহাদের ব্রত, কথনও কোনু অমুবোগ-অভিবোগের ধার পারিতে হয় না. ধারিলেও কেহ ভাহাগ্রাছ করিবে না, তাহারও অবস্থা ঠিক তেমনই। তাহারও আজ আর নিজের কোন এথ নাই, ছ:খ নাই, দ্ব্যারের व्यादमन-मण क्यु-तूर्र मकत श्राकात कार्याहे जाहादक कतिया मिटल हव । তাহার আবার অমুবোগ কি ! অভিবোগই বাকি থাকিতে পারে প

इर्किनर এ कीवन ! विटमय गठ इसे वरमदात मूक याथीन खोवन

প্রবাহের পর কি এ কঠোর বন্ধন। নিতান্তই অসহ। হোক অসহ, তবু মৃক্তি নাই—পরিত্রাণ নাই।

প্রভাষে পাঁচটা বাজিতে না বাজিতেই কণিক তাহার পুন
ভাঙ্গাইয়া দিত, "সন্ম হল, জ্যাক, উঠে পড়।" নিজিত নিস্তন্ধ গৃহের
দেওয়ালে-দেওয়ালে সে শক্ষ প্রতিপ্রনিত হইয়া উঠিত। এক টুকরা
কটি দত নিংশেষ করিয়া, ক্লারিসের দেওয়া জলে কোনমতে গলা
ভিজাইয়া কণিকের সহিত সে পঞ্চে বাহির হইয়া পড়িত। ঘন
কুমাশার মধ্য দিয়া স্থোব প্রথম রিশিজ্টা স্বেমাত তথন জগতে
নামিবার জন্ম পথ খুঁজিয়া ফিরিতেছে—ভোবের পাণী বাসা হইতে
বাহির হইবার আয়োজন করিতেছে। চারিধারে আকাশ, নদী ও
নিথিলের রকে জীবনের প্রকলন বারে বীরে আবার অল্প স্থিত হইবার
উপক্রম করিতেছে। অনুরে কারিক্রদলের শান্তি ভাঙ্গাইয়া প্রাণ
কাপাইয়া কারশানার ঘণ্টা ভাঁম বোল ভুলিয়া তাহাদিগকে কর্ত্রের
সচকিত করিয়া সাড়া দিতেছে।

কারথানায় নির্দিষ্ট হাজিরা-সময়ের দশ মিনিট পরে ফুটক বন্ধ হয়—ঘণ্টাও পানিয়া যায় ৷ এই সময়ের মধ্যে পৌছিতে না পারিলে প্রথম অপরাধে জরিমানা, দিতীয় বাবে মাহিনা কাটিয়া লওয়া হয়— ভূতীরবার যে এ অপরাধ করে. তাহাকে কারথানা হইতে ভাড়াইয়া দেওয়া হয় ৷ জ্যাকের মনে হইত, আর্জার্মের নিয়ম যত কঠিন, যত নির্দায় হৈছে ইহার ত্লনায় সে কিছই নহে ৷

একটা বিষয়ে জ্যাকের বড় ভর ছিল, পাছে কোনদিন এই ঠিক সময়ে কারপানার সে হাজিরা দিতে না পারে। সেজকু সময়ের কিছু পূর্বে—অপর কারিকরদের সেখানে পৌছিবার প্রাক্তাকেই সে কারপানার প্রবেশ-হারে আসিয়া দাড়াইত। একদিন শুধু কয়টা কারি-করের তুটামিতে তাহার দেবী হইয়া গিয়াছিল। সেদিন ভোরে

বাতাস বেশ একট জোবে বহিতেছিল। পথে জ্যাকের টপিটা হঠাৎ মে বায়ুর বেগে উড়িয়া যায়। পিছনে আর-করেকটা কাহিকর আসিতেছিল-তাহারা মহোল্লাসে চীৎকার করিয়া টুপিটাকে লোফালুফি করিতে করিতে অনেক দূরে ফেলিয়া দিয়াছিল— বেচারা জ্যাক বহু কষ্টে টুপি উদ্ধার করিয়া ফিরিয়া আসিয়া দেখে, কার্থানার দ্বার বন্ধ হুইয়া গিয়াছে। সেদিন আর ভাহার কটের সামা ছিল না। বেচার: क्ठेंटक मागरने विभाग পिछन। (हार्थित जल वांधा भागिन गा। য়ে ভাবিল, সে কি করিয়াছে **৭ এই কারিকরগুলার কোন অ**নিষ্ট করা দূরে থাকুক, মনেও সে কথনও কাহারও অনিষ্ট চিন্তা করে না, তবুও ইহারা তাহাকে লইয়া এত জালাতন করে,কেন ৭ চারিধার হুইতে অজ্ঞ ঘুণা, হেষ, হিংসা, কেন ভাহার শিরে ব্যিত হয় গ দে বে নিভান্তই অভাগা, পরিতাক্ত, ভাগালদ্মীর একান্ত উপেকিত, কাহারও অধিকারে সে হতকেপ করিতে চাতে না-কাহারও স্থাধর মাত্রা হইতে তিলাদ্ধও বঞ্চনা দে কামন। করে না—তবু কেন, হা ভগবান, ইহাদের বক্র দৃষ্টি হইতে তাহার পরিয়াণ নাই ? এক শ্রেণীর তরুলতা যেমন আপনার জীবন-ধারণের জন্ম একাস্তভাবেই উত্তাপের মুগাপেকা করে, জ্যাকও তেমনই আপনার জন্ত একট প্লেছ, একটি মিষ্ট কথা বা আদর-বচনের মুখ চাহিয়া থাকে, সেটুকু না হইলে তাহার চলেই না! কিন্তু এখানে না আছে, সে ভালবাসা, না আছে স্লেড ! वकि विमुख नाहे!

আসল কথা, কারথানার লোকগুলা জ্যাককে বড় পছল করিত না। এই নিরীষ, নত্র, শাস্ত বালক তাহার নারী-ফলভ মুখনী লইনা এথানে কি করিবে ? এথানে চাই, পরুষ বলিষ্ঠ দেহ, অশাস্ত উগ্র প্রকৃতি! কিন্তু জ্যাকের তাহা-কিছুই ছিল না, কাজেই তাহার পক্ষে কারথানার সহিত থাপ গাওৱা একাস্তই অসম্ভব! প্রতাহ ভাষাকে লইয়া কারিকর নলে রাভিমত শ্লেষ-বিদ্নপ চলিত। অত্যাচার-নির্দানতনও কি অল ছিল। একনিন একটা তপ্ত লৌষদণ্ড
লইয়া এক সন্ধা কারিকর আসিয়া তাহাকে কহিল, "এইটে একবার
ধর ত, জ্ঞাক, আমায় সন্ধার ডাকছে, চট্ করে শুনে আসি।" বেচার।
জ্ঞাক সরগভাবে সে অনুরোধ রক্ষা করিতে গিল্লা এমনভাবে হাত
প্রভাইলা কেলিল বে ভাহার ফলে এক সপ্তাহ ভাহাকে ইাসপাভালে
বাস করিতে হইল। ভাহার উপর, এমন দিন ছিল না, বেদিন
একটা সুসি বা চড় ভাহার অঙ্গে কেহ ৰধণ না করিত।

किन्छ मश्राट এक दिन छिन, ट्यनिन জ्ञात्कत अनुष्ठे देशांतरे मर्शा হুপ্রসার ভাব ধারণ করিত, যেদিনটি ছাহার ভাগ্যে আনন্দ ও বিশ্রাম বহিষ্য আনিত,—গেদিন ববিবার। এই ববিবারে প্রাতর্জোজন শেষ . করিয়া ডাক্তার বিভালের দেওয়া বইয়ের গোচা হুইতে ছুই-একথানি वह वाष्ट्रिया लहेया (म नमीत भारत हालिया याहेल। निवालाय विमया বই খুলিয়া তথন দে এক নৃত্ন জগতের পরিচয় লাভ করিত। ভয় জনহীন ঘাটের প্রাস্তে যে বহি খুলিল ব্যিত,—অনুরে ঘাটের পদতলে नमीत एउँ आमिया উভূলিয়া পড়িতেছে—यन কোন मেবীর सिध সাম্বনা-বাণী সে। জ্যাকের প্রাণ তাহাতে শান্ত হইত, শাতল আত্মাসে ভ্রিয়া উঠিত। আপন মনে দে বহির পাতা উলটাইয়া বাইত, কতকা তাহার ব্রিত, কতক বা বুরিতও না—তবুও এই অলানা জগতের অক্ট রহস্তালোকে সে কিসের সন্ধান পাইত, তাহা সে-ই জানিত। ইহার মধ্যেই দে মাতার অক্তিম মেহ, বন্ধুর অমল সৌহান্দ্যের পরিচর লাভ করিত। বহি দেখিতে দেখিতে তাহার চিত্ত আবেশে ভরিয়া আসিত, মানস-চক্ষের সমুদে সমস্ত বহির্জগৎ মিলাইয়া যাইত ---মার মুখের বাণী, ডাক্তার বিভালের আদরের স্বর, সেদিলের সুমধুর কল-ছাস্ত, সমন্ত মিলিয়া জ্যাকের প্রাণে এক আনন্দ-নির্বারের সৃষ্টি

করিত। নির্বাসিত উপেক্ষিত বালক সেই হর্লভ স্থাস্পর্ণে সপ্তাহের এতীত ছয়টা দিনের সকল ক্লান্তি সকল হুঃথ ভূলিয়া যাইত। আপনাকে অপূর্ব্ব স্থাথ স্থী ভাবিয়া সে পরম নিশ্চিন্ত ইইত।

অবশেষে বর্ষা নামিল। হিম-শাতল বায়ুব বেগ বাড়িল, সঙ্গে সৃষ্টেপাত। তথন নদী-তীরস্থ শাস্তি-কুঞ্জ এই মহাতীর্থে আগিবার ভাষার আর কোন উপায়ই রহিল না। রবিবারের অবসর-মুহুর্ত্তগুলা নিতাছই নিরানন্দে কাটাইতে হইবে ভাবিয়া অগত্যা সে রুদিক-গৃহেই বহি পুলিয়া বসিল।

বালকের শান্ত প্রকৃতিতে কদিক তাহার প্রতি আরুষ্ট হইয়াছিল।
কারিদ্ জেনেদ্ও তাহাকে ভালবাদিত। সকল রকম করমাদ খাটিয়া
দে জেনেদের হৃদয়টিকে ভাল করিয়াই আয়ন্ত করিয়া কেলিয়াছিল।
এই নিরীহ বালকটের উপর ক'দক-পরিবারের প্রকৃত্ই একটা
নায়া পড়িয়াছিল। সকলেই তাহাকে প্রীতির চক্ষে দেখিত। জ্যাকের
কর্ম-সঙ্গীগুলা তাহার অক্ষমতা লইয়া যথন কদিকের নিকট অনুযোগ
করিতে আদিত, কদিক তথন মৃত্ হাদিয়া জ্যাকের পিঠে হাত
ব্লাইতে ব্লাইতে কহিত, "বড় ভালমানুষ, আহা, বেচারা!"

কদিক ভাবিত, লেথাপড়া লট্য়া থাকিতেট বালক ভালবাদে—

এ সব কঠিন কাজ উহার শক্তিতে কুলাইবে কেন ? কারপানায়
না আসিয়া সে যদি সুলের মাষ্টার কি পান্ত্রী ইইবার চেটা করিত,
ভাহা হইলে এ লেখা-পড়া ছিল ভাল! কিন্তু কারখানায় কাজ করিয়াই
বখন ভাহাকে জীবিকার সংস্থান করিতে হইবে, তখন এ লেখাপড়ার
অমুরাগ কিছু কমাইলেই ভাল হয়! জ্যাককে একবার এ বিষয়ে
সে আভাষও দিয়াছিল, জ্যাক ভাহাতে কাতর দৃষ্টিতে ভাহার
পানে চাহিয়া করুল স্বরে বলিয়াছিল, "আমি ত আর কোন সম্য
বই পড়ি না, শুধু ছুটির দিন একটু পড়ি—মার জন্তু মন কেমন করে,

তাই— " জ্যাকের স্বর তালিয়া গিয়া তাহার বক্তব্যটিকে শেষ করিতে
দিল না। কদিকের প্রাণে দে কাতর দৃষ্টি, সে করুণ স্বর,
তীক্ষ ছুরির ফলার স্থায়ই বিধিয়া ছিল। ইহার পর জ্যাককে সে আর
দ্বিতীয় বার গ্রন্থ-পঠি হইতে নিবৃত্ত ক্রিবার চেঠা পায় নাই।

সেদিন বর্ধার মেখে-ঢাকা রবিবার যথন মান রেশে আংসিয় দেখা দিল, চারিধারে একটা নিরামন্দ অবসাদ ফুটিয়া উঠিল, তথন ক্লারিস্আসিয়া জ্যাককে কহিল, "ওখানা কি বই পড়ছ, জ্যাক ?"

জ্যাক বলিল, "এ একটা গল !"

"(इंहिर्य পড़ मा-यागि छनि।"

জ্যাক তথন তাহার এই নবাঞ্চ শ্রোত্রাটির চিত্ত-বিনোদনের জন্ত্র গল্প পড়িয়া বাইতে লাগিল। কত বিচিত্র, সে হর্য-বেদনার কাহিনী— কত আশা-নিরাশার মধ্য দিয়া, কট প্রমোদ-স্বপ্ন, মৌবন-গীতির অপুক উন্নাদনা বহিয়া চলিয়াছে! গল্প হইলে জ্যাক দেখিল, কাহিনী বর্ণিত নর-নারীর ছঃপে শ্রোত্রী ভাহার কাঁদিলা একেবারে লুটাইয়া পড়িয়াছে!

ইহার পর হইতে যথনই জ্যাক বহি পড়িত, তথনই ক্লারিস্
আবাদিয়া দাগ্রহে তাহার বহি শুনিতে বদিত। এই মুগ্ধা অমুরত।
শ্রোত্রীটির উপর জ্যাকের শ্রদ্ধা জন্মিয়াছিল। পূর্বে দে বহি পড়িত,
শুধুনিজের স্থবের জন্ম — এখন হইতে ক্লারিদ্কে গ্রাপড়িয়া শুনাইয়া
তাহার যে স্থব হইতে লাগিল, তাহা অপুর্বে!

ক্লারিসের প্রকৃতিতে কেমন একটা স্বাতন্ত্রা ছিল। ক্লাদিক-গৃহ যেন ঠিক তাহার বাসের যোগা স্থান বলিয়া জ্যাকের মনে হইত না। সে যেন কোন্ স্বপ্ললোক হইতে এই ক্লু তপ্ত কর্মালোকে তারার মত ঝরিয়া পড়িয়াছে। এখানকার এই পক্ষতার মধ্যে তাহার কাস্ত কোমল খ্রী দেখিলে মনে হইত—সে সেন এখানকার কেহ নছে। তাহার পরিছের স্থা বেশ, কমনীর হাব-ভাব কেমন এক বিশেষত্বে মণ্ডিত! ইহা লইয়া পল্লীর অলস সমাজে একটা কাণালুষা চলিত। নিন্দুকের দল কদিককে একটু করুণার চক্ষেও দেখিত—ভাবিত, আহা, বেচারা কদিক! যে স্ত্রীকে একান্ত বিখাস করিয়া আপনার ভাবিয়া বে নিশ্বন্ত রহিয়াছে, সেই স্ত্রী—

নিন্দুকের কথাগুলায় কি কিছু সত্যও নিহিত ছিল ? কে জানে ! নিন্দুকের নিন্দায় ক্লারিসের সহিত শেষে চালির নামটাও জড়াইয়া পড়িয়াছিল ! এ নিন্দা ক্লিকের কালে আসিয়াও পৌছিয়াছিল; কিন্তু সে সরল বিশ্বাসীর চিত্তকে এতটুকুও নাড়া দিতে পারে নাই!

রাবিষের অপকে এইটুকু ভধু বলা যাইতে পারে, যে, দে নান্তেকে বিবাহের পূর্ব হৃহতেই চিনিত। পরস্পারের মধ্যে বেশ একটু প্রীতি-মধুব বন্ধনেরও সৃষ্টি হইয়াছিল! রাবিষের পিতৃ-গৃহে নান্ত্র্নিত্য অতিথি ছিল—তাহার বহু অলস অবসর এককালে রাবিষের সহিত স্থ-ছঃথের গল্লে কাটিয়া গিয়াছে; এবং কদিক যদি আজ তাহাকে বিবাহ-বন্ধনে আবদ্ধ না ক্রিত, তাহা হইলে নান্তের সহিত গাহার বিবাহও যে না হইতে পারিত এমন নহে। কিন্তু ক্রিকের সহিত রাবিষের বিবাহের পূর্বে নান্ত্র ঠিক ব্রিতে পারে নাই, রাবিস্কুর্মন ক্রেরা! নাত্র পূর্বে দেখে নাই, রাবিষের সজ্জিত ক্রের ক্রেক্সের, নির্বেধি, হতভাগা সে!

আমার বুকের রক্ত, পাজরার হাড়। এ বুড়ো বন্ধসে আর উল্লিক্তর আমার শক্তি নেই। দাও, আমার টাকা দাও। না হতে
জেনেরও আমার শক্তি নেই। দাও, আমার টাকা দাও। না হতে

কাদিকের চক্ষু দিয়া ঝর ঝর কবিয়া জল ঝবিয়া পড়িল। এ কও: শুনিলে নিতায় নির্মান যে দস্থা, বুঝি, তাহারও প্রাণ টলিয়া যায়। বেলিসেয়ার কহিল, "জ্যাক, টাকাটা দিয়ে ফেল, যথার্থই এ টাকা বুড়ো মাসুধের বুকের বক্ত।"

হতভাগ্য জ্ঞাক ! যদি তাহার নিজের টাকা থাকিত, সে সমন্তই এখনই যে কলিকের হাতে তুলিয়া দিতে পারিত ! কিছ সে কি করিবে—কি করিয়া সে ইহাদের বুঝাইবে, যে সে চোর নয়, জেনেদের বিবাহের টাকা সে চুরি করে নাই। চুরি ইন হইয়াই থাকে, তবে সে চুরির সে কিছুই জ্ঞানে না। সে বলিল, "যথার্থ বলছি মশায়, আমি চুরি করিনি। ভগবান জ্ঞানেন—"

বোষে ম্যানেজার জলিয়া উঠিল, কহিল, "যথেষ্ট হয়েছে। আর জগবানকে এর মধ্যে টেনে এনো না। কদিকের এ কথা জনেও যথন তোমার প্রাণ গলে গেল না, তথন বুঝছি, একেবারে অধংপাতে গেছ, তুনি। থাক, তব্ তোমায় কিছু সময় দিলুম, আরও।

ভেবে দেখা" পরে কর্মচারীকে আজ্ঞা দিল, "এদের উপরে রেথে এস, কেউ। নিজের মনে বেশ করে সব ভেবে দেখ, জ্যাক, দোষ স্বীকার করবে কি না। না হলে পুলিশ ত আছেই।"

পুলিশের কর্মানারী কহিল, "ভাহলে ছ্ছনকে এক সঙ্গে রাথবেন না, মশার। এই টুপিওলাটা ওকে বোব হয় কোন রকম ইসারা করে দোষ স্বীকার করতে বারণ করে দিয়েছে।"

मारिनकात कहिन, "ठिक कथा। छजनक छ' घरत ताथ।"

তাহাই হইল। ছইজনকে ছইটা ঘরে রাথা ইইল। নিজন ধর।
ধরে আসিয়া জ্যাক ঘুনাইবার চেটা করিল। এ যন্ত্রণা কার সহা হয়
না। বিরামদায়িনী, বিশ্বতিদায়িনী নিজা, কোথায় ভুনি, হতভাগ্য
বালককে তোমার কোলে ভুলিয়া লও। সে নিশ্চিত ইউক। আর
ভাবাও যায় না।

অপরাহে জেনেদ আসিয়া ডাকিল, "জাক।"

কাদিয়া ভাষার চোগ ভুইটা আফিমের ফুলের মত লাল হইয়া উঠিয়াছে। জ্ঞাক কহিল, "জেনেদ্, ভোমারও রিশাস যে আমি চোর ? ভোমার টাকা চুবি করেছি ?"

জেনেদ্ কাদিয়া কেলিল। কাদিতে কাদিতে সে কহিল, "জ্ঞাক, আনার মত কুংসিত ব্লীলোক তুমি কখনও চোথে দেখেছ কি ? আমি জানি, আমি কুংসিত। আঘনায় নিজের মুখ দেখে নিজের উপরই আমার রাগ হয়। জগতে স্বাই হুন্ধর, আমিই শুরু রাজ্যের কদর্যাতা নিয়ে বেঁচে আছি। জাকি, আনার মত মন্দ বরাত এ জগতে আর কার ? আমার নার্জা, আমার প্রিয়তম, আমার মত কুশ্রীকে বিয়ে করতে যে রাজী হয়েছে, সে শুরু ঐ টাকার জ্ঞা ঐ টাকাই আমার সর্বহে, ঐ টাকাই আমার রূপ, আমার প্রাণ,

ঠাই পাছিছ। যদিও আমার এ বিশ্বাস আছে, একদিন আমার ভালবাসায় মাজ্যাকে আমি বশ করব, একদিন আমি তাকে বোঝার বে, আমার হৃদয়ের কাছে এ টাকার রাশি কত ভূছে। কিন্তু তার আগে এই টাকা না হলে নাজ্যাকে পাবই না যে। সেই টাকা লুকিয়ে রেথে আমার পৃথিবীর সব সাধ, সব আশা কেড়ে নিয়ো না। জ্যাক, ভাই, দয় কর। আমার বিয়ের টাকা ফিরিয়ে দাও—ভোমার এ উপকার জাবনে কখনও আমি ভূলবো না।"

জ্যাক কোন উত্তর দিল না। কি উত্তর দিবে সে । সে বে নির্দোধ, নিশ্পাপ, স্বপ্নেও এমন চিস্তা তাহার মনে কোন দিন স্থান পায় নাই, এ কথা কেমন কক্সিয়া সে ইহাদের বিশ্বাস করাইবে ? জাগর চোথতুইটিতে মিনতি ভরিলা ক্সাকে জেনেদের পানে চাহিল। সে দৃষ্টির অর্থ, জেনেদ, একণার ভূমি আমার মনের মধ্যে প্রবেশ কর—মনটাকে বাঁটিলা-গুটিয়া দেখ, সেখানে ওভ ইছ্ছা ভিন্ন আর কোন চিস্তা স্থান পাল কি না। কিন্তু মুখে তাহার কোন কথা ফুটিল না।

জ্যাককে কাঁদিতে দেখিয়া জেনেদ্ কহিল, "কাঁদছ, ভূমি জ্যাক পূ
তাহলে দয়া হয়েছে পূ আমি ত জানি, ভূমি নিঠুর নও! যে
জেনেদের স্থাবন সম্ভাবনায় অত ভূমি সহাম্ভৃতি দেখিয়েছিলে, সেই
জেনেদের সর্বানাশ ভূমি করতেই পার না—জ্যাক—" জেনেদ্ সম্লেহে
জ্যাকের হাত আপনার হাতে চাপিয়া ধরিল, তাহার নত মস্তক
ভূলিয়া ধরিয়া কহিল, "জ্যাক, ভাই, টাকাটা তবে দাও—"

°কিন্তু জেনেদ্, যথার্থ বলছি, আমি তোমার টাকা নিই নি।"
জ্যাকের চুই গাল বহিয়া অঞ্নামিল।

"না, না, ও কথা বলো না, জ্যাক। আমি মরে যাব, মরে যাব, ভাহলে। বল, চুপি চুপি বল, কার কাছে রেখেছ। কিছু খরচ করে ফেলেছ, শুনেছি,—তার জন্ত লজ্জিত হবার কোন কারণ নেই।"

"জেনেদ্, কি করে তোমাদের বিশ্বাস জ্বনাব ? যথার্থ বলছি,
আমি টাকার কথা কিছুই জানি না! আমি চুরি করি নি!
তোমরা ভূল করছ। আমি চোর নই। কি করলে তুমি বিখাস
করবে, আমি চোর নই। তোমরা সকলে এমন নিজ্যু নিষ্ঠুবভাবে
কেন আমায় চোর বলে সন্দেহ কছে ?"

জেনেদ্যেন উন্নাদের মত ২ইয়া উঠিল। সে কহিল, "দেখ, আমার বিয়ের আশা নিযুল হবে। তোমার পায়ে ধরি—-জাকি—"

জেনেদের নয়নে বর্ষার বক্তা নামিল। অক্ষম্র মিনতি ও অফ্রোধে জ্যাককে দে কাতর, পীড়িত করিয়া তুলিল। কিছু জ্যাক—
হতভাগ্য জ্যাক—দে কি করিবে! বহুক্তণ ধরিয়া অফুরোধ মিনতি
করিয়াও যথন কোন ফল হতল না, তথন জেনেদ্ গজ্জিয়া উঠিল,
"এততেও তুমি স্বীকার কর্বে না! তবে সাজা পাও! জগতে
সকলের ভালবাসা থেকে বঞ্চিত হরে তঃসহ জাবন নিয়ে তুমি
বেতি পাক—আমি তোমায় আছ এই শাপ নিলুম।"

জেনেদ্তথন নামিয়া মানেজাবের কাছে আসিয়া দাড়াইল। মানেজার কহিল, "কি হল ?"

জেনেদ্ কোন উত্তর দিল না। তাহার দৃষ্টি হইতে হতাশার এমন একটা গভীর হাহাকার ঠিকবিয়া পড়িল বে মানেকার তাহা দেখিয়া সমস্তই ব্যিল।

ম্যানেজার কহিল, "জেনেদ, স্থির হও, কেঁদো না। পুলিশের হাতে ওকে দেবার পূর্বে টাকা আদায়ের চেটা একবার আমরা করি। রুদিকের কাছে শুনেছি, ওর মার হাতে অনেক টাকা আছে। তাকে সব ঘটনা খুলে লেখা যাক। যদি লোক ভাল হয় ত ছেলের এ কার্ত্তির কথা গুনে তোমার টাকা নিশ্চয়ই তারা দিয়ে দেবে।"

একখণ্ড কাগজ লইয়া ম্যানেক্ষার তথন পত্ত লিখিতে বসিল, "মাননীয়াস্ত্ৰ—

আপনার ছেলে জ্যাক কদিকের কন্সার বিবাহ-পণের সঞ্চিত্র সাড়ে তিন হাজার টাকা চুরি করিয়াছে। পুলিশের হাতে এখনও তাহাকে সঁপিয়া দিই নাই। এই টাকার কতক সেপরচ করিয়াছে, বাকী কোণার রাখিয়াছে, তাহা বহু চেটাতেও কর্ল করাইতে পারিলাম নাঃ কাজেই আপনাকে লিখিতেছি, যদি এ টাকা আপনি পাঠাইয়া দেন, তবেই আপনার পুত্রকে কদিকরা ক্ষমা করিবে, নচেং আদালতের আশ্রম গ্রহণ করিতে নাধ্য হইবে। এই টাকার উপরই বেচারা ফদিকের একমাত্র কন্সার জাবন নির্ভর করিতেছে। এই টাকা বেচারা রুদ্ধ পিতার আজীবন পরিশ্রমের সঞ্চয়। তিন দিন আপনার উত্তরের অপেকায় থাকিব। রবিবার কিম্বা সোমবার বেলা দশটার মধ্যে যদি আপনার উত্তর না পাই, তাহা হইলে আসানীকে অগত্যা পুলিশের হাতে দিতেই বাধ্য হইব। ইতি ম্যানেজার।"

পত্রের নীচে ম্যানেজার নিজের নাম সহি করিল।

বৃদ্ধ কৃদিক কহিল, "বড় ছঃধের কথা! এ চিঠি পড়ে মার বৃদ্ধ একেবারে ভেদে যাবে! আহা!"

জেনেদ্ কুদ্ধ নিখাসে কহিল, "যাক ভেক্ষে! তার ছেলে আমার সর্বায় নিয়েছে—মা এখন তা পৃথিয়ে দিক!"

হায় যৌবন ! হায় প্রেমেব অন্ধ নির্মমতা ! প্র-ক্বত এই দারুণ হৃত্যের সংবাদ মার প্রাণে কতথানি আঘাত দিবে, সে ভাবনা মুহুর্ত্তের জ্বন্ত জেনেদের মনে স্থান পাইল না। বেচারণ কদিকের চিত্ত করণা ও সহায়ুভূতিতে আর হইয়া আসিল— এমন সংবাদ শুনিলো কদিক যে কখনও প্রাণে বাচিত না, ইহা নিশ্চয়!

ক্ষণিকের মনে এইটুকু ওবু আশা রহিল, এ চিঠি জ্যাকের নার কাছে না পৌছিতেও পারে! ক্ষুদ্র একটুক্রা কাগন, কতটুকু তাহার জাবন! অসংখ্য কত চিঠি-পত্রের সহিত একত সে নাইবে—পথে কত বিদ্ন, কত বিপদ ঘটতে পারে! পৌছিবার সঞ্জাবনা অল্লই! এমন কত-শত ক্ষুদ্র পত্র প্রায়ই ত পথে হারাইয়া যায়।

কিন্তু কদিক ভূল ব্ৰিয়াছিল। ম্যানেজার যে পত্র আজ ইনার নামে লিপিয়া পাঠাইল, অক্তান্ত পত্রের সভিত সেগানি যাতা আরম্ভ করিবে, নিশ্চয়! পিয়ন পত্র বাছিয়া ন্যাগে প্রিবে। সেই ব্যাগ স্থানরে উঠিয়া, টেলে চড়িয়া বহু ব্যাগের সহিতই টেলের ডাক-কেরাণীর হাতে পঙ্বি। পরে বিশ্বর পত্রের সহিত এ পত্র পোই-অফিসে গিয়া জমা হইবে—তার পর পারিতে পৌছিবে! সেখানে পত্রথানি কেহ ভিড়িবে না, হারাইবে না, পোড়াইবে না! ঠিকানায় মালিকের কাছে পৌছাইয়া দিনার জন্ম হরকরার হাতে ভূলিয়া দিবে। এ চিঠি নই হইবে না। হইতে পারে না—কারশ এ চিঠি যে ত্রেংরাদ বহিরা চলিয়ছে। ত্রেংবাদ-বাহী পত্রগুলার জীবন আশ্বর্যা টি কিয়া থাকে। পথে তাহাদের বিনাশ ঘটনার কোন আশ্বর্যা টি কিয়া থাকে। পথে তাহাদের বিনাশ ঘটনার কোন আশ্বর্যা থাকে না; বিনাশ ঘটও-না।

এ পত্র-সম্বন্ধেও ঠিক তাহাই ঘটিল। ট্রেণে উঠিয়া স্থীমারে চড়িয়া কেরাণীর হাতে ঘুরিয়া পিয়নের ব্যাগে ফিরিয়া একদিন প্রভাতে এতিয়োশের এক পরিচ্ছন্ন কুটারে ম্যানেজারের পত্র স্মাসিয়া পৌছিল। কুটীর-সমূথে ফটকের প্রাচীরে একথানি ফলক,—তাহাতে লেগা আছে, "আরাম-কুঞ্জ—" বৃষ্টির জল ও রৌড মাণিয়া অক্ষরগুলা তুর্ ক্ষিবং অপ্পষ্ট হইয়া আদিয়াছে।

वर्छ श्रीतटाइन

রহক্ষ-ভেদ .

আজিকার প্রভাতে "আরা কুরু" নানটি প্রকৃতই সার্থক মনে হইতেছিল। বহিজগতের সকল প্রকার অলান্তি ও কোলাহল হইতে বজ্জিত, বিহপ-ক্জন-নুথবিষ্ঠ এই নির্জ্জন প্রাবাস-ভূমিটিকে আজ এ মিগ্র নির্দ্ধন প্রভাতে সতাই একগণ্ড মায়ালোক বলিয়া মনে হইতেছিল।

ইদা ডাক্ষাগুছ হইতে শুক ফলগুলা বাছিয়া কৈলিয়া দিতেছিল। অতিথি ডাক্তার হার্জের এখনও নিদ্রা ভাঙ্গে নাই। এমন সময় ডাক-পিয়ন আসিয়া ইাকিল, "15ঠি!"

"আঁগদের চিঠি" বলিয়া আজান্ত পত্রপানা সমুধস্থ টেবিলে রাথিয়া থপরের কাগজের মোড়ক থুলিল। চিঠিথানা সেইদাকে দিল না। ইদা নিকটে আসিয়া লুক্ক দৃষ্টিতে চিঠিটার পানে চাহিয়া রহিল।

আজাপ্ত ভাগ লক্ষ্য করিল। চিঠিপানা ব্যগ্র ইচ্ছা সংব্রও বে ইদা ত হারই ভয়ে হাতে লইতে পারিভেছে না, ইহা সে ব্রিল। ব্রিয়া অস্তবে সে এক বিকট আনন্দ অন্তভ্ত করিল। কিন্তু দে ভাব চাপিয়া প্রকাশ্তে দে বলিল, "গ্রাং, আবার এ কি একটা নতুন বই বেয়ল। ভিক্টর হিউগোর লোন বেগছি। কি বে সব ছাই-পাঁশ লেপে, মানেও কিছু বোঝা যায় না! অবিশ্রামই লিথছে! এতে কথনও ভাল লেখা বার হতে পারে ৷ কত ভেবে চিস্তে তবে একগানি বই লিখতে ১য় ৷ এই বে আমি আজ ক'বছর ধবে শুধু ভাবছিই—এক ছত্রও লিখিনি ৷ একেই ত বলে গাধনা ৷"

এ কথাতেও ইদার মনোবোগ আকৃষ্ট হইল না! আ্যাদ্রের পত্র আদিলে তাহার মাতৃত্বের সকল গর্কা নিমেষে যেন নৃপ্ত হইলা উঠে,—অপর কোন বিষয়ে আর লক্ষ্য থাকে না। আর্লাপ্তার কবি-যশের বিচিত্র অপ্রে তথন আর কিছুতেই তাহাকে ভুলানো যাধ না! প্তের এক ছত্র হাতের লেখায় তাহার চোথে বাহাজগৎ একেবারেই মিলাইয়া যায়! এইটুকু আর্লাপ্তা কিছুতেই ক্ষমা করিতে পাবে না। হিংসায় তাহার সর্কা শরীর জলিতে থাকে! নানাভাবে কঠিন নিষ্ঠ্র হইয়াও সে কিন্তু ইদার মনের এই বেগ সামলাইতে পাবে না। শুরু এই জ্যাই জ্যাককে সে নৃবে—বছল্বে পাঠাইয়াছে। নহিলে ভ্যাক লেখাপড়া শিথিল, কি কারখানার কারিকর হইয়া উঠিল, তাহাতে তাহার কিছুই আসিয়া-যায় না!

কিন্ত এই দ্রত্বের ব্যবধান মার প্রাণধানিকে ছেলের প্রাণের আরও কাছে টানিয়া আনিয়াছিল। শ্লেহের সুগভার আকর্ষণে বাহিরের সব ব্যবধান ঘুচিয়া গিয়াছিল। অন্তরে বাহিরে, নিদ্রায়-জাগরণে জ্যাক এখন অহ নশিই মার মনে জাগিয়া থাকে।

জ্যাক চলিয়া যাইবার পর ইনার প্রাণ অম্বশোচনায় ভরিয়া উঠিল।
কেমন করিয়া সে প্রাণ ধরিয়া থাকিবে ? আর্জান্তর সন্থথে ইনা
জ্যাকের নামও উচ্চারণ করিত না—কবি ইহাতে বৈরক্ত হইত। কিন্তু
আর্জান্ত সহত্র বাধা নিলেও ইনা জ্যাককে একদণ্ডের ভঙ ভুলিতে
পারিল না। ভিতরের অন্থরাগ প্রবন্তর হইরাই উঠিতেছিল।

वार्जा है देश क्रिकेट वर्षमान कतियाहित ; এवः देशाउटे क्यात्कव

প্রতি তাহার বিরক্তি উত্তরোত্তর বাড়িয়া উঠিতেছিল। পরে যথন ক্ষদিক খপর দিল, কাজ-কর্মে জ্যাকের তেমন মনোযোগ নাই, তথন একটা পৈশাচিক আনন্দে মাতার মর্মে আঘাত দিয়া সে বলিল, "দেখ, তোমার কেমন তৈরী ছেলে। কোন ক্ষমতা নেই। কার্থানার কাজেও মাথা খেলে না। এমন অপদার্থ।"

কিন্তু ইহাই যথেষ্ট নহে। জ্যাকাকৈ সে পদে পদে অপদন্থ কৰিবাৰ তেই পাইত। ইদাৰ চোপে জ্যাকেৰ জ্বাকাতা ও অপদাৰ্থতা স্থাপষ্ট কৰিয়া ভূলিতে তাহাৰ আগ্ৰহেৰ যেন সামা জ্বিল না। ইহাতে সে আনন্দ লাভ কৰিত। আজ শেষে অগ্ৰাদ্ৰেৰ জিঠি খুলিয়া পড়িবাৰ লোভ-সম্বৰণে অক্ষম হইয়া সেথানা সে খুলিয়া ক্লেলিল—খুলিয়া যাহা পাঠ কৰিল, তাহাতে আনন্দে তাহাৰ চোপ ছইটা জ্বলিয়া উঠিল। পত্ৰথানা ইদাৰ দিকে ছুড়িয়া আজাত্ত কহিল, "দেশ, ছেলেৰ কাণ্ডথানা দেখ। এ ৰক্ষ যে হবে, তা আনি আগে থেকেই জানত্ম।"

কি নিশ্ম আবাত! নিষ্ঠুর বেদনা এ! মাতার গর্কে মাতার ক্ষেত্বে আহত হইয়া বেচারী ইদা কাদিয়া কেলিল! কম্পিত স্বরে সে কহিল, "কিন্তু তুমি, তুমিই এর জন্ত দায়ী! কেন, তুমি তাকে তাড়িয়ে দিলে ?"

যাক্, যেমন করিয়া হৌক, জ্যাককে এখন রক্ষা করিতেই হইবে ! কাঁদিয়া ফল কি ! কিন্তু, কি উপায়ে ? কি উপায়ে রক্ষা করা যায় ! এত টাকা সে কোথায় পাইবে ? তাহার কোন সঙ্গতি নাই—সে যে একেবারে রিক্ত নিঃম্ব ! গৃহের আসবাবপত্র গাড়ীবোড়া প্রভৃতি বেচিয়া যে টাকা পাওয়া গিয়াছিল, কবির সাহিত্যিক মজ্জলিদ প্রভৃতির বার্মনীর বহন করিতেই যে তাহা নিঃশেষ হইয়া গিয়াছে !

কে এখন অর্থ দিয়া তাহার জ্যাককে উদ্ধার করিবে
ল অকন্মাৎ
সেই বিদ্ধুর' কথা ইদার তখন মনে পড়িয়া গেল! বিদায়ের

পূর্বেব বন্ধ তাহাকে কিছু উ্পূর্ণর দিতে চাহিন্নছিল, সে ভাষা গ্রহণ করে নাই। অতীত ভালবাসার স্থান্তিচিছ্ল-স্বরূপ্প বন্ধ সাগ্রহে উপধার দিতে আসিয়ছিল, পাছে আজাত্ত ম স্থানে আঘাত লাগে, ইয়া ভাবিয়াই প্রেমের সে অঘাচিত দান সে উপেকা করিয়ছে। আজ ইনা নিঃব! চই-চারিখানা অলম্বার যাহা আছে, তাহা কিক্রর করিলেও এত টাকা মিলিবে না! করির নিকট এ চ:প নিবেদন করা, মিখ্যা! ভাষার প্রকৃতি ইন্দার বেশই জানা ছিল। প্রথমতঃ করি জ্ঞাককে মুণা করে, তাহার উপর সে মহা-রূপণ! সন্ধীর্ণ স্বার্থ ও হান মাৎসর্য্যে যাহার হৃদ্য বার্থ, মাতৃত্বমের এ আগ্রহ সে বৃথিবে না, বৃথিতে সেপারে না! তাই সে হির করিল, করির কাছে কোন সাহায্য সে চাহিবে না! তবে কে এমন স্থাও আছে, কে এমন উনার পরোপকারী—৮

আর্জাস্ত কৃতিল, "ও ছেলেকে আর এখন শোধরাবার চেটা করা মিছে ! এতদ্ব যে উচ্ছন গেছে—"

কণাটা ইদা শুনিয়াও শুনিল না। তাহার শুধু মনে হইতেছিল, একটা কথা। তিন দিনের মধ্যে টাকার যোগাড় করিয়া দিতে হইবে—তিন দিনের মধ্যে না দিলে তাহার প্রাণের স্থাক জেলে যাইছব।

্আজান্ত আবার কহিল, "ছি, ছি, বজুবান্ধবদের কাছে আনার মাধা হেঁট হল! লোকের এত খোলামোদ করেছি, আনি, এই ছেলেকে মাত্রুয় করে দেবার জ্ঞা! আমার চূড়োন্থ শিকা হল—"

ইদা কহিল, "এ তিন দিনের মধ্যে বেমন করে পারি, আমি এ টাকার নাগাড় করে পাঠাব—না হলে জ্যাককে তারা জে**লে** দেবে।"

জ্বন স্ত কহিল, "এ কলত্বের হাত এড়ানো দরকার বটে। কিন্তু এত টাকা কোথায় পাবে ভূমি, গুনি ?" "कृषि यनि नग्ना करत्-"

আর্জিন্ত বাধা বিশ্বন, বৃথিক চুটাকা দিবার জন্ম ইনা তাহাকে অন্তরোধ করিবে। রাগে সে জনিয়া উঠিল, কহিল, "আমি দয়া করব ? জানি, তুমি শেষ আমাকেই ধরবে। আমার থরচটা ভারী সামান্ত কি না! আমার টাকার গাছ আছে! তুমি আমার অনেক টাকা দেখেছ, না ? ছ বছর তাকে থাইয়ে আমার যা ধরচ হয়েছে, তা কোন সংকার্য্যে বিলে দেশের কত উপকার হত! একখানা বই ছাপালেও জগতে একটা জিনিস থাক্ত! এখন আমি তার চুরির থেসারত দেব ? চুরির সাড়ে তিন হাজার টাকা,—বড় সহজ জিনিস কি না!"

ইদার মুথ রক্তিন হইলা উঠিক। দৃঢ় বরে সে কহিল, "তোনার কাছে এক প্রসাও আনি সাহায় চাইছি না—তোনার কিছু করতে হবে না, তার জন্ত। জধু—"

"তবে তুমি এত টাকা পাচ্ছ, কোণায় ? কে এত টাকা দেবে ?"

এতটুকু সঙ্কোচ-বাধা না মানিলা ইনা তথন বন্ধুর নাম করিল।
ভিনি--তিনি এ টাকা এখনই দিবেন। নিশ্চয়।

প্রেমে, স্নেহে ইনাকে পরম আদরে একদিন যে গ্রহণ করিয়াছিল—
যাহার আগ্রায়, নিতান্ত গ্রভাগিনা দে, মুহুর্তের ভূলে ত্যাগ করিয়া
এ পথে আনিয়াছে, তাহার নেই উদার হৃদয়, উপেক্ষিত বন্ধুর নিকট
গিল্লাই দে কাদিয়া পড়িবে । খাহাকে নিতান্ত নিক্ষমভাবে পাপিনী
নে ভ্যাগ করিয়া আসিয়াছে, সেই বন্ধু এ বিপদে কথনও ভাহাকে
উপেক্ষা করিতে পারিবে না । ইনা সেই বন্ধুর কাছেই যাইবে ।

শুনিরা আজাত্ত শিহবিয়া উঠিল, কিন্তু কোন কথা জৌলন না। অহুমানে সে ইহাই ব্রিয়াছিল। জিলা

देमात अञीज बीवन श्लीत तरस्य नमाम्हत हिन। शिष्ठ, श्लात,

ঐর্থ্যশালী স্বামীকে সে ভালবাসিতে পারে নাই! তাহার প্রাণ र्योत्तन अल्यास स्य उनाम हथन প्रायत उन्हां व जिल्ला किता किता किता তাহা তাহার স্বামীর পরিমিত আদর-ভাল্বাসায় তুলি লাভ করে নাই! স্বামীর এক কর্মচারীর কুহকে পড়িয়া অভাগিনী আপনার गाती-सत्यं जनाअनि मित्रा निश्य-शामिमी इता। উनात-क्रमत सामीत रत्र मर्प्यकार, देना कीवरन जुलिएन ना। छोरात कतनात्र कि नीमा ছিল। তিনি আর বিবাহ করেন নাই। তারপর যে পাপিষ্ঠ ইদাকে দর্মনাশের পথে টানিয়া আনে, সে যথন ভাষার গ্রহনা-পত্ৰ, টাকাকডি কাড়িল গইয়া ভিথাবিণীৰ মত পথে ভাহাকে পরিতার্গ করিয়া যায়, তথন এই বন্ধুই ভাহাকে আশ্রয় দেন। স্বামীর সহিত মিশন সম্ভব ছিল না। কিন্তু ইদা এই বন্ধুর নিকট হইতেও যে ভালবাসা লাভ করিয়াছিল, অনেক স্থীর ভাগ্যে সেরূপ ঘটে না। ইদা ঘাহাতে কোন কট না পায়. সৈ বিষয়ে বন্ধৰ স্তুদ্ধ লক্ষা ছিল। দার্ঘকাল বন্ধৰ আল্লানে কাটাইয়া ইদা ভাগাকেও। শেষে ত্যাগ করিল। তাহার পর নানা অবস্থার মধ্যে গড়িয়া আজান্তর মহিত নতন করিয়া ইনা সংঘার পাতিয়াছে--কিন্ত স্থ-শান্তি স্বামীর আশ্রয়ের সহিত্ট সে ত্যাগ করিয়া আসিয়াছিল। इर्जिशिमी माती कीरान जात कथन अस्त अस्त साम साम मार्ग ! পাইবার আশাও নাই সার। বিপথে একবার আদিলে মৃক্তি নাই—মুক্তি নাই। গড়াইতে গড়াইতে কোপাল গিলা শেষ তলাইলা প্ৰভিবে, ভাহাৰও কোন ঠিকানা নাই!

াভ আর্জার্ড কহিল, "তার মঙ্গে তোমার মুম্পর্ক কি ? এখন তুনি অবির—"

ন লৈ কাদিয়া ফেলিল, কহিল, "কিন্তু তাঁব বন্ধুয়ের উপর একটু শুধুপানবী---" আজান্ত কহিল, "বেশ, তাতে আমি বাধা দিছিছ না! তবে তুমি একলা বেতে পাবে না—আমি দক্ষে যাব।"

ইদা সবিশ্বয়ে কহিল, "তুমিও যাবে! বেশ – তাহলে ত ভালই হয়। ওথান থেকে বরাবর অমনি আনি আঁগুদুের যাব, কেমন ?"

আর্জান্ত জানিত, ইনা তুরেনে যাইবেই! বন্ধুর নিকট হইতে এ অর্থ জিলা করিতে সে এতটুকু দিনা করিবে না। কোন বংবাই সে মানিবে না! তথাপি অতীক্ষ ইতিহাস তাহাকে সচকিত করিয়া তুনিল। প্রাতন প্রেম যদি আবোর নৃতন করিয়া জাগিয়া উঠে! ইনা সেথানে কত স্থাৰ্থ, কত আনরে ছিল! যে ঐপর্যা-সম্পদ বছদিন সে ত্যাগ করিয়া আন্ধিয়াছে, দারিদ্রোর মধ্যে পড়িয়া, তাহারই বিচিত্র মোহ যদি ইনাকে আজ আবার লুক্ক করিয়া তুলে! তাহারই মায়ায় ইনা যদি আর্জান্ত তোহার তাগো করে। এথানে প্রুষ্থ নিলুর আচরণ জিল্ল একটা মিষ্ট কথাও ত তাহার ভাগো মিলেনা। তাই ইনাকে একা যাইতে দিতে আর্জান্ত ন্ম সরিলানা।

এদিকে যে ইদাকে নহিলে আজান্ত র চলেও না। তাহার এই দক্ষে দর্পে সায় দিয়া যাইবে, এমন লোক ইদা ভিন্ন পৃথিবীতে আর ছইটি নিলিবে না! অক্ষম লেখকের গর্ম্ম-আফালন—এই নিরীহ মুগ্ধ ভক্ত ভিন্ন কেহই যে সহা কৰিবে না। তাহা ছাড়া তাহার মাথায় যে নৃতন একথানা নাটকের কল্পনা সাড়া দিতে আরম্ভ করিয়াছে, ভ্রমণে তাহা সম্পূর্ণ পরিণতি লাভ করিয়া নিমেষে উচ্চু দিত হইয়া উঠিতে পারে, এ আশাও তাহার মনে বিলক্ষণ জাগিতেছিল।

ডাক্তার হার্জের উপর গৃহ-রক্ষার ভার দিয়া আর্জাস্ত ও ইনা ভূরেন যাত্রা করিল।

আজাত্ত জিজ্ঞাদা করিল, "কি, টাকা পেলে ?"

"হাঁ। ইনি ঠিক করেছিলেন, জ্যাককে একেবারে কিছু দান করবেন—নগদ দশ হাজার টাকা। এঁর বড় সাধ, জ্যাক ফোজে ঢোকে। সে বংসারীশ হলেই দশ হাজার টাকা উনি তাকে দেবেন, এমনই ইনি ঠিক করেছিলেন। তা যথন দরকার, তথন আন্তর্ভ সে দশ হাজার টাকা ইনি আমার হাতে তুলে দিয়েছেন। সাড়ে তিন হাজার ত আ্যাজেন দিতে হবে, আপাতত। বাকীটা, ইনি সমছেন, জ্যাকের যাতে ভাল হয়, ভবিশ্বতে উর্লিত হয়, এমনভাবে যেন থরচ করা হয়।"

"বেশ হয়েছে। বাকী সাড়ে ছ' হাজার আমি থাটয়ে কারবারে দেব'ধন। এখানে গুলছিলুন, অন্ধ বয়সে চুরি করে' যে সব ভ এলাকের ছেলে-পিলেরা গোলায় যায়, তাদের শোধবাবার জন্ম, তাদের মান্ত্র করবার জন্ম একটা সভা আছে, জ্যাককে সেইখানে দি, কি বল ? এতে পরে তার ভাল হবে।"

চুরি — চোর ! কথাটা ইদার মরমে বিধিল ! ভাকে চুরি কবিতে পারে, এমন চিস্তাও যে তাহার মনে স্থান পার না ! চোঝে দেখিলেও যে ইহা বিধান হয় না ! কিস্তু সেই চিঠিখানা—কি নিস্তুর ভীবণ সংবাদই দে বহিয়া আনিয়াছে ! সভাই কি এ চিঠিখানা আদিয়াছে, না, এ একটা ভধু তংক্য ? ইদা স্থান দেখিতেছে ?

ু ইন। কহিল, "সে ভেনে-চিত্তে পরে হিব কবা বাবে। এখন ত আগে আঁচন্দ্র যাওয়া যাক।"

আনন্দে গর্কো কবির চোথ আবার উজ্জ্ব হইরা উঠিল।
এতগুণা টাকার উপর আধিপতা করিবে, সে—! পথে সে জ্যাকের
ভবিষ্যং সম্বন্ধে নানা কল্পনা ফাঁলিয়া বসিল। অভীতের ইতিহাস
মন হইতে মুছিলা জ্যাককে নামুব কবিলা তুলিতে হইবে, কি
উপায়ে,—তাহারই বিবিধ প্রা নির্দেশ করিয়া সে রীতিমত বফুডা

দিয়া চলিল—ইদার অন্ধ মাতৃয়েহের প্রতিও ছই চারিটা বক্র ইন্সিত করিতে ছাড়িল না। ইদার দোবেই, ইদার মেহের আতিশব্যে, শাসনের অভাবেই শুধু জ্যাক মাটি হইতেছে, বিবিধ তক্র ও যুক্তি তুলিয়া এই কথাটাই আর্জান্ত ম্পষ্ট করিয়া বুঝাইরা দিব। পরিশেষে, "হয় তাকে এবার আমি বশ, নয় চূর্ণ করব" এই কথা বলিয়া আর্জান্ত আপনার বক্তব্যের মাত্রা শেষ করিল।

ইদা কোন জনাব দিল না। পুত্রকে যে কারার যন্ত্রণা হইতে সে মৃক্তি দিতে পারিনে, ইহা ভাবিয়াই তাহার জদয়ে আনন্দ ধরিতেছিল না। আজাওঁ ইদাকে বুরাইল, সে একাই আঁচের ঘাইবে। ইদাকে দেই নীচ লোকগুলার বিজ্ঞপ-দৃষ্টির সন্মুথে কিছুতেই সে দাঁড়াইতে দিবে না—দিলে, ইদার মধ্যাদা রক্ষা করা কঠিন ত হইবেই, তাহার উপর জ্যাকও বিশেষ ক্ষ্ম হইতে পারে— হইবেও। সে দাকণ অপনান হয় ত বেচারা সহ্য করিতে পারিবেনা। শেষে হির হইল, আজাওঁ টাকা কইয়া ম্যানেজারের সহিত দেখা করিয়া জ্যাককে মৃক্ত করিয়া আনিবে,—ইদা ইনারে তাহাদের জক্ত প্রতীক্ষা করিবে। এ ব্যবস্থায় ইদা সহজেই সন্মত হইল।

সেদিন বৰিবাৰ! পথে যাটে বিশ্রামের এক অপূর্ক আনন্দ, বিরামের এক গভীর তৃপ্তি জাগি। উঠিয়ছিল। নদীবকে, স্ট্রমারে, নৌকার নাবিকের দল গান ধরিয়ছিল। তীর হইতে কুলি ও কারিকরদের হর্ষ-উল্লাসের উদ্ফান-তরঙ্গ ভাসিয়া আসিতেছিল। স্থাজান্ত নামিয়া গেলে স্ট্রমারে বসিয়া ইনা ওধু তাহার জ্যাকের কথা ভাবিতেছিল। সহত্র অপরাধে অপরাধী হইলেও জ্যাক তাহার ছেলে। কত ছংসহ মুহুর্তে জ্যাক তাহার প্রাণে প্রমাশান্তি বহিয়া আনিয়াছে, তাহার তপ্ত প্রাণ রিয়া সর্ল য়েহে জডাইয়া

দিয়াছে, জগতে তাহার একমাত্র আপনার, ত্বগতে তাহার স্কাষ, সেই প্রাণাধিক পুত্র জ্যাক—ইদা কি কখনও তাহাকে ত্যাগ করিছে পারে? না। ইংজগতের স্কল স্কুখ, স্কল ঐশ্বর্যের বিনিম্নেও জ্যাককে সে ত্যাগ করিবে না, করিতে পারে না।

শৈশবের সেই গাল-ভরা হাসি, মার আদরে সেই পরম নিশিন্ত সামনে
নির্ভরতা—নির্মাণ একথানি ছবির মতই ইদার ক্ষান আজ সুস্পাষ্ট দুটিয়া উঠিল। আঁচ্ছে ঘাইবার সময় সেই কাতর নয়নের বাক্টান বেদনা কাটার মতই আজ ইদার মর্মে বিবিতেছিল। সেই জাকিকে নির্মান সদয়ে দে বিদায় দিয়ছে। কারখানার কঠিন কাজে জাকের বাস্থা, না জানি, কতথানি ভাগিয়া পড়িয়াছে। ডাক্তার বিভালের আশক্ষা সত্যে পরিণত হইয়ছে। কেন সে জাককে তই হাতে চাপিয়া বুকের মধ্যে পুরিয়া রাখিল না। কোন্ প্রাণে ছেলেকে সে মাইয়া এখানে পাঠাইল। আজিকার কথা ইমা কি কোন্দিন স্বপ্রেও ভাবিতে পারিয়াছিল হ

চারিদিককার এই অভদু উল্লাস-টাৎকারে ভাষার প্রাণ অন্তর্শোচ-নায় ভরিয়া উঠিয়ছিল। ইহারাই ছ্যাকের ক্ষাস্থ্যী— ইহানের সঙ্গেই জ্যাক আজ ছুই বংসর বাস করিতেছে। মনটাকে বিক্ষিপ্ত করিবার অভিপ্রায়ে ইনা আজাস্থ-কথিত সেই সভাব ছাপানো বিব্রবী-পুস্তুক পঠি করিতে লাগিল,—

"বালক-চরিত্র-সংশোধনী সভা

শাসন-আলয়। নিজন কাবাবসে বাবছায় ছট বালকগণকে শিঠ করা হয়। বিভিন্ন নিজন কৃত্ত গুলন বাপিয়া বালকগণকে শিক্ষা দেওুয়া হয়। কেহ কাহারও মুখ কেখিতে পায় না—মেশা তদুরের কথা। চূড়ান্ত আলোজন। পরীক্ষা প্রাথনীয়।" আছিলি ইতিহধো তীবে নামিয়া ক্রিকগুছের গৌল ক্রিয়া তাহারই অভিমুখে চলিয়াছিল। আপনার ক্ষমতা দেখাইবার আজ তাহার কি চমৎকার স্থোগই না মিলিয়াছে। অপরাধীকে বকুতার বাণীতে কিরূপ সে অভিভূত করিয়া ফেলিবে, ম্যানেজারের নিকট কি ভাষায় ক্ষমা প্রার্থনা করিবে, পৃধে সে তাহা ভাবিয়া স্থির করিয়া ফেলিয়াছিল।

একজন বৃদ্ধা বমণী আজান্ত কৈ কদিকের গৃহ দেখাইয়া দিল। তাহার নিকেশ-মত আজাস্ত আইনিয়া যথন কদিক-গৃহের সন্মুখে পৌছিল, তথন দে শুনিল, ভিতরে গান চলিয়াছে। গান থানিলে, কে হাঁকিল, "আবে, এদিকে এম, মাষ্টার জ্ঞাক—"

এ কি ৷ জ্যাক তবে হাজভো নাই—এখানে ৷ কবি বিশ্বিত হইল।

দার ঠেলিয়া ভিতরে প্রবেশ করিতেই কবি নেখিল, সন্থ্যর ছোট দালানে রীতিমত মজলিস জনিয়াছে। সাত-আটজন বালিকার হাত ধরিয়া জ্যাক মহাজুর্ত্তিত নৃত্য লাগাইয়াছে, এবং অদুরে দেওয়ালে পিঠ দিয়া টুলের উপর ব্যিয়া, এক দীর্ঘকায়া নারী! এ আনন্দ-উৎসবের অর্থ কি ? বাাপার———!

ব্যাপার যাতা ঘটিয়াছিল, তাহার সংক্ষিপ্ত মন্ত্র এই,—

জ্যাকের মাকে ম্যানেজার যেদিন পত্র লিপিল, তাহার পর দিন মাদাম কদিক উত্তেজিতভাবে ম্যানেজারের অফিসের দিকে ছুটিল। বাহিরের কোন বাধা-বিজ্ঞপে বিচলিত না হইয়া একেবারে আসিয়া সে ম্যানেজারের সমুথে দাড়াইয়া এক নিখাসে বলিয়া উঠিল, "মশায়, আমি জানি, বেচারা জ্যাক কোন দোবে দোবী নয়। এ চুরির সে কিছুই জানে না—! জেনেদের টাকা সে চুরি করে নি!" ন্যানেজার চেয়ার ছাড়িয়া দীড়াইয়া উঠিল, কহিল, "কিছু এ

বিষয়ে বিস্তর প্রমাণ পাওয়া গেছে যে।"

"প্ৰমাণ! কোথায় প্ৰমাণ! কে দিয়েছে, প্ৰমাণ ? স্বামী দেদিন বাড়ী ছিলেন না, জ্যাক একা ছিল,—এইতেই কি যথেষ্ট প্ৰমাণ হয়ে গেল? কিন্তু এ প্ৰমাণ আমি মিথা৷ বলে দেখাতে এদেছি। জ্যাক একাই যে দেদিন বাড়ী ছিল, তা নয়—আৰ একজন লোকও ছিল—"

"আর একজন ? কে---দে? নাস্<u>--</u>?"

"হাঁ, নান্ত্!" ক্লাবিদের স্বর এতটুকু কাণিল না। তাহার মুধে বিষাদের একটা গভীর ছালা পড়িয়াছিল।

"নাস্ত ই তবে এ টাকা চুরি কবেছে ?

ক্লাবিসের পাওু মুখে দিধার একটা বেখা পড়িয়া মুহুর্তেই তাহা সরিয়া গেল। জবিচলিত করে সে কহিল, "না, নাস্ত চুরি করে নি! নাস্ত চোর নয়। জামিই তাকে এ টাকা নিজের হাতে চুরি করে এনে দিয়েছি।"

"হভাগিনী নারী—"

"সতাই ছজাগিনী। সে বললে, ছদিনের মধ্যেই এ টাকা সে শোধ করে দেবে। আনি ছ'দিন অপেকা করল্ম এ ছ'দিন আনাধ আমীর ছংখ, জেনেদের চোপের জল, নির্দোষ বেচারা জ্যাকের লাজনা, এ সব আমি এই চোপে দেখে স্ফ কর্মেছি। সে কি ক্ষ্টু। কিন্তু কৈ, নাস্ত্ এল না ত। কাল তাকে আমি চিঠি দিয়েছি, লিপেছি, আজ ভোরের মধ্যে যদি সে টাকা দিয়ে না যায়, তা হলে স্ব কথা আনি প্রকাশ করে দেশ—! তবুনে এল না— গ্রাই আমি আপনার কাছে এসেছি।"

"ভাই তুমি এদেছ! কিন্তু সামি কি করতে পারি <u>।</u>"

"কি করতে পারেন। <u>ব্</u>থার্থ যে চোর, মধার্থ যে দোরী, ভাকে ধরিয়ে দিন, নির্দোষ যে, তাকে মুক্ত করে দিন।" "কিন্তু তোমার স্বামী—বেচারা ক্লিক ! এ কথা শুনলে যে মরে যাবে—"

"ভালই হবে! আমিও তাছলে নিশ্চিত্ত হয়ে মৰতে পাৰব! আমাৰ মত পাধাণীৰ মৰাই উচিত! পৃথিবীৰ পাপেৰ ভাৰ কমহবে।"

ন্যানেজার গণ্ডীর স্ববে কহিল, "তোমার মৃত্যু হলেই যদি জেনেদের টাকা পাওয়া যেত ত, তোমার মরণ কারমনোবাকো আমি প্রার্থনা করতুম! কিন্তু এ আল্লহত্যায় নিজেই তুমি শুধু মুক্তি পাবে! ব্যাপার সমানই গাকবে! বরং আরও ভাষণ দাড়াতে পারে।"

"তবে কি করব, বলুন।" উত্তেজনায় ক্লারিস ইাপাইতেছিল। ভাষার মুখে-চোখে এ কয়দিনে কে খেন ঘন কালীর একটা কালো দাগ টানিয়া দিয়াছে।

ম্যানেজার কহিল, "এ টাকার কিছু পোধ হয় এখনও তার ছাতে পড়ে আছে—সেটা প্রথমত উদ্ধার কবতে হবে! সব বোধ হয় একেবারে থবচ হয়ে যায় নি ১"

ক্লাবিস ঘাড় নাড়িল জানাইল, কে জানে ৷ এই হুর্জমনীয় জুলা-ধেলার নেশা নান্তকে ভূতের মত চাপিলা ধ্রিয়াছে, তাই ভয় হল—

মানেজার একজন কন্মচারীকে ডাকাইল। সে জাসিলে মানেজার তাহাকে বলিল, "এখনই স্যানাজেয়ারে ছ-চারজন লোক সঙ্গে করে তুমি নিজে যাও। নাস্তের সঙ্গে দেখা কর। নাস্ত কে বলবে, এখনই যেন সে আমার কাছে আসে। তাকে না নিয়ে তোমরা ফিরবে না।"

কর্মার কাছেল, "নাস্ত আঁাদ্রেউই আছে। এইমাত্র তাকে কুদিকের বাড়ীর কাছে আমি দেখে আসছি—" "বেশ, তবে শীঘ বাও। মাদাম কদিক যে এখানে আছে, সে কথা তাকে বলোনা—! সাবধান! সে বেন এতটুকু সক্তেও না করতে পাবে! যাও।"

কর্মচারী চলিয়া গেলে ম্যানেজার শৃত্য মনে বাহিরের দিকে চাহিয়া রহিল। ক্রারিস্ হিরভাবেই দীড়াইয়া ছিল। বাহিরে কারপানার তথন কাজ চলিয়াছে। বাপ্প-নিগমের শক্তেও যেন কথনও নিনতি, কথনও অনুযোগের হুর ধ্রনিয়া উঠিতেছে। লোগাণেটার ও্ন্দাম ভীষণ শক্ষ চলিয়াছে। কিন্তু ক্লারিসের অঞ্বে আজ মেনা ভাবের সংগ্রাম-কোলাইল উথিত ইইয়াছে, তাহার কাছে বাহিরের এ কোলাইল কিছুই নয়!

দ্বার পুলিয়া নাস্ভিতরে প্রথেশ করিল। প্রবেশ করিয়াই সে কহিল, "আমায় ডেকেডেন, আপনি ?"

সহসা পার্থস্থিতা ক্রারিসেব পানে নাম্থের নজর ওড়িল। ক্রারিসের বিষয় মান মুখ, মানেজারের কক্ষ দৃষ্টি—ব্যাপার ব্রিজতে নাম্থের আর মুহত্তি বিলম্ভ ইউল না।

ক্লারিস্ আপনার কথা রাণিয়াছে ওবে,—ম্যানেজারের কাছে -স্ব কথাই সে প্রকাশ করিয়া দিয়াছে !

নিমেষের জন্ত নাপ্তের শরীবে একটা বিভাই-প্রবাহ ছুটিয়া গোল— একটা পৈশাচিক প্রবৃত্তি জাগিয়া উঠিল। ভাহার মনে হছল, এপনই এই ছুর্বল নারীটাকে ঠেলিয়া ফেলিয়া, মানেজারকে ভাহার এই জন-ধিকার-চর্চার সমূচিত শান্তি দিয়া সে পলাইয়া যায়। কিন্তু কারিসের রক্তহান বিবর্ণ মুখের পানে আর একবার চাহিতেই সে প্রসৃত্তি ভাহার অন্তহিত হইল। অন্তাপে চিত্ত ভবিয়া উঠিল। যে কহিল, "আমায় ক্ষমা ককন।" নামু চোপের জল রোধ করিতে পারিজ না। ম্যানেজার কহিল, "কারা, ক্ষা,—ও সব বেথে দাও, নাস্থ কাজের কথা কও। এই স্ত্রীলোক, শুধু তোমার জন্স, তোমারই কাছবোধে, আপনার আমা-কন্সার সর্বাস চুরি করেছে। ছদিনের মধ্যে তোমার এই টাকা দেবার কথা ছিল—"

ক্তজ্তার নাস্ অভিচ্ত হইরা পড়িল। সে কারিসের পানে আর একবার চাহিল। তাহাকে রক্ষা করিবার জন্ত মিথ্যা বলিয়া কোরিস্ নিজেই এ চোরের অপবাদ মাথার লইবাছে। কারিস্ নত দৃষ্টিতে দাড়াইরাছিল—নাস্তের পানে ন্থ তুলিয়া একবারও সে চাহিল না। সেই ভীবণ রাজে নাস্তের সহিত সকল সম্পর্ক সে চুকাইরা দিয়াছে। আর নুতন কার্যা ক্ষানের কোন প্রেছেন নাই।

ম্যানেজার কহিল, "কৈ, সে: টাকা ?"

"এই যে আমি এনেছি—"

যথার্থ নাত টাকা আনিয়াছিল! গৃহে ক্রারিসকে না দেখিয়া সে তাগারই সন্ধান করিতেছিল, এমন সময় মানেজারের কন্মচারী গিয়া তাগাকে ভাকিয়া আনে!

ম্যানেজার কহিল, "এতে পুরো তিন হাজার আছে ?"
"না, চারশ কম---"

"বুঝেছি। এ চারশ টাকা আজ জুয়াথেলবার জন্ম তুমি রেণেছ।" "না, যথার্থ না! এ টাকা আমি হেরে গেছি! কিন্তু শীঘুই তা দিয়ে দেব।"

"বেশ! আপাততঃ আমিই না হয় এ টাকা প্রিয়ে দিছি—
পরে তুমি এ চারশ' টাকা আমায় দিয়ো। বেচারী জেনেদের বিয়েরও
আর দেরী নেই—তোমার অপেকায় বদে থাকলে চলবে না।
যাই হোক, ফদিককে জানানো চাই, কেমন করে এ টাকা চুরি
প্রেছে! এখানে বদে সংক্ষেপে তুমি আগাগোড়া সব কথা লিথে দাও—"

কি লিখাইয়া লইবে,—মানেজার তাহাই ভাবিতে ছিল। নারু কোন কথা না বলিয়া বদিয়া কলম ধরিল। ক্লারিস্ একবার মাথা তুলিল। সে ব্যাকুল হইয়া উঠিল। কি পত্র লিখাইয়া লইবে, এ পত্রের উপর তাহার জীবন-মরণ নিভর করিতেছে যে।

ম্যানেজার কহিল, "নাও, লেখো – ম্যানেজার মশার, কণিকের আলমারিতে জেনেদের যে ঘৌতুকের টাকা ছিল — তা থেকে সাড়ে তিন হাজার টাকা যা চুবি গেছে,— তা আমিই নিয়েছি। অহা লোককে তার জহা দোষী করবেন না।"

নাস্ত্রকবার আপত্তি করিল, কিন্তু ক্লারিসকে তাহার ভয় ছিল। অথচ অস্ত উপায়ও নাই। কাজেই সেম্যানেজারের কথানত লিখিতে লাগিল,—

"এ টাকা আমি ফেবত দিলাম! রাখিতে পারিলাম না। এ
টাকা আমার সমস্ত মনকে তাতাইলা তুলিয়াছে। এক মুহত জানি
শাস্তি পাইতেছি না। যে নিরীহ, নির্দোধ বেচারাদের উপর এই
চুরির জন্ত নির্যাহন চলিতেছে, তাহাদিগকে এই দণ্ডে মুক্তি দিন।
তাহারা চুরির কিছুই জানে না। কদিককে বলিবেন, তিনি যেন
আমার ক্ষমা করেন। আমি কারখানা ত্যাগ করিলাম। শহলায় তাঁহার
সহিত দেখা করিতে পারিলাম না। যদি কখনও চরিত্র-সংশোধন
করিতে পারি, ঐকান্তিক পরিশ্রনে কখনও যদি অর্থ উপার্ছন
করিতে পারি, করিয়া নাছ্য হই, তবেই আবার কিরিয়া সাধু-চরিত্র
ক্ষদিকের সঙ্গে দেখা কবিব, তাঁয়ানের মুখ দেখাইব, নহিলে চিব-বিদায়!"

लिया ब्हेल भारतकात कविन, "नाउ, महे कत।"

বিনা-বাক্য-বায়ে নাভূ পত্রের তলদেশে নাম স্বাক্ষর করিল। ম্যানেজার কহিল, "এখন তুমি যেতে পার! গেরিঞীতে যেতে পার—দেখানে আমি তোনার কাজেরও জোগাড় করে দিতে পারি! মাছৰ হবার চেটা কর, নাস্ত্। আর মনে রেখো, আঁচাডের যদি আর কথনও ভোমার কেউ দেখে, তবে দেই মুহুর্তেই চোর বলে তোমায় ধরিরে দেব! তোমার এই চিঠিই তৃথন তোমার অপরাধের সাক্ষা দেবে।"

নান্ত চলিয়া গেল। মানেকার কহিল, "ঘরে যাও, মাদাম কদিক। তোমার স্বামীর জন্মই শুধু এ কাজ করলুম আমি—সত্য কথা জানতে পারলে বেচারার আমাণে দারুণ ঘা লাগবে—"

"নে ঘা না লাগুক! আমানি আমানে আমীকে এবার সমস্ত -বেদনা থেকে মুক্তি দেব, ভির করেছি—"

"তার নানে ?"

"এ প্রাণ ত্যাগ করব। জাবনটাকে নানাভাবে আমি জড়িয়ে ফেলেছি—এ বাধন অসহ হয়ে উঠেছে। সমন্ত বাধন কেটে ভাকে আমি মুক্তি দিতে চাই।"

তাহার মুথের দিকে চাহিয়া মাানেজার একটা দারুণ আশক্ষায় চিস্তিত হইয়া পড়িল। আশ্বাদের স্বরে ম্যানেজার কহিল, "মাদাম কদিক, মনে সাহস আনো। এ চিঠি কদিকের হাতে পড়লে ভার মনে কতথানি কট হবে, ভাব দেখি! তার উপর যদি তুমি আত্মহতা কর ত, সে আঘাতের বেননা কদিকের প্রাণে কতথানি বাক্সবে – তা ভাবছ কি ? তাকে শাস্তিতে জাবনের এ শেষ কটা দিন থাকতে দাও— আর অভিভূত করো না। যা হয়ে গেছে, তার আর চারা নেই। ভবিষাংটা যাতে ভালো করে গড়ে তুলতে পারো; ভারই চেটা কর। সকলকে প্রথে রাধবার চেটা কর—নিজে স্বধ্ব পারে, শাস্তিও মিলবে!")

"আপনার কথা রাথবার চেষ্টা পাব—" বলিয়া নাদান কৃদিক শীরে ধীরে বিদায় গ্রহণ করিল। কৃদিক এ পত্র পাঠ করিয়া ক্রমে দারুণ আঘাত পাইল। নাস্ত চুরি করিয়াছিল ? নাস্ত,—তাহার ভাই ? সে চোর। অথচ তাহার পত্নী ক্লারিস এই নাস্তকে কত ভালবাদে। যৌতুকের অথ ফিবাইয়া পাইয়া অতাধিক আনন্দে জেনেদ ভাহার সকল কইই ভলিয়া গোল।

আর জ্যাক ? বেচারা জ্যাক ? তাহার জ্য়ধ্বনিতে কণিক গৃষ্থ পরিপূর্ণ হইয়া উঠিল। ম্যানেজার স্বংস্তে জ্যাকের নিজ্যোষ্টার বিবরণ লিখিয়া কারথানার সক্ষত্র সকলের নিকট তাহা পড়াইয়া শুনাইল। অন্যায় লাজ্নার জন্ম জ্যাককে ডাকিয়া ম্যানেজার তাহার নিকট ক্ষমা প্রাথনা করিল। গার ক্ষিক-গৃহের ক্ষমা ও আন্বেশ্ব আতিশব্যে জ্যাক অভিভূত হইয়া পড়িল।

বেলিদেয়ার মুক্তি পাইয়া নিনেধেই কোথা অদৃতা হুইয়া গেল।
—কাহারও সহিত দে সাকাং করিল না।

জ্যাকের জন্তই বিশেষ করিয়া আজ ক্ষবিক-গৃতে নাচের আসর বিসিয়ছিল। ক্ষবিক সহস্রবার ক্ষনা-প্রার্থনা করিয়া কবিকে সকল কথা আতোপান্ত খুলিয়া বলিল। কয়েকটা প্রমাণ নিভান্তই জ্যাকের বিক্লছে ছিল—নহিলে মনের মধ্যে একবারও সে জ্যাককে অপরাধী ভাবিতে পারে নাই!

তথাপি আজান্ত শাসনের গণ্ডাব বাণাতে জ্যাককে পাঁজিত করিয়া তুলিল। বাছা বাছা কথা দিয়া যে বকুডাটুকু সে ঠিক করিয়া আনিয়াছিল, তাহার অব্যবহার ত হউতেই পারে না। কাজেই আর্জান্ত কোন মতে নিবস্ত করা গেল না। কাদক বারবার বলিতে লাগিল, "ওকে বলবার কিছু নেই—সাহেব। আমরা বারবার কমা চাইলেও আমাদের প্রায়শ্ভিত হবে না।" তথাপি আর্জান্ত র মুখে যখন ভাব ও ভাষার বাণ ডাকিয়াছে, তখন তাহাকে রোধ করে, এমন সাধ্য সেখানে কাহারও ছিল না।

এই স্থণীর্ষ বঁকুতার একটা ছত্রও জ্ঞাকের হদরস্পম হইল নাতথু এইটুকু সে বৃরিল, তাহারই মৃক্তির জন্ত কবি এতটা পথ
কট করিয়া আসিয়াছে, তথু আসা না,—সঙ্গে টাকাও আনিয়াছে।
এ অর্থ কে দিল, আর্জান্ত তাহা নোটেই ভালে নাই। জ্ঞাক
ভাবিল, আপনার অর্থ দিয়া আর্জান্ত তাহার মৃক্তি ক্রয় করিতে
আসিয়াছে। এমন হৃদর্শন লোককে বরাবর সে সন্দেহের চক্তে
দেখিয়া আসিয়াছে। কি অন্তাহ্ম সে করিয়াছে। সম্রনে, শ্রদ্ধান্ত
আজ্ঞ আর্জান্তর পায়ে জ্যাকের মন লুটাইয়া পড়িল। আর্জান্ত
এত মহৎ।

ছুই ঘোড়াকে বশে আনিতে পারিলে সওয়ারের বেমন আননদ হয়, জ্যাকের এই ভাব দেখিয়া আজি।স্তুরও ঠিক ততথানি আননদ হুইল। সে ভাবিল, "এবার আমি ছোকরাকে বশ করেছি।"

পরে উভয়ে পথে বাহির হইল। নার সংবাদ পাইয়া জাাকেয়;
প্রোণে আনন্দ যেন ধরিতেছিল না। আর্জান্তর প্রতি তাহার
বিশ্বাস আজে এমনই প্রনল হইয়া উঠিয়ছিল যে, জ্যাক কহিল,
"কারখানার কাজ আমার মোটে ভাল লাগে না! কারিকর হতে
পারব না, আমি! এই নির্জনতার মধ্যে থেকে, কারুকে না দেপে,
মাকে না দেখে, আমার মন কেমন ভার হয়ে থাকে, কারু করতে
মোটেই ভাল লাগে না! কারু যে খুব শক্ত, তা নয়, তবে য়াতে মাথা
খাটানো যায়, এমন কার্জই আমার পছল। এখানে যে কান্ধা, এ সব
গায়ের জায়ের—নিতান্তই কলের কান্ধা! মোটে মাথা থেলাতে হয়
না, এতে স্ক্রপণ্ড এতটুকু নেই—"

গভীর বিখাদে জ্যাক আর্জান্ত র হাতথানা আপনার হাতে চাপিয়া ধরিল। আর্জান্ত হাত টানিয়া লইল। সে ভাবিতেছিল, ইদা এথানে আসিয়াছে, এ সংবাদ জ্যাককে সে দিবে কি না জ্যাকের কথার উত্তরে অভিস্থি কহিল, "ভোমাব এ কথা শুনলে ভোমার মার মনে বড় কই হবে। শুনি বড় সাব, ভূমি কারিকর হও। ধেমন করে পার, যত কইছ হোক, কারিকর হওয়া ভোমার চাই-ই! ভোমায় তক্তবার বলেছি, জ্যাক— এ জীবন নহেক স্থপন! কথাটা চিবলিন মনে বেখো, তাহলে ভবিষাতে কথনও কই পাবে না।"

প্রায় একঘণ্টা ধরিয়া উভয়ে পথে পাল্ডাবি কবিল বেড়ালং। হতভাগা জ্যাকের প্রাণ মাকে দেখিবার জন্ম ব্যাকুল হত্যা উঠিলাছল। সে জ্যানিল না—আর করেক পদ দুরেই তাহার মা একাস্ত উর্নোকুল ফদরে তাহারই মুগ্রানি দেখিবার জন্ম অন্তির ভাবে প্রতীক্ষা করিতেছে। হার, ইঙ্গিতেও যদি এ কথা সে জ্যানিতে পারিত।

शैभारत প্রতীক্ষা করা অসহ হইয়া উঠায়, ইনা তীরে নামিয়া

ব্যাকুলভাবে জ্ঞাকের পথ চাহিয়া দাড়াইয়াছিল! আজ ছই বংসর পরে প্রেব মহিত সাক্ষাং হইবে! আঃ! এমন সময় আর্জান্ত ফিরিয়া আসিল! ইনা জিজাসা করিল, "ভ্যাক ?"

ভাজিতি কহিল, "কোন ভারনা নেই। সে ছাড়া পেয়েছে—
কজার সে তোমার সঙ্গে দেখা করতে চাইলে না—এত বল্লুম
আমি। আর লজা তার হতেও পারে,—এ রকম একটা অন্যায়
করে কেলেছে। ছাড়া পেয়েই কোপায় যে ছুটে পালিয়ে গেল। তারপর
কামিও ভাবলুন, তোমার সঙ্গে শেগা হলে হয়ত মন থারাপ হতে পারে,
কাজে মন বনতে আবার কিছুনিন লাগবে—এখন দেখা করতে
চাচ্ছে না, যখন, তখন থাকু না হয়। কাজেই আর পেড়াপেড়ি করলুম
না,—স্কানিও নিলুম না—"

ইদা দীর্ঘনিখায় ত্যাগ করিশ। একটা অসহ বেদনায় তাহার বুক ভরিয়া গিয়াছিল, মুগ দিয়া কোন কথা বাহির হইল না।

আজ এত কাছে আদিয়া—দীর্ঘ ছুই বংশর পরেও, পুত্রের সহিত দেখা হইল না! এত কাছে, যে, একবার চীংকার করিয়া ডাকিলেই গুনা যায়! কে জানে, কবে আবার দেখা হইবে! মাতার অতৃপ্ত জনয়ের কাতর দীর্ঘধাস বাতাসে মিলাইয়া গেল। স্থানার ছাড়িয়া দিল।

সাপ্তম পরিচেছদ

সমূদ্র-যাত্রা

ছঃথের দিন দীর্ঘ বোধ হইলেও, কোনমতে কাটিয়া যায়। জ্যাকের দিনও কাটিয়া যাইতেছিল।

উক্ত ঘটনার পর ছই বংসর কাটিয়া গিয়াছে। জেনেদ বিবাহের পর আমীর গৃহে গিয়াছে। এ ছই বংসরে জ্ঞাক জাপনার হক্ষণ বাহু ছইটাকে কারখানার কানে দড় করিয়া তুলিতে প্রাণপণে চেটা করিয়াছে। তাহার শিকানবীশীর মুগ কাটিয়া গিয়াছে। এপন সে কারখানায় কাজ করিয়া বেতন পায়। বেতন সামায়,—কাজের অমুপাতে অপর কারিকরের মিত জ্ঞাক হাড্ডালা ঘাটুনি খাটিতে পারে না; হাছুড়ি পিটিতে পিটতে অল্লগনের মধ্যেই তাহার হাত ভারিয়া যায়, সর্কা দেহ হইতে খাম ঝরিয়া পড়ে। কাল করিয়া তাহার করতল ছইটা কঠিন পক্ষ হইয়া উঠিছাছে; হাতে কড়া পড়িয়াছে। দিনের শেষে দেহটাকে কোনমতে টানিয়া সে কদিকের গতে কিরে, তারপর আহাবাদি করিয়া গুইয়া পড়ে। আবার ভারেই গাজোখান করিয়া কারপানায় ছুটতে হয়। কাহারও সহিত মিশিতে বা গল্ল করিছে ভাহার প্রস্তিত হয়। কাহারও সহিত মিশিতে বা গল্ল করিছে ভাহার প্রস্তিত হয়। নাহারও সহিত মিশিতে বা গল্ল করিছে ভাহার প্রস্তিত হয় না। ঐবনটা নিতান্তই ফ্রিটান, লক্ষ্যইন হইয়া পড়িয়াছে।

ক্রদিক-গৃহেও ইদানীং কেমন-একটা তর্মতা বিরাজ করিত। জেনেদ্ চলিয়া বাওয়ায় তাহার বর থালি পড়িয়া রহিয়াছে। নাদান রাদিকও আর মরের বাহির হয় না, বা কাহারও প্রতীক্ষায় মরের মধ্যেও সে বসিয়া পাকে না! পর্বত-গাত্র-নিঃস্ত নির্মারণী- যেমন আপনার বেগে আপনিই বহিয়া যায়, কোনদিকে শক্ষা রাথে না, মাদাম ক্রদিকেয় জীবনটাও তেমনইভাবে বহিয়া চলিয়াছিল। কোন দিকে আর তাহার লক্ষ্য ছিল না, জীবনে বৈচিত্রাও ছিল না। কদিক আপনার কর্ত্তব্য পথে তেমনই অচপল স্থির লক্ষ্য রাখির। জাবন নির্বাহ করিতেছিল। এই শাস্ত ক্ষুদ্র পরিবারটির উপর দিয়া স্থা বে একটা উদ্দাম ঝড় বহিয়া গিয়াছে, গৃহথানির প্রতি একটু মনোযোগ-দৃষ্টি স্থাপন করিলে সহজেই তাহা বুঝা যায়।

জ্যাকের জীবনে ইতিমধ্যে ছোট একটি ঘটনা ঘটিয়া গিয়াছে। ঘটনাট নিতান্ত সামাত হইলেও #াভাব ভাহার বথেই ছিল ৷ এবার শীতটা প্রচণ্ড পড়িয়াছিল, বর্ধায় রীতিমত নামিয়াছিল। সহরের পথ-ঘাট বছদিন জলমগ্র ছিল। কাজ-কর্ম তাহারট মধ্যে সারা হইতেছিল। সেই ঠাওা লাগিয়াজাকের অতিরিক্ত স্ফি-কাশীহইয়া পডিল। সপ্তাহাধিক কাল জব-গায়ে কারখানায় তাহাকে কাজ করিতে হইয়াছিল-তার পর একেবারে দে আরোগা লাভ করিতে পারিল না। সামাত জার ও কাণী লাগিয়াই গহিল; মধ্যে মধ্যে বাড়িত। মার কাছ হটতে প্রাদিও সংক্ষিপ্ত হট্যা প্ডিয়াছিল। মার চিঠিতে জ্যাক জানিয়াছিল, আজাস্ত'র কাজের ভিড়ে পত্র লিথিবার বিজন অবসব তাঁহার একরণ হুর্ঘট হুইয়া পড়িয়াছে, তথাপি জ্যাকের চিত্ত। তাঁহার মনে অহরহই জাগিয়া আছে। জ্ঞাক যেন পুর্বের মতই নিয়মিত পত্রাদি লিখিয়া মাতার ভাবনা দর করে ৷ কবি উঠিয়া পডিয়া 'লাগিয়া "ফটের কন্তা" নাটকের রচনা শেষ করিয়াছেন। প্রকাণ্ড পঞ্চাঙ্ক নাটক। নাটকথানি কয়েকটি থিয়েটারের কর্ত্তপক্ষকে নেখানও হইয়াছে, কিন্তু এই সব স্বার্থ-সর্কান্থ হুবুতি লোকগুলা আশ্চর্য্য স্পদ্ধি। দেখাইয়া বহিখানি ফেরত দিয়াছে। কবি তাহাতে একান্তই কাতর মন্দ্রাহত হইয়া পড়িয়াছেন। কিন্তু প্রতিভাব বাণী একবার বাহার হৃদয়ে সাড়া দিয়াছে, এ সকল তুচ্ছ অবহেলা কি কথনও তাহাকে বাধা দিতে পাবে ? কবি তাই মোরোন্তা প্রভৃতির সাহায়ে এক অপুর সাধনায় ব্রতী ইইয়াছেন। বেদিন সে সাধনার কথা জগতে প্রচার হটবে, সেদিন একটা শ্রদ্ধা-মিশ্রিত কৌতৃহলে শুরু সারা পারির অধিবাদী নহে, সমস্ত সতা জগৎ স্তস্তিত চকিত হইয়া উচিবে ৷ সে শুভ্রিন্ত আস্মুপ্রায় ৷

মোরোন্তা, মাছ, জিম্নাজ! সে ভাজ কডদিনের কথাই বা!
তত ত্থেপর মধ্যেও সে কি স্থেদিন কাটিত! জিম্নাজের জ্যাক
ও কার্থানার জ্যাক,—তইজনে কত প্রভেদ! জমনাজের জ্যাক—সে
এক শাস্ত, স্বভা কোমণ ভদ্র বালক, আর কার্থানার জ্যাক—
হাড়গুলা উঠিয়া পড়িয়াছে, হাত কড়া কঠিন ইইয়াছে, জায়র তাপে
থাকিয়া থাকিয়া দেহের বর্গ মিল্ন কদ্যা ইইয়া গিয়াছে! ডাজাব রিভালের কণাই জ্যাজ বলে বলে কলিয়া উঠিয়াছে! সামাজিক সম্প্রকই
মান্তবে-মান্তবে বিভিন্নতা জানে, ব্যবধানের ইপ্ত করে!

বিভাল-গৃহের ক্ষতিতে সহসা জাকের চিত্ত আজু বেদনায় ভরিয়া উঠিল। আর্লান্তর সহল নিধেন-সত্ত্বেভ বিভালকে সে ভূলিতে পারে নাই। জ্যাকের জাবনের একাংশে ঘাহা কছু ভল উজ্ঞাল ছিল, তাহা বিভালের ক্ষেহ-কিরণ-ম্পর্শেই। প্রতিবর্ষের প্রথম দিনটিতে বিভাল-পরিবারের ক্ষত কামনা করিয়া জ্যাক বিভালকে গত্র লিখিত। তাহার উত্তরও আসিত। সে কি মবুর আধাস-পারপূর্ণ ফ্লেন্থের উচ্ছ সিত্বালী! এ বংসর কিন্তু কোন উত্তর আসে নাই! কেন স্তাহারা কুশলে আছে ত সুকে জানে! আর সেসিল। সেসিধের নাম মনে প্রিবামাত্র জ্যাকের নয়ন-প্রব অক্সিক্ত হইয়া উঠিল!

এই স্থগভার হতাশার মধো একটি কথা শুধু জ্যাকের প্রাণে শক্তির সঞ্চার করিত। সে তাহার মাতার কাতর সমূরে।ধ।—মা লিধিরাছিল, "জ্যাক, আপনার দিন কিনিয়া নাও, মান্ত্র হুও, বোজগার-ক্ষম হও। যেদিন তুমি আমার ভার লইতে পারিবে, সেই দিন আমি স্থী হইব—সেই দিন আমার সকল ছঃং পুচিৰে।"

কি করিয়া মার তঃথ বুচাইবে, দে? মাহিনা অতি সামান্ত, কাজ করিবার শক্তিও তাহার অল; স্কৃতরাং বেতন-বৃদ্ধির আশা নিতাস্তই ক্ষীণ! শাস্ত নম প্রিরদর্শন হইলে কি হইবে! কাজ চাই! কাজ কর, মাহিনা মিলিবে, মাহিনা লাড়িবে। সেরপভাবে কাজ করিবার শক্তিই বা তুর্বলি জ্যাকের কোঝার! লাবান্ত্যাক্তের আশাস-সত্ত্বে জ্যাক তেমন কর্ম্মাঠ হইয়া উঠিল না—সে সন্তাবনাও মোটে ছিল না। এই সতেরো বংসর বয়সে শিল্পন্নীনার যুগ কাটাইয়া সে দৈনিক আধ কোউনের বেশী উপার্জন করিছে পারিত না। এই আধ কোউনের উপর নির্ভর করিয়াই ভাহাকে বাসা-ধরু জোগাইতে হইবে, ভাহাব উপর কাপড়-চোপড় এক রেগি হইলৈ প্যাদিও আছে! অসম্ভব! অসম্ভব! এ জীবনে উন্তির কোন আশা নাই। মা আছ যদি সহসা লিখিয়া বসেন,—"জ্যাক, আনি তোমার কাছে যাইতেছি— গ্র

কদিক একদিন জ্যাককে ডাকিয়া কহিল, "এ কাজে এসে তুমি ভাল করনি, জ্যাক! ভদ্রলোকের ছেলের কি এ কাজ পোষার? উন্নতির আশা ত আমি কিছু দেখছি না, তোমার। আমি হলে এখানে পড়ে না থেকে অন্ত কোনদিকে চেষ্টা দেখতুম। এক কাজ করবে, জ্যাক—? সিদ্মু জাহাজের ইঞ্জিনিয়ার সেদিন একটি লোকের কথা বলছিলেন—এঞ্জিনের জন্ত তাঁর একজন লোক চাই। দিনে পাঁচ সিলিং মাহিনা। সারা পৃথিবী ঘূরবে,—খাওয়া-লাওয়াও আলাদা পাবে! কাজটা প্রথমে শক্ত বোধ হবে, কিন্তু একবার অভ্যাস হয়ে গেলে ভবিষ্যতে উন্নতির এতে খুবই সন্থাবনা আছে! চাই কি, একদিন জাহাজের কাপ্তেনও হতে পার! করবে, এ কাজ ?"

সানন্দ চিত্তে জাগন করিল।

নাসিক সাড়ে সাত পাউও মাহিনার আরম্ভ! সারা পৃথিবী প্রদক্ষিণ! জ্যাকের চিত্ত উল্লাসে ভরিয়া উঠিল। মাহর নিকট হলতে অজানা কত দেশের কত বিচিত্র কাহিনী সে ভনিয়াছিল। শৈশবে হলচারিটা রূপকথার পরীর দেশের স্থমধুর স্বপ্নের কাহিনী ভনিয়াকি নোহে তাহার চিত্ত মাতিয়া উঠিত, আজ জ্যাকের তাহাই মনেপ ড্ল। প্রথমে এজিনে কয়লা নিবার কাজ করিতে ১ইবে—তাহাতে কি আসিয়াযায়। পরিশ্রম এখানকার চেয়ে লগু হইবে ৩। উল্লেখ্য আশা আছে!

চারি বংসর পরে একদিন প্রভাতে নানাম ক্রদিকের কাছ ৩ইতে বিনায় লইয়া ক্রদিকের সহিত জ্ঞাক আ্যান্তে ত্যাগ করিল: সেদিনকার প্রভাত কি শ্লিপ্প স্থানর মূর্তিতে জ্ঞানিয়া উঠিয়াছিল।

ছোট স্থানবের ১ ডকে পাড়াইয়া জাক চারিধারে অপূরা দুশ্য দেখিতে দেখতে চলিল। ননার জল কুলিলা কুলিয়া প্রমারের বিপরীত দিকে চলিয়াছে। ক্রমেই ভাহার বিস্তারিত দেহ চোথের সম্মুখে জাগিয়া উঠিতেছে। বায় নিম্মান, জল পরিষার, আকাশ রৌদ্রে রঞ্জিত! দূরে তার-প্রায়ে কুলগোর উঠিতা ক্রমেই হব হব হেছে, পরম্পরের বাবধান গুচিয়া গিলা একটা দার্ঘ গুন্নল দেওয়ালের নতই দেখাইতেছে। মারে মারে কবিত ক্ষেত্রের পর বিশ্বিপ্র বিভিন্ন জলাভূমি। কোথাও মনীর ভাবে সারি সারি নিলের চিমনি ইইতে ঘম-ক্ষম্ভ ধুম নির্গত হইয়া একদিককার আকাশটাকে মনী-নিবিচ্ করিয়া ভূলিয়াছে। বালোয়েগের ছবির মতই একটির পর আর একটি বিভিন্ন দুশ্য আদিয়া নহন-মনের ভূপ্তি সাধন কবিতেছে! নদী ছাড়িয়া স্থানার ক্রমে স্যারের মূরে আদিয়া পড়িল। তরজের কি এ উদ্ধাম উন্মান নৃত্য! ত্রস্ত শিশুর মতই বালু সহর্যে সে নৃত্যণালায় যোগ দিয়াছে! জল লইয়া মহানন্দে সে লোকালুকি ক্ষেক্ ক্রিয়াছে!

জ্ঞাক পূর্বে কথনও সমুদ্র দেখে নাই। জল, জল! চারিধারে বতদ্ব দৃষ্টি চলে, কেবলই জল! অনন্ত অসীম পারাধার! তরঙ্গের পর তরঙ্গ ছুটিলা চলিলাছে—বেন বিপুল হর্ষ ঠিকরিয়া উঠিতেছে! জ্ঞাণের নেশা জ্যাককে বিভোৱ উন্যাদ করিলা তুলিল।

ক্রনে অদূবে দক্ষিণে পর্কতের ক্রোড়ে সঁটা-নাজেয়াবের গৃহ-চূড়াগুলা কুটিয়া উঠিল। অগণিত মাস্তল-শির! দেখিলে মনে হয়, কে যেন আকাশের গায়ে কালিব অজস্র রেখা টানিয়া দিয়াছে। ইনার আসিয়া একটা জেটিতে আগিল। জেটির কাছে আবে-পাশে প্রকাপ্ত সব জাতাজ দাঁডাইয়াছিল. — এক-একটা মেন বিশ্বাট হর্গ, মেনন ফুলুর, তেমনই দত।

কদিক ও জ্যাক জেটিতে নাঞ্চি। সেধানে উভয়ে শুনিল, সিন্তু জাহাজ দেই দিনই ছই-তিন ঘকী পরে জেটি ছাড়িবে। জ্যাককে লইয়া কদিক তথন ইঞ্জিনিয়ারের সৃহিত দেখা করিল। জ্যাককে দেখিয়া ইঞ্জিনিয়ার কহিল, "ভোকরাটির শ্রীর তেমন মজ্বুতন্য, বোধ হচ্ছে, বোগা দেখছি ত।"

ক্রদিক কঠিল, "সম্প্রতি ওর জ্বর হয়েছিল। জাহাজে থাকতে থাকতেই এটা সেবে বাবে। সমুদ্রের হাওয়ার স্বাস্থ্যও ভাল হবে।"

"বেশ ! বেশী কথা কথার এখন আরু সময় নেই, কদিক ! মাহিনার সম্বন্ধে কথা হয়ে গোছে ত ? আপাততঃ পাঁচ শিলিং। আর কাজ—"

"हैं।, त्र गर कथा आभि वलिछ।"

"বেশ, ছোকরার নাম কি ?"

"জাক।"

জ্যাককে জাহাজে রাখিয়া কদিক বিদায় লইল। জাহাজ দেখিয়া জ্যাক বিশ্বয়ে বিহবল হইলা পড়িয়াছিল। অসংখ্য লোকজন। সকলেই দাৰ্কণ ব্যস্তঃ ভিতৰে কল-কজাৱও সংখ্যা নাই। কি, এ ব্যাপার।

জ্যাককে সঙ্গে গইয়া ইঞ্জিনিয়ার অনেকগুলা সোপান অভিক্রম

করিয়া নিম্নতলে এঞ্জিন-কক্ষে আসিল, একটা কৃষ্ণ গহরর দেখাইয়া কহিল, "এখানে কয়লা আছে। এটা ব্যলার, এতে কয়লা জোগাওে হবে। এই ভোমার কাজ।"

বর্ণার ! চাহিলা জ্যাক দেখে, এ যেন এক স্থানীয় জালিব রুদ। জনলের বেলিহান রুদ্ধা ভাষণ দৈত্য-রুদ্ধার মতই লক্-লক্ করিতেছে ! দেখানে বাহারা কাজ করিতেছে, — ভাহাদের মুখ, নল বুক ও পোষাক কর্ষণার গুঁছাল বিকট কালো ৷ দেখিলা মনে হল, ইহারা বেন একটা ভীষণ প্রায়-সাধ্যের চেইলে এই নর্কের মধ্যে গোপতে কি যুভ্যন্ত লাগাইল দিয়াতে ।

স্ফ্রিকে ডাকিয়া ইজিনিয়ার ব'লয়া দিল, "এই ডোকরা ডোমার এখানে কাজ করবে—এর নাম, জাকে ।"

স্ক্রীর কহিল, "গুর স্থায় এসেছে কিয়লা দেবার জ্ঞা এখনই আনাদের একজন লোক চাই। এস, আকি।"

জ্ঞাক কাজে লাগিয়া গেল। বছ খোডার সাহাব্য ভ্যা-ভূপেয় সহিত দগ্ধ করণার রাশি বরণার হরতে টানিয়া বাহির করিতে হরত। পরে ঝোড়ায় বহিয়া, সেই করণা ডেকে উঠাইয়া আনিয়া, সেপান হইতে সাগর-বক্ষে হাহা কোগয় দেওয়া,—এই ভাইর কাজা! কাজটি কঠিন। ঝোড়ায় বোয়াই যাহা দেওয়া হয়, হাহা বীহিমত ভারা, সোপান-শ্রেণীও দীঘ এবং সক। ভাহা ছাড়া উপরকার মৃত্যু শাতল বায়্ ছাড়িয়া এই জন্মকুপে বন্ধ উত্তর বায়্র মধ্যে নামিয়া আসিবার সময় নিশাস যেন বন্ধ হইয়া জাসে। এক বাব, ছই বার জ্যাক ঝোড়া বহিল। ভূতীয় বার পা আর ভাহার উঠিতে চাঙে না। ঝোড়া ভূলিতে না পারিয়া লাভভাবে সে বসিয়া পড়িল। ঘামে স্ক্রান্থ ভিজ্ঞা গিয়ছে, নিশাস সজ্যের বহিতেছে। একজন সহক্ষী আসিয়া কহিল, "নাও, একটু রাণ্ডি পাও দেখি—"

জ্যাক কহিল, "আমি ব্রাণ্ডি থাই না।"

"থাও না ? তবেই এখানে কাজ করেছ, তুমি ! এ থাটুনি তকে সফৰে, কি কৰে ? কথনও থাও না ?"

"না!" জ্যাকের পেণীগুলা একেবারে অক্ষম হইয় পড়িয়াছিল।

Cচঠা করিরা কোন মতে দে কয়লার ঝোড়া পুঠে তুলিয় আবার উঠিল।

ডেকের শোভা তথন প্রম রমণীয় হইয়া উঠিয়াছে। বিচিত্র বেশ-ধারী যাত্রীর দল ডেকে শ্বমাগত হইয়াছে। তাহাদের আনন্দ দেপিয়া জ্ঞাকের মনে হইল, এই প্রকাণ্ড জ্ঞাহাজ বেন একটা ভূপণ্ড,— কত দেশের কত জ্ঞাতির লোক প্রথানে একত আসিয়া মিলিয়াছে। কাহার ও মুথ হাসিতে উজ্জ্ল, কাইবিও বা আসেয় বিদায়-তৃংধে বিষয়, মলিন।

ভ্যাক তল্রাবিষ্টের মত শৃত্য কৈ ছো হাতে লইয়া দাঁড়াইয়া রহিল। তাহার সন্মুখ দিয়া এক নারী ফুলর পরিচ্ছদে ভূষিত এক বালকের হাত ধরিয়া চালয়া গেল। দেখিয়া জ্যাকের এক অতীত দিনের কথা মনে পড়িল,—যগন সে মার হাত ধরিয়া নিজাল প্রদুল্ল চিত্তে এখানে ওখানে ঘুরিয়া নেড়াইত! নারীটি যেন তাহার মারই প্রতিবিষ্ধ! আর এই বালক যেন অতীত দিনেরই সেই সভ্তিত-স্থার ভ্যাক! বালকের পরিচ্ছদ জ্যাকের গায়ে লাগিবার সহায়না দেখিয়া নারী বালককে ভর্মনা করিয়া উঠিল, "দেখে চল্তে পারিদ্নে! এখনই এই খালাশিটার গায়ের সমস্ত করলা পোহাকে লাগিয়াছলি আর কি!"

মুহুর্ত্তে জ্যাকের চেতনী হইল। নিমেষে সে দেখিল, কোথায় তাহার স্থান! তাহার স্পর্শও আঞ্জ কতথানি অবজ্ঞার, কি হেয়! হায় ধিক, এ হান জীবনে!

জাহাজের কাপ্তেন হাঁকিয়া উঠিল, "পাঁড়িরে কি তামাসা দেখছ হে ছোকরা ? যাও, নিজের কাজে যাও।" জ্যাকের বুক্টা ধ্বক্ করিয়া উঠিল। সে আপনার কাজে নীচে নামিয়া গেল। সেই আবিজ্ঞানাম অনল-কুগুই এখন তাহার যোগ্য স্থান!

জ্যাকের জীবন-ইতিহাসে এ এক নৃত্ন পৃষ্ঠা আজ পূলিয়া গেল।
কালি-বুলিমাথা সঙ্গীদের সহিত কালি-বুলি মাথিয়া এই অনল-গছররে
বিসয়াই তাহাকে জীবন কাটাইতে হইবে! অন্ত উপায়ই বা কি আছে দু
নিছা ছংগ করিয়া কোন ফল নাই! মনে শক্তি আনিয়া জ্যাক কাজ
করিতে লাগিল। কাজ করিতে করিতে তাহার মনে হইত, সে
যেন অন্ধ বধির হইয়া গিয়ছে, জীবনী-শক্তি একেবারেই লোপ
পাইয়ছে! ভ্রপু একটা বন্ধের মত দম খাইয়া সে কাজ করিয়া
চলিয়ছে! অপরে যাহা করে, ভাহা দেখিয়া সেইরুণেই সে কাজ
করিয়া যায়! আন্ত হইলে সকলে একটা নিলের ধারে গিয়া সবলে নলটা
টিপিয়া ধরে এবং উপর ইইতে বাহিরের মৃক্ত বায়ুর একটা ঝলক্ আসে।
সেইইকু পরম ভৃত্তির সহিত সকলে উপভোগ করে! সেও সেইরুপ
করিত। আঃ, কি স্কলর। সমন্ত শরীর যেন ভুড়াইয়া যায়!
ভারপর ব্রান্ডি! একটু পান না করিলে চলে না, সভাই ক্লান্তি মুনে
বিলম্ব বলে বলীয়ান হইয়া উঠিত।

এই ঘনাধ্যকার জীবনে আবোর কুদ্র একটি বিলুমারে নাঝে অন্তরে ভাহার জাগিয়া উঠিত। সে তাহার মার চেন্তা! মাকে ইদানীং সে দেবীর মত আপনার হুদ্ধ-মন্দিরে একান্ত ভক্তির সাহত প্রতিষ্ঠা করিয়া তাঁহার পূজা করিত! মাকে স্থা করিতে ইইবে—ইহা ভাবিরাই জ্যাক আপনার কইকে কই বালিয়া গ্রাহ্য করিত না। মার হুঃথ কিছুও যদি সে গুচাইতে পারে ত নে কি স্লথ! বন্দরে জাহাজ ধানিশেই জ্যাক একথানি করিয়া মার চিঠি

পার! অমনই তাহার সকল শ্রান্তি বুচিয়া যায়। জ্যাকের পত্র একণে স্দূর ও সংক্রিপ্ত হ্টয়া পড়িয়াছিল বলিয়া ইদা প্রায়ই অমুযোগ করিত। কিন্তু জ্যাক সতাই অবসর পাইত না। ইদার পত্র আর্জান্তর সংবাদেই পূর্ণ থাকিত। ইদা এতিয়োল ছাাড়য়। পারিতে গৃহ লইয়াছে। পারিতে বাস কারবার প্রয়োজনও হইয়াছে। নোবোন্ডা প্রভৃতির সাহায়ে একটি নুতন সাহিত্য-সভাও প্রতিষ্ঠিত খ্ট্যাছে। মোরোন্ডা প্রভৃতি তাহার ভত্তাব্ধান করে। তারুর ইদা লিখিয়াছে, "এতদিনে দেশের এক গুরুতর অভাব মোচন হল। বন্ধু-বাদ্ধবদের নিতান্ত আইগ্রহে আজান্ত একথানা মাসিকপত্র বার করছেন। কাগ্রখানা দাশন্ত্রিক ও সাহিত্যিক আলোচনায় পূর্ণ থাকবে ৷ নতুন প্রতিভাশালী শেগকদের উৎসাহ দেওয়াই এ পতের প্রধান উদ্দেশ্য। যে সব বিশল্লত মাসিক পত্র আছে, তাদের অহস্কার বড় বেশী, আব তা-ছাড়া তাদের দব দম্পাদকরা এমন পর-শ্রীকাতর যে নতুন ক্রেওকদের কোনরকম উৎসাহ দেওয়া দূরে থাক, তাদের দমিয়ে হঠিয়ে দেবার জন্তই সর্বাদা সব প্রস্তত। এতে কবিরও একটা উপকার হবে। তার লেখা এবার থেকে লোকে পড়বে, डौरक मुनाई हिनार । कि अभूना मुलाम माहित्या जिनि मान कतरहन, এবার তারা বুঝবে। আমিও এ বিষয়ে যতটুকু পারি, তাঁকে সাহায্য কচ্ছি। মোরোনভা বেশ একটি স্থন্দর প্রবন্ধ লিখেছেন। আনি এখন "ফটের কলা" নাটকখানা নকল কচ্ছি। কাগজ বেকলেই **ट्यामात्र** शाठाव। ट्यामाटक बरनक मिन टमिथिन--वड़ टमथवात ইচ্ছা হয়। স্থানিধামত তোমার একথানা ছবি তুলিয়ে আমায় পাঠিয়ো—তা দেখেও আমার প্রাণ কতক ঠাণ্ডা হবে।"

ইহার কর্দিন পরে জাহাজ যথন হাভানায় আসিয়া নোঙর ফেলিল, তথন পোষ্ট অফিস হইতে জ্যাক ওঁক প্রকাণ্ড প্যাকেট পাইল। মোড়ক খুলিয়া জ্ঞাক দেখে, একথানি দীর্ঘাক্কতি গ্রন্থ,— অর্জেন্তের সম্পদিত মাসিক-পত্রিকার প্রথম সংখ্যা। লেখা আছে,—

ভবিষ্য জাতির গালোচনা

মাসিক-পত্ৰ

কবিবর আজাত্ত সম্পর্নিত

সূচী

বিষয়

(ক্রেড্র

আনরা যাহা আছি, এবং যাহা হইব ফট্টের কন্তা—নাটক—প্রস্তাবনা উপনিবেশে শিক্ষাবিস্তাব ভবিষ্য যুগের কারিকর

কবি আছাস্ত

এভারিত মোবোন্ভা

 লাবাভাজ

পুষ্প-স্করভির সাহায়্যে রোগ-চিকিৎসা অপেরা হাউসের ম্যানেজারের প্রতি একপানি পত্র

ডাকার হার্**ছ**্ এল।

জ্যাক একবার পাতাগুলা উন্টাইয়া পেল। পড়িয়া সে কিছুই বুঝিল না। কতকগুলা তর্মোধ কথার সমষ্টিমাতা। কালির অক্ষরে কে যেন শুধু হেঁয়ালির জাল বুনিয়া গিয়াছে। কভারটা বেশ বক্সিন কালাতে পরিপাটী করিয়াছাপা ইইয়াছে।

স্চীতে লেথকদের নাম পড়িয়া রাগে জ্যাকের শরীর জলিয়া উঠিল।
দারুণ অভিশাপাতে লেথক গুলাকে অভিশাপ করিয়া অফুট স্বরে সে
বলিল, "লক্ষীছাড়া, পাষও সব। আমার জীবনটাকে এরাই ক'লনে
মিলে একেবারে নষ্ট করে দিলে!" তথনই তাহার মনে হইল, এ
অভিশাপাতে ফল কি ৷ তাহাদের ইহাতে এটটুকু ক্ষতি হইবে
না—বন্ধনার শুধু তাহারই বৃকের অন্থিপঞ্জর গুলা চুর্গ হইয়া যাইবে।
মাসিক-পত্রথানা ছিড়িয়া পাকাইয়া সন্ধোরে সে জলে ফেলিরা দিব।

তার পব যত দিন বাইতে লাগিল, আপনাকে বতই নিরুপায় অসহায় বলিয়া জ্ঞাক বৃঝিতে পারিল, কাজের দিকে ততই তাহার উৎসাহ বাড়িয়া উঠিতে লাগিল। কোখা হইতে শরীবে শক্তিও আসিয়া জুটতেছিল। কাজ করিতে করিতে ভবিষাতের এক স্বথ-কল্পনায় সে বিভোব হইয়া উঠিত,—তাহার টাকা হইয়াছে, ছোট একথানি কুটাবে সে বাস কবে, মা আলিয়াছে,—আব,—আব একটি মুণেব স্থা-মাথা কথায়. স্লিগ্ধ-হাস্ত-কিৰ্বণ-পাতে সে ঘবথানি মধুর উজ্জ্ল হহয়া উঠিয়াছে। সে মুথ সেকিলের—!

্মনই স্বপ্নে জাহাজেব দেই ক্ষ অন্ধ-কৃপে -একদিন ব্যন সে বিভোব ছিল, সহসা তথন এক প্রচণ্ড আঘাতে সমস্ত জাহাজ কাঁপিয়া ছলিয়া উঠিল। উপব ছইতে একটা ভাত চকিত কোলাহল নামিয়া আসিল। তাহাবই ক্ষাৰ প্রতিধ্বনি অন্ধকৃপস্থ লোকগুলাব কর্ণে প্রবেশ করিল। জ্যাকও ভাহা শুনিল।

ব্যাপাব কি বুঝিবাব জন্ম উদ্গ্রীবভাবে সকলে উপরে উঠিয়া আদিবে, এমন সময় উপবে সোপানের সম্মুখেই ইঞ্জানয়ারের বজ্ঞ-গন্তীর বাণী ধ্বনিয়া উঠিল, "থবরদার—উপরে আসবার চেষ্টা করেছ কি, এই পিস্তলের গুলিতে মাথা উড়িয়েছি!" ইঞ্জিনিয়ারের হাতে পিস্তল।

হাপাইতে হাঁপাইতে একজন কহিল, "কি হয়েছে ?"

"একথানা মার্কিন জাহাজ আমাদের জাহাজের উপর এসে
পড়েছিল। ধান্ধার আমাদের জাহাজ ভেকে গেছে— মৃবছে। শীঘ্র
যাও, কদে দম দাও— ডাঙ্গার দিকে বতটা পৌছুতে পারি! ডাঙ্গাও
বেশী দূবে নর।"

সকলে আপন আপন স্থানে কিরিয়া আসিল। প্রাণপণে কল চলিতে লাগিল। এঞ্জিন-কক ভরানা ভুগা হুইরা উঠিল। করলা, করলা, কয়লাদাও! আবার দাও! ক্রমে উত্তাপ অবস্থ হইয়াউঠিল। রক্তের মত লাল আংগুন দাউ দাউ করিয়া জ্বলিতে লাগিল। চালাও কল, চালাও, পুরা দমে চালাও!

জ্ঞাক ভাবিতেছিল, মরিতে ছইবে, কিন্তু কি এ মৃত্যু !
আকাশ নাই, বাতাস নাই, এই রুদ্ধ অনল-গহরবে বসিয়া কি
শোচনীয় অসহায়ভাবেই মৃত্যুর হাতে আল আল্লুসমর্পণ করিতে ছইবে ৷
ছই ধারে লৌহ-নির্মিত স্বদৃঢ় উচ্চ প্রাচীর—আল্লুহত্যার চেয়েও ৰে এ
মৃত্যু ভীবণ নিষ্কুর !

সব শেষ ! পশ্মার চলে না। মাওন একেবারে নিরিয়া গিয়াছে ! লোকগুলার কাধ মর্বার জল উঠিয়ছে। জাহাজ ক্ত জল-গর্ভে নামিয়া পড়িতেছে—এমন সময় সোপান-সমুধ হইতে ইঞ্জিনিয়ার চীৎকার হরে হাঁকিল, "ছুটে এস, উঠে এস, নিজের নিজের প্রাণ বাঁচাও।"

অফীন পরিচেইদ

প্রভাবর্তন

পারিতে কে দে জোগীস্তার মধ্য দিয়া যে দীর্ঘ সক্ষ গলি গিয়াছে, ভাহার হুই ধারে নৃতন ও প্রাতন বিস্তর বইয়ের দোকান। সেই দোকানের সারির মধ্যে থাম-ওয়ালা এক প্রাচীন অট্যালিকার ভিবিষ্য জাতির আলোচনা" নাসিক-পত্রের কার্যালয়।

অনেক পুঁজিয়া বাছিল এই বাড়ীটিই কার্যালয়ের জঞ্জ ভাড়া লওয়া হইয়াছিল। এ পাড়ায় নৃতন মানিক-পতের কার্যালয় খাড়া করা পারি সহরের চির-প্রচলিত রীতি। ইহাতে স্থবিধাও বিস্তর।
সহরের ঠিক বুকের উপর নানা বিচিত্র অক্ষরে নব-প্রকাশিত
গ্রন্থরাজির মন-ভূলানো বিজ্ঞাপনের আভ্রন্থরে গ্রন্থ-পিপাস্থ পাঠকের
সন্মুথে প্রলোভনের জাল পাতিয় রাখিলে শাভের আশা বিলক্ষণ,
তাই মোরোন্ভা-আজাস্ত কোম্পানি পত্রিকার কার্য্যালয়-স্থাপনের
জন্ম এই স্থানটিই নির্বাচন ক্রিয়াছিল।

"ভবিষ্য-জাতির আলোচনার" কর্তুপক্ষণণ নব-ভাবের পুরোহিত। ∙উ|হাদের প্রতিষ্ঠিত সাহিত্য-স্ভাব দার নতন লেথকগণের সন্মুথে অবারিত ছিল। দেশের প্রাচীৰ মাসিকপত্রওলা ক্রুর হিংসা ও অবজ্ঞার সহিত যাগাদের রচনা দূরে নিক্ষেপ করিত, তাহাদিগকে উৎসাহ দেওয়াই মোবোনভা-আর্কান্ত কোম্পানের প্রধান ত্রত ছিল। কার্যালয়ট মাদিক-পত্রের গৌরব-ঘোষণার পক্ষেও যথেষ্ট অনুকৃল ছিল-বালি-ঝবা দেওয়াল, অপরিচ্ছর ঘর-দার, জীর্ণ মোটা থাম, সেঁতো জাম, কাগজের একটা মিশ্র হুগন্ধ এবং সর্ব্বপ্রকার পারিপাটোর অভাব কাগজ্ঞানির সম্ভ্রম-রক্ষার উপযোগী বলিয়া কর্ত্রপক্ষের থারণা থাকিলেও কাগজের গ্রাহক জুটিতেছিল না। অক্ষন, বিভাড়িত লেথকগণের কোলাহলে কার্যালয় সারাদিন গম্গম্ করিত। "মশায় আমার পছটা কবে ছাপবেন ?" "আমার গল্প ?" "আমার প্রবন্ধটা দেখবেন ১ প্রতিশ বছরের মধ্যে কারও মাথা থেকে এমন লেখা বেরোয়নি।" এইরূপ শব্দে দারাদিন কার্য্যালয় ্গৃহ পরিপূর্ণ থাকিত। মলিন মুখে, জার্ণ বেশে ছিন্ন পকেটে প্রকাণ্ড পাণ্ডুলিপি লইয়া কত শত লেখক যে কার্য্যালয়ে প্রবেশ করিয়া সম্পাদকের উৎসাহ-বচন-স্থার স্বাদ-গ্রহণে ধন্ত হইয়া ফিবিত, তাহার সংখ্যা हिल ना।

"ভবিষ্য জাতির আলোচনার" স্বৰাধিকারী ছিল হুইজন—জ্যাক ও

আর্জান্ত । জ্যাকের অর্থে,—বে দশসহস্র মূলা বন্ধু তাহাকে দান করিয়াছিলেন,—দেই অর্থেও আর্জান্ত উন্তোগে এই পত্রের প্রতিষ্ঠা হইল। শার্লংকে কবি ব্রাইয়া দিয়াছিল, "এমন লাভের বাবসা আর ছইটি নাই! টাকাগুলা বাাকে ফেলিয়া রাখিলে কি-ই বা এমন স্ন্দ মিলিবে! তাহার চেয়ে এই মাসিক-পত্র বাহির করা য়াক্— আশত্র্যা লাভ দেশাইয়া দিব। এত লাভের না হইলে কি ইহাতে আমারও টাকা আনি ঢালি! জ্যাকের দশ হাজার, আর আমার দশ হাজার, মূলধন এই বিশ হাজার। দেখ না, পাচ বংসরে বিশ লক্ষে তুলিয়া তবে ছাড়িব।"

কিন্তু লাভের অঙ্কে শৃন্ত পড়িলেও, ছয় মাসে আজিন্তির প্রায় বারো হাজার টাকাব্যয় হইয়া গেল। বাড়ী ভাড়া, লেখকদের পারিশ্রমিক, ছাপাথানার বিল – তাহারা ছাড়িবে কেন কাগ্যালয়ের চতুর্গ তলে কবি অবাপনার বাদের জ্ঞ গর এইয়াছিল। উপরেণ ঘর **১ইতে মুক্ত নির্মাল আকাশ—চারিধারে নগরের বিচিত্র শোভা চকু** ভরিন্না দেখা যায়। একবার বসিয়া উদ্ধে কল্পনাকে ছাড়িন্না দিলেই হইল, সে অমনি ভাবের পাহাড় বহিয়া ফিরিবে ৷ কি জ্বনর সায়োজান ! রচনার পর রচনা ঝরিয়া পড়িবে, মাদিক-পতের পৃষ্ঠে চড়িয়া সে রচনা নর-নারীর চিত্ত-ছাবে গিয়া উপস্থিত হইবে। চূড়াস্থ হইয়াছে! বাং, চমৎকার স্থোগ নিলিয়াছে! ছয় বংসর ধরিছা বিজন পল্লীর নিভ্ত ককে বিদিয়া এত মাথা কুটিয়াও যে গ্রন্থ শেষ হয় নাই, এখানে আসিয়া নিমেবেই সেই বড় সাধের "ফ্টের ক্ঞা" নাটকের 'বৰনিকা পতন' হইয়া গিয়াছে। তদ্বিন অসংখ্য প্রাবন্ধ, কবিতা ও ছোট গল্প নিত্য লেখা হইতেছে—বেন পাছাড়ের গা বহিয়া বিপুল বেগে ধরতোয়া নদী ছুটিয়া চলিয়াছে! বিরাম নাই, বাধা নাই! আবার পাগুলিপিতে পৌছিয়াই সে রচনার গতি-রোধ

ইটতেছে না! ছাপাথানায় কম্পোজিটরের দল তাহা দেখিয়া নিকটিব পর একটি করিয়া অক্ষর বসাইয়া চলিয়াছে—কি তাহাদের বন্ধ, কি সে আগ্রহ! মুদ্রাকর তাহা লইয়া ক্রন্ত ছাপিয়া চলিয়াছে—দপ্ররী সে রচনা গাঁথিয়া দিতেছে। ছাপার অক্ষরে জল-জলে হইয়া আর্জিন্ত রচনা নক্ষত্র-পুঞ্জের মত ফুটিয়া উঠিতেছে! এ কি কম ক্ষ্য!

নিত্য বহু রচনা, লিখিতে কুইলে আর একজনের সাহায্য চাই।

সে সাহাব্যের লোক মিলিয়াছিল,—শার্লং! আজাস্ত বলিয়া যাইত,
আর শার্লং পাশে বিদিয়া তাহা লিখিয়া লইত। কবির এই সাহিত্যসাধনায় সে বে এতটুকুও সহক্ষেতা করিতে পারিতেছে, ইহা ভাবিয়া
অন্তরে সে বিরাট গর্ম অন্তর ক্রিত! সার্থক তাহার জীবন! একদিন
যথন আজাস্ত্র সাহিত্য-সেবার ইতিহাস লিখিত হইবে, তথন সে
প্রায় তাহার নামটিও যে স্থান পাইবে, তাহা নিঃসলেহ! ফ্রাসী
সাহিত্য, আজাস্ত্র ও শার্লং—এই তিনটি নাম এক সঙ্গে বিশ্বসাহিত্যের ইতিহাসে গাথা থাকিবে! একি কম সৌভাগা!

্রেদিন সন্ধার সময় কবির প্রাণে ভাব আসিয়াছল। টেবিলের উপর কাগজের বোঝা ফেলিয়া শার্লং লিখিতে বসিধাছিল। কবি বাতাধন-পার্থে ইজেচেয়ারে অর্কশাধিতভাবে অবস্থান করিয়া আকাশের দিকে ভাবোন্মাদনায় চাহিয়া ছল। ভাব আসে-আসে আসে না। বেন কবির সহিত সে একটা লুকাচুরি থেলা আরম্ভ করিয়া দিয়াছে। নিষ্ঠুর থেলা।

সহসা কবি কহিল, "নাও—লেখ !— বড় করে মাঝামাঝি লেখ — 'প্রথম পরিছেদ'— হল, প্রথম পরিছেদ ?"

শার্লং কহিল, "প্রথম পরিচেছেদ।" তাহার স্বর গঞ্জীর, কণ্ঠ জার্ত্র। কবি বিরক্ত চিক্তে শার্লতের দিকে একবার চাহিল, পরে কহিল, "নাও, এবার আরম্ভ কর—'পিরেণিসের স্বদ্ব উপত্যকায়— সহস্র কাহিনীর গৌরব-মণ্ডিত পিরেণিসের প্রশন্ত উপত্যকাভূমে—" এরূপ পৌন:পুনিক উক্তিই আর্জান্তর রচনার বিশেষত্ব ইহাতে রচনাটুকু একেবারে পাঠকের মর্মে গিয়া আ্বাত করে—একটা বিরাট স্চনার আভাষ দেয়, ইহাই কবির ধারণা।

কবি কহিল, "লিখলে, পিৰেণিসের সেই সাধের উপত্যকাভূমে—?"
"হাঁ—"বিলয়া শার্লং সহসা দুলিইয়া কাঁদিয়া উঠিল।

কবি কহিল, "ও কি, কাঁনছ! নাং, জালালে ভূমি! যেদিন আমার একটু লেখবার আগ্রহহরে, সেই দিনই তুমি একটা-না-একটা গোল বাধাবে! এ সব মুহত্ত চলে গোলে আর ফিরে পাওয়া ধায় না। নাও, হল কি আবার ? ওং,—সিত্ত্র জাহাজের খপর পাও নি, বুঝি, তাই ? ও একটা বাজে গুজর শুধু—কোথায় কি, তার ঠিক নেই। থপরের কাগজওলাদেরও যেমন পেয়ে-দেয়ে কাজ নেই— একটা উড়ো থপর নিয়ে পাতার পর পাতা ভরিয়ে দিছেছ। এ রকম ত হয়েই থাকে! জাহাজ-টাহাজের খপর অমন মাঝে মাঝে পাওয়া ধায় না—এ ত নিতাকার ঘটনা! তা ছাড়া ডাকার হার্ছ্ নিজে কঠ করে আজ ওলের অফিসে গেছেন খপর আনবার জন্তা। আগে তিনি ফিরুন—তারপর তার মুথে যদি শোনো, কোন তুর্ঘটনা ঘটেছে, তথন না হয়, যত পারো, কেঁদো।—নাও, এখন লেখো। কতটা হল ? আবার থেই হারিয়ে গেল, আমার। আঃ, পড় দেখি, বভটা লিখলে।"

চোখের অবল মুছিলা কাল করে শার্লং পড়িল,— "প্রথম পরিছেদ।"
কবি কহিল, "থাক্, ওটুকু আর পড়তে হবে না। তার পর থেকে ষতটা লিখলে, পড়।"

नान (পড़िन, "शिर्त्तागरित अपूत छेपछाकाकूम-नश्च काश्नित

গৌরব-মণ্ডিত পিরেণিদের প্রশস্ত উপত্যকাভূমে—পিরেণিদের সেই সাধের উপত্যকাভূমে—"

কবি কহিল, "পড়ে যাও—থামলে কেন ?"

শাল ও কহিল, "আর ত নেই—এইটুকুই লেখা হয়েছে!"

এইটুকু!" কবি বিশ্বিভাবে কহিল, মোটে "এইটুকু লিখেছ!

অভিমানি যে আমি বলে গেলম—"

পির মনে ইইল, এ কি ছলকা। অন্তরে এতথানি ভাব জনিয়া পিরাছিল ভথু এইটুকু তাহার বাহির ইইয়াছে। ছই ছত মাত্র। না, এ শালতির দোষ। তাহার কলম কবির মনের ভাবের সহিত সমানে দৌজিতে পারে মা কেন।

কবির বিরক্তি ধরিক। উত্তেজিত কঠে সে কহিল, "ভুধৃ তোমার দোষ! নিজেকে ভাবতে হচ্ছে না, কিছু না—ভুধু লিথে যাবে—তাও পার না,—এ রকম করলে ত আর পারা যায় না।"

শাল'ৎ কহিল, "বেটুকু ওনেছি, সেইটুকুই লিখেছি। এমন ত নর বে, ভুলে গেছি—"

কবি কহিল, "আবার তর্ক করছ। লজা হচ্ছে না । মাথায় ভাবের একেবারে বাণ ডেকে গেল—আর আমি এইটুকু বললুম। জানো, করনার পিছনে আবার কতথানি মাথা-থোঁড়াখুঁড়ি করতে হবে। উ:, তার উপর মাথাটাও আজ বেজার ধরে আছে। কত ভাবব । না:, আর পারা গেল না, দেধছি। আমারও হরেছে ফেমন, বেণা-বনে মুক্তো ছড়ানো।"

কবি উঠির। কক্ষমধ্যে পরিক্রমণ করিয়া বেড়াইতে লাগিল। এমন সময় ডাক্তার হার্জ ও লাবাস্তাক্র আসিরা সকল দায় হইতে তাহাকে মুক্তি দান করিল। শার্ল থ ব্যপ্রভাবে কহিল, "কি—কি থপর, ডাক্তার হার্জ্ ?"
কবি আবার গর্জিয়া উঠিল, "মাহা, লোককে একটু জিফতে দাও!
তোমরা ভারী স্বার্থপর। কেবল আপনাদের স্থুণটাই বোষ।"

ডাকোর হার্জ কহিল, "নতুন থপর কিছু নেট। **ঐ সেই** একই কথা।"

"ওরা কি বলে ?"

"বলবে আর কি!" লাবাভান্ত কহিল, "দিদ**ত্র আহাজ ডুবে** গেছে। বাদের কাছে আর একখানা জাহাজের **সঙ্গে ধারা** লাগে—সমুদ্রের উপর ধারা—সিদ্ধু ডুবে গেছে, তার **লোক-জনে**র কোন বপরই পাওয়া যাজে না—"

"এঁয়। পাওয়া বাজে না।" শাল'ং কাদিয়া বাণবিদ্ধা ছবিণীর
নতই লুটাইয়া পড়িল। সেই জাহাজে তাহার জ্যাক, তাহার সর্প্র
জ্যাক যে ছিল। সে তবে কোথায় গেল । কোথায় । হা
ভগবান, কাহার পাপে আজ এ সক্ষনাশ ঘটিল। জ্যাক, জ্যাক,
ওবে, বাছা আমার—কোথায় ভুই । শালতির চোধে বাণ ডাকিল।
কবি কহিল, "অনেকক্ষণ ববে বসে পবিশ্রম করা গেছে, একটু
বেভিয়ে আসা যাক।"

লাবাস্তাক্ত কহিল, "বাবে, কিন্তু তয়ানক মেঘ করেছে—-ঝড়-বৃষ্টি যা হোক একটা পুৰ দাপটে শুগুগিরই নামল বলে।"

হার্জ্ কহিল, "কেঁদে আর কি হবে, বলুন । সবই ভবিতবা।"

এ সময় বাহিরে বাওরাই মঙ্গল। এই শোকাতুরা নারী এখনই
কাঁদিয়া রসাতল বাধাইয়া তুলিবে। কবি, লাবান্তান্ত্র ও হার্জ্ কক্ষ
ভাগে করিয়া বাহিরে গেল। শাল্ভ তথন প্রাণ খুলিয়া শোকের
পশরা নামাইয়া দিল। তাহার জ্যাক, শত হাথে শত কটেও
বে জ্যাকের মুধ চাহিয়া সে সব সহু করিয়াছে, করিতেছেও,—

আজ তাহার এ কি হইল ? মা হইরা তথু পীচজনের কণার তাহাকে দেশান্তরে পাঠাইতে দে এতটুকু দ্বিধা করে নাই, আরু আজ সেই সন্তান কি না সমুদ্-গর্ভে প্রাণ দিল ! না, না, ইহা কি সন্তব ! জ্যাক নাই—না, না, তাহা হইতেই পারে না ! তাহার জ্যাক, প্রাণের জ্যাক ! ওরে বাছা আমার, অনাদৃত, অবহেলিত, উপেক্ষিত তঃধী পুত্র আমার, কোথার তুই ! আয় জ্যাক, ফিরিয়া আয়, মার বুকে ফিরিয়া আয় ! আর তোকে দ্রে পাঠাইব না, আর তোকে চোথের আড় করিব না, তুই ফিরিয়া আয় ! ওরে আয়, আয় ! সহসা চারিধার কাঁপাইয়া প্রাবল বেগে রাড বহিল ! ঘর-দ্বার নাড়িয়া উঠিল ! হা-হা হো-ছো শক্ষে মুক্ত বাতায়ন পথে বায় উদ্বাম অট্রাস্থ করিয়া নাচিতে লাগিল ।

রাত্রির আঁধার ক্রমে নিবিজ্ছর হইয়া আসিল! মুবলধারে বৃষ্টি নামিল। ঝিম্-ঝিম্-ঝিম্! সমস্ত চরাচর যেন একটা গাঢ় বিপুল শোকে সমাজ্র হইয়া উঠিল। শাল ও তথনও বিছনায় পড়িয়া কাঁদিতেছিল। আয় জ্যাক, নয়নের মণি আমার, হৃদয়ের আননদ আমার, আশা আমার, ভরসা আমার, ওরে সর্বাধ আমার, ফিরিয়া আয়!

এমন সময় কে ভাকিল, "মা!"

কে ও ? জ্যাক কি তবে ফিরিয়া আসিল ? কিন্তু না, কোথায় কে ? মনের ভ্রম, শুধু ! এ স্বপ্ন !

আবার কে ডাফিল, "মা!" কীণ হইলেও স্পষ্ট স্বর!

শাল থ ধড়মড়িরা উঠিয়া পড়িল, উঠিয়া বাহিরে আসিল — সলুব্ধই
সোপান নামিয়া গিয়াছে। পাশের দেওয়ালটুকু অবধি দেখা বায় না,
এমন অন্ধকার! শাল থ আসিয়া আলো আলিল; লঠন হাতে লইয়া
আবার সে বাহিরে আসিল। সিঁড়িয় য়েলিঙের উপর ঝুঁকিয়া
আলোর সাহাযো দে দেখিল, একটা ছায়ামুর্বি দেওয়ালে পিঠ দিয়া

হেলিয়া পড়িয়াছে। শালভির বৃক কাঁপিয়া উঠিল, কম্পিত কঠে সে ডাকিল, "জ্যাক—"

"al-"

হাঁ, ঐ ত জ্ঞাক! ভূল নয়, স্বপ্ন নয়! সভাই জ্ঞাক! আলো রাথিয়া শাল হৈ ছুটিয়া গেল; জ্ঞাককে বুকে চাপিয়া ধরিল—জ্ঞাকের অনসল্ল দেহ তখন সিঁড়ির কোণে দেওয়ালের গায় লুটাইয়া পড়িতেছিল।

কথা নাই, আদর নাই—কিছু না! জ্যাকের মাধায় মুখ রাখিয়া শাল্থ কাঁদিতে লাগিল। আ:—এ তপ্ত স্পর্শ আবার বে ফিরিয়া পাইবে, ইহা কি সে স্বপ্নেও ভাবিয়াছিল ?

রাত্রে ফিরিবার সময় আর্জান্তর আশক্ষা হইতেছিল, গৃছে ফিরিয়া আবার সেই কালাকাটিব মধোবৃত্তি পড়িতে হয়! কিন্তু ফিরিয়া সে দেখিল, শালহি বেশ তির হইয়াই বৃদ্যা আছে। তাহাকে দেখিয়া শালহি ধীরভাবে কহিল, "চুপ, গোল করে। না—একটু ঘুমুক্তে ও—"

"ai a (4 5.

"জ্যাক। আমার জ্যাক। দে ফিবে এসেছে। আজ আমার কি মুথ হচ্ছে যে তা আব কি বলব ? জ্ঞাহাজ ডুবি হয়ে ওব গুর চোট লেগেছিল। অনেক কঠে উদ্ধার পেরেছে। বালো জেনিরো থেকে আসছে। দেখানে ওমাস হাঁসপাতালে পড়েছিল। এমন হয়ে প্রেছে বে, জ্যাক্তকে আমার চেনা যায় না মোটে।"

আর্জান্ত মৃত্ হাদিল; কহিল, "বাক, বাঁচা গেল! জ্যাক ক্ষিত্রেছে—আ:!"

সভাই আর্জিন্তের উলাস হইরাছিল! জ্ঞাকের প্রতি স্তেত্ এ উলাসের কাবণ নর। জ্যাক মরিলে শালতের কালাকাটির মধ্যে সে কি দারণ অশান্তিতে ঘরে বাস করিতে হইত। সেই অশান্তি যে ভোগ করিতে হইবে না, ইহা ভাবিয়াই তাহার আনন্দ হইল।

আবেগোচ্ছ্বাদের আতিশ্যে প্রথম কয়টা দিন কাটিয়া গৈলেও
জ্যাকের প্রতি আর্জান্তর ব্যবহার এবার তেমন কঠিন হইশ
না। তাহাদের নিত্যকার সাহিত্যিক মজলিসে জ্যাকের জন্তও
এক কোণে একটি আসন নির্দিষ্ট থাকিত। নূতন জ্ঞাগত
কেহ আসিলে শাল্থ সাগ্রহে প্রের পরিচয় প্রদান করিয়া বলিত,
প্রেই জ্যাক। এটি আমার ছোলে, বেচারা বড় ভূগেছে। ওকে যে
আবার ফিরে পাব, তা মনেই ছিল না।" সকলেই জ্যাকের দিকে
একট করণার চোথে ফিরিয়া য়াহিত।

জ্যাক কোণের আসনে ৰসিয়া দেখিত, মছলিসে সব কয়টিই আসিয়া জমিয়াছে, জিমনাজের সেই পুরানো দলটি! এই সকল ভক্ত উপাসক-মণ্ডলীক বৃক পরিবেষ্টিত না থাকিলে আর্জান্ত র চলেও না। সে বলে, "এক সঙ্গে মিশে আমরা একটা দল করি, এস—।" দলের প্রধান কাজ,—বে সকল প্রসিদ্ধ লেথক তাহাদিগকে আমল দিতে ঢাহে না, ঘণার চক্ষে দেখে, সেই সব লেথকের ব্যক্তিগত কুৎসা-রটনা! যে সকল মাসিক-পত্রের সম্পাদক তাহাদের রচনা আবর্জনার স্তুপে নিক্ষেপ করে, তাহাদের নীচ ঈর্বা-প্রবৃত্তিকে অভিশাপ-দান ও সেই সকল মাসিকে প্রকাশিত প্রবন্ধারলীর বিকট সমালোচনা করা! সে কুৎসা-রটনা, সে সমালোচনার ভঙ্গীই বা কি সে বিজ্ঞোচিত! আর্জান্ত কোম্পোনি প্রকৃতই বৃত্তিতে পারিত না, তাহাদের রচনা কেন এই সকল সম্পাদক ছাপিতে চাহে না—নিজেরা পাঠ করিয়া এমন মুগ্ধ হইয়া যায়—অথচ ভাহাদের এতটা বিরূপ হইবার কারণ কি। কেহ বলিত প্রামান্তের

আমোল দিলে—আমাদেব লেখাব তেজে ওঁবা আব ওঁদেব বচনা যে একেবাবে ছাই হয়ে যাবে।' কেহ বা বলিত, 'শুধু তাই নয—
ওলেব একটি দল আছে—দেই দলে বাহিবেব লোক ভিড়াওে
সাহসে কুলায় না।' জ্যাক এক পাশে ব্যিয়া এই সকল অলগ
জল্পনা কৰাও শুনিত, কখনও বা সে আগাগোড়া আপনাব ভাবন
কাহিনী স্মৰণ কৰিষা শিহবিরা উঠিত। এ সকল কথা তাহাব
কাণেও পৌছিত না। এমনভাবে ভাহাব জাবনটা নম্ভ হহয়া শেল।
কেন, কাহাব দোষে ৪ ভাবতে ভাবিতে তক্সার ঘোবে সে
হলমা পড়িত। ভোজন বাল আসিলে শাল্ম ন্য়েতে হামুক্ত্র
গামে হাত দিলা ডাকিত, "জ্যাক, ভ্যাক," জ্যাকেব দ্লেক্ত্র
হতে। বন্ধগণ চাহেগা লোবও আছাত্ত দিতে দাত গাসলা
বোষ চাপিয়া মৃত্ কণ্ডে কাহত, "এবতা আত্ত জ্যানোয়াব
বোষ চাপিয়া মৃত্ কণ্ডে কাহত, "এবতা আত্ত জ্যানোয়াব
বোষ

কিন্তু না—জ্যাক জানোয়াব নহে। বহু দিন পবে নাহাব শ্লেষ্ঠ ও নিক্ষল বায়ব স্থাদ পাহবা হাহাব প্রাণেব ক্ষ্ক ববাট আবাব ধাবে ধাবে মুক্ত হুইয়া আবি:হিহল, বাবান বায়তে ধাবে ধাবে হাহাব লুপ্ত চেতুনা আবাব দে ফিবিয়া পাইতেছিল। আব বেই কথা কহিলে হাহাব চিত্ত সোদকে বহু একটা আৰু ৪ হুই হুই না। শুধু মাব কথা জ্লাই হাহাব দগ্ধ হুদ্ধে স্ঞাবনা হুধার কাল্প কবিছ। মাব স্থিত ছুইদণ্ড নিবালায় কথা কাহতে পাইলে সে যেন বন্তাইয়া যাইত। অধীৰ পিপাসিত বাক্তি যেনন আকুল আগ্রহে শাহল বাবি পান কবে, তেমনই ভাবে মাব প্রতি কথাটি নিবিস্ত চিত্তে সেপান কবিছ। এ যেন কোন্ন নন্দনেব বিশ্বত সন্ধাত, স্থাবে শ্লুতি। একদিন সে মাকে নিজ্জনে পাইলা জিল্পাসা কবিল, "হা মা, চেলেবেলায় কি ক্রমণ্ড আমি জাহালে চড়েছিল্ম দ্ব

সহসা এ প্রশ্নে শার্লতের প্রাণটা ছাঁৎ করিয়া উঠিল। দে কহিল, "কেন জ্যাক ?"

"প্রথম খেদিন মা সিদমু জাহাজে আমি পা দিলুম—সে আজ তিন বছরের কথা, তপন আমার কেমন-খেন-কি মনে হল! মনে হল, এ সব খেন আমার কাছে নতুন নয়—কবে খেন কোথায় আমি জাহাজে চড়ে সমুদ্রে শিয়ে ছিলুম! হাঁ মা, সেটা কি স্বপ্ন, তবে ?"

"না, জাাক, অধ নয়, সতা। তোমার বয়স তথন তিন বছর
—-আমরা আলজিরিয়া থেকে আহাসছিলুম। তিনি নারা গেলে আনরা
ভূরেনে ফিরছিলুম।"

"তিনি কে, মাণু বাবাণু"

"री, जाक।"

"বাবাৰ নাম কি ছিল, মাণু"

এ কি কৌত্হল! শার্লং মুহুর্ত্তের জন্ত বিচলিত হইল। পরে আপনাকে সম্বরণ করিয়া সে বলিল, "সে কণা এতদিন তোমায় বলিনি, জ্যাক! পাপিনী আমি, ছেলের কাণে এ বিষ ঢালবো,— তাই কথনও বলিনি। কিন্তু তোমায় না বলা আমার অন্তায়। তিনি ফ্রান্সের একজন বিখ্যাত জমিদার ছিলেন; পিমবক্দের আত্মীয়। তাঁকে দেখে মুগ্ধ হয়ে আমি স্বামার হর ছেড়ে অক্লেডেসেছিল্ম! সিঙ্গাপুরের রাজার সঙ্গে তাঁর খুব ভাব ছিল, তাঁর সঙ্গেই আলজিবিয়ায় বেড়াতে গেছল্ম, আমরা। সেখানেই তিনি মারা যান—"

"তার নাম কি ছিল !"

"मार्कि मा (न भी।"

· জাক তবে সন্তান্ত পিতার প্তা! বিপথ-গামিনী মাতার পাণে—

না, মা,—তাহার তৃঃথিনী মা,—তাহার বিচার করিবার অধিকার জ্যাকের নাই! কিন্তু এমন সম্রাপ্ত ব্যক্তির পুত্র হইয়া জাহাজে সে সামাপ্ত পালাসির কাজ করিয়াছে!

এমন সময় আর্জান্ত আসিয়া কহিল, "শার্লং, একটা কথা আমি ভাবছিলুম। জ্ঞাক ত এখন ভালো হয়েছে—একটা কাজ-কশ্মের চেষ্টা দেখা উচিত, ওর! এ বয়সে কুড়ের মত বসে থাকাটা ঠিক নয়—ভবিষ্যৎ মাট হয়ে যাবে, তা হলে। তা ষ্টমারে কাজ করতে বলছি না, আমি! বেল-এজিনের কাজে বিপদের তেমন ভয় নেই, তাই লাবাস্যাক্ত বলছিল—"

আবার সেই লাবাস্থান্ত । জ্যাক কোন কথা বলিল না। শার্লং
পুত্রের প্রতি করুণ দৃষ্টি নিক্ষেপ করিয়া সসলোচে কহিল, "কিষ্ণ
তুমি দেখছ ত, জ্যাক এখনও কি রক্ম হর্পেল। চার তলার
সিঁড়ি ভেঙ্গে উপরে উঠতেই ইাপিয়ে অবশ হয়ে পড়ে, রাত্রে ভাল
ব্যঞ্জ হয় না। আরুর দেখেছ, কেমন পৃক্পুকে কালী হয়েছে, তাসে
কালীও ত কৈ কিছুতে সারছে না। তুমি বরং এই কাগজেরই
একটা কাক্ষ ওকে দাও। পারবে নাং তাহলে বড় ভাল হয়।"

"বেশ। মোরোন্ভার সঙ্গে একবার পরামর্শ করে দেখি, ভাহলে।"
পরামর্শান্তে স্থির হইল, মল নহে। জ্যাকের হারা কাগজের আর
কোন উপকার না হউক, কাগজ নোড়া ও ভাঁজা, চাপাখানার এবং
দগুরীর তাগাদা করা, প্রফ বহা প্রভৃতি কাজগুলা ত চলিতে পারে।
কাগজের আর ত কিছুই নাই, বার প্রচ্রুর, একটি মাত্র গ্রাহকের
নিকট হইতে বার্ষিক মূল্য আদার হইয়াছে। সে গ্রাহকটি আর
কেহই নহে, শার্লতের পূর্ব-পরিচিত সেই বন্ধু, বাহার দত্ত অর্থে
কাগজের প্রতিষ্ঠা। এ ক্ষেত্রে কাগজের বৈত্রনিক বেহারাকৈ বিদার
দিয়া তাহার স্থলে জ্যাককে নিযুক্ত করিলে একট তব্ ব্যর-সংক্ষেপ হর।

তাহাই ঘটিল। কাগজের স্বলাধিকারী জ্ঞাক বেহারার হীন কার্য্যে নিযুক্ত হইল। সে নিজে জানিত না যে, সে স্বলাধি কারী! শার্লং জানিলেও আর্জান্তর নিকট সে কথা তুলিবে, এমন সাধ্য তাহার ছিল না।

সপ্তাহাত্তে আজান্ত বিরক্তভাবে কহিল, "নেহাৎ অপনার্থ। এ কাজও ওর বারা চলবে না।"

শাৰ্লং ব্যাকুল কঠে কৰিল, "ক্ৰমে ক্ৰমে শিখতে পারবে নাকি!"

অবজার সহিত আজাস্ত কালে, "আর কবে পারবে ? ভারী এ কাজ। আসল কথা হচ্ছে, আনাদের সঙ্গে ও নোটেই লাপ থাবে না। দেশছ না, ওর ভাব-ভালী, আচার-ব্যবহার সব ছোটলোকের মত, কারপানার মিস্ত্রী-মজ্বের ধরণের। তা ছাড়া ওর স্বভাব অবধি বিগড়ে গেছে। ও মদ থায়, দেখনি ? ওর মুখে বিশ্রী মদের গন্ধ।"

শার্লং কাদিয়া ফেলিল। সে-ও ইহা লক্ষ্য করিয়াছিল। কিন্তু কাহার দোধে জ্ঞাক আজ ইতর হইয়াছে, মদ ধরিয়াছে! তাহারাই কি ঠেনিয়া জ্ঞাককে এই অধঃপতনের পথে গড়াইয়া দেয় নাই? জ্ঞাকের দোষ কি!

ু আজান্ত কহিল, "শোন শালং, এও আমি বুন্ধছি, আপাততঃ ওর বেমন স্বাস্থা, তাতে ওর কাজ-কন্ম করা পোবাবে না, এথন। আর কিছুদিন জিলক। তা সহবের এই ভিডে না থেকে ও কেন এতিয়োলে যাক্ না। আমাদের সে বাড়ীর কব্লতির মেয়াদও ত এখনও দশ বছর রাকী আছে—বেখানে থেকে ও বাড়ীটা ভাড়া দেবার বন্দোবস্ত করুক। মাসে মাসে ওর পরচের টাকা এখান থেকে পাঠাব'থন! দেখানে পাড়াগারে ভালো হাওয়ার নির্ক্তনে কিছুদিন থাকলে শরীরে বলও পাবে, তা-ছাড়া বাড়ীটাও ওয়ু ওয়ু

ফেলে রেখে ভাড়া গুঁজি, কেন ? তার জান্ত একটা ভাড়াটে ঠিক করে জ্যাক্ আবার এখানে ফিরে আসবে! কি বল!"

मार्नर मञ्जूष्टे हिटल এ अलाखाद मन्नलि मिन।

পরে এক দিন শরতের এক শান্ত রিগ্ধ প্রভাতে জাক এতিয়ালে আসিল! শরতে সারা প্রকৃতি সেদিন ঝলমল করিতে-ছিল। চারিধারে সর্জ প্রাচুর্যোর ঘন শোভা। হলে জলে জীবনের মৃত্র কম্পন! কোন কোলাহল নাই,—নিহুদ্ধ শান্ত গ্রাম। সর্জ্ব পাতার রাশিতে গাছ ভরিয়া রহিয়াছে, ক্ষেত্রে শন্ত পাকিয়া উঠিয়াছে—যেন কে একথানি বিস্তীর্ণ হরিদ্রা বর্ণের আন্তরণ বিছাইয়া রাথিয়াছে। গাছের আড় হইতে পাথী গান গাহিয়া সারা আকাশ-বাতাস মিষ্ট ম্ববের প্রাবনে ভরাইয়া তুলিয়াছে। ফলে ফ্লে, নদীর জলে, পাথীর গানে পল্লী-জননীর হুমধুর হেছ যেন উথলিয়া উঠিয়ছে। জননী যেন ছুই বাছ বিস্তার করিয়া ভাপ-দগ্ধ জ্যাককে সাদরে আহ্বান করিতেছেন, আয় বাছা, আয়, আমার কোলে আয়! এথানে কোন কোলাহল নাই, কোন জ্বানা নাই, আমার শীতল মেহের ম্পর্ণে, আয়, তোর সকল ছঃথ নিবারণ করি—স্ব দাহ জ্ডাইয়া দিই!

জ্যাক যথন পরিতাক কুটার-সমূথে আদিল, তথন কুটার-গাত্র-সংলগ্ন লতার-পাতার রৌদ্র-কিরণ ঝরিয়া পড়িয়াছে! সেই আলোক-ম্পর্লে কুটার-গাত্র-থোদিত ফলকটি পাতার মধ্য হইতে কুটিরা উঠিয়াছে, স্বর্ণ বর্ণে তাহাতে লেখা রহিয়াছে, "আরাম-কুল্প।" চারি-ধারে এই অমল শোভার মধ্যে দাড়াইরা ফলকের অফরগুলা জ্যাক একবার পড়িল, "আরাম-কুল্প।" সত্যই "আরাম-কুল্প।" এথানে জ্যাক সকল হংথ ভুলিবে, যথার্থই সে আরাম পাইয়া বাঁচিবে!

তৃতীয় অধ্যায়

প্রথম পরিচেছদ

সেসিল

"কি! আগাগোড়া তোমজ্ব নামে মিথ্যে কলম্ব রটিয়ে বেড়িয়েছে
— আর তা-ও কি রকম মিইথা! চোর অপবাদ! পাঁচ বছর
আমি এই থপর নিয়ে ভেকে দারা হয়ে যাছি। কি ভয়নক
লোক! তাই এত আগ্রহ কয়ে এ থপর আমায় দিতে এসেছিল,—
বটে! তার পর যথন তোমায় নির্দ্ধোয়তা প্রমাণ হল, তথন ত
কৈ সে থপরটুকু দিতে এল না। দাও ত দেখি, তোমার মানেভারের সাটিজিকেটখানা।"

"এই নিন, ডাক্তার রিভাল।"

"বাঃ চমংকার । ম্যানেজারটিকে খুব ভাল লোক বলতে হবে।
দেখে আমার বড় আনন্দ হল, জ্যাক । আমি এ পাঁচ বছর ধরে
কেবলই ভেবেছি,—আমার হাতে-গড়া জ্যাক চোর হবে। টাকা
চুরি করবে, সে ! কখনও নয় । অসম্ভব ! দেখ দেখি, হঠাৎ যদি আজ
আর্শাঘোর এখানে তোমার সঙ্গে আমার দেখা না হত, তাহলে ত
এ ভুল ধারণা, এ মিখ্যা সন্দেহ ত আমার মন থেকে কখনও দুর
হত না!"

আশাৰোর ক্ষুদ্র কুটীরে ডাক্তার রিভাবের সহিত জ্যাকের আবার বছদিন পরে দৈবাৎ আজ সাক্ষাৎ হইয়াছিল।

আৰু দশদিন জাকি এতিয়োলে আসিয়াছে। তপস্তা-রম্ভ ব্রাক্ষণের

মতই এ কয়দিন নির্জ্জনে সে নিঃসঙ্গ জীবন বছন করিতেছিল।
প্রকৃতির বিশাল মুক্ত প্রান্তর শবতের ঐশর্যা ঝলমল করিতেছে
— চারিধারের এই শান্ত শোভার মধ্যে অতীতের স্থমধুর শ্বতিতে
নতিত থাকিয়া জ্ঞাক ধীরে ধীরে হাত স্বাস্থ্য-সম্পদ্ ফিরিয়া পাইতেছিল। ভামল প্রান্তরের দিকে চাহিলে চোথ জুড়াইয়া যায়—য়দয়ে
শক্তি সঞ্চারিত হয়,— নৈরাভের হাহাকার ঘুচে! মাথার উপর
নির্দ্ধল নাল আকাশ, উজ্জ্জল আলোক-রাশিতে প্রিপূর্ণ সে আলোকের
নির্ম্ব বিমল ধারায় জ্যাকের অন্তরের মানি-প্রকল্ভান্ত ক্রমে ধুইয়া
মুছিয়া আদিতেছিল।

একদিন এই একান্ত নিঃসগতা নিতান্তই অসহ বোধ হওয়ায়
পুরাতন বন্ধ আর্শাম্বোর কুটারে দে বেড়াইতে আদিল। আর্শাম্বে
দেখিলে জাকের মাকে মনে পড়ে। গৃহ-কল্মে মাতার দে সন্ধিনী
ছিল—তাই আর্শার কুটারে আদিয়া পুরাতন স্নেহ লাভ করিয়া
সে যেন আবার তাহার সেই অতাত দিনগুলিকেই কুড়াইয়া পাইল।

আজ জ্যাক আশার বাটাতে আগিয়া দেখিল, আশার সামী বাতের বয়ণায় শ্যা গ্রহণ করিয়ছে। রোগার পার্বে শুর্লির এক বৃদ্ধা বিদিয়া রোগার দেহ পরাক্ষা করিতেছিলেন। এই বৃদ্ধাই ডাফার বিভাল। বহদিন পরে এই নৃত্ন দশ্নে উভয়েই একটু বিচলিত হইয়া পড়িল। জ্যাক আপনার সামাজিক অধংপতনের কথা ভাবিয়া সঙ্গান্তত হইয়া গেল। ইহারই জ্লভ্ড সে কোনদিন ডাফারের বাটার দিকে অগ্রসর হইতে সাহস করে নাই। ডাফারের সংলাচের কারণ, জ্যাককে দেখিতেই কদিক-গৃহের সেই চুরির কথা ভাহার নৃত্ন করিয়া হনে পড়িল। জ্যাক আল চোর—সেই জ্যাক।

এথন জ্যাকের কলত-মুক্তির সংবাদ পাইয়া ডাক্তারের প্রাণ শাস্ত হল। ডাক্তার কহিলেন, "এখন তুমি এখানে এসেই যথন বাস করতে লাগলে, তথন আমাদের বাড়ী যাবার আর কোন সংলাচ রেখো না! ওরা কজনে মিলে তোমার জীবনটা একেবারে নয়-ছয় করে দিলে! তোমার শরীর যা দেখছি, তাতে রীতিমত এখন যয় নেওয়া দরকার হয়ে পড়েছে। আমাদের বাড়ী তুমি তেমনই ভাবে আবার আসা-যাঙ্মা কর, এই আমি দেখতে চাই। সবই সেই রকম আছে, জ্যাক, কেবল আমার ব্রী শুধু নেই। আজ চার বছর তিনি মারা গেছেন! শোকেই বেচারী মারা গৈলে। সেদিল এখন আমার লাড়ীর গিলি। সে বেশ বড় হয়ে উঠেছে—তোমায় দেখলে ভারী খুমী হবে, সে! তোমার কথা প্রায়ই বলে। তুমি আসবে ত, জ্যাক ?"

জ্যাক মুহূর্তের জন্ম শুক্রা বহিল। একটা দ্বিধায় তাহার কথা সরিতেছিল না! বিভাল তাহা বুঝিলেন। বৃঝিয়া তিনি কহিলেন, "কোন সঙ্কোচের কারণ নেই, জ্যাক! সেদিলকে কিছু বোঝাতে হবে না—কোন কৈছিছে নয়! ক্লিকদের বাড়ীর চুরির কথা সে কিছু জানে না—শুধু আমিই এ থপরটুকু জানতুম। কাওকে বলিনি। কাজেই আসতে তোমার কোন আপত্তি থাকতে পারে না। আসছ ত—বল ? আজ আর থাক্! কতক্ষণই বা থাকবে ? রাত্রে আবার কুয়ালা নামবে—কুয়ালা লাগানোটা তোমার পক্ষে ঠিক নয়। কাল বরং এসো। আমাদের বাড়ীতেই খাওয়া-দাওয়া করবে—তোমার নিমন্ত্রণ রইল! কেমন, আসবে ত ংশ

কৃতজ্ঞতার জ্ঞাক ডাক্তারের পানে চাহিল। সমেহে জ্ঞাকের কেশে হাত বুলাইতে বুলাইতে ডাক্তার কহিলেন, "না এলে আমি গিয়ে ধরে নিয়ে আসব, তা কিন্তু বলে রাধছি।"

ডাক্তার চলিয়া গেলেন। সেদিন রাত্রে চিমনির ধারে বসিয়া জ্যাক অনেক কথা ভাবিল। আপনার জীবন-নাট্য-এম্বের পৃষ্ঠার উপর দিয়া সে দৃষ্টিটা একবার ব্লাইয়া লইল! সেই মধুর কৈশোরপ্রারস্তে ডাক্তারের বেহে সে কি এক বিচিত্র স্থের অধিকারী হইয়াছিল!
হাস্ত-কৌতুকময়ী ক্রীড়া-সঙ্গিনা নেসিলের সহিত এককালে সে কি
সোনার দিনগুলি কাটিয়াছে! তার পর কোন্ দৈত্যের
অভিশাপ লাগিল – জীবনটা একেবারে ক্ষত-বিক্ষত হইয়া গেল! সে
ক্ষতের দাহ যেমন ভীষণ, তেননই গভার! সে ক্ছ-চিহ্ন কি এ
জীবনে কখনও মিলাইবে ৪

প্রদিন দিবা দ্বিপ্রহরে জ্যাক আসিয়া রিভালের গৃহ-দ্বাবে দাঁড়াইল। এক দাসী আসিয়া কহিল, "ডাক্তার সাহেব বাড়ী কেরেননি। মানামোদেল একলা আছেন।"

দাসীটি নবাগতা; জ্যাককে সে চিনিত না। ভিতৰে একটা কুকুব ডাকিয়া উঠিল। নিনেবে কুকুবটা লাফাইয়া জ্যাকেব পাথে আদিয়া দাড়াইল। প্রাতন স্কুকে কুকুবটা দেপিয়াই চিনিল। জ্যাকেব পদলেহন করিয়া, তাহার গায়ে গা ঘসিয়া, ল্যাজ নাড়িয়া বাক্হীন পশু স্কুকে অভার্থনা করিল। দেখিয়া জ্যাক অভিভূত হইয়া পড়িল। তুইদিন চোথেব আড় হইলে বন্ধকে মাতৃষ অনেক সময় চিনিতে পারে না, কিন্তু এই বাক্হীন ইতৰ পশু, সে ক্ষম-হীন নহে—স্মেহের ম্যাদা-রক্ষায় তাই ভাষার কোনই জাট হইল না!

ভিতর হইতে স্মধুর থবে কে ডাকিল,—"এস জ্ঞাক।"
বেন থর্মের বীণা বাজিয়া উঠিল! এ কণ্ঠ সেদিলের—কি মধুর, কি
প্রাণারাম! জ্ঞাক চাহিয়া দেখে, সমুখে দাড়াইয়া কিশোরী সেদিল!
যৌবন-স্পর্শে সেদিলের স্থাঠিত তমুখানি লাবণো ভরিয়া রহিয়াছে—
পৃস্প-তরু যেন আজ কুর্ম-স্তর্কে সাজিয়া উঠিয়াছে! স্মান তাহার
শোভা, বিচিত্র তাহার বর্ণ!

সেদিল নিকটে আদিয়া জাকের হাত ধরিল। উভয়ে যাইয়া তথন ভিতরে বদিল। দেদিল কহিল, "তোমার জীবনের উপর দিয়ে প্রচণ্ড ঝড় বয়ে গেছে.— দাদামশায়ের কাছে আমি শুনেছি, সব। আমাদেরও সর্কানাশ হয়ে গেছে, জ্যাক। দিদিমা আমাদের ছেডে চলে গেছে। তোমার কথা প্রায়ই তিনি বলতেন।"

জাকে কোন কথা কহিল না। তাহার বাক্শক্তি যেন লোপ পাইয়াছিল। এই পবিত্র দেনীমূর্ত্তির সম্বাথে আপনার লাঞ্চিত শির তুলিতে তাহার সাহস হইতেছিল না। তাহার মনে হইতেছিল, এই সৌল্পর্যাও মাধুর্যাের বিপুলতার সম্বাথে আপনার রিক্ত দৈন্তের কন্ধাল-সার মূর্তিটা থাড়া করিয়া সে দাকণ স্পদ্ধা প্রকাশ করিয়াছে। এই স্বর্ণের স্থা-সমুদ্রের তীরে পৃতিগক্ষয় নরকের আবর্জনা যেন সে টানিয়া আনিয়াছে,—এ পাপের প্রায়শ্চিত্ত নাই। এখান হইতে পলাইতে পারিলে সে যেন বাঁচিয়া যায়। হাত ছইটা কর্কশ, কঠিন দেহের হাড়গুলা অবধি বম্বের আবরণ ভেদ করিয়া একটা কুৎসিত বীভংশতা প্রকাশ করিয়া ভূলিতেছে। বসন্ত শীর পার্থে হিম-জর্জর শুদ্ধ প্রকৃতির শীর্ণতা যেমন অবজ্ঞা ও মুণার স্পৃষ্টি করে, সেদিলের পার্থে জ্যাকও আজ ঠিক তেমনই হেয়, মুণা, অস্পৃষ্ঠা!

এমন সময় দাসী আসিয়া সেসিলের হাতে এক টুকরা কাগজ দিয়া কভিল "ওয়ুধ চাই—লোক এসেছে।"

বিতাং-শিথার মতই কিপ্র গতিতে সেসিল কাগজ-হত্তে উঠিয়া দাঁড়াইল। নিকটে টেবিলের উপর শিশিতে কয়টা বোতল ছিল। সে উঠিয়া ঔষধ তৈয়ার করিতে লাগিল। হাঁফ ছাড়িয়া জ্যাক তথন একবার সেসিলকে ভাল করিয়া দেখিয়া লইবার অবসর পাইল। কি স্কর —এই সেসিল! থৌবন তাহার বিচিত্র মায়া-তুলি বুলাইয়া সেসিলের দেহটকে ললিত রাগে ফুটাইয়া তুলিয়াছে। কোথাও এতটুকু খুঁত নাই! সজিত হুন্দর বেশে, ভাহারই অফুরপ ভাষর স্ মুর্তি! অপূর্ব মধুরিমার চরম বিকাশ!

জ্যাকের আয়া আজ প্রবৃদ্ধ ইইতেছিল, অশ্বনাত ইইয়া নীরবে পবিত্রতায় ভবিষা উঠিতেছিল,—দে নিজে তাহা বৃদ্ধিতে পাবিল না। দে একবার ভাবিল, কেন এপানে আদিল। আদিল যদি ৩, এখন পলাইবে কি করিয়া। এপানে তাহার অবস্থান যে একাছই অশোভন, নিতান্ত বিসদৃশ। দেদিলের প্রতি বিপুল শ্রদ্ধায় জ্যাকের চিত্ত আজ পরিপূর্ণ ইইয়া উঠিল।

ক্রমে ছই-চারিজন করিয়া লোক আসিতে লাগিল। ওষধ চাই, পুরিয়া চাই, মালিশ চাই। সেসিলের মভ্যস্ত করে কোন কল্মই বাধিল না।

এক ক্রমক-রমণী উষধ গইয়া চলিয়া যাইবার সময় জ্যাকের সন্মুখে আসিয়া অনেকজন ধরিয়া ঠাহর করিয়া তাহাকে দেখিল গ নেথিয়া কহিল, "বাঃ, এই যে বেজস্তুদের জ্যাক সাহেব গো! এবার তবে ডাক্তারের নাতনার বিয়ের ব্যবহা হল! এটা! পাওব স্বয়ং তাজির—এতদিন ধরে জ্যাক সাহেবেব জ্ঞা ডাক্তার 'হা-পিডোশ' করে ব্যেছিল! এবার বাঁচল!"

জ্যাক বিবর্ণ হইয়। উঠিল। দেশিল দেশা- জ্যাক ভাষাকে এখন করিবে, এমন স্পর্কা নিমেয়ের জন্তও জ্যাকের মনে উদয় ধ্য় নাই! দেদিলও ঈষং বিচলিত ধ্রয়া পড়িল! কোনমতে দে চাঞ্চলটুকু গোপন করিয়া দেদিল ডাকিল, "ক্যাথরিন, দাল আসছে, খাবার তৈরি ত সবং"

যথার্থ ই ডাক্তার রিভাল কক্ষমধ্যে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়াই তিনি কহিলেন, "জ্যাকের শরীরটা একেবারে গেছে —দেখেছ, সেসিল, ওকে হঠাং দেখলে চেনা যায় না।" দেদিন ডাক্টার-গৃহ হুইতে বাহির হুইয়া জ্ঞাক যথন পথ চলিতেছিল, তথন যদি কেহ জ্ঞাকের পানে চাহিত ত সে ভাবিত, তাহার গৃহে বৃঝি কাহারও শঙ্কটাপন্ন পীড়া হুইয়াছে, তাই ডাক্টারকে সংবাদ দিয়া ব্যস্তভাবে রোগীর শ্ব্যাপার্থে আবার সে ক্রত ফিরিয়া চলিয়াছে। গতি তাহার এমনই অস্বাভাবিক চঞ্চল।

পথে চলিতে চলিতে সমস্ত জ্ঞ্জাতের উপর জ্যাক চটিয়া সারা হইল। কারিকর—কারিকর! সারা জীবনটা যেন কে কালো কালিতে দাগিয়া দিয়াছে! আজাস্ত ঠিক বলে। অসভ্য, বেখাদব, আমি—আমার উচিত, আমার সক্ষযোগ্য লোকজনের সঙ্গে মেলা-মেশ।
—ভদ্রসমাজে আমার ঠাই নাই, ঠাই হইবেওনা! উত্তেজনায় জ্যাকের প্রাণ আজ চূর্ণ-বিচূর্ণ হইয়া যাইছেছিল।

কিন্তু তরঙ্গাহত নদীর জল যেমন পরতে পরতে অজস্র চল্রের ছবি আপনার বৃকে প্রতিকলিত করে, তাহার ক্ষুদ্ধ পীড়িত চিন্ত তেমনই চিন্তার পরতে পরতে সেদিলের মধুর ছবিটিকেই বিশ্বিত করিয়া তুলিতেছিল। সেদিল, সেদিল। পবিত্র, স্থলর, নির্মাল সেদিল। দেবী তুমি, অভাগা মলিন দীন জ্যাককে পবিত্র নির্মাল করিয়া তোল। তোমাকে গ্রহণ করিবার যোগ্যতা বা শক্তি তাহার নাই—তাই বলিখা তোমার কঞ্গার কণা হইতে তাহাকে বঞ্চিত করিয়ো না, যেন। ক্রমক-রমণীটা ও কিদের ইন্ধিত করিল। সেদিলের সহিত জ্যাকের বিবাহ। না, না,—অসমস্তব। ছই বসনা নারী, এবিষ্য কণা উচ্চারণ করিতে তোর জিভ পিন্যা পড়িল না।

সেসিলের সহিত তাহার মিলনের কোন আশাই নাই,—
কোন সম্ভাবনা নয়। এই একটি মাত্র চিন্তা জ্যাকের সমগ্র চিন্তটুকুকে সেদিন প্রবলভাবে নাড়া দিতে লাগিল। অবশেষে সন্ধ্যার
পর চারিধার যথন অন্ধকারে ছাইয়া গেল, তথন দীর্ঘনিশ্বাস

কেলিয়া জ্যাক আসিয়া বাতায়ন পার্থে দাড়াইল। সন্ধাৰ বাতাস তাহার চিস্তা-তপ্ত ললাটে মাতার মেহাঞ্চলের মতই আরাম বহিয়া আনিল। নিকটে একটা চেয়ারে বসিয়া হই হাতে মুখ ঢাকিয়া সে কাঁদিয়া কেলিল,—অন্তত্ত গদগদ কতে ডাকিল, ভগবান, ভগবান, আমাকে পাগল করিয়া দাও, চিত্তকে অবশ করিয়া দাও। এ অবৈর্থ্য, এ চাঞ্চলা যে আর সহ হয় না. প্রভা

সামাজিক সহস্র বিদ্ন আজ এ মিলনের পথে অন্তরায় ! সে কারিকর, নীচ কারিকর মাত্র, ছোটলোক,—ভদ্র সমাজে কি বলিয়া আজ সে মাথা তুলিয়া দাঁড়াইবে ৷ তাহার উপর মাতার চরিত্র-দোষ ৷ লা, অসহ, অসহ এ জালা ৷ দারণ বন্ধণা ৷

সেল্ফের উপর একটা বোতল ছিল। জ্ঞাক তাহা হইতে একটা তরল পদার্থ মাশে ঢালিল। পরে মাশটা টেবিলের উপর রাখিল ছাই হাতে মুখ ঢাকিলা সে আবার কি ভাবিতে বসিল—সমস্তা। চারি-দিকে সমস্তা। এ বিপুল সমস্তা-সমাধানের কি উপায় আবছে। কি উপায়। ভাবিতে ভাবিতে জ্যাক দুমাইলা পড়িল।

তথন স্বপ্ন তাহার নিদ্রাভূব চিত্তে কত বিচিত্র চিত্র ফুটাইয়!
তুলিল! প্রকাণ্ড কারথানা—অজ্ঞ লোকের কোণাংল! নদীর নীর
—নদীতে তরী বহিয়া সে চলিয়াছে! নদীর জল ছল-ছল করিয়া
তরীর কালে কাণে যেন কত কি গোপন কথা বলিয়া চলিয়াছে!
কোথার, যেন কে ঐ গান গায়— ঢালো, স্বরা ঢালো, আরও
ঢালো! বিশ্বতি! গভীর বিশ্বতির সাগরে ছ্ব লাও—কিছু চাহি না
—চাহিবার আরে কিছু নাই! কোন কামনা নাই! শুধু বিশ্বতি
আনিয়া লাও!

ঐ বে তরল রূপ উছলিয়া উঠিয়াছে! চল চল নয়নে, ওরে পিয়ালা, চাহিরা তুই ও কি দেখিতেছিদ্? শান্তি আনিয়াছিদ ? বিশ্বতি আনিয়াছিদ ? কৈ, দে, দে, দে পিয়ালা। না, না, ও কে তুমি জ্যোতিমন্ত্রী দেবী,—দীমস্তে নকত জলিতেছে, করে কনক-দণ্ড? এ যে দেদিল। মধুর স্থরে ও কি গান গাহিতেছ, তুমি?—জ্যাক, তুমি মদ থাও ? ছি।

জ্যাকের তক্রা ভাঙ্গিয়া গেলা! কোথায় কে! তরী, নদী, দেবী—কোথায় কি ? কেছ নাই, কিছু নাই,—গুধু সেই পিয়ালাটা! ফর্মনাশা, কুছকিনী, দূর হ', তুই!

সজোবে জ্যাক স্থরাপূর্ণ কাচের গ্লাশটা বাহিবে ছুড়িয়া দিল!
বন্ধন্শকে কাচের গ্লাস চূর্ণ-বিচূর্ণ হইয়া গেল! তুই হাতে .
চোথ মূছিয়া জ্যাক তথন উঠিয়া পাড়াইল। আকাশের দিকে চাহিয়া
সে কহিল, "তাই হবে, সেসিল, দেবী, তাই হবে। তোমার কথাই
থাকবে! এ জীবনে জ্যাক আর কখনও সুবা স্পশ করবে না!"

দ্বিতীয় পরিচেছদ

আরোগ্য-লাভ

তাহার পর জ্ঞাক কতদিন রোগ ভোগ কবিল, ডাক্তার হার্জ্ আদিয়া তাহার চিকিৎসা-ভার লইয়া তাহাকে মৃত্যুর দার-সায়িধ্যে আনিয়া ফেলিল, এবং কি করিয়া ডাক্তার রিভাল আসন সমরে উপস্থিত হইয়া, জোর করিয়া জ্ঞাককে আপনার গৃহে আনিয়া সেবা-ভুক্রম দারা তাহাকে আরোগ্য দান করিলেন, সে সকল কথা বিশদভাবে বর্ণনা করিবার কোন প্রয়োজন নাই। আরোগ্য-লাজের পর জ্যাক ডাক্তারের গৃহেই স্থান লাভ করিল। সেসিলের অক্লান্ত শুক্রাবা, ডাক্তারের সম্মেহ স্বো—কেবল ইহারই গুণে জ্যাক এ যাতা রক্ষা পাইল।

হংগ যেন তথন আবাৰ চিরদিনের মত বিদায়-গ্রহণের উপক্রম করিল। মধুর সাহচর্যো শার্ণ মনে সাজা ও শান্তিও দিবিয়া আদিতেছিল। সেদিল বহি পড়িত, জ্যাক ভানত—কথনও বা জ্যাক পড়িত, দেদিল ভনিত। ক্রমন্ত উপায়ে জ্যাক ও দোদণের ক্রম্ম ছইটি এক অদুভা বাধনে বাধা পাড়ভোছণ। কে জানে, ইহার পরিণাম কি! ডাক্তার ভাহা লক্ষ্য করিণেও ভাহাতে বাধা দিলেন না। তাহার মনে কি গভার উদ্দেশ্য প্রছিল আছে, ভাহা ভানই জানেন।

বেভালের গৃহে জ্যাক বাস কারতেছে গুনিয়া আনজাওঁ বোষে জ্লিয়া উঠিল। বিভাল, বিভালের গৃহে,—কেন্সু কাজাওঁর কি প্রসা নাই, না, গৃহ নাই সু ইহাতে ভাহাকে দল্ভবনত অপমান করা ইহতেছে। ভাহার মাথা ইেট ইহতেছে।

অগত্যা শাল থকে পত্র লিখিতে হতল। শাল থ লিখিল, "তুমি ওখানে থাক, সেটা এই প্রদান নয়। লোকে মনে ভাবতে পারে, আনরা তোমায় কিছুই দিহ না বা তোমাকে দেখি না। এতে আমাদের অসমান হয়।" তাহার পর, 'পুনন্চ' ববিষ্ঠা লিখিত হইয়াছে — এটুকু কবির হস্তাক্ষর, — কবি স্বয়ং লিখিয়াছে, — "তোমার চিকিছ- গার জন্ম হার্জ্কে পাঠাইলাম, কিন্তু নবাবিষ্কৃত, গ্রেষণাপ্রস্তু, তাহার বৈজ্ঞানিক প্রণালী তোমার মনংপুত হইল না। পাড়াগায়ের একটা হাতুড়ে ডাক্তারই তোমার ইইদেবতা হইল! তোমার এ ব্যবহারে আমি যথেষ্ট বিরক্ত হইয়াছি - তাহার উপর, এখন তুমি আরোগ্য লাভ করিয়াও ভনিতেছি, বিভালের বাড়ীতে আছে।

এখন আর তোমার সেখানে থাকা ভাল দেখায় না। ছই দিনের
নধ্যে তুমি নিজের বাড়ীতে আসিবে, নহিলে আমাদের সহিত
তুমি সকল সম্পর্ক বিচিয়ে করিতে চাও, আমরা ইহাই বুঝিব।
এখন বুঝিয়া যাহা ভাল বিবেচনা হয়, সেইমত কার্য্য করিয়ো।
ইতি—"

তথাপি যথন জ্যাক বিভাল-গৃহ ত্যাগ করিল না, তথন শাল থকে আদিতে হইল। ডাক্তার বিভাল সাদরে আর্জান্ত-গৃহিণীকে অভ্যর্থনা করিলেন। তাহার পর জ্যাকের কথা উঠিলে ডাক্তার বিললেন, "আমিই ধকে আরাম-কুল্লে ফিরতে দিইনি, মাদাম। ওর শরীর যে রকম পারাপ, তাতে খুব কড়া তদারকে ওকে না রাগলে তুমি ওকে কোনমতেই ধরে রাখতে পারবে না। হার্জ্ এসে কতকগুলো মৃগনাত্তি আর উগ্র বিষ দিয়ে ওর মাণা গ্রম করে দিয়েছিল—সে অবস্থায় আর হ'তিন দিন থাকলে জ্যাককে আর তুমি চোথেও দেগতে পেতে না! ভাগ্যে আমি সময়-মত ওকে নিয়ে এসেছিল্ম! এখন বিপদটা কেটে গেছে, বটে; থবে এখনও ওর অবস্থা সম্পূর্ণ নিরাপদ নয়। ওকে আর কিছুদিন আমার কাছে রেপে যাও। তার পর যথন আমি ব্যব, ও বেশ সেবে উঠেছে, তথন আমিই ওকে আরম-কুল্লে পাঠিয়ে দেব—তার জ্ব্যু কোন কথা আর ওকে লিগতে হবে না। ছেলেকে বাঁচাতে চাও বদি ত, লোকের কথায় কাণ দিয়ো না।"

জ্যাক কহিল, "মা, আমায় তা হলে নিয়ে যাবে, তুমি ?"

"না, না, জ্যাক, যেখানে তুমি ভাল বোঝ দেইখানেই থাক। ডাক্তার রিভাল তোমার ধাত বোঝেন, তার চিকিৎসার নিশ্চর তুমি উপকার পাবে।"

নাকে ছাড়িয়া জ্ঞাক যে কখনও স্থী হইতে পারিবে, এখানে

এই সেবা-ওশ্রধার মধ্যে আসিবার পূরের জ্ঞাক নিজেই তাহা ভাবিতে পাবে নাই। এ স্থেমর কল্পনাও তাহার মনে কখনও উদয় হয় নাই।

সেদিলকে আদর, ডাক্তারকে ধন্তবাদ ও পুত্রকে সান্ধনা দিয়া ছুইদিন পরে শার্লং বিদায় গ্রহণ করিল। ঘাইবার সময় পুত্রকে একান্তে ডাবিয়া শার্লং কহিল, "জ্ঞাক, তুমি আমায় নিয়ম-মত চিঠি লিখা। যখন কিছু চাইবার দরকার হবে, তখন পোইমান্টারের ঠিকানায় আমার নামে চিঠি দিয়ো, আমি তা গোপনে পাবার ব্যবহা করব। অনেক সময় তোমাকে চিঠিতে যে সব কথা লিখি, তা গাগ্য হয়েই লিখতে হয়—সে আমার মনের কথা নয়, জ্যাক। উনি যা বলেন, সামনে বসে আমাকে তাই লিখতে হয়। এগার থেকে সে-রকম চিঠির তলায় কোণে একটা লাইন টেনে দেব। লাইন-টানা চিঠি পেলে তুমি জেনো, সে চিঠি আমি উর কথানতই শুনু লিখেছি। তার জন্ম মেত মন খারাপ করো না।"

শাল'ও আপুনার অবজা আব গোপন বাণিতে পারিণ না।
এ দাসত্ত অসহ বোধ হইলেও তাহা হইতে মুক্তি-গাভের এখন
আর কোন উপায় নাই। কি ভার-এতে জীবন। তব্ও বহিতে
হইবে,—গভাত্তর নাই।

শার্লং চলিয়া গেলে ডাক্তার একদিন বন-ভ্রমণের ব্যবস্থা করিবেন। স্থির হইল, জ্যাক ও সেদিল প্রাকৃতিষ্টে যাত্র। করিবে, রোগা-দর্শনাস্থে ডাক্তার আসিয়া তাহাদের সহিত যোগ দিবেন!

সেদিন সমস্ত জড়তা ত্যাগ কৰিয়া পুণিৰী প্ৰভাতে তখন স্কাগিয়া উঠিতেছিল। পাধীৰ গানে, সংগ্যৰ আলোঃ, ধামিনীয় নিৰানন্দ ভাব ঘুচিয়া চাৰিধাৰে একটা আনন্দ বিকশিত হটয়া উঠিতেছিল। এমনই সময়ে জ্যাক ও সেসিল পথে বাহির হইল।
গ্রামের পথ ক্রনে ফ্রাইয়া আদিল,—মাঠের বৃক চিরিয়া সিঁথির
মত সরু পথ চলিয়া গিয়াছে, জ্যাক ও সেসিল ক্রমে সেই পথে
চলিল। রুষকের দল তথন ক্ষেতে চলিয়াছে, কারিকরের দল ব্যস্ত
ভাবে কারথানার দিকে ছুটয়াছে,—ধীরে ধীরে কর্ম-কোলাহল
জ্যাগিয়া উঠিতেছে। ক্রমে তাহারা ক্ষেত্ ছাড়িয়া, পাহাড় ঘূরিয়া
নদীর ধার দিয়া নিদিষ্ট হলে ক্যাসিয়া পৌছিল।

কুলের রাশিতে বর্ণ-গদ্ধ উৎসারিত, বিহন্তের কল-কাকলাতে চারিধার মুধ্রিত,—এ যেন দ্বিন্তায় নন্দন । জ্যাকের মনে হইল, বিধাতার স্ষ্টের মধ্যে জ্যাক ও সেমিল ছাড়া কোণাও আর কোন নর-নারী নাই, তাহারা যেন কেই আদি-কালের আদম্ ও ঈভ্ ! এমন আনে, এ শোভা, যেন তাহাদেরই চিত্ত-বিনোদনের জন্ত ! এমন স্থান, এমন ক্ষণ, এমন আবেশ-কম্পিত মিলন-প্রামী ত্ইটি তরুণ ত্রিত প্রাণ সেমিল মৃত্ দৃষ্টিতে প্রামণ প্রাস্থরের পানে চাহিয়াছিল। জ্যাক ধীরে ধারে তাহার হাত ধরিণ—সমস্ত দেহে একটা বিত্যুৎ থেলিয় গেল। গাঢ় কম্পিত কঠে জ্যাক ডাকিল, "দেদিল—"

"জ্যাক—"

কাহারও মুখে আর কথা সরিশ না! জ্যাকের ছই হাতের মধ্যে সেসিণের হাত—উভয়ের হাতই কাঁপিতেছিল! কি এক আনন্দের মূর্চ্ছনায় উভয়েরই প্রাণ ছর্-ছুর্ করিয়া উঠিল! এ কি মোহ! প্রাণের ভিতর এ কি দারুণ উত্তেজনা! ভাবোছেল চিত্ত যেন আজ সকল বন্ধন ছিল বিপ্রয়ান্ত করিয়া দিতে চাহে!

দেসিলের গৌর হস্তের কোমল অঙ্গুলিগুলির নিকে জ্যাক চাহিরা রহিল! কচি কিসলয়ের মত এই অঙ্গুলির মোহন স্পর্ণে কি তাহার বুকের দারুণ ক্ষতের নাহ শাস্ত হইবে না? ইহা কি নিতাস্তই গুরাশা, ভগবান! একটা লালিমা ফুটিয়া উঠিয়া সেদিলের ফুলর মুখথানিকে লাজ-রক্ত, সভাবিকশিত গোলাপের মতই ললিত মনোরম করিয়া ভুলিল।

বহু চেষ্টায় সেসিলের মুখে কথা ফুটিল। স্বর গাঢ়, কম্পিড। সেসিল কহিল, "কেন জাাক, বল—াক বলবে, বল। ভোমার কি কোন কট হচেছ্ ?"

জ্যাকের ললাটে স্থেদ-বিন্দু ফুটিয়া উঠিল। জ্যাক কহিল, "কই। না, সেসিল, এ অপূর্ব স্থা। এমন স্থা জীবনে কখনও আমি উপভোগ করিমি, কল্পনাও করি নি।"

তাহার পর আবার উভয়ে নারব রহিল। এমনই ভাবে বহর্মণ কাটিয়া গেল। সহসা অদুবে ভাতারের কণ্ঠসবে উভয়ের চমক ভাঙ্গিল। উভয়ে অস্তভাবে কানন-কুটারে আমিল।

তথন তিনজনে নানা বিষয়ে কথা ১ইল। ফুলব দুখ, চারিধারে অপুর্ক প্রিচ্ছরতা।

ভোজনের পর ডাক্তার কহিলেন, "হোমার কোন অজ্প কচেছ না ত, জ্যাক ?".

অস্থ্য না,—অস্থ নয়, তবে অহতি ৷ এমন মধুব দিন— হায়, কেন ক্রায় ৷ এমন বল্লয় ভাবেষ মুহুত অবিরাম নয় কেন ৷

জ্যাক আজ ম্পষ্ট বৃথিয়াছে, সেগিলকে সে ভালবাদে। কিন্তু এ ভালবাদার পরিণাম কি! ভাষাদের উভয়ের মধ্যে যে অলজ্যা ব্যবধান! কিন্তু সেদিল কি ভাষাকে ভালবাদে? বাদে বৈ কি! নহিলে ভাষারও মুখে কথা সারতেছিল না, কেন্দ্ ভবে কি সেদিলকে—

না, তাহা হইবে না। সরলা বালিকার সরল হদয়ের সহিত আব এ নিছুর থেলা হলত নহে! তাহাক অদৃষ্টে বৈত ছঃধ আছে, পূর্ণ মাত্রায় সে তাহা ভোগ করিতে প্রস্তঃ কিন্তু বেচারী সেদিল—তাহার পায় কুশান্ত্রটিও দে বিধিতে দিবে না! সেদিলের সমূরে জ্যাক আর মোহের জাল বিস্তার করিবে না! ভাল থাক, অবে থাক, তুমি গেদিল, নন্দনের অপ্রবী, অর্গের দেবী,—তোমার কেলাগ্র-ম্পর্শ-করিতে-অযোগ্য, হতভাগা জ্যাক আর তোমার অথের পথে দাড়াইবে না। তোমার জীবনে সে কোন ঝড় তুলিবে না! দে এখান হইতে চলিয়া যাইবে, দ্বে—দ্বে বহু দ্বে চলিয়া যাইবে!

ভাষাকে যাইতেই হইকে! বেমন করিয়া হৌক, সে চলিয়া যাইবেই!

একবিন প্রভাবে রিভাবের নিকট আসিয়া জ্যাক আপনার অভিপ্রায় জ্ঞাপন করিল।

রিভাল কহিলেন, "ঠিক বলেছ, জ্ঞাক। এখন তুমি আরাম হয়েছ, কাজ করবারও বল পেয়েছ, আর তোমার বদে থাকা উচিত নয়। পুরুষ-মাহুষ, — একটা কাজ-কন্মের চেষ্টা দেখা দরকার।"

মুহুর্ত্তের জ্বন্ত জ্ঞাক স্তব্ধভাবে দাড়াইমা রহিল। ডাক্তাবের দৃষ্টিতে একটা দুঢ়তা লক্ষ্য করিয়া সে কেমন বিচলিত হইল।

সহসা ডাক্তার বলিলেন, "আমাকে আর কিছু বলবার নেই, জ্ঞাক ং"

জ্যাকের মুথ রক্তিম হইয়া উঠিল। তবে,—তবে কি ডাক্তার—? সে কহিল, "না, আর কিছু নয়—"

"কিন্তু জ্যাক, আমার মনে হচ্ছিল, যেন আমাকে আরও কিছু তোমার বলবার আছে। আমি ছাড়া ত দেসিলের আর কেউ নেই। তার সম্বন্ধেও কোন কথা আমাকে বলবার নেই ? বল, সংশ্বাচ কিসের ?"

জ্যাক কোন কথা না বলিয়া হুই হাতে মুখ ঢাকিল।

ডাজার সমেতে কহিলেন, "কেঁদো না, জ্ঞাক—কোন জিনিসই অসম্ভব বলে মনে করো না! বল!"

বাধা দিয়া জ্যাক বলিল, "না, না, গুরু তা নয়—দানামশায়। আপনি জানেন না, কি গভীর ছুল্জা ব্যবধান আমাদের ছুদ্ধনের মধ্যে—। আমি—আমি—আমার মা—"

শাস্ত অটল অকম্পিত সরে ডাক্তার কহিলেন, "জানি জ্যাক, সে আমি সবট জানি—"

"তবে,—তবে—?"

"তবে—! তবে আর এক নতুন কথা শোন, জাকি! সেদিলের ভাগ্যও তোমারই মত,—না, দরং আরও মন্দ। তবে শোন, তার জন্ম-বুতান্ত—সে এক শোচনীয় কলকের মর্ম্মভেদী ইতিহাস।"

তৃতীয় পরিচেছদ পুরাতন কাহিনী

ডাক্তার বিভালের পড়িবার হরে উভয়ে আসিয়া বসিল—জ্যাক ও ডাক্তার বিভাল। জানালা খোলা ছিল। তাহারই মধ্য দিরা বহদ্র-বিস্তৃত উন্তুক প্রান্তর দেখা বাইতেছিল,—শ্রতের শাস্ত উক্ষল শোভায় ঝলমল করিতেছে। প্রান্তরের শেষে গ্রামের জীর্ণ কবর- ভূমির প্রাচীন দেওয়াল মাথা তুলিয়া দাড়াইয়া আছে। ঝাউ গাছের উচ্চ শিরগুলা বৌদ্র-কিরণে বৌপামণ্ডিত বলিয়া মনে ইইতেছিল। ভগ্ন দেওয়ালের অন্তরালে তুই-চারিটা কবরের কুশ-দণ্ড বিবাই গান্তীর্যাের মৃতি লইয়া বাড়াইয়া রহিয়াছে।

বিভাল বলিলেন, "ঐ যে গোরস্থান দেখা যাচছে, ওথানে বোদ হয়, ত্মি কথনও যাওনি, জ্যাক। গোলে দেখতে, একটা গোবের উপর একথও সাদা পাথবে শুরু 'মাদ্লীন্' নামটি লেখা আছে। মাদ্লান্ আমার মেয়ে— দেসিলের মা— ওটি তারই গোর। আমাদের বংশের আর কারও গোর ওথানে কেই।"

ডাকোর কিয়ৎকণ ত্বিভাবে বৃষ্য়ি রহিলেন, পরে ব্লিলেন, "সেই কণাই তোমায় সব ব্লছি, শোন।"

ডাক্তার বলিতে লাগিলেন, "মৃত্যুর পর তাহাকে যেন একান্তে
নিড়তে কবর দেওয়া হয়, কাতরভাবে বার বার সে এই অফুরোধ
করিয়াছিল। রিভাল কি অপর কোন নামের সংস্পর্ন যেন তথায়
না থাকে, শুরু লেখা থাকিবে, 'নাদ্লীন্'। তাহার নাম-সংযোগে
তাহার বাপের বংশে যেন এতটুকু কালিমা না লিপ্ত হয়।
অভাগিনী কলা আমার। তাহার আল্ল-সন্মান, তাহার নারী-পর্বে এ
সঞ্কল্প অটল রাথিয়াছিল।

"দে কি তৃঃথের দিন, জ্যাক, যেদিন তাহার বিকচোমুথ নবীন জীবন অকালে পুলোর মতই ঝরিয়া গেল! আমরা তাহা সহ করিলাম,—এই নির্জনে মাটীতে শ্যা রচনা করিয়া তথায় তাহাকে শ্যন করাইসাম। হদয় না পাষাণ—রেথাই শুধু পড়ে, ভাঙ্গে না!

"সে কোথায় যাইবে ? আজও আমার এই শীর্ণ অন্থিওলার মাঝে, এই জীর্গ বুকে মাদ্দীনের কোমল স্থুনর মুধ যে জাগিয়া আছে—সে মুথ কি ভুলিবার ? কিন্তু সে কথা যাক্ ! এ নির্জ্জন বাস, মৃত্যুর পরও এ ঈপ্সিত নির্বাসন, কেন ? কিসের জ্বন্ত প কি অপরাধ করিয়াছিল, সে ? কিছু না! যদি অপরাধ কাহারও পাকে, তবে সে আমার! এই নির্বোধ, মুর্থ বৃদ্ধ— তাহার অপরাধের শান্তি, অভাগিনী আপনাব শিরে সেবহন করিল!

"একদিন,—দে আজ আঠারো বংসরের কথা—এই নভেম্বর মাসেই হঠাৎ বাহিরে আমার ডাক পড়িল,—এখনই যাইতে হইবে। একটা দারণ ছর্ঘটনা ঘটিয়াছে। একদল শিকারী আসিয়াছিল— এমন প্রায়ই আসে—ভাহাদের মধ্যে একজনের বন্দুক ফাটিয়া পায় গুলি লাগিয়াছে বুঝি বা প্রাণু সংশ্যা।

"তথনই ছুটিলান! আশার গৃহে এক শ্যাব উপর লোকটি ভুটয়া ছিল—সুন্দর, স্থানী, তরণ সুধক, বয়স ত্রিশ বংসংধর **অধিক** হটবে না! বেশ বণিষ্ট, সংঠিত দেহ, তরল চক্ষু, দীর্ঘ পক্ষা, নির্ভীক সদয়!

"গুলি বাহির করিলান। আশুর্যা অকশ্পিত দৃষ্টতে সে চাহিয়া বহিলা। আমাকে সে বলাদ দিল—বেশ পরিকার বিভন্ধ করাষী ভাষায়। তেমন অবস্থায় ভাহাকে জানাস্থরিত করা যায় না, কাজেই আশার গৃহে শে রহিল। আমি প্রভাহ ভাহাকে দেখিতে যাইভাম। ক্রমে আলাপ-পরিচয় বনিষ্ঠ হইয়া উঠিল। বন্ধ শিকারীদের নিকট হইতে ভাহার নাম শুনিলান, কাউস্থ নাদিন—জাতীতে সে কশ, সন্ত্রান্ত-বংশীয়।

"আঘাতটা কঠিন, তবে স্বাস্থ্য ভাগ ছিল বলিয়াই নাদিন সে বাত্রা শীঘ্র সারিয়া উঠিল। আর্শার সে কি সেবা-যত্র! ক্রমে ত্ই-এক পা করিয়া সে চলা ক্লফ করিল। একদিন আমি বলিলাম, 'এ নির্জ্জনে একা থাকিতে কট হয় ত আমার ওথানে মাঝে মাঝে আসিতে পার।' সে সানন্দে ধন্তবাদ দিল। "রোগী দেখিয়া ফিরিবার সময় আমার গাড়ীতে তাহাকে উঠাইর। শইতাম। আমাদের সহিত একজে সে ভোজন করিত। বেদিন বৃষ্টি কি অতিরিক্ত কুয়াশা নামিত, সেদিন রাত্রে এখানে সে থাকিয়াও বাইত।

"সত্য বলিতে কি, এই পাপিষ্ঠটাকে আনি ভালবাসিতাম—তাহার প্রতি একটা প্রগাঢ় অন্তরাগ জন্মিয়া ছিল, একটা আন্তরিক মেহ ব্ঝিতাম না, এত কথা, এত বিষয়া সে কি করিয়া জানিল, কোণা হইতে শিথিল! কিন্তু সে কোন সৰ জানিত, সৰ বুঝিত! দে নাবিকের কাজ জানিত, দৈনিকে**র দলেও ছিল, সারা পৃথি**বী ্ ভ্রমণ করিয়াছে, ঔষধ-পথ্যাদি লট্যার আমার স্ত্রীর সহিত তর্ক করিত-মাদলীনকে গান শিখাইত। এত বিছা। এত জ্ঞান। একটা অন্ধ্য মোহে সে আমাদের সকলকে ঘিরিয়া ফেলিয়াছিল। আমার ত থিতীয় চিন্তাই ছিল না, ঝড়-বুটির মধা দিয়া অন্ধকার রাত্রে যথন গ্রহে ফিরিতাম, তথন পথের কষ্ট মনেই আদিত না, ভধু দীপ্ত আশায় বুক ভবিয়া উঠিত, গৃহে ফিবিয়া দেখিব, আমাব সহিত গল করিবার জন্ম আমারই পথ চাহিয়া নাদিন ব্যাকুল প্রতীক্ষায় বসিয়া আছে। দারুণ তুর্যোগেও অখের গতি বাড়াইতাম.—কখন পৌছিব, সপরিবাবে বসিয়া নাদিনের গল গুনিব। এ বিরাট মোহ অমুরাগ দেখিয়া স্ত্রী প্রায়ই বকিতেন। একটা অপরিচিত বিদেশীকে লইয়া এতথানি মাথামাথি করা ওঁহোর বড় মন:পুত হটত না। থাকুক না প্রণয়, তাই বলিয়া এতটা বাড়াবাড়িই কি করিতে হয় ! নিত্য একত্র ভোজন, এক গৃহে শয়ন। এত কেন্ প্রামি সে কথা উড়াইয়া দিতাম, বিজ্ঞপ করিয়া বলিতাম, মেয়েমামুবের এমনই ছোট মন! ছনিয়ার লোককে সলেহ, অবিশাস,---ছিঃ! জী चात किছू ना रिनम्ना नीत्रव श्टेराजन, किन्न छैशिन मत्नित्र मर्था

একটা অস্বতি জাগিয়া বে তাঁহাকে যথেষ্ট পীড়িত করিয়া তুলিত, ইহা স্পষ্ট বৃথিতে পারিতাম। বৃথিয়াও আমি সে দিকে মন দিতাম না!

"ক্রমে নাদিন সম্পূর্ণ স্কুত্ব হইয়া উঠিল,—চলিতে ফিরিতে বেশ মঞ্জব্ত। কিন্তু তাহার নড়িবার কোন লক্ষণই দেখা গেল না! এই অনাড়ম্বর পল্লীগ্রাম তাহাকে মুগ্ন আবিষ্ট করিয়া ফেলিয়াছে,— কিন্তু শুধুই কি পল্লীগ্রাম, না, আর কিছু ? সে প্রশ্ন মনেও উঠে নাই!

"শেষে একদিন স্থা আনার চোথ ফুটাইলেন! স্থা বলিলেন, "হগো, শুনছ ?"

"আমি বলিলান, "কি ?"

"প্রী বলিলেন, "দেখ, নাদিনের মতলব কি, তা সে স্পষ্ট গুণে বলুক! পাড়ার লোকে নাদিন আর মাদদীনের নামে কাণা-গুরা আরম্ভ করেছে—এ ত ভাল নয়!"

"আমি ধেন আকাশ হইতে পড়িলাম,—কহিলাম, "কেন ? মাদ্বীন আবার কি করেছে?"

"আমার ধারণা ছিল, আমার সঙ্গে গল্ল করিবার জন্ম, আমারই সাহচ্চা ভোগ করিবার জন্ম নাদিন স্কৃত্ত হুইলাও বিদায় লাইতে পারিতেছে না, এখানে রহিলাছে! আমরা যে সন্ধার সময় একত্র খেলা করি, গল্ল করি,—সেই পেলা-গল্লের জন্মই শুধু! মৃঢ় আমি! আমার কল্যা মাল্লীনের দিকে কখনও চাহিলা দেখি নাই। নাদিন আসিলে তাহার মুখু কি আনন্দে উজ্জ্বল রাঙা হুইলা উঠিত, সরমে তাহার কথা ও গতি কেমন বাধিলা বাইত, নাদিন না আসিলে মলিন মুখে আকুল নেত্রে পথের পানে সে চাহিলা থাকিত, এ সকল লক্ষ্যুক্তিবার আমার অবসরই ছিল না, অধচ মাল্লীনের এ ভাষান্তর

দিনের আলো: মতই স্পষ্ট হইয়া উঠিত, এতটুকু গোপন রহিত না—আমি অভ্ন, তাই কিছু দেখি নাই।

শ্বাহা হউক, দেখিতে বিশ্ব হইল না। প্রমাণ্ড মিলিল,—
মাদ্লীন তাহার মাকে বলিয়াছে, নাদিনকে সে ভালবাসে, নাদিনও
তাহাকে ভালবাসে—গভীর সে ভালবাসা, তাহা মৃছিবার নহে,
ভূলিবার নহে, মিলাইবার নহে। আমি কাউন্তের নিকট ছুটলাম—
কি তাহার অভিপ্রায় জানিতে চাই। এখনই, আর বিল্ব নহে।

"নাদিন স্বীকার করিল— তাহার স্করে এমন একটা আন্তরিকতা ফুটিয়া উঠিল যে, সে কথা মর্ম্মে গিয়া বিধিল। নাদিন মাদলীনকে ভালবাসে, সে তাহার পাণি-এহণে অভিলাষী। এ নিলনে বাধা কি, তাহাও সে পুলিয়া বলিল। অভিজাত বংশের জ্যেষ্ঠ পত্র সে, পিতা জীবিত, বংশাভিমান তাহার স্মত্যন্ত প্রবল,—তাঁহার মন পাওয়া কঠিন যাপার! নত না গাইবারই আশক্ষা! তথাপি সে বলিল,—পিতার ক্রোধের ভয়ে সে হঠিবে না! মাদলীনকে না পাইলে সে বাঁচিবে না। সে সাবালক, নিজেও কিছু বিষয় সম্পত্তি করিয়াছে—পিতার অর্থে বঞ্চিত হইলেও স্থপে স্ফছলে তাহার দিন কাটিবে, এমন সংস্থানও তাহার আছে! পরিপূর্ণ সচ্চলতা না হইলেও মাদলীনকে কোন দিন কন্ত পাইতে হইবে না। শুধু সে আমার মতাপেক্ষা আমার উপর, শুধু তাহার নহে—হইটি প্রাণীর সমস্ত ভবিষ্যৎ নির্ভর করিভেছে।"

ডাক্তার স্থির হইলেন। বাহেরে একটা বৃক্ষ-শাখা হইতে বায়্-ভাজনে সহসা একটা শুদ্ধ পত্র চ্যুত হইয়া ঘুরিয়া ঘুরিয়া নামিয়া পাড়তেছিল, ক্রমে সেটি মাটিভে পাড়িয়া গোল—ডাক্তার সেই পত্রটার প্রতি চাহিয়া মুহুর্ত্তের জন্ম নারব রহিলেন। জ্যাক কহিল, "তার প্রত

ডাক্তারের যেন চমক ভাঙ্গিল। ডাক্তার একটা নিশ্বাস ফেলিয়া কহিলেন. "হা৷—তারপর ভবিষাং জামাতার সমস্ত গৌরব আদর লটয়া, একদিন সে আমার গৃহে স্তপ্রতিষ্টিত চটল। আমার মনে হইতেছিল, কেমন চট করিয়া যেন স্ব হইয়া সাইতেছে, অতান্ত হবিতভাবে—আমার মাদলীনের সমগ্র জীবনের প্রথ ইচার উপর. এই বিবাহের উপর নির্ভর করিতেছে। স্ত্রী বলিলেন, "ও যা বললে, डांडे (मत्म निर्म ! काम (वांड-अवत त्मर्व मा १ विष्मां लाक, कांगा। ণর, কি বুড়াম্ব, ঠিক নেই। মেয়েটাকে অমনি রাস্তার লোকের হাতে ভলে দেবে ?" তাঁহার সন্দিগ্নতায় আবার আমি হাসিলাম: লোকটির প্রতি আমার এমনট বিখাদ বাডাইয়াছিল. — তব একদিন ব-বিভাগের _ ম্যানেজারের নিকট কথাটা পাড়িলাম। তিনি বলিংলন, কাউন্থ নাদিনের সম্বন্ধে তিনি এমন কিছুই জানেন না—তবে শুনিয়াছেন বটে, সে বড় বংশে জলিয়াছে এবং লেখাপড়াটাও ভাল শিখিয়াছে। কিন্তু মেয়ের বিবাচ দিতে চটলে রাশ রাজদতের অফিসে সংবাদ লওয়া যে বিশেষ প্রয়োজন, এ কথাটাও তিনি বার বার আমাকে বলিয়া দিলেন, কারণ ভাহাদের অফিসে বড় বড় বংশগুলির সম্বন্ধে সকল সংবাদট পাওয়া যাটবে।

"তুমি ভাবিতেছ, জ্যাক, একথা শুনিয়া আমি বাজন্ত অকিনে সংবাদ লইয়ছিলাম! না। বেদিকে আমার কোন চেঠাই ছিল না, এমনই অলম আমি! সারা জাবনে আমার এ বোগ সারিল না—
যাহা করা উচিত মনে ভাবিয়াছি, তাহার অর্দ্ধেকগুলাও বদি করিতাম! স্ত্রী পীড়াপীড়ি আরম্ভ করিলেন, "গোজ নাও, গব্ব নাও—"আমি মিথা বলিয়া সকল দার এড়াইলাম। স্ত্রীকে বলিলাম, গোজ পাইয়াছি—নাদিনের কথা গাটি সতা!

"सी जावन्त बहेत्वन। बाब, मदला, विश्वक्रमवा नाबी। किन्ह

একটা কথা এখন বৃঝিয়াছি,—আমি পারিতে সংবাদ লইতে চলিয়াছি ভাবিয়া পাষণ্ড কি ভয়াকুল হইয়া উঠিত! কিন্তু তখনও কিছু বৃঝি নাই! ভবিষ্যতের স্থেখর কয়নায় আমি বিভার হইয়া পড়িয়াছিলাম! আমার মাদলীন স্থেথ থাকিবে! আরামে থাকিবে! আরা কি চাই!

শীতের শেষে কাউন্তের নিকট অসংখ্য পত্র আসিতে লাগিল। সেও
পত্র লেথার অসম্ভব মন দিল। শুনিলান, পিতার সহিত তাহার
উত্তর-প্রত্যুত্তর চলিয়াছে। সে আমাকে পত্র দেখাইত, কতকগুলা
চিত্র-বিচিত্র-করা হর্কোধ বিদেশা ভাষা, আসমি তাহার বিন্দুও বুঝিতাম
না। যত না বুঝিতাম, বিশ্বাস ততই প্রবল হইতেছিল। কতকগুলা
নাম শুধু বুঝিতাম, আইভানোভিচ, ষ্টিফানোভিচ—এমন কত নাম।
মাদলীন হাসিয়া কহিত, তোনার এতগুলা নাম না কি ? তাহার
নাম শুধু মাদলীন রিভাল। হাা জ্যাক—সে পাষণ্ডের সত্যই অসংখ্য
নাম ছিল। শেষে একদিন শুনিলাম, নাদিনের পিতা বিবাহে মত
দিয়াছে। আমি যেন বাচিলাম। পিতার অভিশাপ ও রোষ মাখার
লইয়া নবীন জীবন আরম্ভ করিবে, এই চিন্তাটা কাঁটার মত আমার
প্রোলে বিধিতেছিল। বিবাহে আপত্তি নাই! আমি মনে অত্যন্ত
আনন্দ পাইলাম।

"বিনা আড়ম্বরে একদিন এতিয়োলে বিবাহ হইয়া গেল। ঐ
গিজ্জাঘরে—এদিকে আসিতে ভাহিনে ঐ যে ছোট গিজ্জাটা! কি
আনন্দ, সে কি স্থের দিন! শুধু পিতার প্রাণই সে আনন্দ বৃথিতে
পারে। কম্পিত হস্তে কন্তার কম্পিত কর ধরিয়া তাহার দিকে
চাহিলাম। আনন্দে সে উচ্চ্ সিত হইয়া উঠিয়াছিল! সেদিনকার গিজ্জার
অর্গিনে যে স্থর বাজিয়াছিল, তেমন স্থর জীবনে আর কংনও শুনি নাই।
সে যেন স্থর্গের বীণা—সে স্থর এখনও জানার কানে লাগিয়া আছে!

"তার পর তাহার। হাদিমুপে বিদার লইল। বিদায়ের সময়
আমার বৃক কি বেদনার ভাবে ভরিয়া উঠিয়াছিল। মুথে কথা
কৃটিতেছিল না, চোথের কোণে শত চেষ্টাতেও জল ধরিয়া রাখিতে
পারিতেছিলাম না। কিন্তু মাদলীনের মুখ সে বিদায়ের কণেও একটা
অপুর্ব হর্ষের দীপ্তিতে পূর্ণ, উদ্দেশ হইয়া উঠিল। তাহার মাথায় হাত
বাধিয়া আমবা আনীর্কাদ করিলাম,—স্থী হও, স্থ্যে থাক, বাছা
আমার।

"তাহারা চলিয়া গেল। এমনভাবে যাহারা যায়, সভাই তাহারা সব হাসি, সব আলো, সব আনকটুকুই সঙ্গে লইয়া যায়, রাথিয়া যায়, শুধু বিষাদ, বেদনা, আর স্থতির গুকাং ভারের রাশি! একেতে ভাহাই ঘটিল। সন্ধার পর আনরা সামী-স্রাতে শুক্ত গুহে দীপ জালিয়া টেনিলের সন্মুখে বিষয়া তাহাদেরই কথা ভাবিতাম! গুহের সে লাকণ নিংসজতা, সে একাস্ত অপরিহাগ্য নিংসজতা, বিরাট লোহের মতই আমাদের বুকে লাজিত! শুধু আমরা প্রস্পরের দিকে চাহিয়া থাকিতাম—কণ্ঠ কল্ক হইয়া আসিত, কথা কৃটিত না। তবু আমি দিনের বেলায় রোগী কেথিয়া ঘুরিয়া কিরিয়া কতকটা অক্তমনত্ত হৈত পারিতাম। কিন্তু স্ত্রী! এই কুলু নিরালা গুহের প্রত্যেক কোণ্টি অবধি যেন অসক্ত বেদনা-ভার লইয়া বেচারীর বুক চাপিয়া ধরিত।

কল্পার বিরহ-জ্থে দেন দ্রপাব মূর্দ্রি শইরা তাহার আশে-পাশে ঘ্রিরা বেড়াইত। পরিত্রাণের কোন উপায় ছিল না। নারীর ভাগাই এমন! তাহাদের সকল হয়, সকল বেদনা গৃহকোণটিকেই কেন্দ্র করিয়া গজ্জিতে থাকে, চারিধারে অধিন দাহ জাগাইয়া তুলে—তাহারই মধ্যে পড়িয়া অভাগিনী নারীজাতি নিতাম্ব অসহায় নিরুপায়ভাবে দে দাহের বন্ধ্রণা ভোগ করে—নীরবে সব সহু করে! এই জানালা, ইহারই সন্মধ্যে মাদলীন দাড়াইত, এই চেয়ার—ইহাতে সে বসিত—

এই থেলানা, ইহা লইয়া সে থেলা করিত—এই দোলা, শিশু অবস্থাধ ইহারই কুজ ক্রোড়টিতে বসিয়া শুইয়া মাদলান দোল থাইত। এই বই—সে পড়িতে ভাল বাসিত—এই শব্যা, ঐ দেরাজ, এই প্রদা, ঐ গাছপালা, প্রত্যেকটিতে তাহার কোমল হল্তের ললিত ম্পর্শ যেন মাথানো বহিয়াছে। মাদলান, মাদলান, কোথায় তুমি। এস, এস, এ বিরহ যে আর সহা হয় না।

"কিন্ত এই ত্বলৈ মান্ত্ৰ অসহ বেদ্ৰাও স্থাকরে। করিতে হয়।
আমরাও জমে সাম্নালাভের চেষ্টা করিছাম। তাহারা এখন পিসায়,
কাল ফ্লোরেন্সে বাইবে। তারপর—? শুধু প্রেম, শুধু প্রীতি স্থাকিরণের
মত তাহাদের পথ আলোকিত করিয়া রাখুক। পত্র আসিত, তাহারা
কতদূর চলিয়াছে। ক্রমে তাহারা কিরিবার সন্ধন্ন জানাইল। আমরা
ঘর-দার সাজাইতে উঠিয়া পড়িয়া লাগিলাম। এক একটি দিন
বাইত, আমরা আনন্দে উৎদূল্ল হইয়া উঠিতাম—তাহারা আসিতেছে।

"সেদিন বাতে বোগ দেখিয়া ফিরিতে বিলম্ব হইয়াছিল। দাঁল লয়ন করিয়াছিলেন। আমি একাই ভোজন করিতেছিলাম! সহসা বাহিরে বাগানে একটা ছবিত পদশন্দ শুনিলাম। উদ্গ্রীবভাবে দারের দিকে চাহিয়া রহিলাম। হার খুলিয়া গেল। এ কে! মাদ্লীন! এ কি মৃত্তি! একমাস পূর্বেন দেববালার মত অপূর্বের কান্তিময়ী যে কল্পাকে হাসিও অক্রর মধ্যে বিদায় দিয়াছি, এ কি সে-ই! বর্ণ মলিন, দেহ শার্ণ, পাঞ্ছ, উন্মাদের মত জার্গ বেশ, হাতে একটি ব্যাগমাত্র, চোথের কোণে কালির রেখা পড়িয়াছে, সারা দেহে শোকের এক কর্কণ ছবি! মনের উপর দিয়া যেন প্রকাণ্ড ঝড় বহিয়া গিয়াছে,—কি, এ মৃত্তি! করুণ হরে মাদলীন কহিল, "বাবা, আমি এসেছি।"

"আমি লাফাইরা দাঁড়াইরা উঠিলাম, ব্যগ্রন্থরে কহিলাম, "ব্যাপার কি, মাদলীম ? নাদিন কোথায় ?" "সে উত্তর না দিয়া চকু মুদিল। সে কাপিতেছিল। কি ভীষণ কম্পন। আমি তাহার মাথায় হাত রাধিলাম। আমার ছঃখ। তথন আমার খাস ক্লম হইয়া আসিতেছিল। কটে বল সংগ্রহ করিয়া বলিলাম, "বল, মাদলীন, তোমার স্বামী কোথায় ?"

"আমার মুখের দিকে চাহিয়া কাতর স্বারে সে কহিল, "নেই। ছিলও না।"

শতাহার পর আমারই পাশে ব্লিয়া সে আমায় সব কথা খুলিয়া বলিল। সে এক ভীষণ, মন্মডেনী, কাছিনী— বিশ্বাপের মতই ভাহা গভীর, করণ। সে কাউস্ত মহে। তাহার নামও নাদিন মহে। দক্ষিণ রুশবাসী একজন ইতনী সে—নাম, রাস্কৃ। একটা হতভাগা জালিয়াত—কোন দিকে কোন উপায় না দেখিয়া জাল-জুয়াচুরি করিয়া জীবিকার সংস্থান করিতেছিল। পুরের বিগায় একটা বিবাহ করিয়াছিল—সেন্টপিটাস বাগেও একটা,—তাহারা এখনও বাচিয়া আছে। তাহার কাগজ-পত্র জাল—সে নিজেব হাতে জাল করিয়াছিল। রুশে সেইদানীং নোট জাল করিয়া থাইত। তাহার নামে ওয়ারেন্ট বাহির হইয়াছিল, টিউরিনে সে ধ্বা পড়ে।

"ভাব, জ্ঞাক, আমার মেয়ের কথা,—একা, সেই বিদেশে—স্বামীর নিকট হইতে অপ্রত্যাশিত ভাবে বিচ্যুতা, পরিত্যকা মাণলীন, সহস্র কুৎসিত দৃষ্টির সন্মুখে একটা জালিয়াতের স্বাক্তাবে,—স্বাই বা কোণা, জ্যাক ? ধ্রা পড়িয়া সব কথা নাদিন স্বীকার করিয়াছিল।

"একটা কথা তথন শুধু নাদলীনের মনে জাগিতেছিল,—জগতে তাহার বে একটি মাত্র আশ্রম আছে, তাহার পিতার গৃহ, মাতার ক্রোড়, সেখানে সে ফিরিবে—বেমন করিয়া পারে। তাই অতি কষ্টে ষ্টেশনের এক তরুণ কর্মচাবার কুপায় কোন মতে সে গৃহে ফিরিয়াছে। সে পাপিষ্ঠ তাহাকে যাহা-কিছু দিয়াছিল, সব সে একটা হোটেলে ফেলিয়া আসিয়াছে, কিছুই লইয়া আসে নাই। বলিতে বলিতে মাদলীনের চোথে বাণ ডাকিল। আমি তাহাকে আখাস দিলাম, কহিলাম, "স্থির হও, মাদলীন, চুপ কর, তোমার মাকে ডাকি।" আমার কঠিন চোথেও জল আসিয়াছিল।

"পরদিন স্ত্রী সব কথা শুনিলেন। দ্বিনি তিরস্কার করিলেন না—
শুধু আমার দিকে করুণ দৃষ্টিতে একবার চাহিলেন, বলিলেন, "গোড়া
থেকেই আমার কেমন সন্দেহ ইয়েছিল—এ বিয়েতে একটা কিছু অঘটন
ঘটবেই।" লোকট্বাকে প্রথম দেখিয়া শ্ববি ঠাহার মনে কেমন
এক আতত্ত্ব জাগিয়াছিল। চিকিৎসা-নিক্ষান লইয়া আমরা গর্দা
করি! কিন্তু এই অশিক্ষিতা নারীর অন্তরে যে ভাব শুমরিয়া
ভিঠিয়াছিল—যে ভবিষাং-দৃষ্টিজ্ঞান,—তাহার কাছে আমাদের শিক্ষা-গর্ম
লক্ষায় মাথা ইেট করে! আমার কঞার প্রভাগমন-সংবাদ পাড়ায়
পরদিনই রাষ্ট্র ইইয়া গেল।

সকলেই আসিরা উকি দিল। ব্যাপার কি ? তোনার মেয়ে ফিরিল যে। জানাই কোথা—থবর কি তার, ভাল আছে ত ? জীবনে কখনও রাড় হই নাই—কিন্তু সেই একদিন রাড় খরে সকলকে বিদার দিলাম। মাদলীন ও আমার স্ত্রী কখনও বাড়ীর বাহির ইইতেন না—পল্লীর কৌতুহল দৃষ্টি হইতে আপনাদিগকে সম্পূর্ণ বিভিন্ন রাখিলেন।

তথনও আমি বিপদের সবটুকু জানিতে পারি নাই। মাদলীন্ সে কথা আমাকে পুলিয়া বলে নাই যে, এই হেয় মিথ্যা বিবাহ অভিনয়ের ফলে সৈ অন্তঃহরা! সে কি বিবাদে আমাদের মন আছের হইল! জারজ সন্তান প্রসব করিবে—মাদলীন ? হা ভগবান। মাদলীন্ নীরবে বসিয়া লেপ-কাথা সেলাই করিত, ছোট পোবাক তৈরার করিত, সন্তানের জন্তঃ হউক জারজ—তবু সে সন্তান, —মাতার সে আনন্দ, গর্ম, সাজনা বেচারা দিন দিন ভকাইয়া

যাইতেছিল—তাহার মুখে শীর্ণ পাঙ্তা বাড়িয়াই চলিয়াছিল ৷ সর্বাদাই
সে কি ভাবিত ৷

"আমার স্থী বলিলেন, "দারা দিন-রাত ও মন গুমরে থাকে, কাঁদে। সে ক্সীছাড়াটাকে ও ভুলতে পারে নি, ভালও বাদে।"

"বংগার্থই মানলীন সে পাষণ্ড বর্ধরনীকে ভালবাসিত। আমার দী তাছাকে অভিশাপ দিতে উন্তত হইলে মাদলীন নিবারণ করিত। মৃত ভাষে কম্পিত দরে ভুঞু বলিত, "কি হবে, আর ভেবে, মা! সব আমার অনৃষ্ট! কি করবে, তোমরা ?" সে পাপিষ্ঠকে ভূলিতে পারে নাই বলিয়াই দারণ অন্ধুশোচনায়, লজ্জায়, ঘুণায়, সে মরণের প্রেট্টিলিয়াছিল—এবং সেসিলকে আমাদের দার্থ বুকে তুলিয়া দিবার অল্পনিন পরেই সে একদিন আপনার তব্দহ বেদনা-ভার হইতে মুক্তিলাভ করিল।

"হাহার মৃত্যুর পর হাহার শ্যাতল হইতে একথানি পত্র বাহিব হইল—পত্রপানি শত-ভাঁছে মলিন, ছিলপার হইয়া গিয়াছে। সে পত্র নাদিনের—প্রণয় জ্ঞাপন করিয়া মাদলানকে এই পত্র-বারাই পাপিষ্ঠ প্রলোভনের জাল পাতিয়াছিল। নাদলীন এই পত্রণানিকে কেবলই পড়িত—বুকে করিয়া রাথিত! সাহা, বেচারী! বেচারী মাদ্লীন!

"তুমি অবাক হটতেছ, জাকি— একট। ক্ষুদ্র পলীর এক প্রচলন কোণে এত বড় একট। জনগু-ভেদী নাটকের অভিনয় হয়—ইচা কি সম্ভব! ইহাকেই বলে, অনুষ্টের পরিহাস! শুভাপাতার আড়ালে বেরা ক্ষুদ্র কুটীরেও এ ঘটনা ঘটে! যুদ্ধের সময় মাঠের প্রাম্ভে কর্মানত দ্বিদ্র হতভাগা ক্রক কিছা স্থল-ফিরতি কোন নিরীঙ বালকের গার সহসা রণক্ষেত্র হইতে গোলা ছুটিয়া ভাহাকে বেমন মৃত্যুর গহরুরে ঠেলিয়া দেয়, এও বেন ঠিক ভেমনই—ভেমনই নুংশংস, তেমনই বর্ধায়!

"দেদিলকে শইরা সাম্বনা পাইলাম। গাঢ় অনুতাপের জালায় প্রে প্রে অলিয়াও সেদিলের মুখ দেখিয়া বাঁচিতে ছইল। নছিলে माननोनरक शांतरिया वाहिवात कथा नय। व्यामारात अकमाक यङ হইল, সেদিল যেন এ সব কথা জানিতে না পারে—এ বাজ তাহার কোমল বকে না পড়ে। এই জন্তই দেসিলকে কথনও পথে বাহির হইতে বা কাহারও সঙ্গে মিশিতে দিতাম না। তোমার সঙ্গে মিশিতে দিতেও আমার স্ত্রীর আশেক। জনিয়াছিল—পাছে তাহার মার মত দেও কোনদিন ভুল করিয়া বসে। ক্লিন্ত যথন ভোমার পরিচয় পাইলাম যে, তুমিও তাহারই মত ছঞ্জাগা—তথন ভোমাকে মাঞুহ করিয়া তুলিতে আমারও ইচ্ছা হইল—যদি কোনদিন তোমার ছাতে দেসিলকে দ'পিয়া দিতে পারি। নহিলে আর কাহার হাতে দিব ৪ যদি সেসিলকে সে অশ্রদ্ধা করে, সম্মানের চোথে না দেখে. এমনই ভাবে পরিত্যাগ করে ! এই জ্ঞুই তোমাকে বখন উহারা কারখানায় পাঠাইতেছিল, আমি বাগে জলিয়া উঠিয়াছিলাম-মনে হইয়াছিল, তোমাকে উহারা আমার বুক হইতে ছিনাইয়া লইতেছে —আমার নিতান্ত আপনার জন তুমি—তোমার উপর উহাদের কিসের অধিকার। তমি আমার, তমি আমার দেসিলের।

"তাহার পর হেইতে বরাবর আমি এই দিনটিরই প্রতীক্ষা করিতেছিলান—কবে তুমি আসিয়া আমার হাত হইতে সোসলকে চাহিয়া লইবে। সেদিল আসিয়া নতশিরে কম্পিত রুদ্ধভাষে বলিবে, দাদামশায়, জ্যাককে আমি ভালবাসি! সে দিন আজ আসিয়াছে, জ্যাক! গুটি অভাগা তোমরা একসঙ্গে মিলিয়া স্থবী হও। চুরির সংবাদে আমার মন ভাঙ্গিয়া গিয়াছিল—কিন্তু তোমার কথায় যোদন সে রহস্ত ভেদ হইণ, সেদিন যেন আবার আমি নৃতন জীবনে জাগিয়া উঠিলাম! জ্যাক —এখন শোন, তুমি সেসিলকে ভালবাস, সেসিলও ভোমায় ভালবাসে। তাহাকে জন্ম কর, বন্দী কর। এ ছইমাস তোমাকে আমি লক্ষ্য করিতেছি—এখন স্কন্থ হইন্নছে, শরীরে বল পাইনছে। একটা মতলবও আমার মাধান্য আসিন্নছে। তুমি পারিতে যাও—ডাক্তারি শেখো—চার বংসর সমন্য লাগিবে! তারপর আমার জান্যগান্থ তোমান্ন বসাইব। স্কথে স্বচ্ছনে তোমান্দের দিন কাটিবে। প্রতি শনিবার সন্ধ্যান্ন এখানে আসিবে—সেসিলকে দেখিবে, শক্তি পাইবে, আশা পাইবে। দিনে কাজ-কন্ম কর, রাত্রে পড়। চার বংসর পরে মাস্থ্য হইন্না উঠিবে, তথন সেসিলের ভার লইতে পারিবে। নাও জ্ঞাক, গাটো—কাজ কর, সেসিল তোমার এ দীর্ঘ একনিষ্ঠ সাধনার প্রক্ষার।"

কাহিনী শুনিয়া জ্ঞাক অভিতৃত হইয়া পড়িল। সে বাহা শুনিল, ভাষা যেমন বিচিত্র, তেমনই মশ্বভেগী!

কিন্তু একটা সংশয়, একটা আশস্কা তাহার মনে জাগিতেছিল। সেসিল হয়ত তাহাকে ভগ্নীর মতই ভালবাসে! তাহা ছাড়া চারি বংসর প্রতীকা করিতে কি সে সম্মত হইবে ?

রিভাল কহিলেন, "সে বিষয়ে সেদিলের সঙ্গে তুমি কথা কও। সে উপরে আছে—ধাও, তাকে বলগে।"

কাহাকে বলিবে ৷ এ যে বড় কঠিন কাজ ৷ সদয় একটা গভার উত্তেজনায় মুহুমুহু কাপিয়া উঠিতেছিল – বৃঝি, এখনই বিদীৰ্ণ হয় ৷

উপরে হরে বৃদিয়া সোসল কি একটা লিখিতেছিল। জ্যাকের চোখে সেদিল সেদিন অপরপ মোহিনী-মৃহিতে কুটিয়া উঠিয়াছিল। সেদিলের দেহে এত রূপ। দে রূপে এমন মোহ। কৈ, জ্যাক জার কোন্দিন ত ইহা কক্ষা করে নাই। কি এ স্থমধুর পরিবর্তন।

জ্যাক কম্পিত স্বরে ডাকিল, "সেসিল—"

সেদিল মুখ তুলিল, উত্তিয়া দাঁড়াইল, শাস্ত স্বরে কহিল, "কেন, জ্যাক ?" তাহার মুখ এক অজানা সরম-রাগে রঞ্জিত হইয়া উঠিল। জ্যাক কহিল, "আমি আবার বাচ্ছি, সেদিল, কাজ করতে, মামুহ হতে! এখন আমার জাবনে একটা লক্ষ্য হির করেছি,—অবলহন পেয়েছি। তোমার দাদামশায় আমায় অমুমতি দিয়েছেন—তাই কোন দিন যা তোমায় বলতে সাহস হয় জি, আজ তা বলতে এসেছি—" "কি সে, জ্যাক ?" লক্ষ্যায় সেদিলের নয়ন-পদ্ধব কাঁপিয়া উতিতেছিল।

"যে আমি তোমায় ভালবাসি—্ভালবাসি, সেসিল। তোমাকে যাতে জয় করতে পারি, যাতে তোমাই যোগ্য হতে পারি, তার জন্মই আজ আমি কঠোর সাধনায় রত হতে চলেছি।"

জ্যাকের স্বৰ কম্পিত হইতেছিল, থমকিয়া যাইতেছিল। তর্বদেসৰ কথা বলিল। দেদিল সৰ কথা স্পষ্ট শুনিল। দে জানিত, এ প্রেমকে, বহু প্রতাক্ষা, বহু পরীক্ষার মধ্য দিয়া গভীর স্থান্ত হইতে হইবে। জ্যাকের কথা শেষ হইলে, আবেগে দেদিল জ্যাকের হাত হুইটি আপনার হাতের মধ্যে চাপিয়া ধরিল। পরে দৃঢ় স্পষ্ট স্ববে দে কহিল, "জ্যাক, আমি এ চার বংসর তোমার প্রতীক্ষার বসে থাক্ব। চার বংসর কেন, জ্যাক পূর্বদি চিরকাল, সাল্লা জীবন আমার এমনই প্রতীক্ষা করে কাটাতে হয়, তা'ও কাটাব। জ্যাক, প্রিয়ত্ম স্মানার ... এ তুমি নিশ্চয় জ্যোন।"

চতুর্থ পরিচ্ছেদ

বেলিসেয়ার

তথনও সন্ধ্যা নামিতে কিছু বিলম্ব আছে। পারির এক প্রান্তে ইনেনডেকের প্রকাণ্ড লোহার কারখানা। কারখানার লোকজন কোলাহল তুলিয়া পথে চলিয়াছে। কেই সঙ্গীর পিঠে হাত রাখিয়া গাহিয়া—কেই বা জনতার পাশ কাটাইয়া সঙ্গিনীকে একান্তে টানিয়: প্রদরের গোপন বেদনার আভাষ দিতে দিতে চলিয়াছে। কাজের মধ্য ইইতে ছাড়া পাইয়া সকলেরই মন লবু, উল্লাহিত—ভাছাদের হর্ব-কালাহলে-সারাপণ মুখরিত।

এই সকল লক্ষ্য করিতে করিতে জনকও পথে চলিয়াছিল। আজ গ্রাহার মনে আরে এতটুকু বেদনা নাই! ভবিষ্যতের আশায় প্রদীপ্র চিত্ত লইয়া সে চলিয়াছিল। দৃষ্টি পথের গুই পাশের বাড়ীর দিকে,— বদি ভাঙার জন্ত কোনটার থালি ঘর পাওয়া যায়!

কারখানার কিশোরী কারিকরগুলা মুগ্ধ দৃষ্টিতে জ্যাকের হালর মুখের পানে চাহিতে ভূলে নাই! "দেখ্ ভাই—কেমন লোকটি—কেমন আপনা-ভোলা—বেশ, না ?" পরস্পারের মধ্যে এমনই একটা সফুট আলাপ চলিয়াছিল। জ্যাকের কিন্তু সে দিকে কান দিবার অবসর ছিল না।

সহসা একটা জ্তার দোকানে প্রকাণ্ড এক ঝুড়ির পানে জ্যাকের
নম্বর পড়িল—ঝুড়িটায় অসংখ্য ছোট-বড় টুপি! বেলিসেয়ারের নয় ত!
টুপির সহিত বেলিসেয়ারের সম্পর্কের শ্বতি জ্যাকের মনে এমন স্বদৃঢ় রেখাপাত করিয়াছিল বে, দোকানের মধ্যে তথনই কৌতৃহল দৃষ্টি
পড়িল! বেলিসেয়ারই ত! পুর তক্মর হইয়া সে জ্তাওয়ালার সহিত একজোড়া ছোট জুতার দর ক্ষিতেছিল—তাহার পাশে একটি ছোট ছেলে দাড়াইয়া—বয়স ভাহার পাঁচ বৎসরের বেণী হইবে না।

বেলিসেয়ার বলিতেছিল, "পায়ে লাগছে না ত ? বেশ করে দেখ।" বেলিসেয়ারের কথায় জ্ঞাকের হাসি পাইতেছিল। সে দোকানের মধ্যে প্রবেশ করিয়া কহিল, "কি, বেলিসেয়ার যে!"

"আরে, মাষ্টার জ্ঞাক! তুমি এশানে!"

"ভাল আছ, বেলিসেয়ার? তা আনটি কে সঙ্গে? তোমার ছেলে নাকি ৭"

অপ্রতিভভাবে বেলিসেয়ার কহিল, "না, না, আমার ছেলে কেন ? মালাম ওয়েবারের ছেলে, এটি!" তার পর লোকানদারের দিকে চাহিয়া বলিল, "তুমি একবার দেখ দেখি, বেশ করে—পায়ে কোধাও মাঁটে হচ্ছে কি না! ছুতো বরং একটু বড় হওয়াভাল। কোয়া হবার কোন ভয় থাকে না। কশা ছুতোর হঃধের চেয়ে হঃখ আর কিছু নেই—বুঝেছ! আমি একজন ভুক্তভোগী কি না, ভাই বগছি।"

কথাটা বলিয়া বেলিসেয়ার আপনার পায়ের পানে একবার চাহিল! কবে ঠিক নিজের পায়ের মাপে একজোড়া জুতা ফরমাস দিয়া তৈরার করাইবার সামর্থা তাহার হইবে ৪

পরে ছেলেটকৈ প্রায় বিশ্বার ধরিয়া প্রশ্ন করিয়া যথন বেলিসেয়ার জানিল, জুতা তাহার পায় আঁট হয় নাই, ঠিক খাপ খাইয়াছে, তথন আখন্ত চিত্তে পকেট হইতে একটি লাল রঙের ছোট থলি বাহির করিয়া জুতাওয়ালার হাতে করেকটি রৌপামুদ্রা গণিয়া দিয়া সে বাহিরে আদিল।

বাহিরে আসিয়া বেলিসেয়ার জ্যাককে কহিল, "তুমি কোন্ দিকে মাবে, জ্যাক ?" "কেন, বেলিদেয়ার ?"

"কেন! তুমি বেদিকে যাবে, আমি ঠিক তার উল্টোপথে যাই আর কি তা হলে! তোমার সঙ্গে এক পথে আর আমি পা বাড়াচিছ না। খুব শিকা হয়েছে—ই।"

জ্যাকের মনে একটা আঘাত লাগিল। মনের ভাব মনে চাপিয়া জ্যাক বলিল, "আমি ঈসেনডেকের কারধানায় যাব—সেধানে আমি কাজ করব।"

"ঈদেনডেকের কারথানার ঢোকা বড় সহজ নর! ভাল সাটিফিকেট চাই—না হলে ওরা ভর্তিই করে না।" কথাটা বলিবার
সমর বেলিসেয়ার জ্যাকের পানে একটা বক্র দৃষ্টি নিক্ষেপ করিল।
রিভালের মত বেলিসেয়ারও স্মাদের সেই চুরির ব্যাপার সম্বন্ধে
জ্যাকের প্রতি একটা ভান্ত ধারণা পুরিতেছিল। জ্বনেদের টাকা
জ্যাকই চুরি করিয়াছিল বলিয় বেলিসেয়ারের বিশ্বাম। কিন্ত জ্যাক
থম তাহাকে সমস্ত ঘটনা গুলিয়া বলিল এবং আরও বলিল বে
সে ঈদেনডেকের কারথানার কাজ করিবে স্থির হইয়া গিয়াছে:
নিকটেই একটা ঘর ভাড়া লইয়া তথায় সে বাস করিবে, তথন
বেলিসেয়ারের সন্দিয়্ম মন প্রসন্ন হইল। সে তাড়াতাড়ি উৎসাহের
সহিত বলিল, "আরে তাই নাকি! তাহলে এই সয়্মার সময় আর
কোথায় এপন বাড়ী খুঁজে পাবে, জ্যাক? তার চেয়ে বরং সামার সক্রে
এম। আমার বাসায় প্রকাণ্ড ঘর—তাতে তোমার খুব ঠাই
হবে'ধন! তারপর আমার মাথায় একটা মতলব আছে। পাবার
সময় বলব—এস, আমার বাসায় এস, স্ক্যাক!"

পথে বেলিসেয়ার জ্যাককে মাদাম ওয়েবারের পরিচয় দিল।

মাদাম ওয়েবার এক বিধব। নারী—কট বেচিয়া দিন-গুলরান করে।

এই একটি ছেলে শুধু তাহার সমস্ত হঃধ ভূলাইরা রাধিয়াছে।

ছেলেটিকে সে ঘরের বাহির হইতেই দেয় না। বেলিসেয়ারের সঙ্গে বিলিয়াই বেটারা ছেলেটি পথের বাহির হইতে পাইয়াছে। মাদাম ওয়েবার জোর পাঁচটায় কটি বেচিতে বায়; বেলা এগারো-বারটার সময় ঘরে আসে, তাহার পর আহারাদি সারিয়া 'বেকারি'তে বায়, কটা তৈয়ার করিতে; সন্ধার পর কাজ-কৃষ্ম শেষ করিয়া শাবার গৃহে ফিরে— বেলিসেয়ার বাটিতে থাকিলে ছেলেটি তাহার কাছে থাকে, না হয় ত পাড়ার কোন স্ত্রীলোক দয়া করিয়া ছেলেটিকে দেখে। যথন দেখিবার কেহ না থাকে, তথন চেয়ারের সঙ্গে তাহাকে বাধিয়া মাদাম ওয়েবার বাহিরে যায়। কি কানি, একেলা থাকিলে যদি ছেলেনাক্ষ দিয়াশলাই লইয়া পেলা করিতে করিতে গায় আগুন লাগাইয়া পুড়িয়া মরে।

খানিকটা পথ চলিয়া আসিয়া বেলিসেয়ার বলিল, "এই জামানের বাড়ী।" জ্যাক চাহিয়া দেখে, সন্মুখে দার্ঘ ত্রিতল বাড়ী—দেওয়ালের গায় অসংখ্য ছোট জানালা—বাহির হইতে দেখিলে কতকটা পায়য়ায় খোপের মভই বোধ হয়। জ্যাক বেলিসেয়ারের গৃহে প্রবেশ করিল। মাদাম ওয়েবার তথ্যতার দিরে নাই।

তাহার ঘরে প্রবেশ করিয়। ছেলেটিকে একটা বড় চেয়ারের সহিত বাধিয়া বেলিসেয়ার জ্যাককে লইয়া পালে আপনার ঘরে আদিল। বাতি জালিতে জালিতে বেলিসেয়ার বলিল, "ভারী মজা হবে, জ্যাক! ছেলের পায়ে নতুন জুতো দেখে মাদাম ওয়েবার একদম অবাক হয়ে যাবে! কে কিনে দিলে, বুঝতেও পারবে না! দে যা মজা হবে—হা: হা: হা:—"

জ্যাক কহিল, "তুমি একলা এখানে থাক, বেলিসেয়ার? আর তোমার বোন?"

্বেলিসেয়ার কহিল, "না-বোনটি বিধবা হয়েছে! অত বড়

পারবার পোষা কি আমার কাজ। তা ছাড়। দিন-রাত ঝগড়াকিচিমিচি। পেটে-পুটে এসে সে সর কি বরনান্ত হয়। কাজেই এপানে
বাদা নিয়েছি। মাদাম ওয়েবার আমায় গুর সাহায়্য করে—ঘরকরা
কেথা-ভনা—বলতে গেলে আমার সরই সে করে দেয়। নৈলে কি
থামার দারা এ-সর পোষায়। বড় ভাল লোক, মাদাম ওয়েবার।
কান ঝঞ্লাট নেই, বালাই নেই—পরের ছাত্রেই শুরু বেঁচে আছে।
বাদার সকলেই মাদামের ভারী বাধা,—ভারী যথ মাদামের।

বলিতে বলিতে টেবিলের উপর রেস একথানা থববের কাগজ বিছাইয়া দিল, তাহার উপর কাচের থালা-বাটি আনিয়া রাখিল— এবং অতিথি জ্যাকের জন্ম ঝাবার লইয়া আসিল। পরে বলিল, 'তোলাদের বাড়া দেই যে হাম থেয়েছিলুন, জ্যাক, আঃ, জাবনে তার আদে কথনও ভুলব না! বলব কি, অমন জিনিস আমি জার কথনও থাইনি! চমংকার! এ কি আর ঝাবার!"

বেলিদেয়ার যাহাই বলক, জ্যাকের কিন্তু এ আহার মনদ কচিল না।

'সদ্ধ আলু অনেকণ্ডলা ছিল, সবগুলাই লে প্রায় গাইলা ফেলিল—

বন্ধনটুকুও পরিপাটী! রক্ষনের সে অ্বথাতি করিলে বেলিদেয়ার কহিল,

"এ-সব মাদাম ওয়েবার নিজে রেঁধে রেখে গেছে! তার ওণ কথনও

ভূলব না, আমি! আ:, কি রায়াই রঁখে! তার জন্ত জামার ঘরকরা

নিজেকে আর দেখতেও হয় না। সব সে ঠিক কবে রাপে। এই

জিনির পত্তর যা দেখছ,—এর কতকত মাদাম ওয়েবারেরই—আমার

দার দেছে, ব্যবহার কর্ব বলে! হঁঃ, কটা দিনের জন্তেই বা এ

ধার! এর পরে ত সব আমাদের জ্জনেরই হবে।"

(कोज्र्न-हिट्ड क्यांक अन कतिन, "जात मार्न १"

"মাদাম ওয়েবাবের সজে আমার বিয়ে হবে বে—তা বৃঝি জান না ? হাঃ হাঃ হাঃ—' আনন্দের আতিশ্যো কথাটা বলিয়া ফেলিলেও ঈর্ম্ব শক্ষায় বেলিদেয়ারের গাল গুটটা তথনট লাল হইয়া উঠিল। "বিয়ের সবই প্রায় ঠিক। আমি ত নলছি, দেরী করে আর কাজ কি ? তা মাদাম ওয়েবার বলে, না, এ আয়ে কুলোবে না। ভারী হিসেবী লোক কি না। সে বলে, একজন সঙ্গী পাও যাতে, তা দেখ,—এক-সঙ্গে থাকবে—বাড়ীর ভাড়া আর পাওয়ার জন্ম কিছু ধরে দেবে,—এমন একজন লোক। তাহলে থরচেরও অনেকটা সামুয় হয়। কথাটা সাঁটি বটে। কিয় এমন লোক যে পাচ্ছি না-বিয়ে হয়নি, কি, স্ত্রী মারা গেছে, এমন একটি নি:ঝঞাট মামুষ পাই, ভাল কিলামী লোক হয়, তবেই না মাদাম ওয়েবার ভারী কট্ট পেয়েছে ৷ তার প্রথম স্বামীটা বেজায় মাতাল ছিল-ভারী বদমায়েস। মদ খেরে এসে মাদাম ওয়েবারকে কি বকাই বক্ত। আবার কি তাই ৩ধু 👂 বেদম মার্ঠও। হাত তুলত জ্যাক, মত্যি ওর গায়ে হাত তুলত। আম্পদ্ধাটা, বোঝ একবার। অমন ভাল লোক, মাদাম ওয়েবার, তার গায়ে হাত তোলে—পাজী, বদমারেস কোথাকার! আমি বলে দিচ্ছি, জ্যাক, তুমি বরং দেখে: বিয়ে হয়ে গেলে কখনও ওর গায়ে আমি হাত তুলব না—কখনও না। বরং ও যদি তুলতে চায় ত আমি পিঠ বাড়িয়ে দেব। এখন আসল বিপদ হচ্ছে, কি জান ? এই লোক নিমে-কোথায় যে পাই, এমন লোক,--ব্ৰছ কি না ?"

"লোক খুঁজছ তুমি ? তা আমার রাধতে কোন আপত্তি আছে, তোমার ?"

বেলিদেয়ারের মনেও এই কথাটা তাদিয়া বেড়াইতেছিল; কিন্তু
নিজে হইতে এ কথা পাড়িতে তাহার কেমন বাধ-বাধ ঠেকিতেছিল। তাই
সে একটু বিশ্ময়ের ভাব দেখাইয়া কহিল, "তুমি! তুমি থাকবে, জ্যাক ?"
"হা, আমি! আমিই থাকব। এতে আশ্চর্য্য হচ্ছ কেন, বেলিদেয়ার ?" "আমরা গরীব — তার উপর টানাটানি করে ভাই, সংসার চালাই— খাওয়া-দাওয়া ত তেমন সংসই-গোছ নয়! তোমার ভাল থাওয়া অভ্যাস—তুমি—"

"না বেলিদেয়ার—আমি দেশ থাকন, এথানে। তোমাদের যদি কোন আপত্তি না থাকে—"

"আপত্তি! এ'ত প্রম সৌভাগোর কথা!"

"আমিও ধরচ-পত্তব টেনেটুনে করতে চাই---আমিও বিয়ে করব কি না---"

"তুমিও বিয়ে করবে? আবে বাঃ—কবে? কবে বিয়ে ককে, ভনি।"

"দে এখন অনেক দেৱী আছে, বেলিসেয়ার,—চার বছর দেরী। এখানে আমি বিনের বেলায় ঈদেনডেকের কারখানায় কাজ করব, আর রাত্রে পড়াশুনা করব। ছাক্রারী শিখব।"

এমন সময় বাহিরে কাহার প্রশক্ত উনা গেল। বেলিসেয়ার কহিল, "মাদাম ওয়েবার আসতে।"

পরমূহর্ত্তে বার খুলিয়া সহাস্ত মুখে মাদাম ওয়েবার কক্ষমধো প্রবেশ করিল। কোনদিকে না চাহিয়াই সে বলিল, "এ নিশ্চম' তোমার কাজ, বেলিসেয়াব, এই ছেলেটাকে ছুতো কিনে দেওয়া—" সহসা তাহার দৃষ্টি নবাগত তরুণ লোকটির প্রতি পড়ান্ডেই মাদাম ওয়েবার থমকিয়া থামিয়া গেল। বেলিসেয়ার তথন জ্যাকের পরিচয় প্রদান করিল। জ্যাক যে অর্থ দিয়া তাহাদের বাসায় থাকিতে ইছুক, সে কথাও এক নিখাসে সে বলিয়া ফেলিল। নাদাম ওয়েবার তাহা শুনিয়া জ্যাককে কুত্ত মন্তবের ধস্তবাদ প্রদান করিতে ক্রাট বাধিল না।

প্রদিন সন্ধার বাসের স্থবিধার জন্ত মাদাম ওয়েবার ও বেলিসেয়ার

উঠিয়া-পড়িয়া লাগিল। বড় বরের একধারে একটা বিছানা পড়িল।
তাহারই পাশে একটা পুরাতন টেবিলের উপর মাদাম ওয়েবার রিভালের দেওয়া জ্যাকের বইগুলি স্তুপাকারে সাজাইয়া রাখিল।
কিছুদিন পরে তাহারা নূতন বাদা ভাড়া করিবে—কারখানার নিকটেট বাদা লইবে, তাহা হইলে জ্যাকের পথের কট্টও অনেকটা লাবব হইবে, এ আখাদও বেলিসেয়ার জ্যাককে দিতে ভুলিল ন।।

রাত্রে মাদাম ওয়েবার শিশুটিকে শ্রার শরন করাইয়া জ্যাকের গৃহে আসিয়া জ্যাকের বাসন-পাত ঠিক করিয়া রাখিত, তাহার পোষাক-পরিচ্ছদ সাবান-জলে ধুইরা সাফ করিয়া দিত, জ্যাকেরই বাতির আলোয় জ্যাকের পাশে বসিয়া বেলিসেয়ার টুপি তৈরার করিত, আর জ্যাক বহি খুলিয়া তাহারই মধ্যে আপনার সমগ্র চিত্ত একাগ্রভাবে নিক্ষেপ করিয়া দিত! এই অনলস পরিশ্রমা সচ্চরিত্র লোক চুইটির সঙ্গ তাহার মুহুর্ত্তের জন্মও জঃসহ ঠেকিত না! বরং তাহাদিগকে দেখিয়া ভাহার অবসন্ন মন বিপুল শান্তিতে ভরিয়া উঠিত!

কিছুদিন পূর্বেষ যথন সে এতিয়োলে ছিল, তথন সে স্বপ্নেও ভাবে নাই যে, তৃচ্ছ লক্ষা ও অভিমান ত্যাগ করিয়া সে এমন পরিপূর্ণ আগ্রেহে আবার একদিন কারধানার কাজে হাত দিতে পারিবে! আজ নৃতন করিয়া আবার যথন সে কারধানায় প্রবেশ করিল, তথন তাহার চিত্তে আর এতটুকু বেদনা নাই, এতটুকু ক্ষোভ নাই। এই নীচ সঙ্গ— সতাই নীচ—কিন্তু এ নরক-যন্ত্রণা ভোগ করিতে তাহার আজ আর কোন আপত্তি ছিল না। কারণ নরকের এই পথের পরই ঐ যে দ্বে স্বর্গলোকের স্বর্গতীর আনন্দ-মাধুরীর আভাষ পাওয়া যাইতেছে, আশ্বাস মিলিতেছে—সেই কাম্য স্বর্গে দেবী সেসিল জ্যাকের গলে বিজয়-মাল্য দিবার জন্ত অধীর প্রতীকায় বিসয়া আছে!

কারথানার কাজ কঠিন ছিল। সেই বায়ু-হীন অগ্নি-গহরর। নিশাস

বন্ধ হইরা আসে—তথাপি সেদিলের চিন্তা মুহুর্তেই শৃত বেদনা ভুলাইর। দেয়, প্রাণে নব শক্তি দঞ্চারিত করে।

কারথানায় কাহারও সহিত সে মিশিত না। প্রুষ্ণ্ডলা কুৎসিত বাঙ্গ-বিজ্ঞপেও জ্ঞাকের গান্তীয় টলাইতে না পারিয়া শেষে তাহার বন্ধ মানিয়াছিল। আর নারীর দল দীপ্র যৌবনের সহত্র প্রলোভনেও জ্ঞাককে ভূলাইতে পারিল না। তাহাদের চটুল চাহনি, মূহ হাত্র, সমস্তই এই কত্তবা-কঠোর তরুণ গুবুকের বুকে ঠেকিয়া প্রতিহত হইয়া ফিরিয়া আসিত—সকল চেয়াই তাহাদের বার্থ হইত। কারখানায় সকলে জ্যাককে 'ভ্ছুর' বলিয়া ডাকিত—জ্যাক তাহাতে কিছুমাত্রও বিচলিত হইত না। গরেবাহিরে উক্তিক নিষ্ঠায় সে নিজের কাজ সারিয়া চলিয়াছিল।

কাজের পর কোথাও জাক মুহতের' জন্ত বিলম্ব না কবিয়া বাসাহ কিরিত। পথ দীর্ঘ ছিল—তাহার মনে হইত, সে উড়িয়া যার। কতক্ষণে এই সব কালি-ঝুলিমাথা পোবাক খুলিয়া দূরে ফেলিয়া লানের পর পরিচ্ছর ভদ্রবেশ পরিয়া নিজের অন্তিহ্ব সে ফিরিয়া পাইবে! পাঠে আগ্রহ বাড়িয়াই উঠিত। কত রাগ্রি একেবারে নিজাহীন কাটিয়া গিয়াছে। সহসা চোথে প্রভাতের আলো লাগার তাহার চমক ভালিয়াছে! মানাম ওয়েবার কত ভংগনা করিয়াছে, "মাইার আাক্, সারা দিন কাল, আর সারা রাগ্রি পড়া—একদণ্ড জিরেন নেই—চোথে এতটুকু ঘুম নেই—এমন হৈল বাচবে, কেন ?" জ্যাক শুধু তাহার পানে সহাস দৃষ্টিতে চাহিত। কি বলিবে, এমন কথা সে খুঁ জিয়া পাইত না। একবার মনে হইত, সত্যুই ত! এমন করিলে শরীর যে থাকিবে না! আবার তগনই মনে হইত, না, সাধনা—কঠোর সাধনা চাই—নহিলে সিদ্ধি মিলিবে কেন ?

সপ্তাহে একদিন শুধু সে পৃথিবীর পানে ফিরিয়া চাহিবার অবকাশ

পাইত; একদিন দে স্থী হইত। সেদিন রবিবার। ভোর পাচটঃ
বাজিলে সহস্র কাজ ফেলিয়া নান সারিয়া ভাল পোরাক পরিয়া তাহাকে
সাজিতেই হইবে! দেহের কালি ভাল করিয়া ধুইয়া-মুছিয়া মনের
ময়লা সাক করিয়া নাদাম ওয়েবারের স্বহস্তে দেওয়া পোরাকে ভূবিত
হইয়া জ্যাক যথন এতিয়োলের পথে বাহির হইত, তথনকার তাহার
সেই বেশ, সেই প্রসন্ন মুখ্নী দেখিয়া কায়্ধানার কারিকরেরা ভাবিত,
এ তাহাদের সে জ্যাক নহে, যেন জোন্ রাজপুত্র! কোন্ পরীকাহিনীর স্থনী স্কর্মপ রাজপুত্র—পরার দেশে ঘুমন্ত রাজক্তার
যুম ভাঙাইয়া তাহার চিত্ত হরণ ক্ষিবে বলিয়াই এমন বেশে
সাজিয়া চলিয়াছে।

তাহার জন্ম এতিয়োগে সে কি স্বর্গ-মুখ সঞ্চিত আছে। রবিবারটি যেন অন্য দিনগুলার মত দণ্ডে প্রহরে বিভক্ত নহে—সে যেন একটা অবিভক্ত, অথণ্ড শুভ মুহুর্ত্ত।

মলিন মঠো অর্গের এক কোণ যেন থসিয়া পাড়িয়াছে! রিভালের গৃহ কি এক বিচিত্র শোভায় সাজিয়া তাহাকে অভ্যর্থনা করিয়া লইবার জন্মই যেন গৃই বাহু বাড়াইয়া আকুল আগ্রহে দাড়াইয়া থাকে! ডাক্তারের প্রসন্তা, দেসিলের সরম-জড়িত স্থগভীর আবেগ—এমন কাম্য সামগ্রী পুথিবীতে আর কি আছে! সপ্তাহে জ্যাক কতথানি পড়িল রিভাল ভাহার হিসাব লইভেন, নৃভ্ন পাঠ বলিয়া দিতেন, বৃথাইয়া দিতেন। তার পর অপরাক্তে সকলে প্রমণে বাহির হইত। কোনদিন নদীর ধারে, কোনদিন বা বনের দিকে! ডাক্তার আপনার গতির বেগ কমাইয়া দিতেন—জ্যাক ও সেসিল অনেকটা আগে চলিয়া যাইত! যাইতে যাইতে তাহাদের কত কথা হইত—কি করিয়া দিন কাটিভেছে, কেমন সব লোকজন! কিছে ভাই বলিয়া, হদ্বের গোপন কোন ক্ষার এতেটুকু আভায়ও

কেহ দিত না। সে বিষয়ে তুইজনে সতক থাকিত—কিন্তু কথা বলিতে বলিতে এমন ঘটিত, উভয়েই সহসা স্তব্ধ হইয়া পড়িত। যে কথা চাপিয়া রাখিবার জন্ত এত চেষ্টা, এই স্তব্ধ নীরবতা তাহাই যেন মুখরিত করিয়া তুলিত। বাক্ত ভাষা ঘাহা কূটাইতে পাবে না, মনেক সময় নির্বাক নীরবতার তাহা কৃটিয়। উঠে, প্রকৃতির ইহা এক বিচিত্র কৌশল, সন্দেহ নাই।

সেদিন বনের পথে যাইতে যাইতে একটা উপ্র কটু গন্ধ সকলের নাসিকায় প্রবেশ কবিলা। ডাতার বিভাল কহিলেন, "নিশ্চয় ডাক্তার হার্জ্ এগেছে—সমস্ত ধন প্রিয়ে বিদের স্বষ্ট করছে—নিশ্চয় এ ডাক্তার হার্জ।"

সেদিল ক্রত আদিয়া ভাক্তারের মূখ চাণিয়া ধরিল, "আঃ দাদা, আতে। তমতে পাবে !"

সেসিলের হাত স্বাইয়া ডাক্তার বলিলেন, "ভয়ক না! ওকে কৈ আমি ভয় করি, সেসিল ? জাককে যেদিন এর হাত থেকে কেড়ে আমি, সেইদিনই ও আমার পরিচয় পেয়েছে। এ বুড়ো হাড়ে কত বল, তাও সেদিন খুব বুকেছে।"

তথাপি 'আরাম-ক্জে'র সম্মণ দিয়া চলিবার সময় জ্যাক ও সেসিল উভয়েই নীবৰ হইত। তাহাদের মনে হইত, ঐ ব্ঝি ডাফার হার্ছ জানালার অন্তরাল দিয়া তাহাদিগকে দেশিতেছে। অথচ কেন এ ভারণ জ্যাক ত আজি দিব সহিত সব সম্পর্ক চুকাইয়া দিয়া আসিয়াছে। আজ তিন মাস কেহ কাহারও মুথ দেখে নাই! আজি হুঁর প্রতি জ্যাকের মুণা দিন দিন বাড়িয়াই উঠিতেছে। কিন্তু মাকে সে ভালবাসিত। তব্ও থেদিন সে সেসিলকে ভালবাসি-য়াছে, সেদিন সে ব্ঝিয়াছে, কি অম্লা সম্পদ এই ভালবাসা। কি বলিয়াই আর্জান্তর প্রতি ইদার এই নির্লহ্ণ আর্থতা, এই হেয় দাজের কথা শারণ করিয়া তাহার সমস্ত মন দারণ লজ্জায় ভরিয়া উঠিত। হায়, অভাগিনী নারা, কি এ অন্ধ মোহ। এ কি বিরাট শ্রমের মধ্যে পড়িয়াচ, তুনি। কিন্তু—এই ইদা, আবার তাহার মাণ্র তাই ইদার প্রতি মুণার উদয় হইলেও কক্ষণা ও অমুকম্পার মাত্রাটাই জ্যাকের চিত্রে অধিকত্র প্রবল হইয়া উঠিত।

এই তিন মাসে ইদাব সহিত জ্ঞাকের কয়েকবার সাক্ষাত্র হুইরাছিল। ইদাকে জ্যাক পত্র লিখিক, তাই ইদা তাহার সংবাদ পাইত। তুই একবার গাড়ী করিয়া কার্থানার বাবে আসিয়া ইদ জ্যাকের সহিত সাক্ষাত্র ক্রিয়া শিলাছে— সাক্ষাতে জপর কথ হুইরা উঠিত।

কারখানার দারে এত বড় গাড়ী দাড়াইতে ও হছুব জ্যাককে সেই গাড়ীর আরোহিণী এক স্থানেশা স্থারপা নারীর সহিত আলাপ করিতে দেখিয়া কারখানার কারিকরদের মনে জ্যাকের প্রতি একটা সম্ম জাগিয়া উঠিয়াছিল। ক্রমে যখন ছই-চারিটা কাণাঘুষা জ্যাকের কানে পৌছিল, তথন সে মাকে নিবেধ করিয়া দিল—কারখানায় কাজের সময় বাহিবে আসিয়া সে আর দেখা করিতে পারিবে না—কারখানার কর্তৃপক্ষেরও তাহা মনঃপুত নহে, তথন কথনও সাধারণ উন্থানে, কথনও বা গিক্ষাণ্ডর সন্ধার সময় মাতা-পুত্র সাক্ষাত হইত।

একদিন এমনই ভাবে কথাবাতা শেষ করিয়া চলিয়া যাইবার সময় ইদা ভাবেকে বলিল, "ভ্যাক, আমি এক বিপদে পড়েছি। তুমি—" কথাটা ইদার মুখে বাধিয়া গেল।

্জ্যাক কহিল, "আমি কি <mark>? বল, মা।"</mark>

"না, এই বলছিলুম কি—এ নাস্টায় আমার এত বেশা ধরচ হয়ে গেছে যে, হাত একেবারে গালি কিছু নেই, জাক ৷ তাই বলছি কি—ওঁকে টাকার জন্ম কিছু বলতেও পারি না আমি. বিশেষ এখন ওঁৰ সমষ্টা বড় ভাল যাচছে না—কাজেই মেজাজও একটু থিটথিটে হয়ে পড়েছে ৷ তাই বলছিলুম, তুমি সদি দিন-কতকের জন্ম আমায় কিছু ধার দিতে পার—ধার অবশ্র ৷ এটাকা শীঘ্রই আমি শোধ করে দেব।"

জ্যাক বেলিল, "শোধ দেবার কোন দরকার নেই। তুমি মা, আমার কাছ থেকে টাকা নেধে তুমি, যে ত আমার ভাগা। আর কারও কাছ থেকে তুমি টাকা নিয়ো, না, মা,—বধনই দরকার হবে, আমায় বেলো—বেমন করে পাবি, আমি ভোমায় দেব।" বলিয়া পকেটে যে কয়টি মুদ্রা ছিল, তাহার সমস্তই জ্যাক ইদার হাতে দিল। সেদিন যে ক্রেগানায় বেতন পাইয়াছিল।

ইদা কম্পিত হতে মদা কয়টি গ্রহণ করিল।

জ্যাক কহিল, "মা, তোনার ওপানে অহাবিধা হচ্ছে, নাণ্ বল, আমি বেশ বুঝতে পাছি, তোনার কট হচ্ছে। তা বনি হয় ত, আমি আছি, মা—আমার ঘর আছে। এবন, আমার সঙ্গে আমার ঘরে থাকবে, এন। তা হলে আমার যে কি হুগ হবে—"

শনা, জ্যাক— ওঁর এখন সময় এড় থাবাপ যাচেছ, এ স্নয়ট. ওঁকে এমনভাবে ফেলে চলে আসা ঠিক হবে না— ভারী অধ্য হবে!" বলিয়া ইদা কোচমানকে গাড়ী ইাকাইতে আদেশ দিল। গাড়ী চলিয়া গেল। জ্যাক অভিভূতভাবে ফুটপাথের উপর দীড়াইয়া রহিল।

পঞ্ম পরিচ্ছেদ

পুত্র-গৃহে

জুন মাস। উধার প্রাকাল। বাতি জালাইয়া জ্ঞাক বহি পিছতেছিল। বেলিসেয়ারেরও নিজা জ্ঞাঙ্গিয়াছে। উঠিয়া সে কালি মাধাইয়া আপনার জুতা সাফ করিতেছিল। জুতা সাফ করিতে সে অত্যন্ত সতর্কতা অবলম্বন করিশ্লাছিন, পাছে তাহার শক্ষে জ্যাকের গ্রন্থ-মগ্র চিত্তে কোন ব্যাঘাত লাগে।

জানালা থোলা ছিল। তাহার কথা দিয়া বাহিরের আকাশ দেখা যাইতেছিল। নীল আকাশের জংল আলোর মৃত্তরঙ্গনাচিয়া নাচিয়া নীচে নামিতেছিল।

অদ্বে তুই-চারিটা মোরগ ডাকিয়: উঠিল। রাতির নিস্তর্জা জমেই সরিয়া যাইতেছিল। সহসা পথে শুনা গেল, "ফুটি নাও গো, ফুটি!" এ স্বর্মালাম ওয়েবাবের। মালাম ওয়েবার আপনার ফুটির বাকা লইয়া পথে বাহির হইয়াছে।

দরিদ্র পল্লীতে মাদাম ওয়েবারের প্রথম আহ্বানটি ঠিক হড়িব কাজ করিত। তাহার স্বর শুনিলেই সকলে ধড়মড়িয়া বিছানা ছাড়িয়া উঠিয়া পড়িত। ঐ ডাক পড়িয়াছে! বিশ্রামের অবসর ফ্রাইয়াছে! এখনই আবার উদরের ভৃপ্তি-সাধনের চেটার জীবন-বজ্ঞে ছুটিতে হইবে, কাজের সন্ধানে ঘ্রিতে হইবে। আর আলভ্য নয়! উদান্ত নয়! ছুটিয়া চল, ছুটিয়া চল!

এ গুধু মাদাম ওয়েবারের ডাক নয়; এ ক্ধার ডাক ! জিবরের ডাক! ঘুমাইয়া থাকিলে উদর ছাড়িবে, কেন? সে তাহার পাওনা কড়ায়-গঙার বুঝিয়া লইবে! ফতক্ষণ তাহার দাবী না চুকাইবে, ততক্ষণ মুক্তি নাই। বিচার নাই! প্রভাতের আহ্বানে শিশুর ল জাগিয়া উঠিতেছে। আহার নাই! নহিলে তাহারা অশান্তির রোল তুলিবে! ভাগালক্ষীর উপেক্ষিত তুর্ভাগার দল তাই প্রভাতের দাড়া পাইলে শিহরিয়া উঠে। অভাবের বিকট মূর্তি দাবে দাড়াইয়া মাছে—নির্মা অনশন লোল জিহনা মেলিয়া নিতান্তই অকরুণ দৃষ্টিতে চাহিয়া আছে!

বাতি নিবাইরা বহি বন্ধ করিয়া জ্যাক উঠিয়া জ্যানালার পাশে মাসিয়া দাঁড়াইল। পথ-পাবে প্রকাণ্ড বাসাবাটির জ্ঞানালাওলি একে কিকে মুক্ত হুইতেছিল। ভিতরকার দারিত্যাও জননই তাহার দারুণ জীবিতা লইয়া প্রকাশ হুইয়া পড়িতেছিল। কোন কক্ষে এক রন্ধানারী দেলাইয়ের কল হুইয়া বসিয়া গিয়াছে, পাশে দাড়াইয়া ছোট নাতিনীটি বস্ত্রবণ্ড জ্ঞাসর করিয়া দিতেছে। কোথাও ক্ষান্থলে গাইবার জ্ঞা কোন কিশোরা চট্পট্ পোবাক পরিয়া লইতেছে— মাবার কোনগানে বা সেবা-রতা নারী দারুণ উরেগে দাঁম রাজি লপনের পর রোগীর শ্রাপার্য ত্যাগ করিয়া জ্ঞানালার পাশে মাসিয়া প্রভাতের স্লিয়্ব সমীবে ওপ্ত লল্বট জুড়াইয়া প্রইতেছে!

গৃহ-বাতারনে দাড়াইয়া জ্ঞাক চারিধার লক্ষ্য করিতেছিল। গাথিত পল্লীর কাতর দীর্ঘনিধাস প্রভাতের বায়-তরক্ষে নিংশব্দে নিশিয়া যাইতেছিল। কি শাস্ত্য, করণ সে দৃশু!

রবিধার আদিতে এখনও তিন চারিদিন বিশ্ব আছে। জ্ঞাকের
মনে পড়িল, লভা-পাতা-থেরা এতিয়োলের দেই স্লিম্ম গৃহথানির
কথা। ফটকের প্রাচীর জড়াইয়া আইভির লভা উঠিয়ছে—ইভত্ততঃ
'হই-চারিটা ডালিম ও ভাশপাতি গাছের অন্তরালে বন্ধ গোলাপ ও
হানিজ্ঞক্লের ঝাড়। তাহা পার হইয়া গাড়ী-বারান্দার সন্মুখে
দেওয়ালে ডাক্ডারের ছোট ফ্টাটি কুলানো। আবাম যদি কোথাও

থাকে, তবে তাহা এতিয়োলের সেই শাস্ত রম্য গৃহকোণ্টিতে ভাবিতে জ্যাকের চিত্ত উদ্লাস্ত হইয়া উঠিল—পাঠ ও জ্ঞাগরণেই ক্লাস্তি বৃচিয়া গেল! তাহার নেত্র-সমক্ষে ডাক্তার রিভালের গৃহ আপনার পরিপূর্ণ মাধুরী লইয়া জাগিয়া উঠিল এবং একটি পুষ্পিত দেহ-লতার মিন্ধ স্থবভি ও রেশমী কাপড়ের খদ্ধদ্ শন্দ নিমেং তাহাকে সম্পূর্ণ আবিষ্ট করিয়া কেলিক!

"ডান দিকে—ডান দিকে যুরোও।" সহসা বেলিসেয়ারের স্ববে জ্যাকের চমক ভাঙ্গিল। কফি তৈয়ার করিতে করিতে মাথা তুলিও বেলিসেয়ার কহিল, "ডান দিকে—ডাম দিকে যুরোও।"

বাহিরের দ্বারে কে চাবি গুরাই•তেছিল। আবার শক ৬ই⊄. পুট্! পুট্!

বেশিসেয়ার হাঁকিল, "ভান দিকে— আঃ, ভান দিকে গো।"
চাবি বাম দিকেই ঘুরিল। কফি-দানটা হাতে লইয়াই অধীরভাবে
উঠিয়া বেলিসেয়ার দার খুলিয়া দিল। দার-সমূথে এক নার দাড়াইয়া ছিল।

বেলিসেয়ারকে দেখিয়া নারী কহিল, "মাপ করবেন! আমি ভুল ঘরে এসেছি।"

সে অবে জ্যাক কিন্তুচমকিয়া উঠিল। দাবের দিকে চাহিয়াই সে অগ্রেসর হইল, কহিল, "না মা, ভূল নয়। এ ঘর কামারই—"

্সে ন্রী, ইদা।

জ্যাককে দেখিয়া ইলা ঝড়ের মত বেগে কক্ষে প্রবেশ করিল।
অত্যন্ত অধীর আবেগে সে জ্যাককে বুকের মধ্যে চাপিয়া কম্পিত
থালিত ক্বরে কহিল, "জ্যাক, জ্যাক, আমায় রক্ষা কর—আমায়
বাঁচাও! এত তার আম্পদ্ধা, এত দূর সাহস যে, আমায় সে
অপমান করে! যার জন্ত আমি সব ত্যাগ করেছি—আমার গব্ব,

গানার ধর্ম, আমার একমাত্র ছেলে—সব আমার—কারও পানে, কিছুর পানে চেয়ে দেখিনি, সে—সেই পাষও আমার গায়ে হাত ভূলেছে! হাঁ, জ্যাক, সতাই সে আমার নেরেছে! ছদিন ছ-বারিব বাহিবে কোথার কাটিয়ে, কাল শেষ রাজে ধ্বন সে বাড়া আসে, ওখন আমি বিরক্ত হয়ে সেই কথাই বলেছিল্ম, ভাই, ভাই সে শামার মেয়েছে—মেরেছে, লাক! এই দেপ, আমার হাতে কজমে রয়েছে—গলার কাছে ছড়ে গেছে—এই তার নথের দাগ।"

অভাগিনী নারীর চোথে অঞ্ব দাগ্র বহিল। ইনা দুঁপাইয়া কাদিতে লাগিল। অবস্থা বৃধিয়া বেলিদেয়ার কখন্ মবিয়া পড়িয়াছিল। পারিবারিক ব্যাপারে অন্ধিকার-প্রবেশের এডটুকু অঞ্চিকর সম্ভাবনা বা রাথিয়াই সে চলিয়া গিয়াছিল।

মার মুখের পানে জ্যাক করণ দৃষ্টিতে চাহিন্না বহিল। ক্ষোভে রাষে তাহার সমস্ত প্রাণ গজিতে লাগিল। একটা দারণ দাহে মন জ্বলিয়া উঠিল। মাথার মধ্যে রক্ত থেন নাচিয়া ছুটিল। এত পেলা! পার্প্ত, কাপ্রুব। গুলুল নারীর শরীরে জ্বাহাত কর! গহার মনটাকে ত দ্বিত, ছিন্ন, মন্দিত করিয়া দিরাছ—ভাহাতেও গপ্ত পাও নাই, শেষে ভাহার দেহেও আ্বাত করিয়াছ। গুলুও। নরাধ্ম! জ্যাকের হাত নিষ্পিষ্ট করিতে লাগিল—একবার দ্বি

চোথের জ্বল মুছিয়। ইনা কহিল, "এ নশ বছর সামি কি
্ট্রণা ভোগ করেছি! পদে পদে অবহেলা, লাজনা, কি না সজ
করেছি! কিন্তু রাক্ষন, রাক্ষন সে। প্রাপে তার এতটুকু মন্তব্যন্ত নেই, জ্যাক। হোটেলে স্বাইয়ে বত নীচ সঙ্গী সার লক্ষীছাড়া
নাগীর সংস্গই তার মনের মত হয়েছে! সেধানেই এখন তাদের

কাগজের আডা হয়েছে। তার ফল হাতে হাতে ফলছেও। গে মাদের কাগজখানা যদি দেখতে, কি জঘন্ত হয়েছে! যাক বেশ হয়েছে। শোন জ্যাক, সে শয়তানের স্ব কথা আজ তোনাই থুলে বলি। তুমি জান, ও আঁগাডের গেছল, সেই কলকের সময়। আমিও দঙ্গে গেছলুম। আমায় দে তোমার দঙ্গে দেখা করতে দেয়নি, ছল করে নদীর ধারে ফেলে গেছল। তোমার সঙ্গে আমার দেখা হয়, এ তার সহা হত না। fক পিশাচ সে, ভাব একবার। তারপর এই যে টাকা নিয়ে কাগজারের করেছে, এ সব তোমাং টাকা। বন্ধু তোমায় দিয়েছিলেন। িসেই সব টাকাসে কাগ্ৰু বার করে উড়িয়ে দেছে, তোমাই বলে নি, আমাকেও বললে দেয়নি। আমায় কি ভরসা দিয়েছিল, জান ? বলেছিল, কাগজের কারবারে ভারী লাভ। ঐ টাকার চারগুণ তলে দেবে বলে সে আমায় লোভ দেখিয়েছিল। আমারও বৃদ্ধি লোপ পেয়েছিল, তাই থে শয়তানের কণার বিশ্বাস করেছিলুম। আমায় যাত করেছিল সে আমায় যাত্র করে রেখেছিল। তার অবহেলা কাল রাত্রে আমার অসহ বোধ হয়—ভোমার টাকা চেয়েছিলুম কাল রাত্রে, তা সে কি বললে জান, জ্যাক ?"

ইলা মুহর্তের জন্ম স্থক হইল। পরে উত্তেজিত দেহতার সমুখ্য চেয়ারে রক্ষা করিয়া আবার সে বলিতে আরম্ভ করিল, "সে এক ফর্দ আবার সামনে ফেলে দিলে, লম্বা ফর্দ্ম! দিয়ে বললে, তোমার পিছনে সেই টাকার দেড়গুণ তার খরচ হয়েছে। এতিয়ালে আর রুদিকদের ওখানে তোমার ঠাই আর খোরাক-পোষাকের জন্ম এই টাকা খরচ হয়েছে। তোমার টাকাতে তার সব শোধ ন হলেও বাকীটা আমার খাতিরে মাপ করতে তার আপত্তি নেই, ভা-ও সে বলেছে। এই সব অক্সায় কথায় ভামার রাগ বেড়ে উঠল। বেশ কড়া হ-চারটে কথা আমিও তাকে গুনিয়ে দিলুম— কথায় তার জবাব দিতে পারলে না, সে—তাই আমায় মেরেছে. মেরেছে সে!"

জ্যাক ডাকিল, "মা-"

ইনা কহিল, "তাই আমি তোমাৰ কাছে এসেছি, জাক । আমায় আশ্রয় দাও। আর আমার কে আছে, কার কাছে যাব. বুল ? কে আমায় ঠাই দেবে ?"

ইদার বুকে মৃথ রাখিয়া জ্যাক একটি দীর্ঘ নিষাস ত্যাণ করিল। পরে মাথা তুলিয়া সে ক্রিল, "বেশ করেছ, মা, তুমি আমার কাছে এসেছ। আমার জীবনে এই এক জঃথ ছিল, এক জভাব,—সে এই যে, তোমায় পাই নি। আজ আমার সে ছঃথ ঘুচে গেছে—তোমায় পেয়েছি! তুমি এসেছ! এপানেই থাক—আর কথনও আমায় ছেড়ে যেয়ো না। যতদিন আমি আছি, তোমার জ্যাক বেঁচে আছে, ততদিন তোমার কোন অভাব হবে না, কোন ছঃথ নয়—এ তুমি ঠিক জেনো। কিন্তু আর তুমি সেথানে যেয়ো না যেন, কথনও না।"

"আবার যাব! আমি! দেখানে! তার কাছে। না, জ্যাক।
এখন শুধু তুমি আর আমি! এই আমানের জগৎ, আর কেউ
নয়—তৃতীয় প্রাণীটি নয়। তোমায় বলেছিলুম, জ্যাক, মনে আছে,
একদিন এমন দিন আসবে, যেদিন তোমার কাছে আসব ? আজ
সেই দিন এসেছে।"

পুত্রের অভয় স্নেহে নীড় পাইয়া ইদার চঞ্চল প্রাণ শাস্ত হইল। ইদা কহিল, "তুমি দেখো, জ্যাক—তোমায় আমি কত ভালবাদি! আমার এত স্নেহ, এবার তা সব তৃপ্ত করব। তোমার কাছে আমি ঋণী আছি, জ্যাক, এবার সে ঋণ শোধ করব!" জ্যাক কহিল, "না মা, ও কথা বলো না! তুমি আমার কাছে ঋণী নও। ঋণী আমি,—ছেলে! মার স্থের জ্ঞা ছেলে বিদ কথনও আপনার স্থে, আপনার প্রাণ বিসর্জন দিতে পারে, তবেই তার নাতৃঝণ শোধ হয়। ছেলের কাছে মার আবার ঋণ কি! ছেলের জ্ঞা কঠকে কট বলে মানে না, অসহায় ছেলেকে নামুষ করে তোলে, কে? সেমা! সেইমা, ঋণী—? তা কি কথনও হতে পারে, মা?"

জ্যাকের কথা ইদার কানেও গেশ না। চাহিয়া ইতিমধ্যে গে থকবার চারিধার দেখিয়া লইল। ইছা কহিল, "চমংকার থাকব, এখানে ছই মায়ে-পোয়ে চমংকার থাকব। তবে গরটা বড় বিশ্রী, স্প্রাক, খেন জান্তাকুড় হয়ে আছে। ছোট, আলো নেই, হাওয়া নেই, কি এ। এখানে থাকলে তুমি বাচবে কেন? আমি গ্রম এন্টেছ, তথ্য আর কোনখানে কোন খুঁত রাথছি না।"

শ্বীট ছোট ছইলে কি হর, বেলিসেয়ার ও মাদাম ওয়েবারের কঙথানি শ্বেছ-বত্ন এ ঘবে মাথানো বহিয়াছে। মার মূথে সেই বরের নিন্দা শুনিয়া জ্যাকের প্রাণে ঈষৎ বেদনা বোধ হইল। এই ঘর্থানির উপর বেচারা বেলিসেয়ারের সমস্ত ভবিষাৎ নির্ভির করিতেছে।

কারথানায় যাইতে জ্যাকের আর আধ্যণ্টা নিলম্ব ছিল—
ইহার মধ্যে মাতার স্থে-সাছেল্যের বলোবস্ত কি করিয়া হইয়া
উঠিবে, তাহা ভাবিয়া জ্যাক কাতর হবা পড়িতেছিল। ইদাকে
বরে বসাইয়া রাখিয়া সে বেলিসেয়ারের কাছে গেল—বেলিসেয়ারকে
সব কথা খ্লিয়া বলিল। জ্যাক বলিল, "মা ত এখানে থাকতে
চান, বেলিসেয়ার। কি রকম বলোবস্ত এখন করা যায়, বল
দেখি।"

কথাটা গুনিয়া বৈলিদেয়ার চিস্তিত হইয়া পড়িল। তাই ত! দে

ভাবিল, তবেই ত জ্ঞাক আৰ গ্ৰাহাদেৰ সহিত এক ধৰচে পাকিবে
ন', স্বতন্ত্ৰ বাদা লইবে। তাগৰ বিবাহেব দিনও বৰ্ধি আবাৰ কোন স্থান্থ ভবিষ্যতেৰ অন্তৰালে স্বিষা প্ৰডে। কিন্তু আপনাৰ নেৰাপ্ৰেৰ বেদনা গোপন কৰিবা সে জ্ঞাককে সাগ্ৰা কৰিতে তংপৰ গ্ৰাহা গ্ৰাহাদেৰ ঘৰটে ছিল বছ-সেইটাই জ্ঞাক ও তাগৰ নাৰ জন্ম ছাডিয়া দিয়া জ্ঞাকেব ছোট ঘৰে গ্ৰাহাৰ আপ্ৰয় লহৰে, হহাত তিব কৰিবা সে জ্ঞানস্থ্য টানিতে স্বক্ষ ক্ষিণা

জ্যাক বেলিদেয়।বকে মাতাৰ নিকট পৰিচিত করিয়া পি । বোলদেয়াৰ হদাকে সহজেহ চিনিতে পাৰিল—এতিয়ালেক সেই কি ৮য় গুলটৰ প্ৰিজ্ঞা কৰী-ঠাকুৰাগা।

"না, না, জ্যাক, তাকে কট দেবাৰ কি দৰকাৰ ? আমিট বাধৰ। তাৰ জন্ত ব্যস্ত হলো না, তুনি। বেলিসেয়াৰ আমাৰ দোকান দেখিৰে দিক—আমি নিজে গিল্য বাজাৰ কৰে আমাছ— ানজেই বাঁধৰ। কেন, শুধু শুধু কতকগুলো বাজে থবচ কৰবে ? তুম ফিৰে এসে দেখো,—সৰ ঠিক গাৰৰে।"

জ্যাক পোষাক পৰিযা কাৰণানায় চলিয়া গেলে হদা গায়ে একথানা শাল ফেলিয়া বেলিসেয়াবেব সহিত ৰাজাৰে বাহিব হুইল

মাতাকে আপনাৰ গৃহে আপনাৰ আয়ত্তে সম্পূৰ্ণভাবে লাভ

করিয়া জ্যাকের প্রাণ আজ উল্লাসিত হইয়া উঠিয়াছে। তাহার মনে হইতেছিল, আজিকার জগৎ যেন সেই চিরদিনকার পরিচিত প্রাতন জগৎ নহে—নৃতন, আনন্দ-পরিপূর্ণ। আজিকার প্রভাতে আনন্দের যেন এক বিচিত্র স্থব জাগিয়া উঠিয়াছে—আকান্দে বাতাসে অপূর্ব রাগিণী! নির্দ্ধীর প্রকৃতি যেন কাহার ললিত স্পর্শে সঞ্জীবিত হইয়া উঠিয়াছে! কাজের মধ্যেও সে আজে নৃতন আনন্দ পাইল—অন্তদিন কারণানার কাজ শুধু সে কর্তুরেক্স দায়ে করিয়া যাইত মাত্র; তাহার হাত-পা নড়িত, প্রাণহীন যন্তের মতই সে চলিত, ফিরিত। কাজের মধ্যে আজ প্রথম তাহার প্রাণটী সাড়া দিয়া উঠিল। দিগুণ উৎসাহে সে কারথানার কাজ চালাইল। তাহার সে উৎসাহ সঙ্গী কারিকরদের দৃষ্টি এড়াইল না। সকলে কাণাঘুবা করিল, "হুজুরের আজ একবার ফুর্টিটা দেখেছ হে! প্রাণের ধন মিলেছে বুঝি, আজ।"

জ্যাক হাসিয়া উত্তর দিল, "ঠিক ধরেছ, বটে।"

কাজের শেষে লবু চিত্ত লইয়া জ্যাক গৃহে ফিরিল। না, গৃহে
নহে, মার কোলে! মা গৃহে জাছে ভ ? ইনার সঙ্কল্ল যত দৃঢ় হউক,
চিত্ত তাহার অত্যন্ত চপল! কে জানে ইহার মধ্যে আবার যদি
তাহার মতের পরিবর্ত্তন ঘটিয়া থাকে ? যদি সে আবার সেথানে
ফিরিয়া গিয়া থাকে! জ্যাক চিন্তিত হইয়া পডিল।

গৃহে পৌছিয়া আপুনার কক্ষের দার-সন্মুধে দাড়াইতেই জ্যাক স্তস্থিত হইয়া পড়িল। ভাহার সেই ছোট আঁস্তাকুড়, এ কি পরিপাটা সজ্জায় স্থানর শ্রীতে ভরিয়া উঠিয়াছে।

বেলিসেয়ারের নোট-ঘাট সরাইয়া ফেলা ইইয়াছে! একধারে শুল্র কোমল শ্যা। মধ্যে ছোট একটি টেবিলে স্থল্খ ফুলদানি, তাহাতে নানা ফুল-পল্লবে রচিত স্থর্হৎ ভোড়া। আর এক কোলে, বড় টেবিলে কাচের প্লেট-মাস প্রভৃতি সজ্জিত। ঘরের কোলে স্থল্খ হোয়াট্নটে উৎক্লট নদের বোতল ও বিবিধ আসবাব। ইদার বেশটিও দিবাপরিজ্ঞল।

জ্যাককে দেধিয়াইদা কহিল, "কি জ্যাক, ঘৰ কেমন সাজানো হয়েছে ?"

"চমৎকার হয়েছে, মা।"

"বেল আমার খুব সাহায়া করেছে অবশ্য-- সামানের বেলিসেয়ার ! খাসা লোক, বেল।" জ্ঞাকের আনন্দ হইল। বেলিসেয়ার মাতার এতটা প্রিয় হইয়া উঠিয়াছে বৈ, ভাহার নামের সালর সংক্ষিপ্ত সংস্করণ অবধি বাহির হইয়া গিয়াছে।

ইদা কহিল, "আমি রাজে ওদের নিমন্ত্রণ করেছি। বেল আর মাদাম ওয়েবার জন্ধনেই এখানে খাবে।"

"কিন্তু এত ডিশ পাবে কোণায়, মা ?" 👵

তার জন্ম ভেবো না, জ্যাক, কতকগুলো কিনে এনেছি, আর কিছু লেভ্যান্ত দের কাছ থেকে ধার পাব।"

লেভ্যাক্র জ্যাকের প্রতিবেশী। ইদা আসিয়া ইতিমধ্যেই ভাষার সহিত আলাপ করিয়া লইয়াছে।

"তা ছাড়া আরও শোন, জ্যাক। পাবার-দাবারও চমৎকার হয়েছে। কেক-টেকগুলো প্লাদি লা বোঁ পেকে এনেছি। দেখানে দরে সাত পেনি সস্তা পেয়েছি। অনেক দূবে দোকান, কাজেই আসবার সমর গাড়ী ভাড়া করতে হয়েছিল, আমাকে। আঠারো পেনি ভাড়া।"

জ্যাক হাসিল। ইনার যোগ্য কাজই বটে! সাত পেনি দান বাচাইবার জন্ম আঠারো পেনি গাড়ীভাড়া! তবে জিনিষ-পত্র যাহা আনা হইয়াছে, সমস্তই উৎক্ষ্ট। রোলগুলা ভিয়েনা বেকারির, কফি ও অন্মান্ত জিনিষ্ক প্যালে রোয়াইয়াল হইতে আমদানি! জ্যাক কিয়ৎক্ষণের জন্ম স্তরভাবে বসিয়া রহিল। ইদা তাহ: শুক্ষাক্রিল।

ইদা কহিল, "বড্ড থরচ করে ফেলেছি, না, জ্ঞাক ?"

"না, না। কে বললে, মা?"

"তোমার মুথ দেখে মনে হচ্ছে, তুমি বিরক্ত হয়েছ। কিন্তু কি করব বল, জ্যাক পু কিছুই ত ব্যবস্থা ছিবানা। এত কট করে তুমি থাকবে, মা হয়ে কোন্ প্রাণে আমি তা দেখি, বল। যাহোক ভবিশ্বতে সাবধান হব। এত থরচ আর ইবে না।"

পরে স্থার্থ একথানা থাতা টানিয়া ইদা কহিল, "একটা থরচের থাতাও কিনে আনলুম। থরচ-গতরের হিসেব না রাগলে সব বড় এলোমেলো হয়ে পড়ে। নয় কি ? হিসেবটা রাথা ভারী দরকার। লেভেকের দোকান থেকে থাতা আনলুম—এই পাশেই তার দোকান। ওর একটা লাইব্রেরী আছে—তাতেও কিছু চাঁদা দিয়েছি—বইটাকাগজটা পড়তে পাব। মাসিক সাহিত্যের সংস্ত্রবটা আমি রাথতে চাই—না হলে চলে কথনও ? টেকা যাবে, কেন ? তুমিও একটু আধটু পড়ো।"

এমন সময় বেলিসেয়ারের আগমনে মাতা-পুত্রের হিদাব-নিকাশে বাধা পড়িল। বেলিসেয়ারের পশ্চাতে পুত্র-ক্রোড়ে মাদাম ওয়েবারও আসিয়া উপস্থিত হইল। ইদা তথন অকুন্তিতভাবেই আদেশ-অন্থ্রোধ করিয়া তাহাদের দ্বারা গৃহ-সজ্জার অবশিষ্ট ক্রেটিগুলি সারিয়া লইল।

এই বিধাহীন তৎপরতায় ইনার রীতিমতই অভ্যাস ছিল, কাজেই তাহার এতটুকু অপ্রতিভ হইবার কারণ ছিল না—জ্যাক কিন্তু নার ব্যবহারে মরমে মরিয়া যাইতেছিল। বেলিসেয়ার ও মাদাম ওয়েবার য়েরপ সস্তোষের সহিত ইনার ছোটখাট আদেশগুলি পালন করিতেছিল, তাহাতে অবশ্র জ্যাকের সঙ্গোচ কাটিতে বিশেষ বিলম্ব ঘটল না।

তাহার পর যথাসময়ে টেবিলে কাপড় বিছানো হইল। প্লেট-কাটার সংমিশ্রনে, কাহাযোর স্থবাসে ও টেবিলের পাথে উপবিষ্ট নর-নারী-চতুইয়ের আনন্দ কলববে একটা উৎসবের রাগিণী বাজিয়া উঠিল। বেলিসেরার ও মাদাম ওয়েবার জীবনে কথনও এমন স্থপাতে বসনা হুপ্ত করিবার স্থযোগ পায় ন'ই। মাতার পাখে ভোজনে বসিয়া শৈশবের কাল শ্বতি জ্যাকের মন্টিকে আজ উছেলিত করিয়া তুলিতেছিল। এ মপ্রত্যাশিত আনন্দের স্থান পাইয়া স্থতীত বহু ছেনিনের কথা বেচারা ভুলিয়া গেল। এ কি উল্লে ছভ মুহুত জ্যাকের মলিন জীবনটাকে ক্ষণপ্রভার বিপ্ল দাঁপিতে আজ ভরাইয়া দিয়াছে। ১ শ্বভ, তে উল্লে, অভাগা জ্যাককে আর তুমি ত্যাগ করিয়ো না। জ্যাকের জীবন-নাট্যের শেষ সঙ্গুজলা এমনই মধুর আলোক-রিশ্মিপাতে সমুজ্জল রাখিয়া যবনিকা নিক্ষেপ করিয়ো— আর ছংখ নয়, ভাবনা নয়, ছল্ছ নয়।

আহারাদির পর বেলিসেয়ার ও মাদাম ওয়েবার বিদায় গ্রহণ করিল। ইদা শ্যা রচনা করিল। জ্যাক জহিল, "তুমি শোও, মা।"

"আর তুমি ৽ৃ"

"আমি পড়ব।"

ভোজন-টেবিলের উপর বাতি থাড়া করিয়া জ্যাক বহিব গোছা নামাইল। ইনা কৌতুহল চিত্তে তাহার পাথে আসিয়া দাড়াইল, কহিল, "এ সব কি বই, জ্যাক ? কি হবে পড়ে?"

"আমি ডাক্তারী পড়ছি, মা। ডাক্তার হব, তথন সব ছুদ্দশা বুচে বাবে—আর লোহা পিটে বেড়াতে হবে না।"

তথন সেই বাতির অনুজ্জন আলোকে বদিয়া জ্যাক কনা সংখ্যাক আপনার সঙ্কল বিবৃত করিল—আশা ও আনকে দু তাহার কথার ভবিষ্যতের পরিচয় দিল। জীবনে তাহার লক্ষ্য টিটিতেছিল, চরম লক্ষোর অভিমুখে অবিচলিত চিত্তে সে আপনার জীবনতরীধানি এখন বাহিয়া চলিয়াছে! কোন বাধাই বাধা বলিয়া আর সে
মানিবে না। বিপদের কোন তরঙ্গ তাহাকে ভীত, চ্যুত করিতে পারিবে
না! সেদিল তাহার জীবনের লক্ষ্য, কাম্য। সেদিল তাহার প্রবতারা!
সেই সেদিল যেদিন সুথ হংগ-ভাগিনী ইইয়া তাহার পার্থে আদিয়া
দাড়াইবে, সেদিন তাহার সকল কট দকল শ্রম চরম সার্থকতা লাভ
করিবে!

এ কথা এতদিন সে মার কাছে প্রকাশ করে নাই। যদি মা সে কথা আর্জাস্ত্র কাছে বলিয়া ফেলে । আর্জাস্ত্র দল যে সেদিলের প্রেম লইয়া বিজ্ঞপ-কৌত্কে মাতিয়া উঠিবে, এ কথা মনে করিতেও তাহার মাথায় রক্ত চন্চ্ন্ করিয়া উঠিত। জানিলে বর্ধরের দল এ স্থেথ বাধা না দিয়া কথনও কান্ত থাকিবে না! এই কয়টা বর্ধরে মিলিয়াই ত তাহার জীবনটাকে এই বিগথে ঠেলিয়া দিয়াছে, আজ ধথন স্থোগ পাইয়া সে পথ হইতে ফিরিয়া গ্রুব পথ সে প্রাজা বাহির করিয়াছে, তথন এ পথ হইতে আর সে হঠিবে না—সহস্র মুগ্ধ প্রেলোভনেও নহে!

তাহার পর গলাদ ভাষায় জ্যাক আপনার প্রেমের কাহিনী বলিয়া চণিল। ইলা শুধু থাকিয়া থাকিয়া রীতিমত সাহিত্যিক ধরণে, "বাঃ চমংকার ত! ঠিক বেন সেই গল্পের নামক নামিকার মতই। বাঃ।" বলিয়া টিপ্পনী দিতে লাগিল। কিন্তু তাহাতে জ্যাকের কাহিনীর মুক্ত প্রবাহ বাধা মানিল না। বিপুল উচ্চ্বাসে বাধ-মুক্ত ব্যবহারে মর্ব্ তই সে আপনার কাহিনী বলিয়া চলিল। যথন তাহার সম্ভোষের সহিত ইইল, তথন ইলা শুধু একটা নিখাস ফেলিয়া বলিল, তাহাতে জবশ্য ভ—এ নিয়ে বেশ একখানা নভেল লেখা বায়! ঘটনা জমে এয়েচে ত!"

यर्छ পরিচেছদ

रेनात इःश

মাতা-পুত্রে মিলিয়া একদিন এতিয়োল-অমণে আদিল। মনে আনন্দ ইইলেও, একটা ছণ্ডিস্তা ক্ষণে ক্ষণে জ্যাকের মর্মে বিঁধিতেছিল। মাকে যে সম্পূর্ণ আপনার আয়তে ফিরিয়া পাইয়াছে, ইহাতে মাঝে মাঝে অস্তরে গর্ম্বিও সে অমুভব করিত, কিন্তু মাতার প্রকৃতির সহিত তাহার যেটুকু পরিচয় ছিল, তাহাতে সে ব্রিয়াছিল, মাকে সেদিলের সহিত মিশিতে দিলে বিপদেরও আশক্ষা আছে! মাহইলে কি হয়, এমন চটুলভাষিণী প্রগল্ভা নারী জ্যাক জাবনে তুইটি দেখে নাই। কোন্ কথাটা বলিলে কি ফল হয়, কোন্ কথার কি মূল্য, ইদা তাহার কিছুই ব্রিত না।

জাকের ভাবনা ইইল, এই প্রগল্ভতীয় মাতার সম্বন্ধে সোলল কি ধারণা করিবে! হয়ত ইদার প্রতি একটা তীত্র অবজ্ঞায় সেসিলের প্রাণ ভরিয়া উঠিবে! তাহার উন্নুপ চিত্রে সহসা দারুণ বাধা পাইরা হয়ত ভবিষাং স্পুপের আশায় সে একান্ত সমূচিতা ইইয়া পড়িবে! তথন জ্ঞাক কি লইয়া মাতার গর্কা করিবে? মাতার নামের উল্লেখেই যে তাহার সর্কাশরীর শিহরিয়া উঠিবে! কিন্তু উপায় নাই! মাকে সেদিলের সহিত মিশিতে দিতেই হইবে। সে স্থির করিল, যথনই সে মাকে উদ্ধাম গল্পে উপ্লত দেখিবে, তথন যেমন করিয়াই ইউক সেই উদ্ধাম গল্পের স্লোতে সে বাধা দিবে!

সেনিলের সহিত প্রথম আলাপে মা তাহাকে কনা সংখাধন করিল দেখিয়া জ্যাক কতকটা আশ্বন্ত হইল। কিন্ত তাহার কথার মধ্য দিয়া বিলাস-কৌতুক-প্লাবিত সমাজের স্থারই ধ্বনিয়া উঠিতেছিল, তাহা যে তথু আড়ম্বন-প্রিয় সর্কাসাবল্যবিজ্ঞিত মজলিস-সভার কীণ প্রতিধ্বনি, জ্যাকের কাছে তাহা ধরা পড়িতে মুহূর্ত বিলম্ব ঘটল না।

ইদা যে সকল গল্প বলিত, সেগুলা অত্যন্ত চনকপ্রদ, কাজেই শ্রোতার চিত্ত বিপুল কোতৃহলে উচ্চুসিত্ত হইলা উঠিত। ভোজের টোবিলে কথান্ত কথান্ত পিরেনিসের প্রসন্ধ উঠিলে ইদা বলিল, আহা, পিরেনিস। পাহাড়ের গা বহিনা গলিত তুবারের ধারা ছুটিনাছে। কি স্থানর সে থানা। পানের বংসর শুরের সে পিরেনিস লমণে গিরাছিল, সঙ্গে ছিল, স্পেনের একজন ডিউক। লোকটার প্রসা
অসাধ থাকিলে কি হইবে—মন্তিজের কিকার ছিল; উন্মান বলিলেও চলে। চার বোড়ার গাড়ী হাকাইয়া উভ্রে পাহাড়ে উঠিনাছিল। সে কি আমোদ। গাড়ীতে অসংখ্য প্রাম্পেনের বোড়ল ছিল। বোড়ল কয়টা নিঃশেষ করিয়া ডিউক ত কেপিয়া যাইবার মত হইল। পরে কাণ্ড বাহা ঘটল—ইত্যাদি।

সৈদিল সমুদ্রের প্রসঙ্গ উত্থাপন করেলে ইলা বলিল, "সমূল ঠিক বলেছ মা – কিন্তু ঝড়ের সময় সমুদ্রের মৃত্তি বে কি দাড়ায়, তাত জ্ঞান না। আমি জানি। পামার কিছু দূরে অগাধ সমুদ্রে তথন আমাদের জাহাজ ছুটেছে। হঠাং ঝড়ু এল। কি সে ঝড়— ভর হল, বুঝি বা সব যায়, প্রলয় উপস্থিত। কোন মতে একটা কেবিনে মুখ গুঁজড়ে পড়ে রইলুম। কাপ্তেন এসে আমার সেবায় লেগে গেল। যেমন মেথের ডাক, তেমনি বিহাতের চমক। জাহাজে ছিল কোথাকার,— বুঝি পিনাঙ্গের—রাজা। রাজা নিজে আমার মুধে ব্রাপ্তির পর ব্রাপ্তি চেলে যত মুর্চ্চা ভাঙ্গায়, তত্তই জাবার খন ঘন মুর্চ্চা। ওঃ, কি করে যে রাত কাটল, তা কিছুই জানতে পারলুম না।"

এই সকল অসম্বন গলগুলার সূত্র জ্যাক অন্ত নানাবিধ প্রদাপ তুলিয়া মাঝামাঝি কাটিয়া দিতেছিল। তথাপি সেই সকল গলের ধণ্ডিত অংশগুলা দিখণ্ডিত সর্পদেহের মতই নাচিয়া কুণ্ডলী পাকাইয়া উঠিতেছিল। খণ্ড হইলেও তাহার প্রত্যেকটা যেন জাবস্ত, পরিপূর্ণ! দেসিল নিঃশব্দে সমস্ত কথা ভনিয়া যাইতেছিল। জ্যাকের আক্মিক বাধা-দান লক্ষ্য করিলেও তাহার অর্থ সে ঠিক ব্রিতে পারিল না।

অপরায়ে বই খুলিয় জ্যাক ডাক্তার বিভালের সমূথে পড়িতে বসিলে সেগিল ইনাকে কহিল, "এস মা, আমরা বাগানে একটু বেড়াই গে।" সহর্ষ সম্মতি দান করিয়া ইনা সেসিলের অনুসরণ করিল। জ্যাক চঞ্চল হইয়া উঠিল। তাহার পাঠ-রত মনও বিক্ষিপ্ত হইয়া পড়িল। এখনই মা না জানি কি অসম্বন্ধ গল জুড়িয়া দিবে—
মার তারল্য এখনই সেসিলের কাছে প্রকাশ হইয়া পড়িবে।
তাড়াতাড়ি বহি বন্ধ করিয়া সে ডাক্তারকে কহিল, "পড়াটায় আছ কেমন মন লাগছে না—একটু বেড়ানো বাক্, দানা!"

ডাক্তার কহিলেম, "বেশ !"

জ্যাক বাহির হল। আদিয়া দেদিলের একখানা হাত দে আপনার হাতে চাপিয়া ধরিল। মধুর স্পর্শ! এ স্পর্শে যেন কি যাত আছে! জ্যাকের দকল ত্থে দকল অবদাদ এ স্পর্শে নিমেষে কোথায় ঝরিয়া যায়! পাল তুলিয়া দিলে অনুকৃল বারুর মুখে বোঝাই নোকাও বেমন নদীর থর বেগ কাটিয়া অনায়াদে চলিয়া যায়, দেদিলের স্পর্শে তাহারও ভারতান্ত চিত্ত তেমনই দকল বাধা-বিপত্তি, ত্শিচন্তা-আনিশিচততার বেগ কাটিয়া সমুজ্জল দিদ্ধি-ভবনের অভিমুখে ক্ষিপ্র ছুটিয়া চলে। আশার উন্মাদনায় প্রাণ ভরিয়া উঠে—কানের কাছে কে বেন মৃত্যুতি আশাদ দেয়, ভয় নাই! সমন্ত ত্থে-বাতনা নিত্রে দালয়া যাও! কঠিন দিদ্ধি মধুর বাধনে ধরা দিবে রে, ধরা দিবে!

আজ মা উপস্থিত ছিল বলিয়া জ্যাকের আনন্দ কেমন বাধা পাইতেছিল। জ্যাক ও সেদিলকে লক্ষ্য করিয়াইলা ডাজারকে বলিল, "ছটিতে যেন ঠিক সেই পরীর গয়ের নায়ক-নায়কা।" কথাটা জ্যাকের কানেও পৌছিয়াছিল--ডাজারের মুথের ভাব দেখিয়া সেবৃঝিল, কথাটা তাঁহার বড় কচিকর ঠেকে নাই! তথাপি কোলাহল-হীন নির্জ্ঞান বনে সেদিলের সাহচর্যে জ্লাক একটা ভৃপ্তির নিশাস ফেলিয়া বাঁচিল। বনে কোখাও নার্মা বর্ণের অজ্ঞ কুল ফুটিয়ার বিষয়াছে। তাহারই দলে মৌমাছি প্রজ্ঞাপতির বিচিত্র সভা বিদয়াছে। তাহারই দলে মৌমাছি প্রজ্ঞাপতির বিচিত্র সভা বিদয়াছে! কোথাও ওকের শাখায় শ্লানা একটা পাথী স্করের কোয়ারা ছড়াইয়া নিয়াছে। চারিধারেই আননন্দের পরিপূর্ণ আয়োজন! তাহার মধ্যে এই সকল শোভা, সকল বর্ণ, সকল হরের রাণী সেদিল তাহার পার্থে। আলোকের এমন বিপ্রক্ষ সমারোহের মধ্যে অয়কার কোথায় রহিবে! কাজের জ্যাকের চিক্তাকাশ আজ মুক্ত, নির্মাল, উজ্জ্লা!

বেড়াইতে বেড়াইতে চারিজনে আর্শার কুটিরে আসিল। অভ্যর্থনা করিয়া আর্শা সকলকে বসাইল। প্রাতন মনিব ইদাকে আতিথ্য আপ্যায়িত করিবার উদ্দেশ্যে সে সাধ্যমত আয়োজন করিল। ইদা কিন্তু নাসা কুঞ্চিত করিয়া তাহার এক টুকরা স্পর্শ করিল মাত্র—দেখিয়া ভ্যাক ঈথং বিষয় হইল। তাহার পর সকলে 'আরাম-কুঞ্ল' দেখিবার জন্ম উঠিল।

কুঞ্জ-গৃহের চূড়াটি বৃক্ষণতায় একেবারে আচ্ছন হইয়া গিয়াছে।
গৃহের আপাদ-মস্তক আইভি লতায় ছাইয়া ফেলিয়াছে। হার্জ্ এখন
এগানে ছিল না, ধার-জানালা সমস্তই বর । ফটকের সমুখস্থ সরু পথটি
বহুকাল মনুষ্-চরণ-পর্শ-লাভে বঞ্চিত থাকায় আগাছায় ভরিয়া উঠিয়াছে।
ইদা গৃহের সমুখে মুহুর্তের জন্ত দাড়াইল। পুরাতন সহস্র স্থিত তাহায়

চিত্তে উদ্বেশিত হইয়া উঠিল। চারিদিককার এই মৃক প্রান্তরথগুগুলা থেন সহসা মুধর হইয়া উঠিয়া তাহার কর্ণে কত কথা কহিয়া গোল। চারিধারে অজ্ঞ ক্লিমেটিসের গাছ—নক্ষত্রের মত সহস্র শাদা কুলে ভরিয়া রহিয়াছে। ক্লিমেটিসের একটা পৃষ্পিত শাখা ছিঁজিয়া লইয়া ইদা তাহা নাসিকায় ধরিল, গরে গারে ধীরে চকু মুদিয়া একটা লীর্ঘনিখাস ত্যাগ করিল।

क्यांक किछाना कतिल, "कि श्राह, मा ?"

"কিছুনা, জ্যাক! মনের একটা থেয়াল, এ গুধু! আর কিছু নয়—ওঃ, আমার জীবনের অনেকগুলো দিন এথানে গুমিয়ে পড়ে আছে!"

সত্যই চতুর্দিকে স্থান্থির একটা স্থানিবিড় নীরবতা বিবাজ করিতে ছিল। দার-পার্শ্বে ফলকে লাটনে লিখিত আরাম-কুঞ্জের অক্ষরুগুলা নতা-পাতার অস্তরালে প্রচ্ছের হইয়া পড়িয়াছে, নিস্তর্ক গৃহটিকে উচ্চ স্তস্ত-শোভিত কবরের মতই স্তর্ক-গৃছীর মনে ইইতেছিল। ইদাধীরে ধীরে কমালে চোথ মুছিল। তাহার সকল স্থাথের সীমার সে-দিনকার মত কে যেন পরদা ঢাকিয়া দিল। অতীতের চিস্থায় মন একাস্ত ভারগ্রস্ত বোধ হইল—বুকের উপর কে যেন পাষাণ চাপিয়া ধরিল। সেসিল ভনিয়াছিল, তুর্বাবহারে ইদা আমীর গৃহ ত্যাগ করিয়া আসিয়াছে। কাজেই সে এই বিমর্থতা দূর করিবার জন্ম সহস্ত চেষ্টা করিল —জ্ঞাক মাতার সক্ষাথে ভবিষাতের উজ্জ্বল চিত্র বিবিধ বর্ণে রঞ্জিত করিয়া ধরিল; তুণাপি সকলই বৃথা হইল।

অগত্যা সকলে সে স্থান ত্যাগ করিল। পথে ইদা জনাতিকে সেসিলকে কছিল, "দেখ মা, এবার থেকে বখন তোমরা এখানে আসবে, আমার আর সঙ্গে নিয়োনা। আমার মন কেমন অস্থির হয়ে ওঠে। ভোমাদেরও আমোদের ব্যাবাত হয়।" ইদার স্বর কাঁপিয়া উঠিল। ইতর পশুর মত তাহার প্রতি যে ব্যবহার করিয়াছে, ঘুণা ও লাঞ্চনার পক্ষে সবলে যে তাহাকে নিক্ষেপ করিয়াছে, এখনও সে পাপিষ্ঠকে ইদা তবে ভূলিতে পারে নাই, ভালবাসে! হা রে ভ্র্বল-ফ্রন্যা নারী!

ইহার পর অনেকগুলি রবিবার আব্দিল, গেল—ইদা আর এতিয়োলের পথে পদার্পণ করিল না। কাব্দেই জ্যাক ছুটির অবসরগুলা
ভাগ করিয়া লইল; অর্দ্ধেক অবসর সে সেসিলের সঙ্গে গল্প করিয়া
কাটাইত এবং সন্ধার শ্রেষ্ঠ মুহুর্ত্তপ্রলা বন্ধে প্রান্তরে সমণে কাটাইবার
পরিবত্তে পারি ফিরিবার পথে ট্রেনেই ভাহার অতিবাহিত হইত!
সারাদিনের আনন্দ-প্রমোদের স্মতিতে পরিপূর্ণ চিত্ত লইয়া ট্রেনের
শৃক্ত কক্ষে সে দেহভার এলাইয়া দিত—পথিপার্পত্ত কুটির-বাসী নর-নারী
বা পাছজনের আনন্দ-কলরবের একটা ক্রীণ প্রতিধ্বনি শুধু তাহার
কণে আসিয়া পৌছিত – চারিধারেই হর্ষের তরল স্রোত ছুটিয়াছে—
সেদিকে দৃক্পাতমাত্র না করিয়া সে এতিয়োল ছাড়িয়া মার কাছে
ফিরিয়া আসিত। আসিয়া সে প্রায়ই দেখিত, মা মরে নাই, হয়
লেভ্যান্তের কুটিরে, নয় লেভেকের লাইব্রেরীতে বেড়াইতে বাহির
হইয়াছে।

এত অবজ্ঞা-লাঞ্চনাতেও ইদার মনে এতটুকু পরিবর্তন ঘটে নাই।
স্থান, কাল বা পাত্র সম্বন্ধে সম্পূর্ণ উদাসীনা এই নারী একটা তুচ্ছ
ইঙ্গিতে আপনার হৃদয়ের ভাগুার মৃক্ত করিয়া দিত—এবং বিজ্ঞপ বা
মানির আশক্ষা কিছুমাত্র না রাখিয়া ধন-ঐশ্বর্যার সাড়ম্বর বর্ণনায় ও
চটুল আলাপে আসর মাতাইয়া তুলিত। লেভ্যাক্স-গৃহিণীর অবস্থা
তেমন সচ্চল ছিল না—লোকের ছিল্ল বল্লাদিতে তালি দিয়া রিপু করিয়া
ভাহার দিন-গুজরাণ হইত; সে বেচারী যংকিঞ্ছিৎ-প্রাপ্তির আশায়
একাস্ত বিয়ো আগ্রহের ভাগ করিয়া ইনার কাহিনী শুনিত। এমনই

ভাবে মন জোগাইয়া চলিলে যদি কোন দিন ইদা অক্সাং প্রসন্ন হট্যা ভাহাকে একটা সেলাইয়ের কল কিনিয়া দেয়। কিন্তু সভাই সে বুঝিল, ধন-ঐশুৰ্ব্যের আড়ুখর মুখের বাণীতে যত সহজে প্রকাশিত হইয়া পড়ে, হাত হইতে তেমনভাবে কথনত বাহির হয় না! মুথ এতথানি বকিলে কি লাভ, হাত বে অতান্ত রূপণ। যথের মত স্কাদা সে চাপিয়া খাঁটিয়া বুসিয়া আছে, তাহাকে ভ্লামো তঃসাধ্য ব্যাপার। তথাপি জ্যাকের গৃহে লেভ্যাক্র-গৃহিণার ভোজের নিমন্ত্রণটা মধ্যে মধ্যে বাদ পৈজিতনা: দেইটাই ছিল, তাহার পক্ষে পরন লাভ ৷ তাই তাহার ধৈৰ্য্য উৎপীতিত হইলেও উদাস্ত হইবাৰ সে কোনই লক্ষণ দেখাইল না। এমন নিমন্ত্রণ না পাইলেও লেভেক কিন্তু মনদ গুছাইয়া লয় নাই। ইদার মত উৎক্ট বসন-ভূষণ-পরিহিতা নারী যে তাহার লাইত্রেরীতে পদার্পণ করিয়া গৃহ ও গৃহস্বামিনীটিকে ক্লভার্থ করিতেছে, ইহাতে পল্লীর পাঠক-পাঠিকামহলে লাইত্রেরীর প্রতি সূত্রম বাড়িয়া গিয়াছিল; এবং ভাহারই দলে ছিল্ল মলিন এন্ত ও পুরাতন স্থান্ত সংবাদপত্রে পরিপূর্ণ লাইত্রেরীর কুদ্র জীণ গৃহ আপনার আর্থিক অবস্থাও কতক ফিরাইয়া লইয়াছিল।

এই সঙ্গ হইতে নাতাকে বিচ্ছিন্ন করিবার জ্বন্থ জ্যাকের স্বস্থ চেন্টাই নিজল হইল। কর্মান্তল হইতে কিরিয়া জ্যাক প্রতাহই প্রায় দেন্থত, জানালার পার্থে ইলা একথানা বহি লইনা বিদিয়া গিয়াছে। সে বহি উত্তেজক ঘটনাপূর্ণ কোন ডিটেক্টিভের কাহিনী, নয়, প্রেমের বর্ণনা-বছল কোন অপাঠ্য উপস্থাস! বহির পৃষ্ঠান্ন নলিন হস্তের সহস্র ছাপ—কোনখানে বা মাগনের দাগ—পেন্সিলের ঘন বেথান্ন বহুত্বল কন্টকিত—পার্যে বিচিক্র ভালের অক্রের নানাবিধ মন্তব্য! ইতিপ্রের যে গ্রন্থানি বছ অলস কারিকর ও নারীর হস্তে ফিরিয়াছে, তাহারই সহস্র নির্দান বহিথানির সারা অবর্যবে স্বস্পষ্ট স্থাচিত রহিয়াছে!

একদিন সে মাকে বহির পৃষ্ঠায় একান্ত নিবিষ্ট-চিন্তা দেখিয়া ললাটের উপর পতিত আপনার কেশের রাশি সরাইয়া মনের বিরক্তিমনে চাপিয়া জানালাব ধারে আসিয়া দাড়াইল! মাপার উপন পল্লীব নিম্মল আকাশে গোধূলির স্থাবিশ্বরেখা ফুটিয়া উঠিয়াছে—শাভ মৃত বায় লতায়-পাতায় দোল দিয়া বিশ্বয়া চলিয়াছে—এমন সমঃ ইদা অলসভাবে কতকগুলা কদর্যা রচনা,পড়িয়া সময় কাটাইতেছে। বাহিবের পানে চাহিলে চিত্ত জুড়াইয়া যায়, মনে শাস্তি আসে—বিধাতার কি বিবাট বিচিত্র গ্রন্থের প্রক্রী সম্মুখে উন্মুক্ত পড়িয়া রহিয়াছে—বিবিধ রসে পবিপূর্ণ! সে গ্রেছ অবহেলা কবিয়া অন্ধক্পবাস কৈন্ অক্ষম লেণকের মসী-জক্ষব কদর্যয় রচনার রসাম্বাদ ইনা গ্রহণ করিতেছে!

জ্যাক একবার ইদাব পানে চাহিল। ইদা তথন বই বন্ধ কবিল আকাশের পানে চাহিয়াছিল। দিনের আলো মান হইয়া আসিয়াছে —বহিব পৃষ্ঠায় অক্ষর ভাল লক্ষাও হর না। ইদা একটা দার্ঘনিখান ত্যাপ করিল। সে কি ভাবিতেছিল। কি ভাবিতেছিল সে। কবি কোথায় কি করিতেছে আশ্চর্যা—তিন মাস দেখা নাই, তথ একথানা চিঠিও কি তাহার লিখিতে নাই ইদা সেই কথাহ ভাবিতেছিল! সহসা বহিখানা তাহার কোড়চ্যুত হইয়া ভ্তলে পড়িফা গেল! ইদার চমক ভাজিল—বহিখানা কুড়াইয়া লইয়া সে দেখিল, গুধারে জানালার পাশে দাড়াইয়া, জ্যাক জাক ইদার পালে চাহিয়া ছিল। তাহার চোখ ছুইটা যেন বাঘের চোথের মতই জ্বলিতেছিল। এ কি ঈ্র্যা— ইনা, অভিমান ইনা, আর-কিছু ই

ইদা কহিল, "আমার শরীরটা আজ ভাল ঠেকছে না, জ্যাক। তোমার জ্বন্থ বানাবানাও হলে ওঠেনি। কি করি—তাই ত।" জ্যাক নিমেধে বৃঝিল, এ পীড়া কোথায়। শরীরে নহে. এ পীড় মনে ! যে কীট ইদার মনে আশ্রয় লইয়াছে, সে তবে মরে নাই
— দিনে দিনে বেশ সে বাড়িয়া উঠিতেছে ! দেহ-মন সে বিধে
ফর্জ্জিত হটলেও ইদার আজ মুক্তি নাই ! করুণ সমবেদনা
জ্যাকের প্রাণ ভরিয়া উঠিল ! অভাগিনী, অভাগিনী ইদা !

জ্যাক বলিল, "কেন মা, তোমার কি এখানে ভাল লাগছে না, আমার কাছে ? কি কট হচ্ছে, বল!"

"না জ্ঞাক, এ কিছু নয়— শুধু একটু মাণা ধরেছে। তুমি ভেবো না! তোমাকে বৃকে করে রয়েছি, আমার আমার কিসের ছঃথ গাকতে পারে, জ্ঞাক ?"

টদা উঠিয়া জ্যাককে আপনার বৃকে চাপিয়া ধরিল—তাহার শিরে চুখন করিয়াকহিল, "তুমি ভেবোনা, জ্যাক, এ কিছু নয়!"

"जरव हन मां, वाहिरत काणां अर्थां आमिरत!"

ইচ্ছা না থাকিলেও আগত্তি করিতে ইদার সাহস হইল না।
তথন মাতা-পুত্রে হোটেলের অভিমুখে চলিল। জন-বহুল পথ। ভিড়
ঠেলিয়া উভরে চলিল। পথে কেহ কোন কথা কহিল না। কণা
কহিবার জন্ত উভরের অন্তরই ব্যাকুল হইয়া উঠিয়াছিল। কিন্তু কি
কথা প্রথমে কহা যায়? বহু বর্ষের বিচ্ছেদ মাতা-পুত্রের মধো
সভাই একটা হুগভীর বাবধান রচনা করিয়াছিল। উভরের জীবন-গতি
সম্পূর্ণ বিভিন্ন পথে গিয়াছিল। একদিকে আনন্দ, বিলাস, প্রমোদ,
অপর দিকে কাজ, কাজ, কাজ—ভাহাও বহু অভদ্র নীচ সঙ্গীর দলে
মিশিয়া! জ্ঞাক কয়দিনে এটুকু বৃঝিয়াছিল যে, মার মনে
পূর্বেকার মত অসজোচ স্থান-লাভের আশা ভাহার পক্ষে এগন
হরাশামাত্র! ইদা এখন ভাহার শক্ত আজিত্ত্রর ভাবে এমনই
অন্তর্পাণিত হইয়া রহিয়াছে যে, ভাহার স্বাতন্ত্রা একেবারেই লুগু
হইয়া গিয়াছে! ভাহার জীবনের রাহ, ভাহার স্থবের কণ্টক

আজি উনাকে আপনার ছায়ায় এমনভাবে গড়িয়া তুলিয়াছে যে, কোন নিপুণ আয়রও বৃঝি কোমল মৃত্তিকার সাহায্যে এমন মৃত্তি গড়িয়া তুলিতে পারে না!, দান্তিক কবির যত মিথাা দর্প ও দন্ত আজ ইদার মজ্জায় মজ্জায় মিশিয়া পিয়াছে! ইদা এখন যেন আজি তেঁবই একটা প্রতিবিশ্ব-মাত্র!

একদিন সন্ধায় ইদাকে লইয়া জ্যাক ভ্রমণে বাহির হইল।

স্থমোর পর্বতের নিম্নেই নিস্তার্থ কানন-প্রান্তর,—কুঞ্জ, ক্রীড়া-পর্বত,

সেতু, বাছ্য-বেদী প্রভৃতি সকল অমুষ্ঠানে তাহা স্থসজ্জিত! কাননের
সীমা বেড়িয়া স্থনীর্ঘ দেবদারুর শ্রেণী চলিয়াছে! কানন দেখিয়া
ইদার চিত্ত প্রফুল হইল। বাছ্য-বেদীক্তে যন্ত্রীর দল নানা রাগিণীর
সাহায্যে ঐকাতান জাগাইয়া তুলিয়াছো দেবদারুর শির রক্তছ্টায়
রাঙাইয়া তুলিয়া স্থা এই কিছুক্ষণ অস্ত গিয়াছে—আকাশের গায় লাল
আভাটুকু তথনও সম্পূর্ণ মিলাইয়া বায় নাই। একটা বেঞ্চে বিদয়
ইদা ও জ্যাক ঐকাতান সঙ্গীত শুনিতেছিল। সহসা কাহাকে

দেখিয়া জ্যাক উঠিয়া দাড়াইল। এ যে মাসিলো ক্রদিক।

সভাই ক্লিক। দেহ বাঁকিয়া গিয়াছে, বার্নক্য ঘনাইয়া আসিয়াছে। ক্লিকের পার্থে তাহারই হাত ধরিয়া এক বালিকা এবং পশ্চাতে একটি বালক। বালিকার মুথে কে বেন জ্লেনেদের মুথথানি অবিকল বসাইয়া দিয়াছে। সহসা তাহাকে দেখিলে মনে হয়, জেনেদেই যেন আবার বালিকা-মূর্ত্তি ধরিয়া উপস্থিত হইয়াছে। কথা কহিবার জন্ম যেমন জ্যাক অগ্রসর হইবে, অমনিই তাহার দৃষ্টি জেনেদের প্রতি পতিত হইল। জেনেদ ও মাজ্যা পরস্পরে হাত ধরাধরি করিয়া ক্লিকের পশ্চাতে আসিতেছিল। ক্লিকের কোন দিকে লক্ষ্য ছিল না—জেনেদ্ নিমেষে জ্যাককে চিনিয়া তাহাকে নিকটে আসিতে মৃত্তু ইক্লিত করিল। জ্যাক আসিকে

জেনেদ্ কহিল, "একদঙ্গে একটু বেড়ানো যাক্, এদ। আনেক কথা আছে—বলব। বাবাকে একটু এগিয়ে যেতে দাও। উনি কে ?"

"আমার মা।" বলিয়া জ্ঞাক নাতার সহিত জেনেদের পরিচয় ক্রাইয়া দিল।

মাঁজাঁ ইনাকে কহিল, "এরা ছজনে পুরোনো বন্ধ; নিজেদের স্ব কথা কবে। আমি আপনার সঙ্গে বেড়াই, আহন।" মাঁজাঁ ও ইন। একতা চলিল। জ্যাক ও জেনেদ গতি মৃত্তর করিয়া পিছাইয়। পুড়িল।

জ্যাক প্রথমেই জিজ্ঞাস। করিল, বিবাহিত জীবনে জেনেদ অভীষ্ট স্থপের অধিকারিণী হইয়াছে কি না। উত্তরে জেনেদ কহিল, এত স্থধ যে পৃথিবীতে পাওয়া যাইতে পারে, ইহা তাহার ধারণাই ছিল না। তাহার স্থানীর মত স্থামী আর কাহার ভাগো মিলিয়াছে! বেমন গভার প্রেম, তেমনই অসীম উদার তাঁহার হৃদয়। জেনেদ তাঁহার হৃদয়ে সাম পাইয়াছে—এ স্থানের বিনিময়ে সে আজ স্থাহার হৃদয়ে পাইয়াছে—এ স্থানের বিনিময়ে সে আজ স্থাহার হৃদয়ে এত ভুল আছে পূর্বের জানিলে তৃচ্ছ ঘৌতুকের জন্ত মাঁজাঁ। এতটুকুও লোভ করিত না—বিনা যৌতুকেই তাহাকে আপনার বৃকে সে তৃলিয়া লইত! স্থামীর এ ভালবাসায় জেনেদের আজ কোন হৃঃধ নাই—কোন অভাব নাই। তাহার হৃই সন্তান— ' একটি প্রে, একট কন্তা! হুইটিই বছ!

জেনেদের স্থান্তর কথা শুনিয়া জ্যাকের মন আনলে ভরিয়া উঠিশ! দাম্পত্য জীবনের স্থাকি, তাহা ইহারা বেমন ব্রিয়াছে, এমন বদি সকলে ব্রিত!

कारिक कहिन, "आत गर अरत कि ? मानाम क्रांतिम्—"

জেনেদ কহিল, "নারা গেছেন, আমজ হ বছর হল—লয়ার নদীতে ডুবে মারা গেছেন! ভারী বিপদের কথা সে।"

"ডুবে! সে কি?"

ভাষার। মুপে বলি, ডুবে গেছেন, অবখা সে শুধু বাবাকে ভোলাবার জন্ত — আর উনিও তাই জানেন। কিন্তু আসলে তা নয়।
তিনি আয়হত্যা করেছেন। নাম্তের সক্ষে দেখা বন্ধ হয়ে গেল—
কালেই—। যাক্—তাঁর মত অদৃষ্ট ক্ষে কারও না হয়। এ যে
কি বদ নেশা, লোকে একেবারে বৃদ্ধিছন্দি মান-সন্তম সব হারিয়ে

ঁ নেশাই বটে! কথাটা জ্যাকের কর্মে গিয়া বিঁধিল। কিন্তু - ক্লেনেদ তাহা লক্ষ্য করিল না।

জেনেদ্ বলিতে লাগিল, "আমরা ভেবেছিলুম, এ শোকের পর
রাবাকে আর বাঁচাতে পারব না। আসল কাণ্ড যে কি, তা উনি
একলাট কার কাছে থাকেন, তাই ওঁকে এখানে নিয়ে এলুম।
ছেলেমেয়েদের সঙ্গে মিশে গল্প-সল্ল করে তবু যাহোক শোক একটু
ভূলে আছেন। শরীর কি হয়ে গেছে, দেখছ ত। আমাদের সঙ্গে
কথাবার্ত্তাও বড় একটা কন্না। ভূমি কাল এস, জ্যাক—ভোমায়
দেখলে হয়ত একটু ভাল থাকতে পারেন। তোমাকে ভালেও বাসেন,
প্রায়ই তোমার কথা বলেন। চল, এখন ওঁর কাছে যাই, বেশীকণ
আবার দেখতে না পেলে ভাববেন, বুঝি আমরা ওঁরই কথ
ক্ছিলুম্।"

ইদা মঁ।জাঁার সহিত রীতিমত উৎসাহে গল জুড়িয়া দিয়াছিল সে বলিতেছিল, "চমংকার লোক! যেমন কথায় বার্ত্তায়, তেমনি আমোদে! প্রতিভাবান পুরুষ বটে!" জ্যাক ও জেনেদ্ আসিয় পড়ায় সে কথা বন্ধ হইল। আকস্মিক রসভঙ্গে ইনা ঈষৎ বিরক্তি বোধ করিল। ইনার কথার শেষ অংশটুকু জ্যাকের কানে গিয়াছিল। সে মুহুর্তে বুঝিল, মাঁজাঁার সহিত ইদার আর্জান্তর সম্বন্ধেই কথা হুইতেছিল। ধিকু, নির্লজ্ঞা নারী।

সতাই আর্জার কথা হইতেছিল।

মাজাঁ ইনার নিকট হইতে তাহার স্বামীর সংবাদ জানিতে চাহিয়াছিল—এবং ইনাও উচ্চু সিত আবেগে আপনাকে মুক্ত করিয়া দিয়াছিল। কবির প্রতিভা, অপরের নীচ হিংসা ও বিদ্নেষর সহিত তাহার অক্লান্ত সংগ্রাম, সাহিত্য-জগতে কত উচ্চে তাহার আসন এবং তাঁহার মন্তিকে নাটক, উপভাসের কি বিচিত্র আপ্যান গুমরিয়া মরিতেছে, সে সমস্ত কাহিনীর প্রজ্ঞান্তপ্রক্ষা বর্ণায় ইনা এতটুকু ক্রটি রাখে নাই। কোন বিষয়ে মনান্তর হওয়ায় কিছুদিনের জন্ত তাহারা স্বতন্ত্রভাবে বাস করিবে, সেই জন্ত শুরু উত্রে সাধ করিয়া এ বিচ্ছেদ-ছংগ ভোগ করিতেছে। দীর্ঘ মিলনের অন্তরালে ক্ষুদ্র একটু বিরহ রচনা করিলে প্রেম গভীরতর হয়, এমন মন্তব্যও বাদ পড়ে নাই। এমন সময় জ্যাক আসিয়া কাহিনীর কোন্ অসমাপ্র ছর্জে ছেদ টানিয়া দিল।

জ্যাক ভাবিল, ইহাদের সহিত মাতার যে আলাপ হইল, তাহাতে মঙ্গলেরই সন্তাবনা। লেভ্যান্ত-লেভেকের দল ছাড়িরা এই সকল সরল আড়ম্বরহীন বান্ধবের সদ্ধ প্রকৃতই ঈপ্সিত। ধর্মপ্রায়ণা জেনেদ, স্নেহার্দ্র-হ্রদর মাজ্যা—ইহাদের সঙ্গে মিশিলে ফিরিলে একটা স্বাস্থ্যকর আব-হাওয়ার সংস্পর্শে মাতার অন্তরের মলিনতাও ঘুচিতে পারে, ইহা ভাবিয়া জ্যাক আনন্দ বোধ করিল। কিন্তু ফুই-চারি দিন পরেই সে বুঝিল, এই শ্রমশীলা ধর্মপ্রায়ণা জেনেদের সংসর্গ ইদার তেমন মনংপৃত নহে—পুত্রের কথার ভঙ্গীতে ধেমন একটা

অসভ্য সমাজের গন্ধ পাওয়া যায়—জেনেদ্ প্রভৃতির সংসর্গেও ঠিক তেমনই হুর্গন্ধ ভাসিয়া উঠে। কেমন একটা অভন্ত ভাব।

জাকের গৃহেও সেই গন্ধ—চতুর্দ্ধিকেই কেমন একটা কদর্যতা!
এই সকল নীচ কারিকরদের দলে কোথাও এতটুকু শ্রী বা
পারিপাটা নাই! দারিদ্রা তাহার নিশ্বানক মূর্ত্তি লইরা চারিদিকে
ব্রিরা বেড়াইতেছে! তাহার জীর্ণ করালগুলা চতুর্দ্ধিকে গৃট্পুট্
করিয়া নাচিয়া ফিরিতেছে! পথে ঘাষ্ট্র কোথাও পলাইয়া হইদণ্ড
হাঁফ ছাড়িবার উপায় নাই! সর্ব্বেতই শুশ্রী বীভৎসতা,—আবর্জ্জনার
স্তুপ! তথা হইতে অহনিশি একটা দৃষ্টিত বাপ্প উথিত হইতেছে!
দারিদ্রোর এ হুর্গন্ধে ইদা আর তিষ্ঠাইতে পারে না। তাহার বুক্
যেন কে সবলে চাপিয়া ধ্বিতেছে! আর সহু হয় না! ইনার
প্রাণ মুক্তির জন্ত আজ কাতর উদ্বেশ হইয়া উঠিয়ছে। মুক্তি চাই!
এ নিরানক্ষময়তার মধ্য হইতে মুক্তি চাই! ইহার মধ্যে বাস
করার চেয়ে আত্মহত্যাও লক্ষণ্ডণে ভাল!

সপ্তম পরিচ্ছেদ

কাহাকে ?

একদিন সন্ধ্যায় গৃহে ফিরিয়া জ্যাক শক্ষ্য করিল, ইদার চিন্ত অত্যন্ত অধীর চঞ্চল, মুখে-চোখেও কেমন একটা অস্বাভাবিক দীপ্তি কুটিয়া উঠিয়াছে! প্রতিদিনকার সে মান বিমর্থ ভাব কোখায় মিলাইয়া গিয়াছে! জ্যাককে দেখিয়া ইদা ক্ষিপ্র স্বরে কহিল, "আর্জান্ত আমার চিঠি লিখেছে, জ্যাক!" পরে সজোরে একটা নিশাস টানিয়া ইনা আবার কহিল, "সতাই শেষে চিঠি লিখেছে! চারমাস কোন ধবর-বার্তা না পেরে আর চুপ করে সে থাকতে পারলে না—দেখলে, কৈ, আমি ত আকারে-ইঙ্গিতেও একটা সাড়া দিলুম না! সে পারবে কেন, থাক্তে? আমি ত তাকে চিনি। আমার কাছে লুকোবে কি? কি লিখেছে, জান, জ্যাক ? লিখেছে, স্ব থানিক বেড়িয়ে-চেড়িয়ে পারিতে ফিরেছে, আমার ইচ্ছা হলে আমি এখন তার ওখানে যেতে পারি!"

শঙ্কিত চিত্তে জ্যাক প্রশ্ন করিল, "তুমি কি ঠিক করলে? যাবে?"

"তুমি তার চিঠির কি জবাব দেবে ?"

"জবাব দেব! যে অসভা আমার গায় হাত তুলেছিল, তার চিঠির আবার জবাব দেব? তুমি তাহলে আমাকে আজও চেন নি! আমার একটা মান আছে, ইজ্জত আছে, তা খোয়াব? কখনও না! আমি তার চিঠির সবটা পড়িও নি—ঐ অবধি পড়েই ছিঁড়ে কেলেছি—একেবারে টুকরো টুকরো করে ছিঁড়ে কেলে দিয়েছি। এমন মেয়ে আমি নই! তবে একবার বড় দেখতে সাধ হয়, কি রকম কাজ-কর্ম চলছে তার, কেমন করে সে ঘর-গেরস্থালী করছে! বেশ ব্রুছি, সব একেবারে জ্বল্প একাকার করে তুলেছে! তবে—না, তাই বা কি করে হবে? আমি আর এ জীবনে সে জায়গা মাড়াছি না। এই ত সে এড ঘুরেছে, কি দেশটায় ভালো—"

বলিতে বলিতে ইদা অভ্যমনস্কভাবে পকেট হইতে আর্দ্রান্তর পত্র বাহির করিল! সে-ই পত্র, বে পত্র এইমাত্র সে বলিল, টুকরা-টুকরা করিয়া ছিঁড়িয়া ফেলিয়াছে! চিঠি দেশিয়া ইদা কহিল. "এই যে, রয়াতে গেছল! দেখ একবার বুদ্ধিখানা! সেথানকার জল-হাওয়া সইবে কেন? যাই হোক, না—তার বা ইচ্ছা, তাই সে করুক— আমার অত মাথা বাথায় কাজ কি!"

মাতাকে নির্লজ্জভাবে এই অকারণ মিথ্যা বলিতে দেখিরা জ্যাক লজ্জায় মরিয়া গেল। এ অস্বলতা, এ ভাগ আচরণের কি প্রয়োজন ছিল ?

এই কথাটাই সেদিন সারা সন্ধ্যা ধরিয়া জ্যাকের মনকে বিপন্ন পীড়িত করিয়া তুলিল। ইদা আজ আবার পূর্বের মত প্রফুল্ল হইয়াছে, গৃহের ছোটথাট কাজকর্মগুলার হাতও দিয়াছে! তাহার গতি, ভঙ্গীও আজ বেশ সহজ লবু হইয়া উঠিয়াছে! জ্যাক যথন বহির পৃষ্ঠা খুলিয়া মার কথা ভাবিতেছিল, পাঠে বিন্দুমাত্রও মনো-নিবেশ করিতে পারিতেছিল না, সহসা তথন ইদা আসিয়া তাহার ললাটে চুম্বন করিয়া কহিল, "বেশ জ্যাক—ধন্ত তোমার সাহস, আর মন কিন্তু! পড়াশোনায় কি চাড়।"

কিন্ত ইদানীং জ্যাকের সে অমুরাগ শিথিল হইয়া আসিয়াছিল, একাগ্রতার নিষ্ঠুর বাধা লাগিয়াছিল! এই সহজ প্রফুল্লতার মধ্য দিয়া ইদার সমগ্র অন্তর্থানি আজ পরিকার ধরা পড়িয়া গিয়াছে— জ্যাকের চোধ আছে, সে তাহা লক্ষ্যও করিয়াছে!

জ্যাক ভাবিল, এ চুম্বন কাহাকে? কেন? ইহার অর্থ কি! যে অতীত আপনার সমস্ত কীশ স্থাত নইয়া মিলাইয়া যাইতেছিল, সেই সমস্ত অতীত আজ আবার নিমেষে প্রথবলভাবে সাড়া দিয়া উঠিল। পূর্ব্যপ্রম আবার পরিপূর্ণ আবেগে জলিয়া উঠিয়াছে— নারীর তুর্বল হাদয় আবার সে কুহকে ধরা দিয়াছে। গুণ গুণ করিয়া ইদা আর্জান্তর রচিত একটা গানের ছত্ত স্থ্র করিয়া গাহিতেছিল,—

> "নাচ রে নাচ. বনের লভা, নাচ রে নাচ গাছের পাতা—"

ক্ল্যাক স্তম্ভিত হইল। এ কি নির্লক্ষ্টনা। সে এথানে বিদিয়া বিহিয়াছে, ইদার তাহাতে ল্লক্ষেপ্ত নাই ? এতটুকু সঙ্কোচ্ড নাই ? আশ্চর্যা। জ্যাকের চোথের কোণে জল আদিল। যে ভগ্ন ভরীখানাকে অসীম বলে, অপূর্ব্ব কৌশলে সে ভীরের দিকে টানিয়া আনিতেছিল, সহসা তাহা একটা দমকা বাতাসের ঘায় এমনই ভাবে, ক্লের কাছে আসিয়াও ভ্বিতে চলিয়াছে—মার রক্ষা নাই, উদ্ধার নাই! বিলাসের তুছ্ছ একটা উপকরণের মত, আজন্ম বিলাসীর মুহুর্ত্তের খেয়াল-নিবৃত্তির জ্লুই ইদা জীবন-ভার বহিয়া বেড়াইবে? যতক্ষণ খেয়াল, ততক্ষণই আদর,—সে খেয়াল নিবৃত্ত হইলেই দূরে যাও! তবুও ইদা মন যোগাইয়া সেই বিলাসীরই পিছনে ফিরিবে? কোন-দিনই কি তাহার জ্ঞান হইবে না ? রঙিন কামুসের মত সাজিয়া বেড়ানোতেই কি নারী-জন্মের চরন সার্থক্তা?

আবার পরক্ষণেই জ্যাকের মনে হইল, মূর্থ অবোধ হইলেও
এই নারী, তাহার মা! মাকে শ্রদ্ধা করিয়া সন্মান করিয়া সে
তাহারও অস্তরে শ্রদ্ধা ও সন্মান জাগাইয়া ত্লিবে। মায়ের ত্র্বলতার
সমালোচনা করিবার অধিকার তাহার নাই! মাকে এ বিপদ হইতে
উদ্ধার করিবে সে—করিতেই হইবে! ভাগ্য-গগনের এক কোণে রুফ্
মেঘের একটি বিন্দু জ্যাবার দেখা বিয়াছে। সে মেঘকে জ্মিতে
দিলে ঝটিকা আসর হইয়া উঠিবে! সহামুভ্তি ও স্লেহের স্লিগ্ধ মূছ
প্রনে সে মেঘ্টুকু সরাইয়া দিতে হইবে, শ্রদ্ধার কিরণে সে

কালিমা ঘুচাইতে হইবে, নহিলে ঝড় উঠিলে সকলই ধ্বংশ হইয়া। মাইবে।

জ্যাক স্থির করিল, সতর্কভাবে সে মাতার ভাব-ভঙ্গী লক্ষ্য করিবে। पूर्वन-क्षेत्रा नातीत मन आश्रनामिरशत अन्तर कर्पाशीन कीरनखनारक প্রায়ই একটা মিথ্যা আদর্শের পিছনে ছুটাইয়া লইয়া বেড়ায়। ইদাও अनम, काक्ष-करमा जिनमाज जारात कृष्टि नारे, निक्कान विषय कि আছা মায়ার রাজা যে সে গড়িতে পাকে, তাহা সে-ই জানে। আর্জান্ত কবি-প্রতিভার প্রতি এক অন্তত শ্রদ্ধা যে ইদার সদয়কে এখনও সবলে আয়ত্ত করিয়া রাথিয়াছে, জ্যাকের তাহাতে এতটকুও সন্দেহ ছিল না। তাই প্রতি মুহুর্তেই ছাহার আশহা হইত, কথন তাহার প্রতি মমতার এ ক্ষীণ আভাষ্টুকু চকিতে মিলাইয়া যায়। মনের এ আশকা থুলিয়াও কাহারও কাছে বলা যায় না--ইদা তাহার মা। মার এর্বলতার কথা দে কাহাকে বলিবে ইহাই িছিল, জ্যাকের আরও ছঃখ। কাহারও কাছে এ ছঃখের কণা ৰলিতে পারিলে বুঝি, তাহার বুকের ভার অনেকটা লাঘব হইবারও সম্ভাবনা ছিল। কিন্তু এ কথা বলা চলে না। তাই জ্যাক এ বিপুল ছঃথের ভার আপনার বুকে পুরিয়া মনে মনেই গুমরিতে থাকে।

আর্জান্ত পত্র পাইরা ইদাকে সহসা আজ কাজ-কর্ম্মে অতিরিক্ত অমুরাগ প্রদর্শন করিতে দেখিয়া ভ্যাক ঈরং আশান্তিত হইল। সে ভাবিল, ইদা নিজের ছর্ম্মল হৃদয়ের এ বিপুল উত্তেজনা, চাঞ্চল্যের উচ্ছ্যুসটুকু বৃঝিয়া ফেলিয়াছে, এবং বৃঝিয়া তাহা রোধ করিতেছে। এটুকু যে ছর্ম্মলতা, তাহা সে: বৃঝিয়াছে এবং বৃঝিয়াছে বিলয়াই তাহা রোধ করিবার জন্ম ইদার আজ এতথানি আয়াস। কত গল্পে জ্যাক বহু হতভাগ্য স্থানীর কর্মণ কাহিনী পড়িয়াছে,— মাহারা চপলা পত্নীর হৃদয়-সংশোধনে অহরহ সতর্ক চেটা করিয়াও বার্থকাম হইয়াছে! নিপুণ উপঞাস-কারগণের ইলিতে আনক তাহা দিবা বুঝিত! এই যে ইদা আর্জান্তর প্রসঙ্গ ভূলিয়াও তাহার সম্মুখে উত্থাপন করে না, এই যে কাজ-কর্মে নিবিষ্ট থাকিবার জন্ম সর্কান সে চেটা করিতেছে—এ কেন? জ্ঞাক ভাবিত, ইহার অথ, তর্মু তাহাকে ভূলাইবার প্রয়াদ! পাছে পুরের মনে এতটুকু সন্দেহ জনে! আর্জান্ত কৈ ইদা যে এখনও ভূলিতে পারে নাই, জ্যাক ভাহা বৃঝিল। সে স্থির করিল, এ বিষয় লইয়া মনের মধ্যে আর সে কোনরূপ হল্-বিরোধ জাগাইবে না, অদৃষ্টে যাহা আছে, ঘটুক—ভবিতব্য রোধ করিবার চেটার আর সে ভাবিয়া মরিবে না।

একদিন কারথানা ২ইতে ফিরিবার সময় সন্ধার অপেট আলোকে জ্ঞাক দেখিল, ডাক্তার হার্জ ও লাবভোঁজে তাহানের গলিকা মোড় বাকিয়া সহসা অদৃগু হইয়া গেল! এদিকে কোথায় তাহারা আসিখাছিল? কি কাজে?

গৃহে ফিরিয়াই জ্যাক মাকে জিজ্ঞানা করিল, কেহ আদিয়াজিণু কি না! উত্তরে যাহ। শুনিল, তাহাতে সে স্পষ্ট ব্রিল, তাহার বিরুদ্ধে একটা গভীর বড়যন্ত্র চলিয়াছে—পাছে তাহার নিক্ত কোন কথা প্রকাশ হইয়া পড়ে, এ জন্ম গৃহেও একটা সত্র্ক আয়োজন আপনা হইতে গাড়িয়া উঠিয়াছে! চারিধারেই গোপনতা! ইহাও সে আজ্ঞ নৃত্ন করিয়া লক্ষ্য করিল।

রবিবার এতিয়োল হইতে গৃহে ফিরিয়া জ্যাক দেখিল, ইদা নিবিষ্ট চিত্তে কি একটা পাঠ করিতেছে! সে যে আসিয়া ইদার পাশে দাড়াইয়াছে, ইদা তাহা জানিতেও পারে নাই। অসার উপস্থাস-শাঠে মাতার অসাধারণ অনুরাগের কথা জ্যাকের অবিদিত ছিল না—তাই সেদিকে জ্যাকের কৌতৃহল মোটেই উদ্রিক্ত হইল না! কিন্তু সহসা যথন ইণাজ্যাককে দেখিয়া বহিখানা লুকাইবার চেষ্টা করিয়া কহিল, "ওঃ, জ্যাক, তুমি! আমি এমন ভয় পেয়ে-ছিলুম! ভেবেছিলুম, কে এল!"

জ্ঞাক কহিল, "এটা কি পড়ছিলে তুমি,?"

"ও কিছু না, একথানা বাজে বই ়ু ভাল কথা—ওদের সব খপর কি, বল ত ় ডাক্তার রিভাল কেমন আছেন ? আর সেসিল ? তুমি সেসিলকে আমার ভালবাসা জানিয়েছিলে ত ?"

কথাটা বলিবার সময় ইদার গ-টা যে ছম্ ছম্ করিয়া উঠিল, তাহা জ্যাকের দৃষ্টি এড়াইল না। ইদা ব্ঝিল, জ্যাকের চোথে এখন ধূলা দিবার চেটা করায় শাভ নাই। জ্যাকের মনে একটা সন্দেহের সৃষ্টি হইয়াছে, নিশ্চয়! তাহার চেয়ে ব্যাপারটা প্রকাশ করিয়া বলাই সঙ্গত ব্ঝিয়া ইদা কহিল, "ও, এ বইখানা কি, তুমি জিজ্ঞাসা করছ! দেখ না—"

ইদা বইথানি জ্যাকের সন্মুথে টেবিলের উপর ফেলিয়া দিল।
চন্দচকে মলাট দেখিয়া জ্যাক নিমেষেই বহিথানা চিনিল। এ সেই
মাসিক-পত্র, যাহার প্রথম থণ্ডের সহিত সিদ্ম জাহাজে তাহার
পরিচয় ইইয়াছিল। এখন মাসিকথানির কলেবর অনেকটা
ক্ষীণ ইইয়া আসিয়াছে—পত্রের সংখ্যাও প্রথম খণ্ডের অর্ফেক।
ভিতরের কাগজও অত্যন্ত পাংলা, মলিন। যে সকল মাসিক-পত্রের
গ্রাহক জুটে না, অথচ প্রচারিত ইইতে যাহাদের বিন্দুমাত্র লজ্জা
বা ছিধা নাই, এখানি অবিকল তাহাদেরই দোসর। প্রবন্ধগুলিও
উদ্ভ বৈচিত্র্যে পরিপূর্ণ—ভ্রু একটা অবজ্ঞার হাস্ত উদ্রেক করে।
গুরু গঞ্জীর নামের আবরণে দান্তিক লেথকগণের অক্ষম লেখনীনিঃস্ত উচ্ছাস-গদ্গদ, যুক্তিহীন, অসার সামাজিক ও বৈজ্ঞানিক
সন্মর্ভে, এবং ছন্দ ও ভাবহীন কবিতায় পত্রিকার শীর্ণ কলেবর

ভবিয়া বহিয়াছে! হাক্সবদের এই অপূর্ব ভাণ্ডে হস্তার্পণ করিবার জন্ম জ্ঞাকের এউটুকুও আগ্রহ হইল না, কিন্তু সহসা ভাহার দৃষ্টি হটা-সরিবিষ্ট একটা বিষয়ের প্রতি আরুষ্ট হইল। বিষয়ট একটি কবিতা, নাম, "প্রতিজ্ঞা-ভঙ্গ"—তাহার লেখক, কবিবর আর্জান্তী স্বয়ং। কবিতাট এই,—

"কি ! বলিল ন∤ হায়, একটি বাণীও
 বিদায়-কংণ—
 পিছনে বায়েক চাহিলও ন∤ সে
 নয়ন-কোণে !

হারায়ে জনর--"

· हेडाामि ।

এমনই ভাবে ছুইশত ছত্র ব্যাপিয়া প্রাণহীন ছন্দের মালা দীর্ঘ অজগরের মতই গা মেলিয়া পড়িয়া আছে! পাছে শার্লং কবিতার মর্ম গ্রহণ করিতে না পারে, এ জন্ম প্রতিচারি ছত্রের শেষে শার্ম ভিশ্ব নাম উল্লিখিত ইইয়াছে! জ্যাক রোবে জলিয়া কাগজখানা সজোরে দূরে নিক্ষেপ করিয়া বলিল, "কি স্পন্ধা! তোনাকে এ কাগজ্ঞ পাঠতে তার সংক্ষাচ হল না!"

ইদার বুকটা ভাঁথ করিয়া উঠিল। একটা ঢোক গিলিয়া সে কহিল, "না, সে ত পাঠার নি! নীচেকার ঘরে আজ ছ-তিন দিন ধরে কাগজ্ঞধানা পড়েছিল। কে ফেলে গেছে, জানি-ও না।

মুহুর্ত্তের জক্ত কক্ষ নিশুর ইল। কাগজখানা কুড়াইয়া লইবার জক্ত ইদা কাতর হইয়া উঠিল, কিন্তু লইতেও তাহার সাহস হইতেছিল না। অবশেষে সে অভ্যমনস্কভাবে কাগজখানার নিকট দ্বীয়া ক্ষিত্র অগ্রসর হইল। জ্যাক তাহা লক্ষ্য ক্রিয়া কহিল, "ও কাগজ- খানা আবার তুমি পড়ছ! ফেলে দাও, ফেলে দাও; রেখো না। ও পছটা ভারী কদর্য্য, বীভংস।"

ইদা কহিল, "কৈ, আমার ত তা মনে হল না!" • "বল কি! এর কোণাও না আছে ভাব, না আছে মানে। একে তুমি কৰিতা বলং এ পুড়িয়ে ফেলা উচিত।"

"ল্যাক — "ইনার স্থন কাঁপিয়া উঠিক। ইনা কহিল, "মিছে তর্ক করে। না, জ্যাক। আর্জান্ত কেমন লোক, তার দোব-গুণ কি, তা আমি যেমন জ্ঞানি, এমন আৰু কেউ নয়। আমায় সে অনেক কট, অনেক বন্ধণা নিয়েছে, মার্ট্রন। আর মাসুষটার সম্বন্ধে আমি কিছু বলছি না, তবে মাসুষ এক, তার কবি-প্রতিভা আর — সম্পূর্ণ আলানা জিনিস। আর্জান্ত মাসুষ হিসাবে যেমন লোকই হোক না, তার কবিও যে অসাধারণ, তাতে সন্দেহ নেই! তার কবিতায় এমন একটা আবেগ আছে, তেজ আছে, যা ক্রান্সে আর-কারও কবিতায় নেই! যথাথই যাকে বলে আবেগ-কম্পন! এই আবেগ-কম্পন, মুদ্রের লোপায় ছিল, কিন্তু মুসের কবিতায় এমন মাধুর্য ছিল না। আর্জান্ত র "প্রেম-বিজ্ঞানে"র মত কবিতার বই করাসী ভাষায় আর নেই, বাদিও তেমন আর-একখানে বই আমি দেখিনি! কেন, এই প্রতিজ্ঞাভঙ্গ কবিতাটাই কি ফেল্না! চমৎকার! আহা, নারী চলে গেল! তার প্রিয়তমের সমস্ত প্রেম উপেক্ষা করে, তার পানে না চেয়ে নিষ্ঠ্রভাবে সে চলে গেল! সুন্দর ভাব!"

জ্যাক তীব্ৰ স্ববে কহিল, "কিন্তু এই নারী বে তুমি! তা বুঝছ না! তুমি যে-ভাবে চলে এসেছ, তা তুমি ভূলে গেলে?"

ইনা কহিল, "জ্ঞাক, এ কথা বলে আমায় অপমান করে। না তুমি। কবিতা কারও নিজের কথা নয়—এ আটের ঝাপার! এ বিবয়ে তোমার চেয়ে চর্চাও আমি করেছি, বিস্তর! আজাত আমার উপর যত অত্যাচারই করুক, সে যে একজন খুব উচু দরের কবি, সে সম্বন্ধে আমার মনে কোনদিন এতটুকুও সন্দেহ উঠবেনা। আমাদের দেশের শ্রেষ্ঠ সাহিত্যিকদের মধ্যে আর্জান্ত ও একজন। আজ দেশের লোক তাকে ব্রহে না—কিন্তু একদিন এমন সমম্বাসবে, যথন তার পরিচিত বন্ধর দল গর্ক করে বলতে পারবে যে, আমি কবি আর্জান্ত কোনতুম, তার সঙ্গে এক টেবিলে বসে থানা খেনেছি।"

কথাটা বলিয়া ইদা বাহিরে চলিয়া গেল। মাদাম লেভ্যাক্রের কাছে যাইয়া হুইটা গ্লাক করিয়া প্রাণের ভার ল্যুক্রিবে, ইহাই তাহার উদ্দেশ্য ছিল। জ্যাক কিয়ৎক্ষণ ধরিয়া জ্ঞানালার পাশে দাড়াইয়ারহিল; পরে একটি দীর্ঘনিয়্বাস ত্যাগ করিয়া টেবিলের ধারে আসিয়াবহি খুলিয়া বসিল। পাঠে মন লাগিতেছিল না—নানা চিন্তা, নানাকথা তাহার মাথার ভিতর রণোয়ত্ত সৈশুদলের মতই চলা-ফেরাকরিতেছিল। সহসা একটা পদশন্ধ তাহার কর্পে প্রবেশ করিল। জ্যাক অধীর আগ্রহে য়ারের পানে চাহিয়া রহিল। সল্পুণে একটা ছায়া পড়িল। জ্যাক উঠিয়া ছারের নিকট আসিল। এ কি—
স্বপ্ন! না—এ ষে শত্রু বয়ং আসিয়া উপস্থিত! আর্জান্ত জ্যাকের আপাদ-মস্তক শঙ্কায় শিহরিয়া উঠিল। সে কম্পিত স্বরে কহিল, "কে ?"

"আশচর্ব্য হয়ো না, জ্যাক। চন্কে উঠো না। আমি আর্জাস্ত", কবি আর্জাস্ত"।"

নির্দ্যম আঘাত! ক্রুর পরিহাস! অদৃষ্টের কি এ বক্র ইঙ্গিত! জ্যাক ভাবিরাছিল, ইদা বুঝি ফিরিয়া আসিলু! কিন্তু তাহা না হুইয়া এ কি—কে আসিল ?

শীকারকে আয়তের মধ্যে অতর্কিতভাবে দেখিলে প্রথম মুহূর্ত্তেই বাব যেমন একটা উত্তেজনায় সহসা চঞ্চল হইরা উঠে, জ্যাক ঠিক তেমন্ই চঞ্চল ছইয়া উঠিল। আজ তাহার চিরশক্ত তাহারই দাবে আসিয়া উপস্থিত। আজ জ্যাক উচ্চে, আজাস্ত নিমে! আজাস্ত জ্যাকের আয়তের মধ্যে। দাবের সন্মুখে দাঁড়াইয়া জ্যাক স্পষ্ট দৃঢ় সুবে জিক্তাসা কবিল, প্রথানে কেন তুমি ? কি চাও গুং

কবি আজাস্ত্র মূপথানা সহসা রক্তিম হইয়া উঠিল — মূথের কণা বাহির হইতে গিয়া বাধিয়া গেল। কটে বল সংগ্রহ করিয়া সে বলিল, "আমি ভেবেছিলুম, তোমার মা এখানে আছে।"

"হাঁ আছেন, এথানেই আছেন। স্থামি এখন তাঁর অভিভাবক
— তোমার সঙ্গে তাঁর দেথা-সাক্ষাং ঘটতে দেওয়া না দেওয়া আমার
ইচ্ছা। আমি তা ঘটতে দেব না।"

বিলবার ভঙ্গীতে কণাটায় এমন ঘ্রণা ও অবজ্ঞা বাজিয়া উঠিল যে আজান্ত তাহা লক্ষ্য করিয়া সৃষ্টিত হইয়া পড়িল। সে কহিল, "জ্যাক, আমাদের জ্জনের মধ্যে মস্ত একটা ভূল চলেছে! বরাবরই চলে আসছে। এগন ভূমি মামুষ হয়েছ, জীবনের গভীর উদ্দেশ্য বুঝুতে পেবেছ, স্কুতরাং এখন আর এ ভূলটুকু চলতে দেওয়া ঠিক নয়। এস, আমি তোমার হাতে হাত রেখে বলছি, আজ থেকে আর আমাদের মধ্যে কোন ব্যবধান থাক্বে না, আমরা ভ্রমন ভ্রমনের বন্ধ হব, সরল, আন্তরিক অক্পট বন্ধু—"

আর্জান্ত কৈ তাহার কথা শেষ করিতে না দিয়া জ্যাক কঠিন পর্বষ
• স্বরে কহিল, "এ প্রহসন অভিনয়ের কোন প্রয়োজন দেখছি না,
জামি। তুমি জামায় ঘুণা কর। আমিও তোমায় ততোধিক ঘুণা
করি।"

"—কিন্তু কতনিন ধরে আমাদের মধ্যে এ ভাব চলে আসছে, জ্যাক ?"

"কত দিন! বোধ হয়, প্রথম যে দিন তোমায় দেখি, সেইদিন

থেকেই। যাই হোক, সে সব কথার আলোচনায় কোন লাভ নেই।
আমার এ ঘুণা কথনই দ্ব হবে না! তুমি আমার শক্ত, চিরদিন
শক্রই থাকবে। তোমায়-আমায় বন্ধুত্ব অসম্ভব! আমার সারা জীবনের
অভিশাপ, আমার সব স্থাপর কটেক তুমি—আজ এসেছ কি না,
বন্ধুত্ব স্থাপন করতে। আমার লজ্ঞা, আমার ঘুণা, আমার সকল
তুদিশা, সকল তুভাগ্যের মূল তুমি—"

"কিন্তু শোন, জ্যাক—এতদিন যথার্থই আমরা পরস্পরের প্রতি একটা মিগ্যা আচরণ করে এগেছি। এখন বন্ধুত্বের একটা স্কুযোগ দাও। জানই ত, কবি বলে গেছেন, এ জীবন নহেক অপন। আমরা একটা ভাব নিয়ে ত বাস করতে পারি না—"

জ্যাক আবার বাধা দিয়া কহিল, "ঠিক বলেছ তুমি, এ জীবন
নহেক অপন। সভাই তাই। জীবন একটা সভা, ভীষণ কঠোর সভা!
আমার সময়ের দাম আছে। তোনার সঙ্গে বাজে তর্ক, বাজে গল্প করে
তা নই করতে পারব না। সংক্ষেপে আমার বক্তবা শেষ করি,
শোন। দশ বছর ধরে আমার মা তোমার বাদীগিরি করে.
এসেছে—বাদী কি—বাদীরও নিজের একটা অভন্ত অভিত্ব আছে,
আমার মার তাও ছিল না তিনি ছিলেন, যেন তোমার তৈজসের
মত। এ দশ বছর আমি যে কই সহ্ করেছি, তা আমিই জানি,
কিন্তু থাক্ সে কথা! তোমার কাছে এখন কাছনি গাইতে চাই না।
গাইতে ছাণা হল। এখন আমার মাকে আবার আমি ফিরে পেয়েছি
—তাঁর উপর এখন আমার সম্পূর্ণ অধিকার। যেমন করে পারি,
এ অধিকার এখন বজায় রাথব। তাঁকে আর তোমার কাছে
আমি যেতে দেব না—কিছুতেই না। কেন দেব তোমারই বা
তাঁকে আর কিসের প্রয়োজন তাঁরে মাধায় চুল আন্ধ শাদা হয়ে
গেছে—চোধের জল মুথে কালির ছাপ টেনে দিরেছে, যৌবনের সে

লাবণ্য সৰ কৰে গিয়েছে—তোমার বিলাসের থোরাক তিনি আর জোগাতে পারবেন না! এখন তাঁকে তোমার মনেও ধরবে না, আর। আজ তাঁর আর কেউ নেই—ভধু আমি আছি। তিনি আমার মা— ভধু মা, আর কারও কেউ নয়। আমার সেই মাকে আমি কাছে কাছে রাখব—ছাড়ব না, কিছুতেই ছাড়ব না।"

আজান্ত জ্যাকের ভাবটা সম্যক ব্রুদয়ঙ্গম করিতে না পারিলেও বলিল, "বেশ, তা তিনি তোমার কাছেই থাকুন। আমি শুধু একজন পুরোনো বন্ধুর মত তাঁর সঙ্গে দেখা করতে এসেছি। যদি আমার ধারা কোন উপকার হয়—"

"কিছু না—কিছু না—কোন দরকার নেই। আমার একলার পরিশ্রমই চূড়োন্ত। সব অভাব তাতে মিটে বায়—কিছু বাকী থাকে না।"

আব্দান্ত কৈ হিল, "তোনার কিছু অহলার হয়েছে, দেণছি, জ্যাক। আবােগ ত কৈ তুমি এমন কড়া কথা বল্তে পার্তে না!"

— "ঠিক বলেছ, কবি আর্জান্ত"। যদি বুঝে থাক, তবে এটুকু আরও জেনে রাথ যে, আমার বাড়ীতে অনেকক্ষণ তোমায় বরদান্ত করেছি, আর করব না। এখন শোন তুমি, সহজভাবে যদি বিদায় না নাও, তাহলে মানে মানে তা পাবে বলে আমার ভরসা হয় না। কারণ এথানে তোমার হাজির থাকাটা আমার সহের সীমা অতিক্রম করেছে; বুঝলে ?"

জাকের কণ্ঠস্বরে এমন একটা অমামূষিক তীব্রতা, দৃষ্টিতে এমন তেজ বিকীণ হইতেছিল যে তাহার কথার উত্তর দিতেও আর্জান্ত ব আর সাহস হইল না। সে দিতীয় বাক্য ব্যয় না করিয়া ধীর পদে নীচে নামিয়া গেল। যতক্ষণ তাহার জুতার শব্দ শুনা গেল, জ্যাক উৎকর্ণভাবে তথার দাঁড়াইয়া রহিল। পরে সে শব্দ নিলাইয়া গেলে জ্যাক আপনার কক্ষে আসিয়া বসিল; আসিয়া নেখিল, ইদা একটা চেয়াবে বসিয়া আছে; তাহার কেশরাশি বিস্তম্ভ, চক্ষু অস্বাভাবিক রাঙা। ইদা কাদিতেছিল।

জ্যাককে দেখিয়া চৌথ মুছিয়া ইণা কহিল, "আমি এখানে বদ্ধে সব কথা শুনেছি, জ্যাক, সব কথা, ষে, আমি বড়ো হয়ে গৈছি, বে আমি—"জ্যাক মাতাৰ পাৰ্যে দাড়াইয়া তাহাৰ হাত আপনাৰ হাতে তুলিয়া লইল। শবে মাতাৰ পানে তীক্ষ দৃষ্টিতে চাহিয়া সে বিলিল, "এখনও সে বেশা দ্ব যায়নি—ডাকৰ তাকে, বল ?"

হাত ছিনাইয়া লইযা দাড়াইয়া উঠিয়া জ্যাকের স্বন্ধে মাথা রাথিয়া ইদা কহিল, "না. না, জ্যাক—ভূমি ঠিক বলেছ। আমি ভোমাব মা, গুধুমা, আর কাবও কেউ নই আমি, কিছু হতেও চাইনে আর।"

এই ঘটনাৰ কয়েক দিন পৰে এক বাত্তে ডাক্তার রিভালকে জ্যাক এক দীর্ঘ পত্র লিখিতে বসিল। সে লিখিল,

"আমাৰ বন্ধু, আমাৰ পিতা, আমাৰ গুৰু, আমাৰ সৰ কৰ্ত্তৰা শেষ হইয়া গিয়াছে। মা চলিয়া গিয়াছে, তাহাৰই কাছে গিয়াছে! সে যেন একটা ভীষণ চক্ৰাস্ত। কিন্তু না, সে জন্তু মাৰ কোন লোষ দিই না—কুৎসাৰ আশ্ৰয় লইতে সেইজন্তুই আমি এত নাৰাভ।

"কাহারই বা দোষ দিব ? ছেলেবেলায় এক কাফ্রীর ছেলে ক্ষুণে আমার সঙ্গী ছিল। সে বলিত, "গরিব হতভাগাব দল যদি একটা দীর্ম-নিশ্বাসও না ফেলতে পেত ত দম বন্ধ হয়েই তারা মরে যেত।" কথাটার 'অর্থ আজ্ব যেমন ব্ঝিতেছি, পূর্বেক কোনদিন এমনটি বৃঝি নাই। আজ্ব যদি আপনার কাছে এ তপ্ত শ্বাস ফেলিতে না পাইতাম, সব কথা খুলিরা বলিতে না পাবিতাম, তাহা হইলে বুকের এ অসহ ভাবে আমি বোধ হয় মরিয়া কাইতাম! ছর্বহ এ ভার! রবিবার পর্যাস্ত আমি আর অংশেকা করিতে পারিব না—সে এখনও অনেক

দেরী। কিন্তু সেদিলের সহিত কোন্ মুখেই বা এখন আমি দেখা করি ?

"আপনাকে বলিয়াছিলাম আজার্ত্তর সহিত আমার দেখা **इট্রাছিল—তাহার সহিত স্পষ্ট সব বুঝা-পড়া করিয়াছিলাম। ट्रिल्न इटेंट्ड गांत मूर्य ज्यात हागि ट्रिय नाटे, त्रियाहिलाम,** তাছার মনে এতটক শ্বপ নাই, সাঞ্চল্য নাই। মন অহনি শ त्महेशात्महे पुतिश्रा त्व्फांकेटङ्ख् । इल्लंग मात्री कि कतिश्रा मन वांधित— তথাপি মনকে বাধিবার জন্ম মা যে রীতিক্লত একটা চেষ্টা করিতেছিল, ভাহাও আমি লক্ষ্য করিয়াছিলাম। এই 🖚 ই আমি এ বাসাবদলাইবার C6ষ্টায় ছিলাম, যদি স্থান-পারবর্তনে ননা কিছু শাস্ত হয়! মার উপর দিটিও বেশ স্ত্রক রাথিয়াছিলাম, বাসা । ঠিক হইয়াছিল। এ বাসা মার পছল ছিল না। চারিধারে ছোটলোক ও কারিকরের বাস-নতন বাসার কথা মাকে জানাই নাই! গোপনে সব ঠিক ক্রিয়াছিলাম। বাদা নৃতনভাবে দৌধীন রকমেই দালাইতেছিলাম। ্সব ঠিক হইয়াছিল, ভাবিয়াছিলাম, একেবারে মাকে সেধানে বেড়াইবার চলে লইয়া গিয়া সমস্ত ব্যাপার থুলিয়া বলিব। আক্সিকভার জন্ত মার মনটা খুবই উচ্ছ সিত হইয়া উঠিবে—তাহারও ফল মনদ দাড়াইবে না। ক্রনিকনেরও নিমন্ত্রণ করিয়াছিলাম।

"আমি ন্তন বাসাতে গিয়া বেণিগেয়ারকে পাঠাইয়াছিলাম, মাকে লইয়া আসিতে। সন্ধার প্রওমা আসিল না, বেণিসেয়ারও ফিরিল না। আমি অস্থির হইয়া উঠিলাম। শেবে অধীরভাবে নিজেই সন্ধান লইতে ঘাইব স্থির করিতেছি, এমন সময় বেণিসেয়ার ফিরিয়া আসিল— একা, সঙ্গে মা নাই। বেণিসেয়ার আমার হাতে মার চিঠি দিল! ছোট একথানি চিঠি—তথু লেখা আছে, আর্জান্ত সভান্ত অস্থ, এ সময় ভাহাকে না দেখিলে ধর্ম থাকিবে না, এইক্রাই হঠাৎ তিনি পারি বাইতেছেন; আজান্ত সারিলেই আবার ফিরিয়া আসিবেন। জন্তথের কথাটা আমার থেয়ালে আসে নাই, নহিলে আমিও নিজে অস্থের ভাণ করিয়া বিছানায় পড়িয়া থাকিতাম। তথন চুইজনকে লইয়া মার মনে একটা হল্ চলিত।

"সে পাপিঠ খুব ফন্দী বাহির করিয়াছে। সতাই কি তাহার সম্বাং না, কথনই নয়—এ ৬ ধু সে একটা ফাদ পাতিয়াছে। থদি অম্বাং সতাই হর ত পূর্বেকার নত, আপনি বেমন এতিয়ালে দেখিতেন, তেমনই! তবু মা এ কথা বিশ্বাস কারল! আমার অম্বাং ইংলাকি মা এতটা করিত ং আমার সন্দেহ হয়। আজান্তার সঙ্গে আমার যুদ্ধ চলিয়াছিল—আজ সে জয়া হইয়াছে, আমার সব কৌশল সেবার্থ করিয়া দিয়াছে। আজ আমার স্বাভীর পরাজয়—নিচুর পরাজয়!

"আর সেই নারী—আমার মা! কি নিচুর তার হৃদয়, কি পাষাণে তার প্রাণটা গড়া! আমার কথা একবারও সে ভাবিল না! আমার এ নীরব নির্জ্জন সাধনার মথ্য তাহার মনে একবারও ঠাই পাইল না ? আশ্চর্যা! অথচ এই নারী, আমার মা— এই নারীর গর্ভে আমি জ্যিয়াছি!

"আমি এথানে আর একদণ্ডও থাকিতে পারিতেছিনা। চারি-ধারে বাতাদ অবধি তপ্ত হইরা উঠিয়াছে। নিখাদ লওয়া বায় না। আমি আপনার কাছে বাইতে চাই—আমায় দাস্থনা দিন, জ্যাশ্বাদ দিন, নহিলে আমি পাগল হইয়া বাইব। আমার এত দাব, এত করনা, এত আশা, দব ভালিয়া চুর্ণ হইয়া গেল—ধূলায় লুটাইল!

"এখন আমার ওধু একটি অনুরোধ আছে, এ চিঠি আপনি পড়িয়া ভি'ডিয়া কেলিবেন—সেসিলকে দেখাইবেন না। সে দেখিলে আমার আব লজার দীমা থাকিবে না। এ কথা শুনিলে আমার ভালবাসাতেও সে সন্দেহ করিতে পারে। হয়ত সে আর আমায় ভাল না বাসিতেও পারে। যদি এমন হার্দ্দন আসে, আমার ভর হয়, হাহা হইলে আমার দশা কি হইবে। সেদিল ছাড়া এথন আমার আর কেহ নাই। তার প্রেমে, তার স্নেহে আমার সকল হঃথ দূর হইবে। আজ এ শৃত্ত ঘরে বিদিয়া শুধু ভাবিতেছি, "সেদিল। আমার সেদিল। এই সেদিল যদি আমায় ত্যাগ করে ?" সে কথা ভাবিতেও পারি না। জগতে আসিয়া কেবলই প্রতারিত হইতেছি—সকলের উপর বিশ্বাস হারাইয়াছি, একমাত্র শুধু সেদিলের উপরই বিশ্বাস আছে। সেই সেদিল,—সে-ও যদি আমায় ত্যাগ করে ? না। তাহা কথনও হইতে পারে না। সে নিজে আমায় আখাস দিয়াছে—সে আখাস কথনও সে ভাঙ্গিবে না। সেমিল দেনী—জগতের জীব নয়। সেদিল আমাকে কথনও ত্যাগ করিবে না, ইহা আমি জব জানি। আমার এ বিশ্বাস চিরদিন জটুট পাকিবে, সন্দেহ নাই।"

অফ্টম পরিচ্ছেদ

পরিবর্ত্তন

মা ফিরিয়া আসিবে, এ আশাটুকু জ্যাক সহজে ত্যাগ করিতে পারিল না। কতদিন সকালে সন্ধ্যায় এবং নিস্তব্ধ নিশীথে বইয়ের পাতায় মনটাকে অতিরিক্তভাবে ঢালিয়া দিয়াও সহসা সে চমকিয়া উঠিত, ঐ বুঝি মা আসিল! ঐ যে তাহার পায়ের মৃছ ধ্বনি! পোষাকের সতর্ক ধৃষ্ধস্ শক্টা না ঐ শুনা যাইতেছে! অধীর আগ্রহে সে প্রতীকা করিত, কথন্ আসিয়ামা ডাকিবে, "জ্যাক !" কিন্তু হায়, কোপায়মা ?

কদিকদের গৃহ হইতে ফিরিবার সময় সে ভাবিত, আজ নিশ্চয় বরে ফিরিয়া সে দেখিবে, মা আদিয়াছে! রবিবার রাত্রে এতিয়োল। হইতে ফিরিবার পথে মন তাহার ত্রস্ত বোড়ার মতই অন্তির হইয়া উঠিত, গাড়ী বড় ধীরে চলিতেছে! কতকলে বাড়ী পৌছিয়া সে মার মুখের কথা শুনিতে পাইবে! কিন্তু এ আশা নিত্যই তাহার ব্যথ হইত। মা আসিল না, আসিবার লক্ষণ্ড কিছু দেখা গেল না।

মাকে সে চিঠি লিখিয়াছিল, "তোমার এখানে থাকিতে কট হয় বলিয়া আমি নৃতন বাড়ী ভাড়া লইয়াছি। বাড়ীখানি একণারে সহরের প্রাস্তে—পল্লীটিও বেশ শাস্ত, নীরব। ঘরগুলি তোমার মনের মত ফুলর করিয়া সাজাইয়া রাখিয়াছি। তোমার যথন ইচ্ছা হইবে, তুমি কিরিয়া আসিরো।" কিন্তু সে চিঠির কোন উত্তর আদিল না। ইদা জ্যাককে একথানিও চিঠি লিখে নাই! জ্যাক ভাবিত, এ বিচ্ছেদ তবে চিরদিনের জ্যুই! কি দারুণ, নির্মুম, এ বিচ্ছেদ।

জ্যাকের বেদনার সামা ছিল না। মাতার হস্ত যে বেদনা দান করে, বিধাতার নিজুর অবিচারের মতই তাহা আসিয়া বৃকে বাজে—
নিতাস্তই তাহা অনৈসার্গক বলিয়া মনে হয়। কিন্তু সেদিলের যেন দৈবশক্তি ছিল। এ দারণ বেদনা-উপশমের মন্ত্র সেজানিত, তাহার হাসির কিরণে সকল কট্ট জ্যাক নিমেয়ে ভূলিয়া যাইত। সেদিলের মিট্ট কথায় কি আশ্বাস, দৃষ্টি হইতে কি মুধা বে ক্ষরিত হইত, ভাগ্যদেবীর হস্ত নিজেপ্ত অনল-বর্ষী শরগুলা তাহার কাছে নিতাস্তই ব্যর্থ হইয়া ক্ষরিত। ইহার উপর জ্যাকের ছিল, অক্ষশ্র অবিরাম কাজ,—
যাহার কঠিন গামে ঠেকিয়া বিশ্বের সমস্ত কঠোর হৃঃথ, গভীর বেদনাও ঠিকরিয়া চুর্ণ হইয়া যায়। এই কাজই হুর্ভাগা জ্যাককে দারুণ হুদ্দিনে

আপনার বিরাট দেহাবরণে ঢাকিয়া তাহার ছঃথ ভুলাইতে সক্ষ হইয়াছিল।

যতদিন মা কাছে ছিল, সম্পূর্ণ অনিচ্ছা ও সতর্কতা-সত্ত্বেও কত দিন সে জ্যাকের পড়া-শুনায় অকারণ ব্যাঘাতের স্পষ্টি করিয়াছে। তাহার অপূর্ব্ব থেয়াল, বিচিত্র সথ জ্যাকের গ্রন্থ-নিবিষ্ট চিত্রকে কত বার আসিয়ানাড়া দিয়া গিয়াছে। বিশ্ব নিবারণ করিতে গিয়াও কত দিন ইদাকত বিশ্ব বটাইয়া তুলিয়াছে। এখন সেই মাকাছে নাই,—জ্যাক তাই বইয়ের পাতায় আবার অতিরিক্ত মন:সংযোগ করিয়া অতীত দিনের সমস্ত অবহেলা-ক্রটি সারিয়া লইতে উলোগী হইল। প্রতি রবিবার যখন সে এতিয়ালে আসিত, ডাজার রিভাল ভাহার পাঠের পরীক্ষাগ্রহণ করিতেন। পরীক্ষালইয়া সহজ্বেই তিনি ব্যিতেন, জ্যাকের জ্ঞান বেশ পরিপক্তা লাভ করিতেছে। আর একটি বৎসর মাত্র— ভাহার পরই একটা পরীক্ষা দিয়া জ্যাক উপাধি লাভ করিতে সক্ষম হইবে, চিকিৎসার ব্যবসায় আরম্ভ করিয়া দিবে—ভাহার সকল হংগের অবসান হইবে।

উপাধি-লাভের সম্ভাবনা! জ্যাকের প্রাণের ভিতর হইতে একটা অসহ উল্লাস যেন সাড়া দিয়া উঠিল! উপাধি! লোহার হাতুড়ি পিটিয়া নীচ জ্বত্য কারিকরগুলার সাহচর্য্যেই যাহার জীবনের দিন কাটিয়া যাইতেছে, সেই জ্যাক ডাক্তার হইবে! সম্ভান্ত স্মাজে আবার তাহার জ্ব্য স্থাসন মিলিবে! ইহা কি সম্ভব, ভগবান!

বাসায় ফিরিয়া বেলিসেয়ারের নিকট জ্যাক যথন ডাক্তার রিভালের আশার কথা খুলিয়া বলিল—বলিল যে, আর এক বংসর পরেই সে ডাক্তার হইবে, তথন সেই নিরীছ টুপিওয়ালার বুক্থানা গর্মেছিল। জ্যাক ডাক্তার এবং বেলিসেয়ার ভাহার বন্ধু!

গাড়ী চড়িয়া জ্যাক পাড়ায় পাড়ায় বোগী দেখিয়া বেড়াইবে —

অসংখ্য আত্র নর-নারী তাহাদের স্বাস্থ্য ও প্রাণের জন্ম জ্যাকের করণার ভিধারী হইলা তাহাকে ঘিরিলা দাড়াইবে—কি স্থলর স্বর্গীর সে দৃশ্য! বেলিসেয়ার মুহুর্তের জন্ম করনা-নেত্রে ভবিষ্যতের সে স্থমধুর চিত্রথানা একবার দেখিয়া লইল! জ্যাকের প্রতি শ্রদ্ধাণ্ড তাহার সেদিন হইতে অনেকথানি বাড়িয়া গেল।

ভাকোর বিভাগ ছাত্রের জ্ঞানবৃদ্ধি ইইতেছে দেখিয়া আননিত হইবেও তাহার শরীবেব অবস্থা দেখিয়া তিনি শিহরিয়া উঠিবেন। কয় মাসের অতিরিক্ত প্রিশ্রমে জ্যাকের দেহ ভাঙ্গিয়া পড়িয়াছিল। তাহার সেই পুরাতন কাশিট্কু আবার দেখা বিয়াছে, চোথের সেনাপ্তি কোপায় গিয়াছে। চোথ কোটবে ত্কিয়াছে, কঠের নীচে হাড় তইখানা ঠেলিয়া উঠিয়ছে। মধ্যে মুগে যে একটু লাবণা ফিরিয়া আসিয়াছিল, তাহাও আবার কোপায় অস্ত্রিত হইয়াছে। সায়া দেহ কেমন কাগজের মত সালা হইয়া গিয়াছে।

ডাক্তারের লগাটে একটা চিন্তার রেথা পড়িল। জ্যাকের তথ্য হাতথানা আপনার হাতে ধরিয়া তিনি কহিলেন, "এ তুমি ভাল। কচ্ছ না, জ্যাক। শরীরটার দিকে মোটেই মন দিচ্ছ না। খাটুনি খুব পড়েছে, তার উপর তোমার মনের অবস্থাও এখন ভাল নয়। পড়ার ঝোঁকটা কিছু কমাও—না হয়, আর এক বছর বেশী সময় লাগবে, তাতে কি! শরীরটাকে আগে রাখা চাই ত! সেদিশও কিছু কোধাও পালিয়ে যাচেছ না।"

না। সেসিল যে পলাইবে না, এ কথা সত্য! জ্যাক তাহা ভাল করিয়াই জানে। বরং তাহার প্রতি সেসিলের অফুরাগ-যদ্ধ ইলানীং বাড়িরাছে। ইহার পূর্বে সেসিল কথনও জ্যাকের সমুথে ক্ষেহ, প্রেম, করুণা ও সহামুভ্তিতে পরিপূর্ণ হৃদয়-পাত্রটি এমন করিয়া কানায় কানায় ভরিয়া ধরে নাই! সে পাত্রের স্বিশ্ব মধুর রস জ্যাক এখন প্রচ্বভাবে পান করিতে পায়! তাহার মত উপেক্ষিত
ফুর্জাগার জন্ত পৃথিবীতে এত স্থখ সঞ্চিত থাকিতে পারে, ইহা সে
কখনও পূর্বে ধারণা করিতে পারে নাই! সেসিলের এই জ্যাচিত
কুরণার অজন্ত ধারায় স্নান করিয়া সে এক অপূর্বে বলে বলীয়ান
হইয়া উঠিল। কোন পরিশ্রমই তাহার কাছে আজ অতিরিক্ত বা
অসহ্য বলিয়া বোধ হয় না। অনর্গল খাট্য়াও এতটুকু ক্লান্তি কোনদিন নে অস্কত্ব করে নাই। আরাম, নিদ্রা, এ সব কথা সে
ভূলিয়াই গিয়াছিল। সারা দিন-রাত্রির মধ্যে সতেরো ঘণ্টা কাজ
ও পড়াগুনা লইয়াই সে বাস্ত থাকিত—তাহার জন্ত এতটুকু অহাছেন্দা
নাই! ইসেনডেকের তপ্ত কারখানায় শারাদিন যে লোহার মৃত্রর
তাহাকে পিটতে হইত, তাহাও তাহার কাছে লেখনীর মত হারা
বোধ হইত।

মাহুবের দেহে এত শক্তি থাকিতে পারে—জ্যাক তাহা বুনিত না। বৃদ্ধের মত সে যেন কঠোর সাধনার রত ছিল। ইইলাভের জ্ঞতাতেমনই অক্লান্ত তপ! দেহের কপ্ত ? সে কথা ভাবিবার অবসরও তাহার ছিল না। দীণ গৃহের জাণ দার-জানালা—তাহার মধ্য দিরা অক্সা হিম আসিতেছে—সে হিমে আগুন জালাইয়া লইবারও অবসর নাই—গুধু পড়া, পড়া, পড়া! তাহার পর দিনের আলো দীগু কিরণে ফুটিয়া উঠিলে কোনমতে মুখে কিছু আহার গুঁজিয়া কার-খানায় ছুটিতে হয়। সেথানে গুধুই কাজ, কাজ, কাজ—তাহার পর ছুটি হইলে দ্রুত গৃহে ফিরিয়া আবার সেই বই লইয়া বসা। এতটুকু বিলাস নাই, আরাম নাই, আমোদ নাই! হুইটা খোস-গ্রা ? না, তাহারও সময় নাই! কবে এই এক বৎসর পূর্ণ হুইবে—উপাধি মিলিবে তপস্থার বিরাট ফল করায়ত ইইবে! তথন আরাম, তথন বিলাস, তথন গ্রা—সবই হুইবে। এখন নয়। বাহিরে ক্রম্ব

শীতের শেষে বসম্ভ আসিল, আবার বসম্ভকে ঠেলিয়া গ্রীম আসিয়া দেখা দিল, এ সকলের সন্ধান রাখিবারও জ্যাকের মুহুর্ত অবকাশ ছিল না! এ যেন সেই প্রাচীন কালের আগ্য ঋষির একনিষ্ট সাধনা। অমিত-তেজা বিখামিতের বিবাট উগ্র তপস্থা।

এমনইভাবে জ্যাকের যথন দিন কাটিতেছিল—রিভালের পুনঃ
পুনঃ নিদেধ-সত্ত্বও এ সনাতন নিয়মে এতটুকু সে ক্রটি ঘটিতে দেয়
নাই, তথন সহসা একদিন কারখানা হইতে বাসায় ফিরিয়া সে
রিভালের এক পত্র পাইল। তাহার বৃক্টা প্রক্ করিয়া উঠিল।
দারুণ উদ্বেগে সে পত্র খুলিল। মাথাটাও দপ্ দপ্ করিতেছিল।
পত্রে শুধু একটিমাত্র ছত্র। বেখা আছে,—

"কাল এথানে মাসিয়ো না, জ্যাক। এক সপ্তাহ আমরা এথানে থাকিব না।

রিভাল।"

সেদিন শানবার। এতিয়োলে যাইবে বলিয়া জ্যাকের সর্কোৎকৃষ্ট জামাটি ইক্সি করিয়া মাদাম বেলিসেয়ার স্বেমাত্র তথন জ্যাকের কক্ষে প্রস্তান মুখে আসিয়া দাড়াইয়াছে। আসিয়া জ্যাকের মুখের ভাব দেখিয়া তাহার সে প্রস্তান ভাব অন্তহিত হইল। হাতের জামা হাতে রাখিরা চমকিয়া সে দাড়াইয়া পড়িল।

জ্যাকের বুকের মধ্যে দারণ ঝড় উঠিল কেন এ পত্র ? ডাক্তার কোথায় ঘাইতেছেন ? সেদিল সব কথা খুলিয়া লিখিল না, কেন ? সে কেমন আছে, তাই বা কে জানে! হঠাং এ সঙ্কল কেন ? গুধু একটি মাত্র ছত্র! আর কিছু খুলিয়া বলিবার ক্রয়েজন নাই ? কেন ? কেন ? সহস্র আকুল প্রশ্ন তাহার অন্তরের মধ্যে হ-চ্ ক্রিয়া গর্জিয়া উঠিল। জ্যাক ভাবিল, কাল বেধি হয় সেদিলের পত্র আদিবে, তাহা হইতে দকল রহস্তই তথন জানা যাইবে। কিন্তু পরদিন কোন পত্র আদিল না। দেদিল বা ডাক্তার, কাহারও নহে। দারা সপ্তাহ রেরিয়া জ্যাক চিঠির আশার অধীরক্তাবে পথ চাহিয়া রহিল, তবু কোন চিঠি আদিল না। ভয়ে ও ভাবনার তাহার চেতনালোপের উপক্রম হইল। কেন চিঠি আসে নাং কি হইয়ছে ং কিং কিং মনকে বারবার প্রশ্ন করিয়াও জ্যাক এ দমস্তার এতটুকু সমাধান করিতে পারিল না। বেচারা, বেচারা জ্যাকং সহসা তাহার জীবন-আকাশে আবার এ কি কালো মেঘের উদয় হইল। এ মেঘের আড়ালে পড়িয়া বেচারার এত সাধের, এত আশার সংগ্রেথিত আলোক-রেখাটুকু একেবারেই যে ঢাকিয়া যায়। একটা দারণ শক্ষার তাহার অন্তরের মধ্যে করণ হাহাকার গুমরিয়া উঠিল।

ডাক্তার রিভাল বা সেদিল সেদিন গৃহেই ছিলেন। সহসা সেদিন সেদিলের মুথ হইতে বাজের মত যে নির্ন্ন কণাটা বাহির হইয়াছে, তাহার আকল্পিক আবাতে জ্ঞাক পাছে একান্ত অভিভূত হইয়া পড়ে, এই ভরেই ডাক্তার তাহাকে কিঞ্চিং অবসর দিবার করনা করিয়াছিলেন। সঙ্গে সঙ্গে তাঁহার মনে এমন আশাও একটু ছিল, ইতিমধ্যে সেদিলের এ মত হয়ত আবার পরিবর্তিত হইতে পারে। এ যে একেবারে অপ্রত্যাশিত! ডাক্তার নিজেও ইহার জন্ত এডটুকু প্রস্তুত ছিলেন না! ইহা কি সম্ভব হইতে পারে যে সেদিল জ্যাককে পরিত্যাগ করিবে—ভাহাকে বিবাহ করিকে না ? বিশেষ তাহাকে এত দিন ধরিয়া এতথানি আশা দিবার

সেদিলের মুখখানা সেদিন অত্যক্ত বিষয় দেখিয়া ডাক্তার কারণ-

অমুসভানে ব্যস্ত হইলে সেসিল কহিল, "ক্সাক এ রবিবার এখানে আসবে ?"

ডাক্তার কহিলেন, "তা ত আসবে—কিন্ত সে কথা হঠাৎ যে।" সেসিল কহিল, "কারণ আছে। আমার ইচ্ছা নয়, সে আর আসে।"

ডাক্তার স্তম্ভিত হইলেন। এ কি আবার নৃতন কথা। নৃতন থেয়াল। তাঁহার মুগে সহসা কোন কথা যোগাইল না। সেসিল আবার কথা কহিল—তাহার স্বর কাঁপিতেছিল। সে কহিল, "এখানে যেন মার কথনও সে না আসে!"

ডাক্তার স্তম্ভিতভাবে কহিলেন, "কেন ? কি হয়েছে, সেসিল ?" "না, সমার তা ইচ্চা নয়!"

"তোমার ইচহা নয়! কেন, হঠাৎ হল কি ? কগড়া না∷ অভিমান ?"

"না দাদামশায়, ঝগড়া কি অভিনানের মত ছোট কণা নয় এ !"

"কি তবে কারণ, শুনি।"

"গুরুতর কারণ আছে, খুব গুরুতর কারণ! আমি ভেবে দেখলুম, আমাদের এ বিয়ে হতেই পারে না—"

"কোন্ বিয়ে ?"

"এই আমার সঙ্গে জ্যাকের বিয়ে।"

"সে কি!"

"হাা। এ বিয়ে হতেই পাবে না, দাদামশার। না, এ: একেবারে অসম্ভব।"

· "কেন ?"

"আমার ভূল হয়েছিল। এ বিয়ে—আমি ঠিক বৃকতে পারিনি-ংকাগে। আমি জ্যাককে ভালবাসি না।" "ভাগৰাস না? সে কি কথা, সেরিল? বুঝেছি, ছজনে ঝগড়া হয়েছে,—নিশ্চয়! আমায় খুলে বল্দেখি, ভাই—বুড়ো হলেও তোদের এ ঝগড়াটুকু মিটিয়ে দেবার সামর্থা অবধি যে আমি হারিয়ে ফেলেছি, তা ভাবিসনে দিদি। লক্ষীট, কি হয়েছে, বল্! আমি সব মিট মাট করে দিছিছ়। দেখু।"

"না দাদামশার, এ তা নয়। সত্যি বলছি, আমি তামাসা করছি না! ছেলে-মাস্থানি ঝগড়া-ঝাঁটির কথা নয়, এ। জ্যাককে আমি বোনের নত ভালবাসি—অক্তভাবে নয়! এখন তা বৃঝতে পেরেছি। অবগু অক্ত রকম বাসবার চেট্টা কচ্ছিলুম, কিন্তু পারলুম না—। জ্যাক আমার ভাই, আমি ভার বোন। তাকে অভ রকম ভাবা আমার পক্ষে মোটেই সম্ভব ময়, দাদামশায়।"

সহসা পথে সর্প দেখিলে পথিক যেমন চমকিয়া উঠে, ডাক্তার সেইরূপ চমকিয়া উঠিলেন। কন্তা মাদ্লীনের কথা তাঁহার মনে পড়িল—সেসিলের মার কথা। তিনি সেসিলকে কহিলেন, "এ সবের মানে কি ? তবে তুমি আর কাকেও ভাল বেসেছ বৃথি ?

লজ্জায় সেদিলের মূথ রাঙ্গা ইইরা উঠিল। ঘাড় না তুলির। কম্পিত অথচ দৃঢ় ধরে সে কহিল, "না, না, তা নয়। আর কাকেও আমি ভালবাসি না—বাসবও না, কথনও। আমি বিয়ে করব না, দাদাসশায়, এই শুধু আমার কথা।"

' ডাক্তার সেদিলকে বহু প্রশ্ন করিলেন—কিন্তু তাহার শুধু সেই এক উত্তর, "আমি বিয়ে করব না, দাদামশায়, বিয়ে করবই না।" স্বর তাহার যেমন দৃঢ়, তেমনই স্থির, স্মচঞ্চল!

 বে কাহারও অজানা নাই! এখন সেসিলের এ আক্সিক নুত্ন সঙ্গলে নিন্দুকের বসনায় লক্ষ কুৎসা নিমেষে উচ্চ সিত হইরা উঠিবে! বৃদ্ধ বয়সে তাঁহারও গ্লানির সীমা থাকিবে না! আর বেচারা জ্যাক! এ সংবাদ ছুরির ফলার মত তাহার বুকে বাজিধে যে! আগুনের মত প্রাণটাকে তাহার পুড়াইয়া ছাই করিয়া দিবে! তাহার শেষ সম্বল, শেষ আশাটুকু সেসিল এমন নিদুরভাবেই চুণ করিয়া দিবে! কেন ৪ কেন ৪ কি তাহার দোষ ৪

সেসিলের অন্তরেও কে বেন তীক্ষ ছুরির আঁচড় টানিতেছিল।
ননের ভাব সে আর সামলাইতে পারিল না। তাহার হুই চোর্থে
অঞ কুটিল। ডাক্তার তাহা লক্ষ্য করিয়া সেশিলের হাত্র
আপনার হাতের মধ্যে চাপিয়া ধরিলেন। কম্পিত হুরে ডাকিলেন,
"দিদি—"

"দাদামশায়—"সেদিল বৃদ্ধের বৃকে মুথ ঢাকিল। সামেহে সেদিলের মুথ তুলিয়া রিভাল কহিলেন, "দেদিল, দিদি, শোন—চট্ করে এমন একটা সঙ্কল্ল করে ফেলো সা। আরও কিছু দিন না হয় ভোবে দেথ—জ্যাককেও না হয় আমি সে কথা বলি। তার প্র—"

"না দাদামশায়, তা অসম্ভব, একেবারেই অসম্ভব! আমি ভেবেছি, ঢের ভেবেছি। এ কথা জাককে এখনই জানানো উচিত, একটুও দেরী করা নয়! আমি জানি, এ কথা শুনলে বুক তার ভেঙ্কে বাবে—তার—"সেদিলের স্বর বাধিয়া যাইতেছিল। নিখাস কেলিয়া দেদিল আবার বলিল, "দে বড় কট্ট পাবে—সভিটই তার শেষ আশা নির্মূল হয়ে বাবে, দাদামশায়, হয়ত সে সম্ভ করতে না পেরে পাগল হয়ে বাবে, মরে বাবে—" সেদিল ফোঁপাইতে লাগিল। ভাক্তার আপনার বুকের মধ্যে আবার তাহার মুখখানি চাপিয়া ধরিলেন। তাঁহারও চোণে জল আসিয়াছিল। তিনি ডাকিলেন, "সেসিল—"

মূথ তুলিয়া দেদিল কহিল, "কিন্তু যতদিন এই আশা নিয়ে দে বাল পাকবে, ততই তার কষ্ট বাড়বে বই আর কিছু হবে না। আমারও ইচ্ছা নয়, মিথো আশা নিয়ে সে ঘুরে বেড়ায়। তাকে আমি মিথো আশায় ভূলিয়ে রাখতে চাইনে, দাদামশায়, তাহলে তার দঙ্গে বিশ্বাস্থাতকতা করা হবে—ভাষী নিঠুর বিশ্বাস্থাতকতা।"

ভাক্তার রিভালের রাগ হইল ! রুষ্ট বরেই তিনি কহিলেন,
"ভবে কি এখনই তাকে সাফ জবাব নিয়ে দেব—সাফ জবাব—
যে, জ্যাক, তুমি অগুত যাও—সেদিল ছোমায় চায় না—কোনদিন
সে চায়ও নি—তুমি ভূল বুঝেছিলে ? চুপ করে রইলে কেন ?
বেশ—তাই হোক ! কিন্তু উঃ, ভগবান, এরা কি ! কি দিয়ে তুমি
এদের গড়েছ—এই সব হর্মল স্বার্থপর স্ত্রীলোকের মন—"

দেশিল ডাক্তারের পানে চাহিল—কি করণ বিষয় মান, সে
দৃষ্টি! তাহার চোথের পাতা ভিজিয়া রহিয়াছে, রিভাল তাহা
লক্ষ্য করিলেন। অমনই তাঁহার সমস্ত রাগ নিমেষে অস্তহিত হইল।
তিনি কহিলেন, "না দিদি; রাগ করিনে আমি! একবার শুধু
অভিমান হয়েছিল, তোমার কোন দোষ নেই, দোষ আমারই!
তুমি ছেলেমামুর, কিছু জান না। কিন্তু আমার বোঝা উচিত ছিল—!
ওঃ; নির্বোধ, মূর্য আমি—জীবনে কতবার এ রকম ভুল করব!"

কিন্ত জ্যাককে এ সংবাদ দিতেই হইবে! উপায় নাই!

ত্বই-তিনবার কাগন্ধ ভিড়িয়া লিখিবার চেষ্টা করিয়া অবশেষে চতুর্থবারে

ডাক্তার সংক্ষেপে শুধু লিখিলেন, "জ্যাক, যাছ আমার, সেসিল তার

মত বদলাইয়াছে।" আর একটি কথাও কলমের মুখে বাহির হইল
না। সেসিল তার মত বদলাইয়াছে ? লিখিয়া তিনি ভাবিলেন,

না, মুথেই তাহাকে সব কথা খুলিয়া বলা ভাল! লিখিয়া কাজ নাই! কাগজখানা আবার তিনি ছিড়িয়া ফেলিলেন। পরে আর একটু সময় লইবার আশায় এবং জ্যাককে এ নিদারুণ সংবাদ-গ্রহণের জ্যান্ত করিবার অভিপ্রায়ে এক সপ্তাহ জ্যাকের এখানে আসাঃ স্থগিত রাখাই তিনি সঙ্গত স্থির করিলেন। এই সাত দিনে সেসিল যদি ভাবিয়া আবার নিজেকে প্রকৃতিস্থ করিতে পারে! তাই তিনি জ্যাককে শুধু একটা রবিবার এখানে আসিতে নিষেধ করিয়া প্র লিখিলেন।

এই সাতটা দিন ডাক্তার ও সেসিল কেইই এ সম্বন্ধে একটি কথাও তুলিলেন না। আধার শনিবার আসিল। ডাক্তার তথন সেসিলকে ডাকিয়া কহিলেন, "সেসিল, কাল ত রবিবার। জ্যাক এখানে আসবে। তোমার মত সম্বন্ধে তুমি আর একবার ভাল করে ভেবে দেখেছ কি ৪ মত বদলেছ ?"

সেদিল দৃঢ় স্বরে কহিল, "না।" "তোমার সঙ্কল তবে অটল, হির ?" "হাঁ।"

সেদিনও এ বিষয় লইয়া উভয়ের মধ্যে আর কোন কথা হইণ না। পর্যাদন রবিবার। জ্ঞাক তাহার চিরপ্রথামত প্রভাতেই রিভাল-গৃহে আসিয়া উপস্থিত হইল। সেদিন সে দাকণ উদ্বেগ বংক লইয়া সারা পথ অতিক্রম করিয়াছে। রিভাল-গৃহের ঘারে পৌছিতেই তাহার বুকের স্পন্দন কেমন অস্বাভাবিক বাড়িয়া উঠিল, নিশাসরোধ হইবার উপক্রম হইল, পা কাঁপিতে লাগিল।

ধার-সমূথে দাসীর সহিত জ্যাকের সাক্ষাং হইল। দাসী সংবাদ দিল, ডাক্তার জ্যাকের জ্ঞা বাড়ীর পশ্চাতে বাগানে অপেক। ক্রিকেছেন। বাগানে? সে কি! জ্যাক থমকিয়া দাঁড়াইল। তাঙার সর্ব্বশরীর কাঁপিয়া উঠিল। বাগানে কেন ? বৃঝি, কি বিপদ বটিয়াছে! চারিধারের দে প্রকৃত্র ভাবই বা কোথায় গেল ? দে চিন্তিত হইল—কোনমতে আপনার কম্পিত দেহটাকে টানিয়া তাঁকোরের সন্মুথে দে উপস্থিত হইল। তাহাকে দেখিয়া ডাক্তার রিভাল বিচলিত হইলেন। চল্লিশ বংসর রোগার শ্যার পাশে বসিয়াও যে ক্লদ্ম এতটুকু কাঁপে নাই—দে ক্লয় আজ এই তরুণ শাস্ত যুবককে দেখিয়া কাঁপিয়া উঠিল। জ্যাক কহিল, "দাদামশায়, সেসিল কি এখানে নেই ?

"না ভাই—তাকে সেথানেই রেথে এসেছি, যেথানে গেছলুম। কিছুদিন সেথানে থাকুক, সে। কোণাও তে যায় না, কথনও।"

"অনেক দিন কি সে সেখানে থাকবে ?"

"হাঁ—আপাতত কিছুদিন এখন থাকবে, এমনই ত স্থিক হয়েছে।"

"আমার কাছে আর আসবে না সে, দাদামশায়—কথনও আর আসবে না ?"

ভাক্তার কোন উত্তর দিলেন না। তাঁহার স্বর ফুটিল না। জ্যাক শরীরটাকে আর থাড়া রাখিতে পারিল না। নাথা তাহার ঝিম ঝিম করিয়া উঠিল। দেহে এতটুকু বল নাই। নিকটে একটা ুবেঞ্চ ছিল। থপু করিয়া সে তাহাতে বসিয়া পড়িল।

শীতের কুরাশার মধ্য দিরা দিনের স্ট্রচনা অপূর্বে রাগে তথন দেখা দিয়াছে! অদ্বে সমুখন্ত জমিতে কলাইয়ের ক্ষেত্ত হরিজাবর্ণের অজস্র ছোট ফুলে আলো হইয়া রহিয়াছে! বড় গাছের পাতার ফাঁকে কুয়াশার আড়ালে অগ্নিচক্রের মত লালস্থ্য উকি দিতেছে! জ্যাক সকলই দেখিল। এক বংসর পূর্ব্বেকার কথা তাহার মনে পড়িল! সেও সেদিল বখন পাহাড়ের ধারে নদীর তীরে বেড়াইতে গিয়াহিশ, প্রকৃতি তথন কি অসুর্ক শোভায় ঝলমল করিতেছিল।
সেই অজস্ত্র শোভা ও সৌল্বেরির নধ্যে তাহার চিত্ত দেসিলের প্রতি
কি অসহভাবে আরুই হইল। তার পর সেসিলের স্বমধুর আশ্বাসে
সে আরুর্ধণ আজ একান্ত নিবিদ্ধ হইয়া উঠিয়াছে। দিনে দিনে
সে আরুর্ধণের বেগ কি গভার বাড়িয়া উঠিতেছিল—কিন্তু সহসা
এ কি—। কোন্ বিপরীত শক্তির সংঘর্ষে সে আকর্ষণ সহসাচকিতে
আজ এমন স্তন্তিত কক্ষ হইয়া গেল।

ডাক্তার জ্যাকের ক্ষমে হাত রাখিয়া কোমণ স্বরে কহিলেন,
"জ্যাক, হতাশ হয়ে না। এখনও তার মত বদলাতে পারে— ছেলেমার্য—কি রকম এ একটা খেয়াল গুণু, না হয় তামাসা!"

"না দাদামশার, আপনি তাহলে সেনিলকে জানেন না! থেয়াল বা তামাসা কাকে বলে, সেনিল তা জানেও না! শুধু থেয়ালের ঝোঁকে একটা বুক সে ভেঙ্গে চুরনার করে দেবে— ? না, না, তা হতেই পারে না। এ সক্ষর জানাবার আগে এ বিষয়ে রীতিনত সে ভেবেছে, জানবেন। সে জানত, জানেও, যে, তার ভালবাসা, — আমার কাছে কি তার মূল্য! আমার জীবনের উপর কি তার শক্তি! সেই ভালবাসা থেকে বঞ্চিত হলে, আমার জীবনটা একেবারেই উবে যাবে! তবু যদি তাই সে ঠিক করে থাকে, তাহলে সে তা কর্ত্তব্য ভেবেই করেছে। আমারও আগে এটা বোঝা উচিত ছিল। এত স্কথ আমার অদৃষ্টে ঘটবে— এ কি সম্ভব, গদামশার ? আপনি জানেন না, আমার নিজেরই সব সময় এটা ঠিক বিশ্বাস হত না! এত স্কথ আমার বরাতে সইবে কেন ? চিরকাল যার হুংথে কটে, দারুণ হুর্দশায় কেটে এসেছে, এমন স্বর্গ-স্ক্র্ব তার কপালে? পথের ভিথিরী রাজ-সিংহাসনে বসবে! তা কি হতে পারে, দাদামশার ?"

জ্যাকের চৌধ কাটিয়া জল বাহির হইবার উপক্রম করিল।
সবলে তাহা দে রোধ করিয়া উঠিয় নাড়াইল। ডাক্তার রিভাল
তাহার হই হাত আপনার হাতে চাপিয় ধবিলেন, কহিলেন.
"জ্ঞাক, আনায় ক্রমা কর, তুমি। এ আবাতের জন্ম আমিই দায়ী!
আমি ভেবেছিলুম, হুজনেই তোনরা এতে হংগী হবে। কিন্তু ভূল,
ভূল ভেবেছিলুম, আমি। মানুষ গড়ে, বিধাতা ভাঙ্গেন, এ কণাটা
তথন আনি তাবিন।"

"না দাদামশার, আপনি তার জন্ম হংথ করবেন না। অনুষ্ঠে বিল, তাই ঘটেছে। সেদিল—সে ক্রের্গের দেবী—আনার ভালবাদা অত উচুত তার কাছে পৌছুবে কেন ৭ আনার উপর তার অদাধারণ করণা ছিল, তাই আনি ভুল করেছিলুম—ভুল বুঝেছিলুম। এখন আনি তার কাছ থেকে দূরে আছি—সেদিলও ভাল করে সমস্তটা বুঝে দেখবার অবকাশ পেয়েছিল—বুঝে সে দেখছে, এ বিয়ে হতে পারে না। তার জন্ম আপনি হঃথ করবেন না, দাদামশার। তবে হাঁ, একটা কথা সমস্টি বানবেন, এ আঘাত আমার বুকে ষতই বাজুক, তার উপর আমার এতটুকু রাগ বাবেষ নেই। তিরদিন আনি তার মঞ্চলই প্রার্থনা করব। সে আমার কাছে যেমন দেবী ছিল, আজীবন তেমনই দেবী সে থাকবে।"

পরে মাথার উপর আকাশ, পাশে ক্ষেত্, বন প্রভৃতির দিকে চাহিয়া জ্যাক আবার কহিল, "আর বছর ঠিক এমনই সময়ে সেমিলকে আমি প্রথম এক নতুন চোথে দেখতে ক্ষরু করেছিল্ম— আমার মনে হয়েছিল, সেমিলও বৃঝি আমায় তেমনই ভালবাসে। তার পর থেকে আমার এই বাকী দিনগুলো যে কি স্থেধেকটেছে, তা আমিই জ্ঞানি! তেমন স্থুথ পৃথিবীতে মিলতে পারে বলে আমার ধারণা ছিল না। সেদিন আমি যেন নতুন করে জ্ম

তাহার পর ধীরে ধীরে জ্যাক রিভালের কম্পিত হস্তের বন্ধন খুলিয়া লইলে ডাক্তার কহিলেন, "তুমি চলে যাচছ, জ্যাক ? এথানে আমার সঙ্গে থাওয়া-দাওয়া করবে না?"

পোরব না, দাদামশায়। আমায় ক্ষমা করবেন,—আমার মনের অবস্থা ভারী থারাগ। আহারে কচিও নেই। আমায় ক্ষমা ক্রুন।"

জ্যাক চলিয়া গেল। কোন দিকে একবারও সে কিরিয়া চাহিল
না, নত দৃষ্টিতে চলিয়া গেল। কিন্তু গাছের ফাঁক দিয়া ঘরের
জানালার পানে একবার যদি সে চাহিয়া দেশিত, তাহা হইলে সে
দেখিতে পাইত, সেই গোলা জানালার পাশেই সেসিল দাঁড়াইয়াছিল।
কি বিবর্ণ পাণ্ডু তাহার মুখ! চোথ অঞ্-পরিপ্লুত! কম্পিত শার্ণ
দেহ! সেসিল জ্যাককে দেশিল—দেখিল, সে ধীর পদে নত দৃষ্টিতে :
চলিয়া ঘাইতেছে! যেন একটা প্রাণহীন দেহকে কোন্ অনৈস্গিক
শক্তি টানিয়া লইয়া চলিয়াছে।

পরের কয়টা দিন রিভাল-গৃহ যেন এক নিরবচ্ছিন্ন শোকের রাগিণীতে ভরিয়া রহিল। এমমই নিরানন্দভাবে দিন কাটিতে লাগিল। গত কয়মাস ধরিয়া যে আনন্দ-ধারা সারা গৃহে বসস্ত বায়্র মতই ছুটিয়া ফিরিয়াছে, সহসা আজ যেন তাহা রুদ্ধ ইয়া গিয়াছে। সে ধারার শেষ স্রোভটির সহিত গৃহের প্রাণটুকুও যেন বিদায় লইয়া গিয়াছে।

্রিভাল বিষয় চিত্তে সেদিলের ভাব-ভঙ্গী লক্ষ্য করিতেন। এথন আৰু তাঁহার কাছে দে বড়-একটা আদে না, নির্জ্জনে থাকে, কথনও বা বাগানের প্রান্তে নিজের মনে ঘুরিয়া বেড়ায়। তাহার মার ঘর, এত দিন যে ঘর একরূপ বন্ধই ছিল, তাহা সে আবার খুলিয়াছে। সেই ঘরে অতীত ছঃথের যে সহস্র স্থৃতি নীরবে খুমাইয়া পড়িয়াছিল, সেসিল আবার তাহাদের সাড়া দিয়া জাগাইয়া তুলিয়াছে। যে জানালা খুলিয়া বাহিরে আকাশের পানে চাহিয়া মাদ্লীন বিসয়া থাকিত—এবং তাহার অপ্রকল্ধ নয়নের সম্থুথে চারিধার অপ্রক্রি করেম মিলাইয়া যাইত, ঠিক সেই জানালাটির পাশেই সেসিল তেমনই ভাবে বসিয়া থাকে। রোগী দেখিয়া রিভাল গৃহে ফিরিলে দেখাৎ যদি কোন দিন সাড়া পাইয়া সেসিল ঘর হইতে বাহির হইয়া আসে ত দালামহাশয়ের সহিত অক্তান্ত মৃছ কম্পিত মরে ছই চারিটা মাত্র কথা কহিয়াই সে ভোজের টেবিলে গিয়াবসে। যেদিন সাড়া না পায়, সেদিন তাহার হঁসও থাকে না।

সেসিলকে খুঁজিয়া না পাইয়া ডাক্তার নীরব চরণে মাদ্লীনের ব্রেক সন্থ্যে আসিয়া ডাকিতেন, "সেসিল—"

সেদিল ধড়মড়িয়া উঠিয়া পড়িত, নতমুথে দাদানহাশয়ের সন্মুথে আদিত। তাড়াতাড়িতে চোথের জল মুছিবারও তাহার অবকাশ মিলিত না। তাহার দিক্ত পক্ষই ডাক্তারের কাছে স্পষ্ট ধরাইয়া দিত। বৃদ্ধ রিভাল বলিবার মত একটি কথাও খুঁজিয়া পাইতেন না। কি বলিবেন তিনি ? কিদের সান্তনা দিবেন! কি জানি, নাড়া পাইলে সেদিলের সারা চিত্ত যদি সহসা আবার দারুণ শোকে ঝিরিয়া পড়ে!

ভাক্তার অত্যন্ত চিন্তিত হইলেন। ব্যাপার কি ? এ যে মাদ্লীনের অবস্থার সহিত হবহু সব মিলিয়া ঘাইতেছে। তেমনই বিশৃভালা! অক্ষার নির্মার তেমনই উথলিয়া উঠিয়াছে। তবে কি সেসিলও বৃদ্ধকে ফাঁকি দিয়া পণাইবে ? কেন ? তাহার এ হঃখ, কিসের ৰুখা ? জ্যাককে যদি সে আর ভাল নাই বাসিবে, তবে কিসের এ বেদনা ? নির্জনে থাকিবার জন্ম অহরহ কেহ এ প্রয়স ? আর যদি ভালই বাসে, তবে কেন তাহাকে এ-ভাবে সে বিদায় দিল ? ডাক্তার ভাবিলেন, নিশ্চয় ইহার মধ্যে একটা গৃঢ় রহ্ম আছে! কিন্তু কি সে বহস্ত— ? কি সে ? তাহা কি এমনই গোপনীয় যে দাদামহাশ্রের নিকটও অসক্ষোচে খুলিয়া বলা চলে না ? কিন্তু সেসিলকে এ সম্বন্ধে একটা প্রশ্ন করিতেও তাঁহার সাহস হইত না।

সেসিলের তৃঃথে জ্যাকের কথা রিভাল একরূপ ভূনিয়াই গিয়াছিলেন। রোগীর বাড়ী নাড়ী দেখিতে গিয়াও মাঝে মাঝেশিক তাঁহার কেমন গোল বাধিত, ছই-একটা ভূল হইয়া যাইত! তাঁহার সেই হাস্তময় প্রসন্ন ললাটে খন কালো রেখা পড়িয়াছিল! তবু এ রহস্ত-মীমাংসার কোন সম্ভাবনাই দেখা যাইতেছিল না।

সহসা এক গভীর রাত্রে ডাক্তারের ঘণ্টায় সঘন রব উঠিল। কোন্ রোগীর গৃহে ডাক পাঁড়য়াছে! ডাক্তার উঠিয়া বাহিরে আসিলেন। বুদ্ধা নেল-গৃহিণী ফটকের সম্মুখে দাঁড়াইয়া ছিল; ডাক্তারকে দেখিয়া দে কাঁদিয়া পড়িল, তাহার বৃদ্ধ স্থামীকে বৃদ্ধি আর বাঁচানো বায় না। মৃত্যুর সহিত কয়দিন ধরিয়া কঠিন সংগ্রাম চলিয়াছে—কিন্তু এবার বৃদ্ধি মৃত্যুরই জয় হয়! বৃদ্ধার অদৃষ্ট মন্দ, তাই সেগরিবের মা-বাপ দয়াল রিভালের কাছে না আসিয়া অপরের উপর নির্ভর করিয়াছিল। এখন একবার তাঁহাকে যাইতেই হইবে, নহিশে বৃদ্ধা এখানে রিভালের পায় পড়িয়া প্রাণ দিবে।

বৃদ্ধের প্রাণ গণিয়া গেণ। তথনই তিনি দেল-গৃহিণীর সহিত বাহির হইয়া পড়িলেন। দার্কণ শীতের রাত্রি—ঠাণ্ডা বাতাদের অত্যাচারের অভাব ছিল না – হাড় অবধি ঝন্ঝন্ করিয়া উঠে, তরু আর্ত্তের আহ্বানে বৃদ্ধ অবিচণিত চিত্তে ছুটিয়া চলিলেন। আরাম-কুঞ্জের পার্শেই সেলের কুটির। সেখানে পৌছিয়া ডাক্তার দেখিলেন, শীতল ভূমির উপর ছিয় মালন শ্যায় একথানা শীর্ণ কঙ্কাল পড়িয়া রহিয়াছে। ঘরে মৃত্ব আলো জ্বলিতছিল—ঘরটাকে দার্রুকণ শীতের হাত হইতে উদ্ধার করিবার ক্ষীণ চেষ্টায় এককোণে কয়েকথানা কাষ্টে আগুন জালিয়া দেওয়া হইয়াছে। তথাপি সেক্ত গৃহে মৃত্যুর হিম বায়্ ছ-ছ করিয়া বহিয়া আসিতেছিল। সহসা একটা উৎকট হুর্গর ডাক্তারের নাসারক্ষ টাকে যেন জালাইরা দিশ। তিনি কাহলেন, "কিসের গন্ধ এ, মাদাম সেল?"

. "ডাক্তার—? কোন ডাক্তার ?"

—কতকগুলো পাতা ঘরে জালাবার জন্য—"

"ঐ যে, ও বাড়ীতে ছিল—হার্জু **না** কি নান!"

রিভাল তাহাই অনুমান করিয়াছিল। হার্জকে সম্প্রতি পথে একদিন দেখিতে পাওয়া গিয়াছিল, বটে! সে-ই তবে এই নিরীহ বৃদ্ধ কুসককে মৃত্যুর পথে এমন করিয়া ঠেলিয়া আনিয়াছে! পারিব আদালতে তুইবাব জরিমানা দিয়াও তাহাব এ তুম্পর্রতি দ্ব হইল না। করবেইয়ের কয়েকজন মৃথ কুষককে মৃত্যুর প্রাসেকলিয়া একবার সে জেলও ঘুরিয়া আসিয়াছে, তব্ও নিবৃত্তি নাই! চৈতভা ফিরিল না!

বৃদ্ধ সেলের নিকট গিয়া ডাক্তার ডাকিলেন, "সেল।"

"এই যে—এই যে, আপনি এসেছেন। আমি আর বাঁচব না। বেশী দেরীও নেই—বেশ বুঝছি, আমি। বুকের ভিতর জলে-জলে উঠছে। জিভ থদে যাচ্ছে—"

রিভাল সাম্বনা দিয়া কহিলেন, "ব্যস্ত হচ্ছ কেন? ভয় কি? কি কট হচ্ছে, বল, আমি ব্যবস্থাকচিছ়!" "আর ব্যবস্থা? কিছুনা—কিছুনা। ঠিচ শান্তি হয়েছে আমার। যেমন লোভ, তেমনি শান্তি।"

"কি হয়েছে, তোমার? এ-রকম বকছ কেন ?"

"কেন ? কেন বকছি ? শুহুন, শুহুন, তবে। আনার পাপের প্রায়শ্চিত্ত নেই। এমন দেবতার আমি সক্ষনাশ করেছি। কেন ?' কেন ? শুধু ছটো টাকার লোভে।" পরে পত্নার দিকে চাহিলা নেল কহিল, "বল্, বল্, সব কথা খুলে বল্, নিজের মুখে সব পাপ স্থাকার কর্—না হলে মরেও আমি নিশ্চিত্ত হব না। বল্, বল্, খুলে বল্। কিছু লুকোস্ নে।"

তথন দেল-গৃহিণী চকু মুদিয়া জন্দন-জড়িত স্ববে যাহা ধলিল, তাহার সংক্ষিপ্ত মন্ম এই-বুদ্ধ দেল বহুদিন হইতে রোগে শ্যাশায়া হইয়া পড়ায় সংসার অচল দাঁড়াইয়াছিল। এমন সময় দৈবাং একানন ডাক্তার হার্জ এক প্রস্তাব লংগা তাহাদের সমূথে আদিল। একটা সংবাদ যদি তাহারা ডাক্তার রিভালের নাতিনী সেদিলের কর্ণগোচর করিতে পারে, তাহা হইলে বুদ্ধ দেশকে তাদে আরোগ্য করিয়া দিবেই, তাহার উপর কুড়ি ক্রান্ধ বর্থাশশও মিলিবে। এ প্রস্তাবে প্রথমে তাহারা রাজী হয় নাই। কিন্তু উদরে অন নাই. rece वक्क नाहे.—cairo, अनाहारत मिठते छित्रे हिन ना-তাহার উপর এই অসহায় অবস্থা। দারিদ্রো পড়িলে লোকের বৃদ্ধি একেবারেই লোপ পায়। কাজেই সে প্রস্তাবে সমত হওয়া ছাড়া তথন আর উপায়ান্তর ছিল না। তাই তাহারা সেদিল ঠাকুরাণাকে टम निष्ठंत मःवान निया किलाहा कि स्व ट्रिकेट व्यवित निर्मा कि स्वार निर्मा শান্তি নাই—বোগও বীতিমত বাড়িয়া উঠিয়াছে ৷ বুদ্ধ সদাশ্য রিভালের উপর এ অত্যাচার ভগবান সহিবেন কেন? সে পাপের চুড়াস্ত শাস্তি ভোগ হইতেছে—তবু ডাক্তারকে ডাকিয়া এ পাপের

কথা না শুনাইলে মরণেও জালা জুড়াইবে না, তাই তাঁহাকে এ
রাত্রে তাহারা কণ্ট দিয়াছে—সেণের চিকিৎসার জন্ম নহে।

ডাক্তার স্তম্ভিত হইলেন, জিজ্ঞাসা করিলেন, "কিন্তু কি ? কি সে পুপর ?"

সেল-গৃহিণী কাঁদিতে কাঁদিতে বলিল, "সেই সর্বনেশে কথা, সেসিল ঠাকুরুণের মা-বাপের কথা।"

"পাষও সব—"দপ্ করিয়া রিভালের অন্তর দারুণ রোবে জ্লিয়া উঠিল। বৃদ্ধার শৃত্ত হাত ছুইটা ধরিয়া প্রবলভাবে তাহাকে নাড়া 'দিমা রিভাল কহিলেন, "এ কথা বলেছ তুমি ? তাকে বলেছ ? বল।" সে বরে যেন বিহাৎ ঠিকরিয়া শাড়তেছিল।

"টাকার লোভে এ পাপ করেছি শুধু,—তুচ্ছ টাকার লোভে ইহকাল পরকাল দব হারিয়ে বসেছি। এ দব কথা আমরা কিছু জানতুমও না বাবা, দেই হতভাগা ডাক্তারই দব বলেছিল।"

"ব্ৰেছি সব।" ডাক্তার সেল-গৃহিণীর হাত ছাড়িয়া দিলেন; পরে অফুট স্বরে কহিলেন, "এমন করে সে শোধ নিলে। কিন্তু এ-সব কথা কার কাছ থেকে শুনলে সে। জানলে কেংথা থেকে ?" বিভাল চিস্তা ক্রিতে লাগিলেন।

সারা রাত্রি ধরিয়া বৃদ্ধ সেলের জন্ত নানা বাবস্থা করিয়াও রিভাল সেলকে বাঁচাইতে পারিলেন না। উষার প্রাক্তালে বৃদ্ধ সৈল অনুতথ্য হৃদয়ের সমস্ত বেদনা হইতে যথন মুক্তি লাভ করিল, এবং বৃদ্ধা সেল শবের পার্মে কাঁদিয়া লুটাইয়া পাঁড়ল, ডাক্তার রিভাল তথন ধীরে ধীরে কুটার হইতে বিদায় লইলেন!

একটি রাত্রি তাঁহার দেহে ও মনে অছুত পরিবর্ত্তন আনিয়া দিল। তাঁহার শুধু মনে হইতেছিল, এমন চক্রাস্ত, এমন নিষ্ঠুর হীন মুড্যম্বস্ত মানুষের মাণায় উদয় হইতে পারে! ভাক্তার গৃহে ফিরিলেন; পথে আরাম-কুঞ্জের দিকে একবার চাহিয়া দেখিতে ভুলিলেন না। তখনও তাঁহার সমন্ত শরীর জ্বলিতেছিল। ভাক্তার হার্জের সৌভাগ্য যে সে পূর্বেই সরিয়া পড়িয়াছিল—নহিলে আজ রুদ্ধের হস্তে পরিত্রাণ-লাভের তাহার কোনই সম্ভাবনা ছিল না ১

গৃহে ফিরিয়া প্রথমেই তিনি সেদিলের ঘরে প্রবেশ করিলেন।
সেথানে কেই নাই! রাত্রে কেই শ্যায় শরন করিয়াছিল বলিয়াও
মনে হয় না। তিনি ডাকিলেন, "দেদিল—"কেই সাড়া দিল না।
তাঁহার সমস্ত শরীর শিহরিয়া উঠিল। তিসি ডাক্তারথানায় গেলেন।
কৈ, সেথানেও ত সেদিল নাই! তবে কোথায় সে? কোথায় গৈ
ডাক্তার মান্লীনের কক্ষে প্রবেশ করিলেন। অতাত শোকের স্মৃতি
বেখানে জনাট বাঁধিয়া পড়িয়া রহিয়াছে, সেই বিরাট সন্মাধি-মধ্যে,
—ঐ যে সেদিল। কোচের উপর মাথা রাখিয়া সেদিল ঘুনাইয়া
পড়িয়াছিল। চোথের কোণে জলের দাগ শুকাইয়া গিয়াছে।
তাহারই কালো ছাপ ম্থে-চোথে তথনও লাগিয়া রহিয়াছে। ডাক্তার
ধারে ধীরে সেদিলের মাথায় হাত রাথিলেন। রেদিল চমকিয়া
জাগিয়া উঠিল, "নাদামশায়—"

"বুঝেছি সেসিল— এই সব লক্ষীছাড়া হতভাগার দল, এরাই তোমায় সব কথা বলে গেছে, যে কথা এত বত্ন করে এতদিন ধরে তোমার কাছ থেকে আমরা গোপন করে রেখেছিলুম! ভগবান— এত চেষ্টা, সব নিছে হল! এ বাজ সেসিলের বুকে পড়লই! সে বাজ আবার এই সব নারকীয় হাত থেকে!"

বৃদ্ধ মাতামহের বৃকে সেসিল মুথ লুকাইল; বলিল, "না দাদামশায়, বলো না, আমায় কিছু বলো না। আমার নিজের মনে কি লজা, কি দারুণ ধিকার জমে রয়েছে!"

"তবু আমার বলতেই হবে, সেদিল। আমি বদি একটু আগেও

বুঝতে পারতুম--কেন, তুমি জ্যাককে বিদায় দিলে! এই জক্সই শুধু-না ?"

"彭门"

"(कन, कुनि। आभात्र तल, मिनि।"

"মার এ কলদ্বের কথা আমার মূপ থেকে বেরুবে না, কথনও
না! তব, যে আমায় বিয়ে করবে, আমান যার স্ত্রী হব, এ ঘটনার
কিছুই নে জানবে না? তাকে এত বড় কথা প্রকাশ করে না
বলা আমার অভায়—গুধু অভায় নয়, শাপও! অথচ নিজের মার
এই কণদ্বের কথা—! তা-ও বলা যাশ্ব না। কাজেই আমার এক
পথ ছিল—আমি সেই পথ নিয়েছি।"

"তবে এখনও তাকে তুমি ভালবাস ? বল, বল সেলিল।"

"বাসি, বাসি, দাদামশার—সারা প্রাণ দিয়ে, মন দিয়ে ভালবাসি!
ক্যাকও আমায় তেমনই ভালবাসে—এ বিষে বদি না হয়, তব্ও
সে আমায় ভূলবে না, কখনও না, দাদামশায়। আমিও তাকে
ভূলতে পারব না! কখনও না। তবু এ ত্যাগ আমায় স্বীকার
করতেই হবে। নাম-হীনা এক কলক্ষিনীর মেয়েকে সাধ করে কে
কবে ঘরের গৃহিণী করে, দাদামশায় ?"

"তুমি ভূল করেছ, সেদিল, মস্ত ভূল করেছ। তোমায় বিয়ে করতে জ্যাকের কতথানি সাধ! এ বিয়েতে শুধু যে সে স্থী হত, তা নয়, গর্মাও বোধ করত—তবু সে এ-সব কথা জানত। জামি নিজেই তাকে সব কথা খুলে বলেছিলুম।"

"नानायभाग-"

"সেদিল, আমায় যদি তুমি দব কথা তথন খুলেবলতে, তাহলে আমাজ তিনজনকে এ কষ্ট ভোগ করতে হত না!

"জ্যাক জানে দাদামশায় যে, আমি কে,—আমার পরিচয়?"

"জানে, সব জানে। আনিই তাকে বলেছিলুম—সে আজ এক বছরের কথা। যেদিন প্রথম সে এসে আমায় বলে, তোমায় সে ভালবাসে, সেইদিনই, তার কাছে তোমার পরিচয় আমি খুলে বলি।"

"তব্ও দে আমায় বিয়ে করতে রাজী হল ?"

"দে যে তোমায় বড় ভালবাদে, দেদিল। তা-ছাড়া তারও অদৃষ্ট তোমারই মত। তারও বাপ নেই, পরিচয় নেই। ইদা কুলত্যাগিনী—ইদার কুলত্যাগের পর জ্যাকের জন্ম হয়। তবে তফাৎ এই, তোমার মা ছিলেন দেবী, আর তার মা—"

ডাক্তার রেভাল তথন সেদিলের নিকট জ্যাকের ইতিহাস খুলিরা বালিলেন। এই শাস্ত নিরীহ বালকের জীবনের উপর দিয়া কি মহা ঝড় বিচয়া গিয়াছে, কি গভীর ছুংথৈ-কটে আপনাকে সে গড়িয়া ছুলিয়াছে! শৈশবে দারুল উপেকা, বৌবনে নিয়ুর নিকাসনের মধ্য দিয়া তাহার দিন কাটিয়ছে—সে সমস্ত কথা রিভাল সেদিলের নিকট খুলিয়া বলিলেন। বলিতে বলিতে অভাত-বন্তমানে মিলিয়া কাহিনীটি করুল বেদনায় পরিপূর্ণ হইয়া উঠিল। সব কথা ডাক্তারের ন্তন করিয়া ঘেন মনে পড়িয়া গেল। তিনি বলিলেন, "এপন ব্রেছি, সেদিল, এ কথা কোথা থেকে প্রকাশ হল। এ তার কাজ, জ্যাকের মার—তাতে আর কোন সন্দেহ নেই। সেই—সেই প্রগল্ভা নারীর রসনাই তোমাদের মধ্যে এ বিছেদে এনে দিয়েছে। যে কথা কথনও তোমায় খুলে বলব না, ছির করেছিল্ম, সে কথা তারই মুগ থেকে বেরিয়েছে। আহা বেচারা, বেচারা জ্যাক। তার মা তাকে জীবনে কোন দিনই স্থী হতে দিলে না,—চিরদিন তার স্থে ব্যাঘাত দিয়ে আসছে।"

সেসিলের প্রাণ অন্থির হইয়া উঠিল। দারুণ নৈরাখে সমস্ত ভবিষ্যৎ স্থন অন্ধকারে সে আছল দেখিল। কি করিলে এখন এ আঁধার কাটে ? সব বেদন ছিল, আবার তেমন হয় ? জ্ঞাক !
বেচারা জ্যাক আমার ! একবার তুমি ফিরিয়া এদ । সেদিল
তোমার পায়ে ধরিয়া ক্ষমা চাহিবে ! তুমি ছাড়া সেদিলের আর
কে আছে, জ্যাক ! কেহ নাই—আর কাহাকেও সে চাহে না !
কোন নিনই চাহে নাই ! তুমি এদ, এদ জ্যাক—সেদিল তোমার
দাসী, তাহাকে তোমার চরণ-প্রান্তে আশাশ্র দাও । সেদিল কাঁদিয়া
ফেলিল ।

রিভাল কহিলেন, "জ্যাক বেচারা তোমার কথায় বড়কট পেয়ে "গৈছে-"

"रित আর কোন চিঠি লেখে নি, দাদামশায়?"

"না। কিন্তু তোনার সঞ্চেও কি দে মোটে দেখা করে নি, সেসিল ?"

"না। আর কখনও সে এখানে আসবে না, দাদানশায়।"

"তবে চল, সেদিল, আমরাই তার কাছে যাই। সে বেশ হবে। আজ ববিবার, তার ছুটি আছে—বাসাতেই তাকে পাব'খন— নিশ্চর। হুজনে গিয়ে তাকে সঙ্গে করে এখানে নিয়ে আসি, চল। যাবে দিদি ?"

"याव-- এथनहे हल, मामामगात्र।"

তথন দেসিলকে লইয়া রিভাল অবিলম্বে পারি যাতা করিলেন।
ইহার ঠিক আধ ঘণ্টা পরেই হাঁপাইতে হাঁপাইতে একটি লোক
আসিয়া রিভাল-গৃহের সন্মুথে দাঁড়াইল। তাহার কপাল দিয়া ঘাম
ঝরিতেছে, সারা দেহ ঘানে ভিজিয়া গিয়াছে—পৃষ্ঠে টুপির প্রকাণ্ড
বোঝা। টুপির বোঝা নামাইয়া দারের সন্মুথে আসিয়া চক্ষু কুঞ্চিত
করিয়া পিতলের পাতে খোদা লেখাটুকু অতি কটে বানান করিয়া
সে পড়িল, "—ডা—ক্তা—রে—র—ঘ—ণ্টা।"

"এই যে—" বলিয়া দে দাড়াইয়া ললাটের ঘর্ম মুছিল। পরে ঘটায় ঘা দিল। একজন দানা আসিয়া দার পুলিয়া প্রশ্ন করিল, "কি চাই ?"

"ডাক্তাৰকে—"

"তিনি বাড়ী নেই।"

"তার একটি নাতনিও এখানে থাকেন, না ?"

"তিনিও নেই।"

"কখন ফিরবেন ?"

"জানি না।"

ভিতর হইতে দ্বার আবার সশব্দে বন্ধ হইল। লোকটি কিটকের সন্মুথে কিছুক্ষণ থমকিয়া দীড়াইয়া গ্রহল; ভাবিল, এখন তবে উপায় কি ? তাহার চোথ ফাটিয়াজল বাহির হইল। চোথের জল মুছিয়া কপালে ছই হাত চাপড়াইয়া অক্টুট সবে দে কহিল, "হা ভগবান! এমনি করে বিনে চিকিচ্ছেতেই কি বেচারা ভাহকে মারা বাবে।"

একটা কাতর দীর্ঘনিশ্বাস তাহার মর্ম ভেদ করিয়া উথিত হইয়া ধীরে ধীরে শাস্ত বাতাসে নিলাইয়া গেল।

নবম পরিচেছদ

হাসপাতালে

সেদিন সন্ধ্যা হইতেই "ভবিষ্য জাতির আলোচনার" সম্পাদক-গৃহে সাহিত্যের আসর জমিয়া উঠিয়াছিল। উপেক্ষিত অনাদৃত সাহিত্য-রত্নগুলি সকলেই তথায় উপস্থিত ছিল। শুদ্ধ মুধ, ঈর্ষা-ক্ষরিত দৃষ্টি—প্রতিভার হতভাগা পুত্রের দল ছিন্ন মলিন বেশে সাধ্য- মত পারিপাট্য সাধন করিয়া সন্ধ্যার পূর্বে হইতেই আজিস্তি গৃহে সমবেত হইয়াছিল। তাহাদিগকে দেখিলেই মনে হয়, আজাস্ত র নিমন্ত্রণ-পত্র ঝাঁটার মত এই সমস্ত জঞ্জালকে ঝাঁটাইয়া এক জায়গায় •জড় করিয়া দিয়াছে।

ইদা আজ ফিরিয়া আসিয়াছে। কবি-প্রিয়া কবির বাহ-বন্ধনে আবার আসিয়া ধরা দিয়াছে, সেই জক্কই আজ এ "পুনর্ম্মিলনোং-সবের" আয়োজন। উৎসবে আর্জাস্ত-রচিত বিরাট বিরহ-কার্য "প্রতিভা-ভঙ্গ" পঠিত হইবে।

ইদা ফিরিয়া আসিয়াছে, এখন এ বিরহ-গানের সার্থকতা কি ।
তাহারই সম্বথে তাহার অদর্শন-জনিত্ত বেদনার ভার এমনভাবে
ছজ্জুইয়া দিলে, কাহার মর্মাই বা তাহাতে উদ্বেলিত হইবে ? সার্থকতা
নাই পাকুক, মর্মা উদ্বেলিত নাই হৌক,—ঘটনা-চক্রের সকৌতৃক
আবর্ত্তনে এমন একটা বিরাট কাব্য তাই বলিয়া ত মাটি হইয়া
যাইতে পারে না ! বিষয়টা লইয়া বন্ধ-বাদ্ধবদের সহিত আজাস্ত্রর
বিস্তর জল্পনা-কল্পনা চলিয়াছিল ! কেহ বলিল, "ব্যাপারটা হাস্তকর
হবে । প্রিয়ার পাশে বসে প্রিয়ার অদর্শনে হা-ত্তাশ—এমন কাজ
কৈ আর কেউ করে নি ত।"

আর্জান্ত কহিল, "নাই করুক। প্রতিভা কথনও গতারুগতিক পথে চলতে পারে না।" তাহার মুখের কথা লুফিয়া একজন ভক্ত —সে বেচারা তিন দিন অনশনে কাটাইয়া আর্জান্ত প্রসাদাকাজ্যায় আসিয়াছিল—সে গর্জিয়া উঠিল, "বয়ে গেল। স্ত্রী ফিরে এসেছে, তাতে কি! তার জন্ত আর্টকে ত মেরে ফেলা যার না!" আর্জান্ত কহিল, "ঠিক ত – এই ত সমজদারের কথা। বিরহ চুলোয় যাক্— আর্ট আর্ট।"

এই আর্টের থাতিরেই আর্জান্ত'র গৃহ আজ স্থথাতের সিঞ্চ

মধুর গমে ভরিষা উঠিয়াছে, সাহিত্যিক মহারথীবৃদ্দের কল-কোলাহলে
পূর্ণ ইইয়াছে! সন্ধার বাতি জলিলে কার্যা আরম্ভ ইইল। প্রকাণ্ড
একটা টেবিলের এক পার্যে আর্জান্ত ও ইদা—হাহাদিগকে ঘিরিয়া
লাবাস্তান্ত্র-মোরোনভার দল বসিয়া গিয়াছে। লাবাস্তান্ত্র পিয়ানোতে ঘা দিয়া থানিকটা চীংকার করিল। সে থানিলে আর্জান্ত বিচিত্র ভঙ্গীতে কাবা-পাঠে কঠ থলিয়া দিল।

দে এক অপূর্ব কৌতুককর ব্যাপার! কবি তাহার প্রিয়ার অদর্শনে বাথিত চিত্রের বিলাপ-উচ্ছ্যুস-মূক্ত.করিয়া দিয়াছে। সেই প্রিয়া কি "নিষ্ঠুরা," "গ্রদন-হীনা," "পাষাণী," "গ্রহা"! অভিধান হুইতে অভিযোগের সব সম্বোধনগুলিকে টানিয়া আনিয়া এ কাব্যে আসন দেওয়া হুইয়াছে! গোলাপী ফিতায় কোণ-ফে ডা প্রকাণ্ড থাতার মধ্য হুইতে আহা-উহুর ধারা অজ্ঞ ধারে ঝরিয়া পড়িতেছিল। শুনিয়া ইদার কাণ মাথা ঝা ঝা করিতে লাগিল—ভক্তের দল সে কাব্য-স্থাপানে বিভোর হুইয়া উঠিল। কাব্যের শেষে আবার একটু 'উপসংহার' ছিল—ন্তন কয়েক ছত্র যোগ করিয়া দেওয়া হুইয়াছে। কবি পড়িল, '—সেই শয়তানী নারী ফিরিয়া আদিয়াছে—সেই দানী আজ আদিয়া আবার এই পায়ে লুটাইয়া পড়িয়াছে—এই সেই ছুইা দানী, আমার চরণ তলে।" ভক্তের দল করতালি দিয়া বলিয়া উঠিল, "জয় জয় কবি, তোমারই জয়!"

করতালির দারণ ঘটাতেও কবির চিত্ত তৃপ্তি মানিল না।
পত্রিকাথানি আজ গুর্দশার চরম দীমার আদিয়া দাড়াইয়াছে। এখন
প্রতি মাদের পরিবর্ত্তে বৎসরে ছই-চারিবারমাত্র দৈবাং তাহা প্রকাশিত
হয়। পাংলা জীর্ণ কাগজ—কালীর রেথায় ভাঙ্গা অক্ষরে পৃষ্ঠাগুলি
পরিপূর্ণ, শুধু বাহিরের মলাটটি জমকালো বর্ডারে লাল কালিতে
ছাপা—মধ্যে কৈফিনং আঁটা—ছাপাথানার গোল্যোগে প্রকাশে বিলম্ব

হইল। সঙ্গে সঙ্গে এই অপরিহার্য্য ক্রটির জন্ত পাঠক-পাঠিকার নিকট ক্ষমা চাহিন্না তাহাদিগকে আখাদ দেওয়া হইরাছে, ছাপা-খানার গোলযোগ কোনমতে কাটিয়া গিলাছে; এবার হইতে ঠিক •নিরূপিত সময়েই পত্রিকা বাহির হইবে।

কিন্তু এ আখাদেও এতটুকু লাভ ছিল না। পত্রিকা তাহার শেষ নিখাসটুকু ছাড়িবার জন্ম শুধু একটা অবসবের প্রতীক্ষা করিতেছিল। এমন দিনে শার্লং ফিরিয়া আদিয়া কবিব হাতে আপনাকে সমর্পণ করিয়া কহিল, "এসেছি, ওগো কবি, আমি গ্রুপেছি—আজ থেকে আমি তোমার, তোমারই শুধু!"

আজीखँ निर्स्ताथ वा भग्नजान याश् है रशेक-এই इर्सना नातीत ঁউপর তাহার প্রভাব অসাধারণ ছিল। আপনার গর্ব-আফালনের বন্ত্র-স্বরূপ এই নারীকে না পাইলে তাহার চলেও না—ইদাকে তাহার চাই-ই। এই অনাদৃত কবি-দেবতাটি সহস্ৰ নিৰ্য্যাতনে তাহাকে পীড়িত বাথিত করিলেও ইদার তাহাতে তঃপ ছিল না। এত বড কবির দক্ষ-ম্বপ্প-লাভে এতদিন বঞ্চিতা থাকিয়া কবির প্রতি তাহার অফুরাগ এবার যেন বিগুণভাবে বাড়িয়া উঠিয়াছিল। আহা, অনাদৃত উপেক্ষিত কবি,—বাহিরের সহিত প্রবল সংঘর্ষে কাতর হইয়া পড়িতেছে, তব্ও তাটার দাধনার বিরাম নাই! বাহিরের লোকগুলা কোন মায়াবলে কবির অন্তরের ভাবরাশি কোনমতে জানিয়া লইয়া ছন্দে নাটিকায় উপাধ্যানে জন-সমাজে তাহা প্রচার করিয়া দেশের লোকের বাহবা লইতেছে। আর তাহার প্রেম্ন কবিটি এই নিভূত নীড়ের মধ্যে বসিয়া দারুণ সর্বার বিষে শুধু অর্জ্জরিত হইয়া মরিতেছে। क्रडीशा कवित প্রতি এই ভক্ত নারীর এতথানি সমবেদনার ইহাই এক প্রধান কারণ ছিল। ইদাই শুধু এ ছঃসময়ে কবির চিত্তে প্রতিভার দীপটিকে নিবিতে দেয় নাই—হুই হাতে নিরাপদ অন্তরাল

রচনা করিয়া ঈর্ধার প্রলয়-য়য়া হইতে ভাহাকে রক্ষা করিয়া আলাইয়া রাঝিয়াছে। একবার শুধু একটু অবদর পাইলে হয়়। আজাস্তার প্রতিভার দীপ অমনি দাউ দাউ করিয়া অলিয়া উঠিবে,—নিশ্চম অলিবে! সে আলোর উজ্জন বেগায় বিশের লোক মৃদ্ধ নেত্রে, চাহিয়া দেখিবে —কি দেখিবে? শুধু কি ভাহাদের কবিটিকে দেখিয়াই ভাহারা চরিভার্য হইবে? না —! ভাহার পার্থে কবির প্রতিভা-দীপে তৈল-দান-রভা এই নারীকেও কি ভাহারা এভটুকু কভজ্ঞভা জ্ঞাপন করিবে না? এই একটি মাত্র আশা শুধু ইদাকে শত নির্যাতনেও কাতর করে নাই।

এই যে দ্বাদশ বংসর ধরিয়া অক্লান্ত সংগ্রাম চলিয়াছে—প্রতিভাকে চাড়া দিয়া দাঁড় করাইবার জন্ত এই অকাতর পরিশ্রম—যে সংগ্রামে করিব অপর সন্ধার দল,—কেহ ক্ষেত্র হইতে সরিয়া বিষয়ান্তরে মনোনিবেশ করিয়াছে, কেহ-বা ক্ষেত্র-প্রাস্তে মুমুর্ অবস্থায় পড়িয়া আছে—ইহার মধ্যে—এই বিরাট বিশ্র্যালার মধ্যে একমাত্র কবিই শুধু বিজয়-গর্বে মেবারের বাণা প্রতাপসিংহের ন্তাম মাথা তুলিয়া দাড়াইয়া আছে! অগাধ জলরাশির মধ্যে ক্ষুদ্র দ্বীপ-থণ্ডের মত জাগিয়া বছিয়াছে—প্রশন্তর প্রেধি কিছ্তেই ভাহাকে নিম্জিত করিতে পারে নাই!

কাব্য-পাঠ তথন শেষ হইয়া গিয়াছিল। ভক্তের দল কাব্য-গৌনদর্যার মোহটুকু তথনও কাটাইয়া উঠিতে পাবে নাই; ইদার চোথের কোণে অঞ্চর রাশি আসিরা সঞ্জিত হইয়াছিল, বহু চেষ্টায় ইদা তাহা ঝরিতে 'দেয় নাই, এমন সময় দাসী আসিয়া সংবাদ দিল, একটা লোক মাদাম আর্জাস্ত্রীর সহিত দেখা করিতে চাহে! তাহার কি জকরি প্রয়োজন আছে।

কৈ যেন মধু-চক্রে ঘা দিল। সকলে দাড়াইয়া উঠিল—"কে?" "কি চায় ?" "কেন এসেছে ?" ছ-ছ করিয়া প্রশ্নের ঝড় বহিয়া গেল। নানী কহিল, "একটা লোক।" "কে লোক ?"

"লোকটা যেন পাগল। মানামের দঙ্গে দে দেঁথা করতে চায়।
 ুআমি বললুম; এখন দেখা হবে না—মাদাম ব্যস্ত আছেন—তবু সে
 ভানবে না—বলছে, দেখা না করে কিছুতেই সে এখান থেকে নড়বে
না। সে বলছে, তার ভারী দরকার। এই বলে সে চৌকাঠের উপর
 বদে পড়েছে—কিছুতে উঠছে না।"

শার্লতের বুক কাঁপিয়া উঠিল। সে কহিল, "যাই, আমি দেখে অধাদি।"

্ আর্জাস্ত তাহার হাত ধরিয়া একটা ঝটকা দিল, কহিল, "না, না, তোমার যাওয়া হতেই পারে না। 'লাবাস্তাঁন্ত্নি দেখে এস ত হে, ব্যাপারখানা কি।" লাবাস্তাঁন্ত্ একটা বাগিনীর কথা ভাবিতেছিল; শিষ দিতে দিতে উঠিয়া গেল।

কবি তথন আপনার কাব্যের ব্যাথ্যা করিতে উন্নত হইল। কিন্তু বাধা পড়িল। লাবাস্তান্ত্র ফিরিয়া আসিয়া কবিকে একান্তে ডাকিল। কবি স্তম্ভিতভাবে প্রশ্ন করিল, "ব্যাপার কি ?"

"ব্যাপার আবার কি। সেই ভোঁড়াটা একে পাঠিয়েছে—তার অস্থ করেছে।"

"হোঁড়া! কে ছোঁড়া? জ্ঞাক—!"

"তানাত আর কে! লোকটা বলছে, জ্যাকের বড় অস্থু !"

"হঁ! মন্ত চাল চেলেছে, ছোকরা! চল, আমি একবার যাচ্ছি।" আর্জান্ত বাহিরে আসিল। আর্জান্তকে দেখিয়া লোকটি উঠিয়া দাঁড়াইল। সে বেলিসেয়ার।

্ আর্জান্ত কহিল, "তোমাকে দে পাঠিয়ে দিয়েছে, বৃঝি ?" ্ "না মশায়, কেউ আমায় পাঠায় নি। আমি নিজেই এসেছি। ভার কি কথা বলবার শক্তি আছে যে পাঠাবে ? আজ তিন হপ্তা দেশযাগত। ভয়ানক জন—একেবারে বেহু স হয়ে আছে।"

"রোগটা কি ?"

"বুকের অস্থ্য। বুকে ভারী ব্যথা, বুক কন কন করছে। ডাক্তাররা ভয় পেয়েছে, বলছে, আর এক হপ্তাও টেঁকে কি না সন্দেহ! তাই আমরা ভাবলুম—আমরা মানে, আমি আর আমার স্ত্রী—ভাবলুম, তার মাকে একবার প্রবটা দেওয়া উচিত ত! তাই আমি এসেছি।"

"তুমি কে ?"

"আমি ? আমি বেলিসেয়ার। জ্যাক আমায় আদর করে বিল' বলে ডাকে; তার মাও আমায় 6েনেন। 'বেল' বললেই তিনি বুঝতে পারবেন। তিনি আমাদের খুব জানেন।"

"শোন, বেল মণায়," কবির স্বরে একটা বিদ্রুপের স্থর জাগিয়া উঠিল। কবি কহিল, "বুঝলে বেল মণায়, যারা তোমায় পাঠিয়েছে, গিয়ে তুমি তাদের বলো, এ চাল তারা যা চেলেছে, চুমংকাব! কিন্তু এ সব চাল নেহাৎ প্রোনো হয়ে গেছে। নতুন চাল চালতে বলো, তাতে যদি কার্য্যোদ্ধার হ্বার সম্ভাবনা থাকে!"

"চাল কি মশার?" বেলিসেয়ার কবির বিদ্রুপ ঠিক বুরিতেনা পারিয়া কহিল, "চাল, কি বলছেন? আমার কথা বিশ্বাস করছেন না, আপনি?"

বেলিসেয়ারের কথা সমাপ্ত হইবার পূর্বেই আজান্ত সশব্দে দার বন্ধ করিটা ভিতরে চলিয়া গেল। বেলিসেয়ার হতবৃদ্ধিভাবে পথের ধারে কিয়ৎক্ষণ দাড়াইয়া বহিল—পরে সে-ও ধীরে ধীরে সে স্থান ত্যাগ করিল।

আর্জাস্ত ফিরিয়া আদিয়া ইদাকে কহিল, "ও একটা বাজে লোক

ভুল করে এ বাড়ীতে এসেছিল।" তথন আবার কান্যালোচনা চলিল।

কুরাশা-মণ্ডিত, ক্ষীণ-আলোক-বিচ্ছবিত পথ ধবিরা বেলিদেয়ার বাসায়
চূলিল। পথে সে শুধু ভাবিতেছিল, তাহার বন্ধর কথা,—জ্যাকের কথা!
না জানি, বিছানায় পড়িয়া কি অস্থিরভাবেই সে ছটফট করিতেছে!
এতিয়োল হইতে ফিরিয়াই সে জরে পড়িয়াছিল। গা আণ্ডনের মত
গরম হইয়া উঠিয়াছিল, চোধ ছইটা আফিমের ফুলের মতই টক্টকে
লাল। কপালের শির ফুলিয়া দপ্ দপ্ করিতেছিল। তবুও জ্যাক
কাছাকেও সে কথা খুলিয়া বলে নাই।

সেই জর-গায়েই পরদিন সে কারখানায় গেল। শেবে ছুই দিনের পর বথন একদিন একান্ত কাতরভাবে বিছানায় পড়িয়া সে ছটফট করিতেছিল, তথন বেলিসেয়ারের স্ত্রীই তাহার এ আন্তরতা প্রথম লক্ষ্য করে। জ্যাকের গায়ে হাত দিয়া সে দেখে, গা পুড়িয়া ঘাইতেছে। তথনই ডাক্তার আনা হইল। বহুক্ষণ ধরিয়া পরীক্ষা করিয়া ডাক্তার ললাট কুঞ্চিত ফরিয়া সংবাদ দিল, অস্ত্থ বড় শক্ত। না সারিবারই সস্তাবনা,—যদি সারে, তাহা হইলে জ্যাকের পুনর্জন্ম হইনে।

সেই অবধি জ্বের আর বিরাম নাই। 'বেগটা কমিলেও জ্ব একেবারে ছাড়ে না; রাত্রে আবার বাড়ে। সেই প্রবল জ্বরে জ্যাক কত-কি বকে! কখনও তৃষিত হৃদয়ে সে মাকে ডাকে, কখনও 'বা সেদিলের নাম করিয়া শুধু অশ্রু বর্ষণ করে।

মাদাম বেলিসেয়ার আসিয়া সেদিন সন্ধ্যার সময় চুপি চুপি বেলি-সেয়ারকে কহিল, "ওগো, আমি ত গতিক বড় ভাল বুঝছি না—জ্যাকের মাকে একবার খপর দাও। যেমন করে পার, তাকে একবার তুমি নিয়ে এস! মাকে দেখলে ওর প্রাণটা তবু কতক বোধ হয় স্থির হতে পারে! জ্ঞান হলে ও যে ওর মার নাম করে না, রোগের বোরেই

ভুপু করে, এই থেকেই আমি বেশ বুঝছি, দিবারাত্রি ও ভুধু ওর মার কথাই ভাবছে।"

তাই বেলিসেয়ার নানা সন্ধান করিয়া সেদিন ইদার বাটীতে গিয়াছিল। কিন্তু ইদা আসিল না—কোন সংবাদও সে পাইল নাম নিতান্ত নিরাশ চিত্তে বেলিসেয়ার গৃহে ফিরিয়া আসিল। বেদনায় প্রাণ তাহার ফাটিয়া যাইতেছিল।

বেলিসেয়ার যথন ফিরিয়া জ্যাকের কক্ষে প্রবেশ করিল, তথন ঘরে
মৃত্ আলো জলিতিছিল। অপপ্ত আলোকে সে দেখিল, জ্যাকের
বিচানার পার্শে মাদাম বেলিসেয়ার ও লেভ্যাক্র-গৃহিণী চুপি চুপি কথা
কহিতেছে—আর থাকিয়া থাকিয়া জ্যাকের দীর্ঘ নিখাসের শৃক্
শুনা ৰাইতেছে। সমস্ত গরে যেন একটা বিভাষিকার ছায়া পড়িয়াছে।
তাহাকে একা কিরিতে দেখিয়া মাদাম বৈলিসেয়ার উঠিয়া আসিয়া
চুপি চুপি কহিল, "একলা যে গু"

তথন বেলিদেয়ার, যাহা ঘটিয়াছিল, আনুপূর্ব্বিক সব পুলিয় বিলিল। শুনিয়া মাদাম বেলিদেয়ার শিহ্রিয়া উঠিল, "মাগো, কি সব রাক্ষ্য, শয়তান! ছেলেটা মরে, তবু একবার উকিটি মারবে না! আর তুমিই বা কেমন লোক—দে বালা মেনে দিব্যি চলে এলে! শরীরে কিছু হায়া নেই! তুমি চীৎকার করে বললে না কেন, যে মাদাম, তোমার ছেলে জ্যাক বুঝি মরে!"

বেলিসেয়ার বনিয়া পড়িল! গৃহে যে তিরস্কার মিলিবে, এ কথা সে বিলক্ষণ জানিত! কিন্তু উপায় কি ? সেই অত লোকের ভিড়ে কি করিয়া সে ভিতরে প্রবেশ-লাভ করিত ? অজ্ঞ গলাধাকা দিয়া সেখান হইতে ঠেলিয়া সকলে যে তাহাকে পথে বাহির করিয়া দিত।

মাদাম বেলিসেয়ার কহিল, "এর চেয়ে যদি আমি বেতুম, তা হলে বোধ হয় কাজ হত!" বেলিসেয়ার মাথা তুলিয়া নত্র ব্বরে কহিল, "কিন্তু তারা যে ভিতরে চুকতেই দিলে না আমাকে।"

"ধাকা দিয়ে চলে যেতে হয়—একবার কোন মতে ঋপরটা দেওয়া, ক্লোর পর যা তাদের মন যেত, তাই না হয় করত।"

লেভ্যান্ত্ৰ-গৃহিণী কহিল, "কিন্তু তুমি ত জান না দিদি, এই সব মেয়েমান্ত্ৰের প্রাণ কি রকম শক্ত, পাথরে গড়া।"

লেভ্যান্ত-গৃহিণীর রাগ হইয়াছিল। ইদার প্রতি এখন আর তাহার এতটুকুও মমতা ছিল না। অত কবিয়া তাহার মন যোগাইয়া খোদীমোদ করিয়া সে বেচারা আশা করিয়াছিল, ইদা তাহাকে অর্থ-সাহায্য-দানে তাহার ব্যবসারের শ্রী-কর্মনে সাহায্য করিবে—তা কোথায় সে সাহায্য! বসন-ভূবণে অর্থ ব্যয় করিতে এতটুকু যাহার, রুপণতা নাই, গরীবকে কিছু দিতে গেলেই কি তাহার সেই অর্থে আগুন লাগিয়া যায়! কাজেই ইদার প্রতি তাহার ক্রোধের কারণ যথেষ্টই ছিল। আজ সেই রোষের থানিকটা প্রকাশ করিতে পাওয়ায় তাহার হাড়েও যেন একট বাতাস লাগিল!

মাদাম বেলিসেরার সে কথার কর্ণপাত না করিয়া কছিল, "থাক্ গে, ও সব কথা! এখন করি কি ৷ এ অবস্থার ত ওকে আর্থ্র ফেলে রাণতে পারিনে! বিনা চিকিৎসার কি শেষ মারা যাবে ! অথচ চিকিৎসা করাতে প্রসাও বড় অল্ল লাগবে না—অত প্রসাই বা আমরা পাই কোথা !"

লেভ্যান্দ্-গৃহিণী কহিল, "তুমি আর কি করবে বল, দিদি? যা না করবার, তোমরা তাই করচ। পরের জন্ম এমন কে কবে করে থাকে? তবে আমার প্রামর্শ যদি শোন ত বলি—"

"কি ?"

"ওকে হাসপাতালে নিয়ে যাও। সেখানে তদারকের অভাব হবে না।"

"চুপ, চুপ—কি বল, তুমি ? জ্যাক কি জামার পর—ওকে জামি জামার পেটের ছেলের মত দেখি যে ! আহা, বাছাকে কি রোগে যে পেলে—"বেলিদেয়ার-গৃহিণীর চোধে জল জাফিল। তাহা মুছিয়া সে বিছানার পানে চাাহল—বিছানাটা ঘট করিয়া একবার নড়য়া উঠিল। একটা দীর্ঘ নিখাস ফেলিয়া জ্যাক পাশ ফিরিল।

মাদাম বেলিসেয়ার চুগি চুগি কহিল, "দেখ দেখি, ও বোধ হয় শুনেছে। ও রকম পড়ে আছে বলে কি তুমি মনে কর, ওর জ্ঞান নেই ? জ্ঞান বেশ আছে!" .

"তাতে আর হয়েছে, কি ? আমি কি মন্দ কথা বলেছি ? বলি, তুমি যাই ভাব না কেন গো, ও ত আর সতিটে কিছু তোমার পেটের ছেলে নর, মার পেটের ভাইও নয়। তোমারও তেমন কিছু অথ-বল নেই! হাসপাতালে দিলে তবু ওর চিকিৎসে হবে,তাই আমার বলা।"

বেলিসেয়ার কহিল, "কিন্তু ও যে আমার ানতে।" এতক্ষণ সে কোন কথাই কহে নাই। লেভাক্-গৃহিণীর কথায় সেওউত্তপ্ত হয়া উঠিয়াছিল দ লেভাক্তি-গৃহিণী ব্যাপার বৃঝিয়া বিদায় গ্রহণ করিল।

জ্যাক সমস্তই শুনিয়াছিল। পাশে কে কি কথা বলে, সে সমস্তই জীহার কানে যায়। পে শুধু নিরপারে চক্ মুদিয়া পাকে। বুকের মধ্যে যে অসহ্য হাতনা আগ্নেয়-গিরির বিরাট দাহের মত অহনিশি জ্ঞানির উঠিতেছে, তাহার জ্ঞানায় কথা কহিবার প্রস্তুই তাহার মোটে থাকে না। চকু মুদিয়া সে শুধু আসনার জীবন-নাট্যেক ও প্রতি অল্প প্রতি দৃশ্য পর্যালোচনা করে। কি বিচিত্র ঘটনার ঘাত-প্রতিঘাত চলিয়াছে! ভাবিতে ভাবিতে বুকের বেদনা যথন জ্মন্থ হইয়া উঠে, তথন সে নীরবে শুধু পজ্য়া থাকে। পজ্য়া থাকা ছাড়া উপায়ই বা কি! প্রকাশ হইয়া পড়িলে এখনই বেলিসেয়ার ও তাহার গৃহিনী অস্থির হইয়া উঠিবে। এই সরল গ্রামা নর-নারীর

স্থগভীর স্বেহ ও অবিরাম সেবায় তাহার প্রাণ সঙ্কৃতিত হইয়া পড়িত।
কি করিয়া তাহাদিগকে মুক্তি দেওয়া যায়—ভাবিয়া সে কোন
উপায়ই স্থির করিতে পারিত না। আজ লেভ্যান্ত-গৃহিণীর কথায়
সে গেন অক্ল পাথারে ক্লের সন্ধান পাইল। হাসপাতাল পি ঠিক
বিলিয়াছে। সেথানেই সে যাইবে! তাহাতে আরোগ্য না মিলুক,
এই নিরীহ লোকত্ইটিকে মুক্তি দিয়া স্বস্তি ত তাহার মিলিবে।
কিন্তু কি করিয়া সেথানে যাওয়া যায় পে যে বহুদূরে! অথচ
তাহার এক পা চলিবারও সামর্থ্য নাই!

 দেওয়ালের দিকে চাহিয়া শুধু সে এই কথাই ভাবিতেছিল।
 এই দেওয়ালের দিকে চাহিয়াই সে শুইয়া থাকিত; চকু মুদিত না।
 মৃক দেওয়াল যদি সে চোথের ভাষা বুঝিয়া কথা কহিতে পারিত ত
 সে নিশ্চয় বলিত, সে চোথে শুধু পরিপূর্ণ ধ্বংশ ও সীমাহীন নৈরাশ্রের কাহিনী গভীর অক্ষরে কে রচিয়া রাথিয়াছে!

একাই সে আপনার এই বেদনার বোঝা বহন করিত, কাহাকেও তাহার অংশ দিত না। মালাম বেলিসেয়ারের কথায় অধরে হাজবেথা স্চিত করিয়া তুলিবার সে চেষ্টা করিত, কিন্তু জলের রেখার মতই সে হাসি নিমেষে মুছিয়া যাইত, এবং মুথের সেই দারুণ শুন্ধতা ভেদ করিয়া রোগের শীর্ণ ছায়া চারিধারে ছড়াইয়া পড়িত।

এমনই ভাবে তাহার রোগতপ্ত দিনগুলা কাটিয়া যাইতেছিল।

• বাহিরে শ্রবজীনি-দলের কর্ম্ম-কোলাহল ধ্বনিয়া উঠিত, জ্যাকের চিন্ত

কে শব্দে কাতর হইত! কেন, তাহাকে হুর্বল রোগাতুর করিয়া
রাথিয়াছ, ভগবান! কেন সে আর সকলের মতই কার্যাক্ষম, স্কুস্থ,
সবল নহে ? জীবনের জটিল গ্রান্থিমাচনে, কাজ-কম্মের মধ্যে কেন
ভাজ তাহার হাতছটিকে নিমুক্ত রাখ নাই ?

কাজ! কিন্তু কাহার জন্ম জাক আজ কাজ করিবে ? কিসের

আশার ? মা তাহাকে ত্যাগ করিয়া গিয়াছিল, শেষে সেদিলও তাহাকে তাগ করিয়ছে। এখন তবে কাহার মুখ চাহিয়া, কাহার মথের জন্ম দে কাজ করিবে, মানুষ হইবে ? তাহার আজ আর কে আছে, কি আছে, যাহার আশায় অলস ক্ষুদ্ধ চিওটাকে উত্তেজনায় আশার রাগিণীতে সে মাতাইয়া ভূলিবে ? আজ তাহার কেহ নাই, কিছু নাই। তবে আর এ জাবনে সংগ্রাম করিয়া লাভ কি ? জয়ের প্রয়েজন নাই, য়য়ের প্রয়োজন নাই—গা এলাইয়া দিয়া বিপুল প্রাজয়ের মধ্যে আপনাকে দুবাইয়া দাও। ক্ষতি কি !

প্রদিন প্রত্যুধে মাদাম বেলিসেয়ার জ্যাকের ধরে প্রবেশ করিয়া ধদথে, দেওয়ালে হাতের ভর দিয়া নাড়াইয়া জ্যাক বেলিসেয়ারের সহিত কি তর্ক করিতেছে। সে স্থিত্রে কহিল, "এ কি জ্যাক, তুমি উঠেছ যে। ভয়ে গড়, ভয়ে পড়—এখনও তুমি ভারী হ্বল। দাঁড়াবার মেহনং সহা হবে কেন ৮"

বেলিসেয়ার কহিল, "দেখ ত! কিছুতে ও কথা ভনবে না,-কাঁড়াবেই। ও বলছে, ও হাসপাতালে যাবে, এথানে থাকবে না।"

মাদাম বেলিদেয়ারের বুকের ভিতরটা অসহ বেদনায় টন্টন্ করিয়া উঠিল। চেবিথর কোণে অঞর বেগ ঠেলিয়া আসিল। কোন মতে তাহা রোধ করিয়া সে কহিল, "কেন জ্যাক ? এপানে তোমার কি কট্ট হচ্ছে, বল। বল জ্যাক, তোমার কি চাহ ?"

"না, না, মাদাম বেলিদেয়ার—কট কিছুই নয়। তোমরা আমারণ জন্ম বা কছে, মা-বাপও বুঝি এমন করে না। এমন কেহ আর কথনও আমি পাই নি! বাপ কেমন, তাত জানিই নে। তোমাদের এ স্নেহের ঋণ স্বর্গ দিলেও শোধ হয় না। কিন্তু আর আমায় ধরে রেখো না—ছেড়ে দাও। না, রাধবার চেটাও করো না, আর। আমি মিনতি কছি, আমায় বেতে দাও। আমি বাবই।" "কিন্তু কি করে যাবে তুমি? হেঁটেত যেতে পারবে না—বড় কাহিল যে। তার চেয়ে একটু বল পেলে বরং যেয়ো। তথন আমরা বারণ করব না।"

এমন স্থান্ট বাহার সঙ্কল, তাহাকে বাধা দেওয়া কঠিন। নদীর জল যথন স্রোতের বেগে ছুটিতে থাকে, তথন সহস্র বাধাও সে স্রোত আঁটিয়া রাথিতে পারে না। জ্যাককেও কোন মতে ধরিয়া রাথা গেল না। মাদাম বেলিসেয়ারের ললাটে চুম্বন করিয়া বেলিসেয়ারের স্বন্ধে ভর দিয়া জ্যাক বরের বাহির হইল, ধীরে ধারে দীর্ঘ সোপান অতিক্রম করিল এবং অবশেষে মুক্ত পথে বাহির হইল। বাহিরে আসিয়া বাড়ীটার পানে চাহিয়া কিয়ংক্ষণ সে দাড়াইয়া রহিল। যে গৃহে তাহার এতদিন কাটিয়াছে, আশার আখাসে যে গৃহ পরিপূর্ণ ছিল, যে জায়গার প্রতি ইষ্টকথণ্ডে তাহার জাবনের সহস্র উজ্জ্বল স্মৃতি মিলিয়া রহিয়াছে এবং যে গৃহে তাহার সমস্ত আশার সমাধিও হইয়া গিয়াছে, সেই গৃহ হইতে বিদায় লইবার সময় তাহার নয়ন-পল্লব এখন সজল হইয়া উঠিল। বিদায়, বেদায়, চির-বিদায়, হে আশা-নিরাশা-মণ্ডিত গৃহ, বিদায়! তাড়াতাড়ি সমস্ত হর্বলতা ঝাড়িয়া কেলিয়া বেলিসেয়ারের ক্ষক্ষে ভর দিয়া সে অগ্রসর হইল।

ু অত্যন্ত ধীর মৃতু পদে জ্ঞ্যাক পথে চলিল। থানিকটা পথ হাঁটিয়া

কিঞ্চিং বিশ্রাম—এমনই ভাবে চলিতে হইল। মাথার চুল দীর্ঘ হইয়া মুখে-চোথে ঝুলিয়া পড়িয়াছে, ছামে চুল ভিজিয়া গিয়াছে,—কপাল হইতে টদ্ টদ্ করিয়া গাম ঝরিয়া পড়িতেছে। মাঝে মাঝে চোথে চারিধার কেমন ঝাপদা ঠেকিতেছে, কানার পরক্ষণে দব দীপ্ত হইয়া উঠিতেছে। আলো ও ছায়ার দে এক চকিত লীলাভিনয়! জনতার মধ্য দিয়া এই ছুই জন লোক চলিয়াছে; জ্যাক ও বেলিসেয়ার। বাহিরের কোলাহল, বাহিরের বৈচিন্ন্রের প্রতি তাহাদের লক্ষ্যও ছিল না। তাহাদিগকে দেখিলে মনে হয় যেন পারির পঞ্জবলের সহিত সংগ্রাম করিয়া একটি প্রাণী বিধ্বত হইয়াছে; অপরটি তাহাকে জাবন-সংগ্রামের সেই নিচুর ক্ষেত্র হইতে অত্যন্ত সাবধানে বহন করিয়া লইয়া চলিয়াছে—ক্ষেত্রের বাহিরে কোগাও' যদি তাহার জন্ম একটু শান্তি, একটু আশ্রয় মিলাইতে পারা যার।

জ্যাককে লইয়া বেলিদেয়ার যথন হাসপাতালে পৌছিল, তথন বেলা পড়িয়া গিয়াছে! হাসপাতালের ফুদীর্ঘ বাবাগুল সারি সারি বেঞে অসংখ্য লোক বসিয়া। সকালে বিকালে এ জনতার বিবাম নাই! কেহ গুমরিতেছে, কেহ কাদিতেছে, কেহ-বা সাম্বনা দিতেছে! চারিধারে যন্ত্রণার মৃত্ গুজন-ধ্বনি! সকলের মুখেই দারুণ উদ্বেশের চিহ্ন। জ্যাক আসিয়া সেই দলে যোগ দিল।

জনতা স্তব্ধ ছিল না। সকলেই স্থ-হঃথের আলোচনা করিতেছিল
—বেদনার রাগিণী অজন্ম স্বরের মৃষ্ট্নায় ভাঙ্গিয়া পড়িয়াছিন!
জ্যাক নির্বিকার চিত্তে বিদয়া সেই সকল আলোচনা গুনিতেছিল।

সমুখের দার খুলিয়া গেল। ডাক্তার আসিল। অমনই চারিধারে একটা স্তক্ষতার আবরণ পড়িয়া গেল। পরক্ষণেই ঈবং চাঞ্চলা । ডাক্তার আসিয়া রোগীদের রোগ পরীক্ষা করিতে লাগিল। রোগীর হাত টানিলেই বুকটা তাহার ধ্বক্ করিয়া উঠে! না জানি, কি শুনিতে হইবে। হয় আরোগ্যের সম্ভাবনা, নয়, পৃথিবী হইতে বিদার লইবার সঙ্কেত! রোগাঁর নিখাস ফুলিয়া ফুলিয়া বহিতে থাকে, স্বর কাঁপিয়া ভাঙ্গিয়া পড়ে! রোগের যাতনার উপর একটা বিভীষিকার কম্পন থেলিয়া যায়।

এক নারী একটি বালককে ক্রোড়ে লইয়া ডাক্তারের সন্মুখে দাঁড়াইল। বালকের বয়স বারো বৎসর হইবে। ডাক্তার নারীর হাত ধরিয়া কহিল, "কি—? কি হয়েছে?"

"হাজে, আমার কিছু নয়, বাবা—অবস্থ এই ছেলেটির।" "হঁ। ছেলের ? কি—িক হয়েছে ? দেখি – চট্পট্, দেরী না — দেরী না।"

"এই যে—ও কাণে একটু খাটো আছে, বাবা,—আমি বলছি—"
"কাণে খাটো ? কোনুকাণ ?"

"হ কাণেই, বাবা।"

"তু কাণেই? আচ্ছা, দেখি—"

"এই যে— দাঁড়াও ত এংগার, দাড়াও— কোন্ কাণে শুনতে পাও না, বল "

"আচ্ছা, ওষুধ পাবে।"

"তোমার কি ?"

জ্যাককে লইয়া বেলিসেয়ার ডাক্তারের সমুথে দাড়াইল। জ্যাক কহিল, "অসহ বেদনা।"

"কোথায় ?"

"বুকে। বুক যেন সর্বাদা জলছে।" বেলিসেয়ার কহিল, "আর জর।"

ডাক্তার হৃষ্ণার দিল, "তুমি থাম।" জ্যাককে কহিল, "হঁ—ুভূমি মদ থাও ?" "আজেনা, আগে এক সময় মাঝে-মাঝে থেয়েছি।"

"হঁ—তাই বল! আর কথনও থেয়ো না—বৃঝলে!"

"হাজে না, আর কখনও খাব না ."

"দেখি, জিভ দেখি—জিভ — "জ্যাক জিভ বাহির করিল।

ডাক্তার কহিল, "এবার বৃক্টা দেশব। জামার বোতাম খোল।" জ্যাক বোতাম খুলিল। ডাক্তার যন্ত্র বসাইল। পাচ মিনিট ধরিয়া যন্ত্র নাড়িয়া, বৃকে-পিঠে টোকা দিয়া মুখ গণ্ডীর করিয়া ডাক্তার কহিল, "তাই ত—"

বেলিসেয়ার কহিল, "কেমন দেখলেন ১"

"হা, গাড়ীভাড়ার প্রসা পাব কোথার, বলুন- "

"অভায় করেছ, ভারী অভায় করেছ। এই শ্রীরে হাঁটাটা ভাল হয় নি।" তথনই ডাক্তার আদেশ দিল, "ডুলি আন।"

বেলিসেয়ার কহিল, "রোগট। কি ?"

ডাক্তার মৃত্স্বরে কহিল, "রোগ আর কি ! কাশার ব্যামো। সারা হন্ধর। দেখা যাক 5ৈষ্টা করে।"

ভূলি আদিল। জ্যাককে ভূলির সাহায্যে হাসপাতালের সাঁত-দি দিউ বিভাগে পাঠানো হইল। এ বিভাগট ফলা বোলাদিগের জ্ঞান্তন খোলা হইয়াছিল। জ্যাককে আনিয়া একটি বিছানার শোয়ানো হইলে নাদ্ আসিয়া কহিল, "এঃ, এ যে খালি কতকগুলো হাড়-প্রির একটা চামছার খোলে প্রে নিয়ে এসেছ। কতদিন অস্ত্রপ হয়েছে গ্ল বেলিসেয়ার নিশাস ফেলিয়া কহিল, "তা আছে, পুর বেশী দিন নয়।"

জ্যাক কোন কথা কহিল না। পথেব পরিশ্রমে চোথ তাহার ঘুমে ভরিয়া আসিয়াছিল। মুক্ত জানালা দিয়া রিগ্ধ বায়ু হরের মধ্যে প্রবেশ করিতেছিল। সেই বাতাস যেন মার মতই জ্যাকের প্রাস্ত এল বীরে বারে প্রেহ-হস্ত বুলাইয়া দিল। জ্যাক ঘুমাইয়া পড়িল, ঘুমাইয়া সে অপ্র দেখিল।

--- এক স্থানীর্ঘ পথ--কোথায় গিয়া সে পথ শেষ হইয়াছে, কিছুই वका गांग ना - मीमारीन, जक्तान १९। (मर्डे १९९ जम्बा) (लाक চলিয়াছে। সে-ও চলিয়াছে। কোথায় চলিয়াছে, তাহা সে জানে পথের আরম্ভটা যেন কতক সেই এতিয়োলের পথের মতই ৷ তবে এতিয়োলের গথ এতথানি দীর্ঘ নহে ৷ ঐ দুরে তাহার অত্যে ও কাহারা চলিয়াছে ? এ কি — তাহার মা— আর ও – ৪ সেদিল। ইদা ও সেসিল অগ্রে চলিয়াছে—এই পথেই ৷ জ্যাক ডাকিল, "মা,"— "সেসিল-"। কেহ সাড়া দিল না. ফিরিয়াও কেহ চাহিল না। চলিয়াছে ত চলিয়াছেই। জ্যাকও চলিতে লাগিল। সহসা কতকগুলা গাছপালার আডাল পডিল। মাও সেদিলকে আর দেখা গেল না। জ্যাক তথন আপনার গতির বেগ বাড়াইয়া দিল। ঐ যে আবার যায়। ঐ যেমা আর দেদিল। সহসা আবার মধ্যে প্রকাণ্ড অন্তরাল রচিত হুইয়া উঠিল। কলও বিশাল মন্ত্রাদির বিরাট ব্যবধান। জাহাজ, রেল ও এঞ্জিন তাহাদের বিপুল দেহ লইয়া এক তুর্লজ্যা প্রাচীরের সৃষ্টি করিয়াছে। জ্যাক সেই প্রাচীর লঙ্ঘনের চেষ্টা করিল। ঘর্ঘর রব করিয়া কলের চাকা ঘুরিতেছে! জ্যাকের পা তাহাতে বাধিয়া গেল! তাহার "দেহ চুর্ণ ক্ষত-বিক্ষত হইয়া গেল। মাংসগুলা দেহ হইতে টুকরা টুকরা থসিয়া পড়িল। শার্ণ কম্বালটা চাকার মধ্য হইতে ছিটকাইয়া পড়িল। তাহার পর নিমেষে দৃশ্য পরিবর্ত্তিত হইল।

—চারিধারে অগ্নিকুগু! দাউ দাউ করিয়া আগুন জলিতে বৃঝি এখনই তাহাকে গ্রাস করিবে! সঙ্গে সঞ্চে একটা উৎকট গন্ধ-অসহা। জ্যাক পলাইয়া বাঁচিল। — আবার নূতন দৃশ্য। জ্যাক যেন দৃশ বৎসরের ছোট ছেলেটি।
নদান সেলের গৃহ ইইতে বাহির ইইয়াবনে সে পাথীর সন্ধানে চলিয়াছে।
গলি বাঁকিতেই সন্ধাথ সে দেখে, এক ভাইনী বৃড়ী। কাঠের বোঝা
রাথিয়া বৃড়ী তাহার উপর বসিয়াছিল—বেন সে কাহার প্রতীক্ষা
করিতেছে। তাহাকে দেখিয়া জ্যাক যেনন পলাইবে, অমনই বৃড়াটা
তাহাকে ধরিবার জন্ম উঠিল। জ্যাক ছুট দিল; বৃড়ীও ভাহার পশ্চাতে
ছুটিল। অবিবাম গতিতে জ্যাক ছুটিতে লাগিল; বৃড়ীরও ছুটের
বিরাম নাই। এবার বৃঝি বৃড়ী তাহাকে ধরিয়া ফেলে। শেষে অবসর
হুইয়া জ্যাক বসিয়া পড়িল। বৃড়ী আসিয়া তাহাকে ধরিয়া ফেলিন।
তথন হুইয়নে বৃদ্ধ চলিল, ভীষণ বৃদ্ধ। জ্যাকের পরাজয় হুইল। বৃড়ী
জ্যাককে তাহার কাঠের বোঝার সহিত আঁটিয়া বাধিয়া কেলিল।
জ্যাকের বৃকে থচ্ থচ্ করিয়া কতকগুলা কাঠের বোচা ফুটিয়া গেল।
যন্ত্রণায় সে চাৎকার করিয়া উঠিল, "মা গো।"

চমকিয়া জ্যাকের গুন ভাঙ্গিয়া গেল। তথন ভোর ২ইয়াছে, তাহার বিছানার পাশেই নাস[ি]। নাস[ি] কহিতেছে, "নাও, এই ওর্ধটা থেয়ে ফেল ত!"

জ্যাক ক্যাল্ ফ্যাল্'করিয়া নাসেরি মুখের পানে চাহিয়া রহিল। এ ত স্বপ্ন নয়। তবুও ংকের উপর এ কিলেব বোঝা চাপিয়া রহিয়াছে—অসহা এ ভাব। তাহার চাপে নিশাস বন্ধ হইয়া আবাস।

দশ্য পরিচেছদ

উপেক্ষিত

জ্যাক বালিসে ভর দিয়া বসিল ; ঔষধ পান করিল। নাস্ কিছিল, "তোমার নাম কি ?"

"জ্যাক।"

"কি কাজ কর, তুমি ?"

"আমি কারিকর।"

"ভোমার কেউ নেই—যাদের দেখতে চাও ?"

"না" বলিয়া জ্যাক একটি দীর্ঘনিশ্বাস ত্যাগ করিল।

নাস আর কোন কথা কহিল না। জ্যাকের দীর্ঘনিখাসে সে বৃঝিল, তাহার চিত্তের তারে সে একটা নিঠুর আঘাত দিয়া ফেলিয়াছে, তাই এ প্রসঙ্গ চাপা দিবার অভিপ্রায়ে সে কহিল, "এবার তোমায় কিছু থেতে হবে। কাল সারারাত্রি ঘুমিয়েছ। এটা ভাল লক্ষণ অবগু।"

জ্যাক সবেমাত কিছু আহার করিয়াছে—এমন সময় ডাক্তার ও তাঁহার পশ্চাতে এক দল ছাত্র আসিয়া জ্যাকের সন্মুথে দাঁড়াইল। ডাক্তার জ্যাকের বুকে যন্ত্র রাখিয়া কাণ পাতিয়া তাহার মধ্য দিয়া বুকের বিচিত্র ধ্বনি ভনিল—পরে ছাত্রনিগের হাতে যন্ত্র দিয়া কহিল. "কি কি পাচ্ছ, বল সব" ছাত্রের নল একে একে আওড়াইয়া গেল— "সোঁ সোঁ, ক্ভিক্ ক্ভিক্, ঘড়্-ঘড়্! ফুস্ফুসের মধ্যে হাওয়া ঢুকছে—যক্ষা!"

ডাক্তার জ্যাককে কহিল, "আজ রবিবার। কেউ তোমাকে দেখতে আসবে কি ?" জ্যাক কহিল, "না।" ভাক্তার ও ছাত্রের দল চলিয়া শেক। জদুরে বেলিসেয়ার ও মাদাম বেলিসেয়ার দাঁড়াইয়াছিল; তাহার। নিকটে জাসিল। মোড়ক খুলিয়া, কয়েকটী আঙুর লইয়া জ্যাকের হাতে দিয়া, বেদানা ভাঙ্গিয়া দানা বাহির করিতে করিতে মাদাম বেলিসেয়ার কহিল, "এখন কেমন আছ, জ্যাক ? একটু ভাল বোধ হচ্ছে ?"

বেলিদেয়ার স্ত্রীকে সন কথা খুলিয়া বলিয়াছিল। ডাক্তার বলিয়াছে, রোগ ভাষণ, এ রোগে জ্যাকের পরিত্রাণ নাই। তবে যে কয়টা দিন সে বাঁচিয়া থাকে, তাহাই পরম লাভ। দাকণ যক্ষার হাতে কোন দিনই কোন লোক পরিত্রাণ পায় নাই—জ্যাকেরও সেই দাকণ যক্ষা হইয়াছে। কোনমতে অন্তরের বেদনা অন্তরে প্রচ্জন রাখিয়া। মাদান বেলিদেয়ার সহজভাবেই জ্যাকের সহিত্র কথাবার্ত্তা কহিল; কিন্তু জ্যাক কোন উত্তর দিল না; ওপু মান নহনে সে তাহার মুখের পানে চাহিয়া বহিল।

বেদানার কয়ট দানা জ্যাকের মুখে দিয়া তাহার দীর্ঘ কেশে হাত বুলাইতে বুলাইতে মাদাম বেলিসেয়ার কহিল, "জ্যাক; তৌমার মাকে থপর দিয়ে আনাব কি ?"

জ্যাকের মান চকু সহসা দীপ্ত হইল, পাণ্ড অধবে হাসির ক্ষীণ রেখা ফুটিয়া উঠিল! আহা, ইহাই ত সে চায়! মাকে গুধু এক বার দেখিবার সাধ হয়! সমস্ত প্রাণ আজ মাকে দেখিবার জন্ম তৃষিত হইয়া উঠিয়াছে! কিন্তু মা কি আসিবে? যদি মা জানিতে পারে যে জ্যাক মরিতে বসিয়াছে, আর বাঁচিবে না—তাহা কুলৈ—-? তাহা হইলে কি একবার না আসিয়া মা থাকিতে পারিবে? না, না, মা ত নিষ্ঠুর নয়! মা বদি আসে, তবে জ্যাকের /এ বুকের বেদনাও বৃধি কিছু শাস্ত হয়! মাদাম বেলিদেয়ার বলিল, "আমি তাঁকে নিয়ে এখনই আসব, জ্যাক।" মাদাম বেলিদেয়ার চলিয়া গেল। বেলিদেয়ার চুপ করিয়াই দাঁড়াইয়া ছিল। তাহার বন্ধু, তাহার মিতে, তাহার সঙ্গী জ্যাক—! সেই জ্যাক চিরদিনের জন্ম তাহাদিগকে ছাড়িয়া চলিয়াছে! বেলিদেয়ারের হৃদয়ের মধ্যে একটা বেদনা ঝড়ের মতই ঠেলিয়া ফুলিয়া গজিয়া উঠিতেছিল!

মাদাম বেলিদেয়ার আর্জাস্ত র গৃহে গিয়া কাহাকেও তথায় দেখিতে পাইল না। ভ্তা কহিল, সকলে প্রামে বেড়াইতে গিয়াছে—কথন্ ফিরিবে, তাহার কিছুই ঠিকানা নাই! কথাটা মাদামের বিশ্বাস হইল না। এই শীতের দিনে প্রামে বেড়াইতে গিয়াছে? না! এই ভোরে, অজ্ঞ তুষার-বর্ষণের মধ্যে বেড়াইতে বাহির হইয়াছে প্রকথনও না! অসম্ভব! কিন্তু কি করা যায় প্রমাদাম বেলিদেয়ার নিতান্তই নিরাশ চিত্তে ফিরিয়া আ্বাসিল।

তাহাকে ফিরিতে দেখিয়া জ্যাক যথন কহিল, "কি ? মা এল না ! জামি জানতুম, মাদাম বেলিসেয়ার, মা আসবে না।" তথন কি বলিয়া সাম্বনা দিবে, মাদাম বেলিসেয়ার এমন একটি কথাও খুঁজিয়া পাইল না।

জ্যাক তথন চকু মুদিয়া আর-এক কথা ভাবিতে লাগিল। সে কথা বড় ভাল লাগে। সেসিলের কথা। সেসিল, কোথায় তুমি ? ১০ামার জ্যাকের যে আজ প্রাণ বাহির হইয়া যায়! একবার আসিয়া দেথিবে না, সেসিল ? জ্যাকের চোথের কোণ বহিয়া একটি ছুইউ করিয়া অঞ্চর বিন্দু গড়াইয়া পড়িল।

মাদাম বেলিসেরার কহিল, "কেঁদো না জ্যাক, আমি আবার যাচ্ছি। যেখন করে পারি, তাকে আমি নিয়ে আসবই! দেখি, সে কত বড় পারণী মা।" "না, না, কাজ নেই—নে আসবে না, মা আসবে না, মাদাম বেলিনেয়ার !"

কিন্ত মাদাম বেলিদেয়ার দে কথা কাণেই তুলিল না—ইদার সন্ধানে আবার দে বাহির হইয়া গেল।

শার্ল ও আর্জান্ত স্বেনাত তথন বাড়ীর দ্বারে গাড়ী ইইতে নামিরাছে, এমন সময় উন্নাদিনীর মত ছুটিয়া আর্সিয়া মাদাম বেলিদেয়ার তাহানের সন্মুখে দাড়াইল। রোঘে তাহার সক্ষ শরীর জ্বলিতেছিল। তীত্র তীক্ষ স্বরে সে ইদাকে কহিল, "মাদাম, তুমি এখনই আমার, সঙ্গে এস।"

इना ठमकिया छेठिन। "এ कि-मानाम त्वनित्त्रपात।"

"হাঁ, আমি। তোনার ছেলে জ্যাক,—তার ভারী অহখে। বুঝি সে বাঁচে না—একবার ভোনায় দেখবার জ্ঞা অভির হয়ে উঠেছে।"

আর্জান্ত কহিল, "বেরো মাগা, চং পেয়েছিদ্ বটে। বোক বোজ চালাকি। অন্তথ করে থাকে—বেশ, আমরা ডাক্তার পাঠাচিছ —তা বলে এঁকে যেতে হবে, এমন কোন কথা নেই।"

মাদাম বেলিদেয়ার কাঁদিয়া কেলিল; কাদিয়া কহিল, "ওগো ডাক্তারের কোন ভাবনা নেই গো—্অনেক ডাক্টার তাকে দেখছে। দে এখন হাসপাতালে।"

"হাসপাতালে ?" টদার স্বর কন্ধ হইয়া গেল।

"হাঁ, হাদপাতালে। কিন্তু আর বড় বেশীক্ষণ থাকচে না। বিদ তুমি দেখতে চাও ত মিছে কথা-কাটাকাটি না করে এখনই চলে এদ।"

আজি উদার তাব লক্ষ্য করিয়া কহিল, "এস, এস, শাল'ৎ, — ওর কথা শোন কেন ? হঠাৎ এমন গুরুতর অস্ত্রপ হল যে—" তাহার কথায় বাধা দিয়া মাদাম বেলিসেয়ার কহিল, "ওগো, বাব্দে কথার সময় নেই, এখন। তা ছাড়া আমি তোমার জন্ত আসিনি এখানে, শুধু বেচারা জ্যাকের বড় সাধ, তোমায় দেখে— তার সেই শেব সাধ যদি মিটুতে পারি, তাই আমি এসেছি। ওঃ ভগবান, ভগবান, এমন রাক্ষ্যা মার পেটেও ভূমি ছেলে দিয়েছিল।"

ইদার আর সহ হইল না! সে বশিল, "চল, চল, আমি এখনই যাব।"

আর্জান্ত হাঁকিল, "ইদা—" তাহার স্বর রুচ্, তীব্র।

ইদা কহিল, "না, না, আমায় ক্ষমা করে। আমার জ্যাককে শুধু একটি বার আমি দেখে আদি। একটি বার, একটি বার আমায় ছুটি দাও—"

মাদাম বেলিসেয়ারের হাত ধরিয়া ইদা তথনই গাড়ীতে গিয়া উঠিয়া বিদল। গাড়ী ছুটল।

মাদাম শেলি:সন্থার যথন হাসপাতাল হইতে আজাস্ত'র গৃহের দিকে যাত্রা করিল, ঠিক তাহার পর মূহুর্ত্তে এক কিশোরীর হাত ধরিয়া এক বৃদ্ধ হাসপাতালে জ্যাকের কক্ষের সন্মুথে আসিয়া দাঁড়াইল। ভাবনার উভরেরহ বৃক কাঞ্জিয়া উঠিতেছিল। কৈ জ্যাক ? কেমন আছে সে ?

নিমেরে জ্যাকের শ্যা-প্রীন্তে আসিয়া তাহারা দাঁড়াইল। কিশোরী জ্যাকের তপ্ত ললাট স্পর্শ করিয়া ডাকিল, "জ্যাক, জ্যাক,—দেখ, চেয়ে দেখ, আমি এসেছি, আমি—সেসিল।"

সৈসিল! সভাই সেদিল! সভাই সে আসিয়াছে। জ্যাক চোথ মেলিল। এই যে, সেই স্থানর মুথথানি,—গুধু অঞ্র কুয়াশার ঈষং মান! মৃত্ হাসিয়া জ্যাক আপনার ছই হাত বাড়াইয়া দিল। ছই হাত দিয়া সে সেদিলের কণ্ঠ বেইন ক্রিল! আ:, সেই কোমল্
স্পর্ণ,—কি মধুর, কি আরামের!

বাঁরে ধাঁরে সেসিলের মুথ আপনার মুথের কাছে টানিয়া অানিয়া মৃত্ কঠে জ্যাক ডাকিল, "সেসিল—"

"কেন জ্যাক?"

হির দৃষ্টিতে জ্যাক কিয়ংকণ ধরিয়া সেদিলের মুথের পানে. চাহিয়া বহিল , পরে জাবার ধাঁরে বাঁরে ডাকিল, "সেদিল—"

"কি বলছ, জ্যাক ? বল-"

, "এখনও তুনি আমায় ভালবাস _?"

"বাসি জ্যাক, বড় ভালবাসি। তোমায় ছাড়া আর কাকেও কথনও ভাল বাসিনি আমমি—কাকেও না।"

মৃত্যুর কর-প্রশোলমতা-হান কঠিন এই বোগ-কাতর গৃহে এমন
মধুর- প্রর পূর্বে আর কথনও প্রনিত হয় নাই! ভালবাসি!
জীবনের শেষ সীনা রেখায় আসিয়া যে দাড়াইয়াছে, তাহার কাশে
এই শক্ট্রু কি বিচিত্র মাধুরা, ক্ষত করিয়া তুলা।

তুমি এসেছ সোণণ, ক্রামীর দৈপতে এসেছ ? আমার তুমি এত ভালবাস ? আর তবে আমার কোন হংগ নেই, কোন অভাব না! এখন আর্মি হাসি-মুখে মর্কের পুরুব।"

ডাক্তার রিভাল কহিলেন, "মঝুরৈ কেরী । ছি, ও কি কথা বলছ, জ্যাক । ভয় কি । তুমি দেরে উঠে । তোমার জর এখন নেই; আজ ত তুমি ভালই আছে, জ্যাক, মুখথানিও বেশ দেখাচেছ।"

সতাই আত্ন জ্যাকের মূথে স্বাস্থ্যের একটা উজ্জ্ব সাভা ফুটিয়া উঠিয়াছিল, অনেকথানি গাঙুতা ঘূচিয়া গিয়াছিল। কিন্তু হায়, নিবিবার পূর্বেন মাটির দীপ এমনই উজ্জ্বভাবে মুহুর্তের **জন্ত জ্**লিয়া উঠে। অস্ত যাইবার ঠিঞ পূর্ব্ব মুহূর্ত্তে স্থ্য উদয়-কালের মতই রক্ত কিরণে রাঙিয়া উঠে—প্রভাতের তারা আকাশের গায় মিলাইয়া যাইবার পূর্বাক্ষণে এমনই শুত্রতায় ভরিয়া উঠে।

জ্যাক আপনার মুখের উপর দেদিলের হাত চাপিয়া রাখিল—
সেদিলের মুখের দিকে আবার কিয়ৎক্ষণ চাহিয়া থাকিয়া জ্যাক
কহিল, "আমার জীবনে যা-কিছু অভাব ছিল, তুমিই তা পূর্ণ করেছ!
তুমি আমার কে, তা জান, দেদিল ? তুমি আমার বন্ধ, আমার ভগ্নী,
ক্ষামার জী, আমার বাপ, আমার মা—এক কথায় আমার সর্বাস!"

় কিন্তু এ জানল-জ্যোতি সহসা মান হংশা গেল। সেসিলের মুখের পানে চাহিন্না থাকিতে থাকিতেই জ্যাকের চক্ষু মুদিরা আসিল। তাহার বিবর্ণ মুখের উপর মৃত্যুর ছায়া সাচ্ভাবে নামিয়া আসিতে-ছিল; সেসিল তাহা লক্ষ্য করিল। ডাইব্রু রভালের দিকে চাহিয়া সে ডাকিল, দানা মশায়—"

"Ę% I"

সেবিল নিষেধ মানিল না, আবার উপরিপ, "জ্যার্ক ধারে অতি ধারে জ্যাকের বার্কিট রেড্ল / বাহিন্দ্রন-পূর্ব শাক্তবার ভধু কাঁপিয়া উঠিল। জ্যাক বিশ্ হ্রার হৈন বর্মির বিল্ বিজ্ বিহের হইণ না; মার্থা ত্লিবার প্রচিষ্ট করিয়া, ভবু একটা বড় রকমের নিশাস ঝরিয়া পড়িল।

এমন সময় বাহিরে একটা কল্মব উঠিল। "দাও, দাও, যেতে
দাও—" নারী-কণ্ঠে মিনতির সে এক কর্মণ স্থর! এবং সঙ্গে সঙ্গে
ঝড়ের মত বেগে হুইজন স্ত্রীলোক সেই কক্ষে প্রবেশ করিল। ইনা ও
মাদাম বেলিসেয়ার। সঘন নিখাসে ইনা কহিল, "কৈ—কৈ—আমার
ক্রাকিট কৈ সে গ"